এইরূপ পুরাণাদিতে মথুরার মাহাত্ম্য বিশেষরূপে বর্ণিত আছে, কিন্তু গ্রন্থের বাহুল্যভয়ে আমি আর সে সকল কীর্ত্তন করিলাম না॥

অথ বৈষ্ণবদিগের সেবা, যথা পদ্মপুরাণে॥

মহাদেব কহিলেন, হে পার্ব্বতি! যত যত আরাধনা আছে তন্মধ্যে ভগবদারাধনাই শ্রেষ্ঠ, তদপেক্ষা আবার তাঁহার ভক্তের আরাধনা শ্রেষ্ঠতর॥ ৯৭॥

তৃতীয়স্কন্ধে ৭ অ। ১৯ শ্লোকেও যথা॥

যে সকল ভক্তগণের সেবা করিলে নির্ব্বিকার ভগবানের

রতিরাসো ভবেত্তীব্রঃ পাদয়োর্ব্যসনার্দ্দনঃ ॥

স্কান্দে ॥

শঙ্খচক্রাঙ্কিততনুঃ শিরসা মঞ্জরীধরঃ।
গোপীচন্দনলিপ্তাঙ্গো দৃষ্টশ্চেত্তদঘং কুতঃ ॥

প্রথমে ॥

যেষাং সংস্মরণাৎ পুংসাং সদ্যঃ শুধ্যন্তি বৈ গৃহাঃ।
কিং পুনর্দ্দর্শনস্পর্শপাদশৌচাসনাদিভিঃ ॥

আদিপুরাণে ॥

যে মে ভক্তজনাঃ পার্থ ন মে ভক্তাশ্চ তে জনাঃ।

চরণারবিন্দে সমস্ত দুঃখবিনাশক প্রগাঢ় রতির উল্লাস হইয়া থাকে ॥

স্কন্দপুরাণেও যথা ॥

যাঁহার শরীর শঙ্খ চক্রাদি-চিহ্নে চিহ্নিত, মস্তকে তুলসী-মঞ্জরী ধারণ এবং অঙ্গ গোপীচন্দনে লিপ্ত, সেই মহাজন নয়নগোচর হইলে আর পাপের আশঙ্কা কোথায়? ॥

প্রথমস্কন্ধে ১৯ অ। ৩৩ শ্লোকে কহিয়াছেন ॥

যাঁহাদিগের স্মরণমাত্রে পুরুষদিগের গৃহসকল সদ্যই পবিত্রতা লাভ করে, তাঁহাদিগের দর্শন, স্পর্শন, পাদপ্রক্ষা-লন ও আসন দানাদিতে যে পবিত্র হইবে না তাহার সন্দেহ কি? ॥

আদি পুরাণোক্তেও যথা ॥

শ্রীকৃষ্ণ অর্জ্জুনকে কহিলেন, হে পার্থ! যাঁহারা আমার

মদ্ভক্তানাঞ্চ যে ভক্তা মম ভক্তাস্তু তে নরাঃ ॥ ইতি ॥
যাবন্তি ভগবদ্ভক্তেরঙ্গানি কথিতানি হ।
প্রায়স্তাবন্তি তদ্ভক্তভক্তেরপি বুধা বিদুঃ ॥
অথ যথাবৈভব-মহোৎসবো যথা পাদ্মে ॥
যঃ করোতি মহীপাল হরের্গেহে মহোৎসবং।
তস্যাপি ভবতে নিত্যং হরিলোকে মহোৎসবঃ ॥ ৯৮ ॥

অথ ঊর্জ্জাদরো যথা পাদ্মে ॥

যথা দামোদরো ভক্তবৎসলো বিদিতো জনৈঃ।
তস্যায়ং তাদৃশো মাসঃ স্বল্পমপ্যুরুকারকঃ ॥ ৯৯ ॥

যথা দামোদরো জনৈর্ভক্তবৎসলো বিদিতস্তদ্রূপশ্চ সন্ স্বল্পমপ্যুরুকারকঃ। ঋণনির্যাতক ইব স্বল্পমপি উরু কৃত্বা দদাতীত্যর্থঃ। তস্য দামোদরস্যায়ং মাসঃ কার্ত্তিকাখ্যোঽপি তাদৃশঃ সন্ স্বল্পমপ্যুরুকারক ইতি পূর্ব্ববৎ। "অকেনোর্ভবিষ্যদাধমর্ণ্যয়োঃ" ইতি ষষ্ঠীনিষেধাৎ ॥ ৯৯ ॥

ভক্ত তাঁহারা আমার ভক্ত নহে, কিন্তু যাঁহারা আমার ভক্তের ভক্ত তাঁহারাই আমার যথার্থ ভক্ত ॥

এই গ্রন্থে যে সকল ভগবদ্ভক্তির অঙ্গ উল্লেখ করা হইয়াছে তন্মধ্যে অধিকাংশই প্রায় ভক্তগণের ভক্ত্যঙ্গ বলিয়া পণ্ডিতেরা স্বীকার করেন ॥

বিভবানুসারে মহোৎসব, যথা পদ্মপুরাণে ॥

হে মহীপাল ! যিনি ভগবদালয়ে মহোৎসব করেন, হরিলোকে তাঁহার নিত্যই মহোৎসব হইয়া থাকে ॥ ৯৮ ॥

ঊর্জ্জাদর অর্থাৎ কার্ত্তিকব্রত, যথা পদ্মপুরাণে ॥

ভগবান্ দামোদর লোকসমাজে যেরূপ ভক্তবৎসল

তত্রাপি মথুরায়াং বিশেষো যথা তত্রৈব ॥
ভুক্তিং মুক্তিং হরির্দ্দদ্যাদর্চ্চিতোহন্যত্র সেবিনাং।
ভক্তিন্তু ন দদাত্যেব যতো বশ্যকরী হরেঃ ॥
সাত্বঞ্জসা হরের্ভক্তির্লভ্যতে কার্ত্তিকে নরৈঃ।
মথুরায়াং সকৃদপি শ্রীদামোদরসেবনাৎ ॥

অথ শ্রীজন্মদিনযাত্রা—

যথা ভবিষ্যোত্তরে ॥

যস্মিন্ দিনে প্রসূতেয়ং দেবকী ত্বাং জনার্দ্দন।

যতো বশ্যকরীতি। বশ্যকরীত্বমত্র সুখদানেনৈব জ্ঞেয়ং নতু দুঃখদানেন। অতো ন তদত্র প্রযোজকং, কিন্তু তেন লক্ষিতং পরমোৎকৃষ্টত্বমেব। তথাবিধা চ সা ন অযোগ্যে সহসা দাতুং যোগ্যেতি। যাবদযোগ্যতা তাবদ্ভগবতা ন দীয়ত এব। যোগ্যতা চ সর্ব্বান্যস্পৃহিতনিরপেক্ষত্বমেব। তস্মাদযোগ্যতায়ামেব

বলিয়া বিদিত, সেইরূপ তাঁহার এই কার্ত্তিক মাসও (সুদ-সহঋণ পরিশোধ কর্ত্তার মত) অল্পকে বহু করিয়া স্বীকার করেন ॥ ৯৯ ॥

মথুরাতে ঐ কার্ত্তিকব্রতের বিশেষ মাহাত্ম্য।

যথা পদ্মপুরাণে ॥

অন্যত্র অর্চ্চিত হইলে ভগবান্ হরি সেবকদিগকে ভুক্তি ও মুক্তিপ্রদান করিয়া থাকেন, আত্মবশ্যকরী ভক্তিপ্রদান করেন না, কিন্তু কার্ত্তিকমাসে মথুরাতে একবারমাত্র শ্রী-দামোদরের সেবা করিলে, তাদৃশী সুদুর্ল্লভা হরিভক্তিও লাভ করিতে পারে ॥

তদ্দিনং ক্রহি বৈকুণ্ঠ কুর্ম্মস্তে তত্র চোৎসবং।
তেন সম্যক্ প্রপন্নানাং প্রসাদং কুরু কেশব ॥ ১০০ ॥

অথ শ্রীমূর্ত্তেরঙ্ঘ্রি সেবনে প্রীতির্যথা আদিপুরাণে ॥

মম নাম সদাগ্রাহী মম সেবাপ্রিয়ঃ সদা।
ভক্তিস্তস্মৈ প্রদাতব্যা নতু মুক্তিঃ কদাচন ॥ ১০১ ॥

অথ শ্রীভাগবতার্থাস্বাদো যথা প্রথমে ॥

নিগমকল্পতরোর্গলিতং ফলং

সতাং দাতব্যাদেহপি যদি মথুরাকার্ত্তিকয়োঃ সঙ্গমে পূজনং ঘটেত তদা যোগ্যতা-বিরহিতেনাপি বস্তুপ্রভাবাৎ সহসৈব প্রাপ্যত এবেতি ভাবঃ ॥ ১০০ ॥

সেবাপ্রিয়ঃ সেবৈকপুরুষার্থঃ সন্। মুক্তিরত্র ভক্তিশূন্যা জ্ঞেয়া ॥ ১০১ ॥

অথ জন্মদিনযাত্রা ভবিষ্যোত্তরে ॥

হে জনার্দ্দন! যে দিবস দেবকীদেবী আপনাকে প্রসব করিয়াছেন, সেই দিন আমাদের প্রতি উল্লেখ করুন, আমরা সেই দিনে মহোৎসব করিব। হে বৈকুণ্ঠ! হে কেশব! আমরা সর্ব্বতোভাবে আপনার শরণাগত, অতএব সেই উৎসবে পরিতুষ্ট হইয়া আমাদিগের প্রতি প্রসন্ন হউন্ ॥ ১০০ ॥

শ্রীমূর্ত্তির চরণসেবনে প্রীতি, যথা আদিপুরাণে ॥

যে ব্যক্তি সর্ব্বদা আমার নামগ্রহণ করেন এবং আমার সেবাতেই যাঁহার প্রীতি অনুভব হয়, আমি তাঁহাকে ভক্তি ভিন্ন কখনই মুক্তি প্রদান করিব না ॥ ১০১ ॥

শ্রীমদ্ভাগবতের অর্থাস্বাদ, যথা প্রথমে ১ অ। ৩ শ্লোকে

এই ভাগবত শাস্ত্র বেদরূপ কল্পবৃক্ষের ফল, শুকমুখ-

*হে ভাবুকাঃ। পরমমঙ্গলাত্মনা যে রসিকা ভগবদ্ভক্তিরসজ্ঞা ইত্যর্থঃ। তে যূয়ং বৈকুণ্ঠাৎ ক্রমেণ ভুবি পৃথিব্যামেব গলিতমবতীর্ণং নিগমকল্পতরোঃ সর্ব্ব-*ফলোৎপত্তিভুবঃ শাখোপশাখাভির্বৈকুণ্ঠমপ্যধ্যারূঢ়স্য বেদরূপতরোর্যৎ খলু রস-রূপং শ্রীভাগবতাখ্যং ফলং তদ্ভুব্যপিস্থিতাঃ পিবত আস্বাদ্য অন্তর্গতং কুরুত॥

অহো ইত্যলভ্যলাভব্যঞ্জনা ভাগবতাখ্যং যচ্ছাস্ত্রং তৎ খলু রসবদপি রসৈক-ময়তাবিবক্ষয়া রসশব্দেন নির্দ্দিষ্টং ভাগবতশব্দেনৈব তস্য রসস্য অনাদীয়ত্বঞ্চ ব্যাবৃত্তং। ভাগবতস্য তদীয়ত্বেন রসস্যাপি তদীয়ত্বাক্ষেপাৎ শব্দশ্লেষেণ ভগবৎ-সম্বন্ধিরসমিতি গম্যতে। সচ রসো ভগবদ্ভক্তিময় এব যস্যাং বৈ শ্রূয়মাণায়া-মিত্যাদিফলশ্রুতেঃ। যন্ময়ত্বেনৈব শ্রীভগবতি রসশব্দঃ শ্রুতৌ প্রযুজ্যতে। রসো বৈ স ইতি সএব চ প্রশস্যতে রসং হ্যেবায়ং লব্ধ্বানন্দী ভবতীতি। অত্র রসিকা ইত্যনেন প্রাচীনার্ব্বাচীনসংস্কারাণামেব তদ্বিজ্ঞত্বং দর্শিতং। গলিতমিত্যনেন তস্য স্বপাকিমত্বমুক্ত্বা শাস্ত্রপক্ষে সুনিষ্পন্নার্থত্বমধিকস্বাদুত্বঞ্চ দর্শিতং। রসমিত্য-নেন ফলপক্ষে ত্বগষ্ট্যাদিরাহিতং ব্যজ্য অন্য পক্ষে হেয়াংশরাহিত্যং দর্শিতং। নিগমসে পরমফলত্বেনোক্ত্বা তস্য পরমপুরুষার্থত্বং দর্শিতং। এবং তস্য রসা-ত্মকফলস্য স্বরূপতোঽপি বৈশিষ্ট্যে সতিপরমোৎকর্ষবোধনার্থং। বৈশিষ্ট্যান্তর-মাহ শুকেতি। অত্র ফলপক্ষে কল্পতরুবাসিত্বাদলৌকিকত্বেন শুকোঽপ্যমৃত-মুখোঽভিপ্রেয়তে। ততস্তন্মুখং প্রাপ্য যথা তৎফলং বিশেষতঃ স্বাদু ভবতি। তথা পরমভাগবতমুখসম্বন্ধং ভগবদ্গুণবর্ণনমপি। ততস্তাদৃশপরমভাগবতবৃন্দ-মহেন্দ্রশ্রীশুকদেবমুখসম্বন্ধং কিমুতেতি ভাবঃ। অতএব পরমস্বাদুপরমকাষ্ঠা-প্রাপ্তত্বাৎ স্বতোঽন্যতশ্চ তৃপ্তিরপি ন ভবিষ্যতীতি। আলয়ং মোক্ষানন্দমপ্যভি-ব্যাপ্য পিবতেত্যুক্তং। তথাচ বক্ষ্যতে। পরিনিষ্ঠিতোঽপি নৈর্গুণ্যে ইত্যাদি। অনেনাস্বাদ্যান্তরবদেদং কালান্তরেঽপ্যাস্বাদকবাহুল্যেঽপি ন ব্যতিষ্যতীত্যপি দর্শিতং। যদ্বা, তত্র তস্য রসস্য ভগবদ্ভক্তিময়ত্বেঽপি দ্বৈবিধ্যং তদুক্ত্যুপযুক্তত্বং তদ্ভক্তিপরিণামত্বঞ্চেতি। যথোক্তং দ্বাদশে। কথা ইমাস্তে কথিতা মহীয়সাং, বিতায় লোকেষু যশঃ পরেয়ুষাং। বিজ্ঞানবৈরাগ্যবিবক্ষয়া বিভো, বচো বিভূতী-র্নতু পারমার্থ্যং। যত্তূত্তমঃশ্লোকগুণানুবাদঃ, প্রস্তূয়তেঽভীক্ষ্ণমমঙ্গলঘ্নঃ। তমেব নিত্যং শৃণুয়াদভীক্ষ্ণং, কৃষ্ণেঽমলাং ভক্তিমভীপ্সমানঃ ইতি॥

শুকমুখাদমৃতদ্রবসংযুতং।
পিবত ভাগবতং রসমালয়ং
মুহুরহো রসিকা ভুবি ভাবুকাঃ ॥ ১০২ ॥

দ্বিতীয়ে চ ॥

পরিনিষ্ঠিতোঽপি নৈর্গুণ্যে উত্তমঃশ্লোকবার্ত্তয়া।

ততঃ সামান্যতো রসত্বমুক্ত্বা বিশেষতোঽপ্যাহ অমৃতেতি। অমৃতদ্রবস্তল্লীলা-রসঃ। হরিলীলাকথাব্রাতামৃতানন্দিতসৎসুরমিতি দ্বাদশে শ্রীভাগবতবিশে-ষণাৎ লীলাকথারসনিষেবণমিতি তস্যৈব রসত্বনির্দ্দেশাচ্চ সংসুরমিতি সন্তোঽত্র আত্মারামাঃ ইত্থং সতামিত্যাদিবৎ তএব সুরাঃ। অমৃতমাত্রাস্বাদিত্বাৎ তেন সমবেতং। তত্রাপি তাদৃশশুকমুখাদ্গলিতং প্রবাহরূপেণ বহত্বমিত্যর্থঃ। তদেবং ভগবদুক্তেঃ পররসতাপত্তিঃ শব্দোপাত্তৈব। অন্যত্র চ সর্ব্ববেদান্তেত্যাদৌ তদ্র-সামৃততৃপ্তস্যেত্যাদি। এবমেব অভিপ্রেত্য ভাবুকা ইত্যত্র রসবিশেষভাবনচতুরা ইতি টীকা। তথা, স্বয়মুকুন্দাঙ্ঘ্র্যপগূহনং পুনঃ, বিহাতুমিচ্ছেন্নরসগ্রহো জন ইত্যাদি। ১০২ ॥

নির্গুণমেব নৈর্গুণ্যং স্বার্থে ষ্যঞ্। তস্মিন্ ব্রহ্মণ্যপীত্যর্থঃ ॥ ১০৩ ॥

হইতে অবনীতলে পতিত হইয়াছে, অতএব হে রস বিশেষে ভাবনাপরায়ণ রসিকগণ! অমৃতরসান্বিত রসস্বরূপ এই ফল মোক্ষপর্য্যন্ত মুহুর্মুহুঃ সেবন কর ॥ ১০২ ॥

দ্বিতীয়স্কন্ধে ১ অ। ৯ শ্লোকে ॥

রাজা পরীক্ষিৎকে শুকদেব কহিলেন, হে রাজন্! নির্গুণ

গৃহীতচেতা রাজর্ষে আখ্যানং যদধীতবান্ ॥ ১০৩ ॥

অথ সজাতীয়বাসনশ্রীভক্তসঙ্গো যথা প্রথমে।

তুলয়াম লবেনাপি ন স্বর্গং নাপুনর্ভবং।
ভগবৎসঙ্গিসঙ্গস্য মর্ত্ত্যানাং কিমুতাশিষঃ ॥ ১০৪ ॥

হরিভক্তিসুধোদয়ে চ।

ভগবদিতি। ভগবতি সঙ্গ আসক্তিঃ। স নিত্যং বিদ্যতে যস্য তস্য যঃ সঙ্গঃ তস্য লবেনাপি স্বর্গাদিকং ন তুলয়ামেতি। তৎপ্রশংসয়া স্বস্য তৎসমানবাসনত্বং দর্শিতং। তজ্জানেষামপি শিক্ষণায় জায়ত ইতি তদেতদত্রোদাহৃতং। এতত্পলক্ষণত্বেন স্নিগ্ধত্বাদিকমপি দৃশ্যং। অত্র ক্ষণার্দ্ধেনাপি তুলয়ে ন স্বর্গমিত্যাদিকং চতুর্থস্য পদ্যমপ্যনুসন্ধেয়ং ॥ ১০৪ ॥

ব্রহ্মে আসক্ত হইলেও ভগবল্লীলাকর্ত্তৃক আকৃষ্টচিত্ত হইয়া আমি এই শ্রীমদ্ভাগবতরূপ আখ্যান অধ্যয়ন করিয়াছি ॥১৯৩॥

অথ সজাতীয়বাসনাবিশিষ্ট-ভক্তসঙ্গ যথা।

প্রথমস্কন্ধে ১৮ অ। ১৩ শ্লোকে ॥

শৌনকাদি ঋষিগণ কহিলেন, হে সূত! ভগবদ্ভক্ত জনের সহিত অত্যল্প কাল যে সঙ্গ তাহার সহিত সর্গ ও মোক্ষেরও তুলনা করিতে পারি না অর্থাৎ স্বর্গ এবং মোক্ষও বৈষ্ণব-ভক্তের সঙ্গতুল্য সুখদ নহে। মর্ত্ত্যলোকের তুচ্ছ রাজ্যাদি কোথায় আছে?, তাহা কি ভগবদ্ভক্তসঙ্গের সমান হইতে পারে? কদাপি নহে ॥ ১০৪ ॥

হরিভক্তিসুধোদয়েও বলিয়াছেন যথা ॥

যস্য যৎসঙ্গতিঃ পুংসো মণিবৎ স্যাৎ স তদ্গুণঃ।
স কুলর্দ্ধ্যে ততো ধীমান্ স্বযূথ্যানেব সংশ্রয়েৎ ॥ ১০৫ ॥

অথ নামসঙ্কীর্ত্তনং যথা দ্বিতীয়ে।

এতন্নির্ব্বিদ্যমানানামিচ্ছতামকুতোভয়ং।
যোগিনাং নৃপ নির্ণীতং হরের্নামানুকীর্ত্তনং ॥

অত্র স্বজাতীয়সঙ্গস্য প্রভাবং দৃষ্টান্তেন স্পষ্টয়তি যস্যেতি। প্রহ্লাদং প্রতি হিরণ্যকশিপোর্ব্বাক্যং। তত্র তস্যাভিপ্রায়ান্তরেহপি সামান্যবচনত্বেন স্বাভিপ্রায়েহপি তদেবাজয়িতুং শক্যত ইতি গ্রন্থকৃতামভিপ্রায়ঃ। মণিবৎ স্ফটিকমণিবদিতি সন্নিহিতগুণগ্রহণমাত্রাংশে দৃষ্টান্তঃ। নতু তদৈশ্বর্য্যাংশেনাপি। স্বযূথ্যান্ স্বজাতীয়ান্ ॥ ১০৫ ॥

ইচ্ছতাং কামিনাং নির্ব্বিদ্যমানানাং মুমুক্ষূণাং যোগিনাং মুক্তানামিত্যর্থঃ। এতদকুতোভয়ং ন কুতশ্চিদপি ভয়ং যত্র তদ্রূপং সাধ্যঞ্চ নির্ণীতমিত্যর্থঃ ॥ ১০৬

হিরণ্যকশিপু প্রহ্লাদকে কহিলেন, হে পুত্র! যাহার সহিত যে পুরুষের সহবাস হয়, স্ফটিকমণিতে রক্তবর্ণ জবা-কুসুমের ন্যায় তাহার গুণ সেই ব্যক্তিতে প্রতিফলিত হয়, এজন্য বুদ্ধিমান্ ব্যক্তিদিগের সগণ সমৃদ্ধির নিমিত্ত তুল্যবাসনা-যুক্ত ব্যক্তিগণের সঙ্গে রত হওয়া কর্ত্তব্য ॥ ১০৫ ॥

নামসঙ্কীর্ত্তন যথা দ্বিতীয়স্কন্ধে ১ অ। ১১ শ্লোকে ॥

শুকদেব কহিলেন, হে নৃপ! হরির যে নামানুকীর্ত্তন ইহাই ফলাকাঙ্ক্ষিপুরুষদিগের তত্তৎফলের সাধন এবং মুমুক্ষু-দিগের পক্ষেও ইহাই মোক্ষসাধন, অপর ইহাই জ্ঞানিদিগেরও জ্ঞানের ফল হয়, অতএব সাধক এবং সিদ্ধ, কাহারও পক্ষে এতদপেক্ষায় অন্য পরম মঙ্গল নাই ॥

আদিপুরাণে চ ॥

গীত্বা চ মম নামানি বিচরেন্মম সন্নিধৌ।
ইতি ব্রবীমি তে সত্যং ক্রীতোঽহং তস্য চার্জ্জুন ॥ ১০৬ ॥

পাদ্মে চ।

যেন জন্মসহস্রাণি বাসুদেবো নিষেবিতঃ।
তন্মুখে হরিনামানি সদা তিষ্ঠন্তি ভারত ॥ ১০৭ ॥

যথা তত্রৈব।

নামচিন্তামণিঃ কৃষ্ণশ্চৈতন্যরসবিগ্রহঃ।

. যেন জন্মেতি। এতাদৃশস্যাপ্যস্য পুনঃ পুনর্জন্ম সমুৎকণ্ঠামযভক্তিবর্দ্ধনার্থং পরমেশ্বরেচ্ছয়ৈব ॥ ১০৭ ॥

আদিপুরাণেতেও যথা

ভগবান্ কহিলেন, হে অর্জ্জুন! আমার নাম গান করত যে ব্যক্তি আমার নিকটে বিচরণ করেন, তোমাকে সত্য বলিতেছি, আমি তাঁহার নিকট ক্রীত হইয়া অবস্থিতি করিতে থাকি ॥ ১০৬ ॥

পদ্মপুরাণে যথা ॥

হে ভারত! যে ব্যক্তি সহস্র সহস্র জন্ম বাসুদেবের সেবা করিয়াছেন, তাঁহারই মুখে সর্ব্বদা হরিনাম বিরাজ করিয়া থাকেন ॥ ১০৭ ॥

যে হেতু এই পদ্মপুরাণেই বলিয়াছেন ॥

নাম এবং নামিতে ভেদ না থাকা প্রযুক্ত নামই চিন্তা-

পূর্ণঃ শুদ্ধো নিত্যমুক্তো ঽভিন্নত্বান্নামনামিনোঃ ॥ ১০৮ ॥
অতঃ শ্রীকৃষ্ণনামাদি ন ভবেদ্ গ্রাহ্যমিন্দ্রিয়ৈঃ।
সেবোন্মুখে হি জিহ্বাদৌ স্বয়মেব স্ফুরত্যদঃ ॥ ১০৯ ॥
অথ শ্রীমথুরামণ্ডলে স্থিতির্যথা পাদ্মে।

নামৈব চিন্তামণিঃ সর্ব্বাভীষ্টদায়কং যতস্তদেব কৃষ্ণঃ কৃষ্ণস্য স্বরূপমিত্যর্থঃ। কৃষ্ণস্য বিশেষণানি চৈতন্যরসেত্যাদীনি তস্য কৃষ্ণত্বে হেতুঃ। অভিন্নত্বাদিতি। একমেব সচ্চিদানন্দরসাদিরূপং তত্ত্বং দ্বিধাবির্ভূতমিত্যর্থঃ। বিশেষজিজ্ঞাসা চেৎ শ্রীভাগবতসন্দর্ভস্য শ্রীভগবৎসন্দর্ভো দৃশ্যঃ ॥ ১০৮ ॥

সেবোন্মুখে হীতি। সেবোন্মুখে ভগবৎস্বরূপতন্নামগ্রহণায় প্রবৃত্তে ইত্যর্থঃ। হি প্রসিদ্ধৌ। যথা মৃগশরীরং ত্যজতো ভরতস্য বর্ণিতং। নারায়ণায় হরয়ে নম ইত্যুদারং, হাসান্ মৃগত্বমপি যঃ সমুদাজহার ইতি। গজেন্দ্রস্য, জজাপ পরমং জপ্যং প্রাগ্‌জন্মন্যনুশিক্ষিতমিত্যাদি ॥ ১০৯ ॥

মণিস্বরূপ অর্থাৎ সমস্ত পুরুষার্থদায়ক ঐ নামরূপ কৃষ্ণ, চৈতন্য রসস্বরূপ, অপরিচ্ছিন্ন এবং মায়ার সম্বন্ধবিরহিত ও মায়া হইতে অতীত ॥ ১০৮ ॥

এই হেতু শ্রীকৃষ্ণনামাদি প্রাকৃত ইন্দ্রিয়গণের গ্রাহ্য হইতে পারে না। তবে যে সাধারণ জনকে নামাদি গ্রহণ করিতে দেখা যায় তাহার কারণ এই যে, ভগবন্নামাদিগ্রহণে রসনাদি ইন্দ্রিয়গণ উন্মুখ হইলে নামাদি তাহাতে স্বয়ংই প্রকাশিত হইয়া থাকেন ॥ ১০৯ ॥

শ্রীমথুরামণ্ডলে স্থিতি যথা পদ্মপুরাণে ॥

অন্যেষু পুণ্যতীর্থেষু মুক্তিরেব মহাফলং।
মুক্তৈঃ প্রার্থ্যা হরের্ভক্তির্মথুরায়ান্তু লভ্যতে॥
ত্রিবর্গদা কামিনাং যা মুমুক্ষূণাঞ্চ মোক্ষদা।
ভক্তীচ্ছোর্ভক্তিদা কস্তাং মথুরাং নাশ্রয়েদ্বুধঃ॥
অহো মধুপুরী ধন্যা বৈকুণ্ঠাচ্চ গরীয়সী।
দিনমেকং নিবাসেন হরৌ ভক্তিঃ প্রজায়তে॥
দুরূহাদ্ভুতবীর্য্যেঽস্মিন্ শ্রদ্ধা দূরেঽস্তু পঞ্চকে।

সদ্ধিয়াং নিরপরাধচিত্তানাং॥ ১১০॥

অন্যান্য পুণ্যতীর্থে অবস্থানের মহাফলই মুক্তি, কিন্তু মুক্তব্যক্তিদিগের একান্ত প্রার্থনীয় যে ভগবদ্ভক্তি তাহা ক্ষণকাল মথুরামণ্ডলে অবস্থিতি করিলেই লব্ধ হইয়া থাকে॥

যে মথুরা কামিগণের ত্রিবর্গ দায়িনী, মুমুক্ষুদিগের কৈবল্যদাত্রী, ভক্ত্যভিলাষি বর্গের হরিভক্তিবিধায়িনী সেই সর্ব্বগুণসম্পন্না মথুরাকে কোন্ বুদ্ধিমান্ ব্যক্তি সেবা না করিয়া থাকিতে পারেন?॥

কি আশ্চর্য্য! যে মধুপুরীতে একদিনমাত্র বাস করিলে ভগবান্ হরিতে ভক্তি উৎপন্ন হয়, বৈকুণ্ঠ হইতেও গরীয়সী সেই মধুপুরী ধন্যতমা॥

দুরূহ অথচ অদ্ভুত বীর্য্যশালী যে এই পাঁচপ্রকার অর্থাৎ শ্রীমূর্ত্তি, শ্রীমদ্ভাগবত, শ্রীকৃষ্ণভক্ত, নাম ও মথুরামণ্ডল রূপ অঙ্গ, তাহাতে শ্রদ্ধা দূরে থাকুক, অল্পমাত্র থাকিলেও নিরপরাধ ব্যক্তিদিগের অন্তঃকরণে অচিরাৎ ভাবের আবির্ভাব

যত্র স্বল্পোঽপি সম্বন্ধঃ সদ্ধিয়াং ভাবজন্মনে ॥ ১১০ ॥

তত্র শ্রীমূর্ত্তির্যথা ॥

স্মেরাং ভঙ্গীত্রয়পরিচিতাং সাচিবিস্তীর্ণদৃষ্টিং,
বংশীন্যস্তাধরকিশলয়ামুজ্জ্বলাং চন্দ্রকেণ।
গোবিন্দাখ্যাং হরিতনুমিতঃ কেশিতীর্থোপকণ্ঠে
মা প্রেক্ষিষ্ঠাস্তব যদি সখে বন্ধুসঙ্গেঽস্তি রঙ্গঃ ॥ ১১১ ॥

স্ববাক্যমাধুরীদ্বারা পূর্ব্বমেবার্থপঞ্চকং অনুভাবয়ন্নাহ স্মেরামিত্যাদিপঞ্চভিঃ। মা প্রেক্ষিষ্ঠা ইতি নিষেধব্যাজেনাবশ্যকবিধিরয়ং তদেতন্মাধুর্য্যে অনুভূয়মানে স্বয়মেব সর্ব্বমেব তুচ্ছং মংস্যসে। তস্মাদেনামেব পশ্যেদিত্যভিপ্রায়াৎ ॥ ১১০ ॥

হইয়া থাকে ॥ ১১০ ॥

তন্মধ্যে শ্রীমূর্ত্তি যথা ॥

গ্রন্থকার স্বীয় বাক্যমাধুরীদ্বারা পূর্ব্বোক্ত শ্রীমূর্ত্ত্যাদি পাঁচ-অঙ্গকে অনুভব করাইয়া কহিলেন, হে সখে! যদি তোমার বন্ধুগণের সহিত আমোদ-প্রমোদ করিতে ইচ্ছা থাকে তবে কেশিতীর্থের সমীপবর্ত্তি হাস্যান্বিত ত্রিভঙ্গ, বঙ্কিমনয়ন, বংশী-বদন, শিখিপুচ্ছধারী গোবিন্দমূর্ত্তিকে অবলোকন করিও না ॥

তাৎপর্য্য। উক্ত পদ্যে দর্শন করিও না এই নিষেধছলে শ্রীমূর্ত্তির প্রশংসা কীর্ত্তন অর্থাৎ ভগবন্মূর্ত্তির মাধুর্য্য অনুভব হইলে, সমুদায় তুচ্ছ বোধ হইবে অতএব শ্রীমূর্ত্তির দর্শন অবশ্য কর্ত্তব্য ॥ ১১১ ॥

শ্রীভাগবতং যথা ॥

শঙ্কে নীতাঃ সপদি দশমস্কন্ধপদ্যাবলীনাং
বর্ণান্ কর্ণাধ্বনি পথিকতামানুপূর্ব্ব্যাদ্ভবন্তঃ।
হংহো ডিম্ভাঃ পরমশুভদান্ হন্ত ধর্ম্মার্থকামান্
যদ্ গর্হন্তঃ সুখময়মমী মোক্ষমপ্যাক্ষিপন্তি ॥ ১১২ ॥

শঙ্কে নীতা ইতি উপালম্ভব্যাজেন স্তুতিরিয়ং। শ্লোকদ্বয়ীয়ম প্রস্তুতপ্রশংসা-লঙ্কারময়ী সাচ, কার্য্যে নিমিত্তে সামান্যে বিশেষে প্রস্তুতে সতি। তদন্যস্য বচস্তুল্যোহতুল্যাস্যেতি চ পঞ্চধা। ইত্যুক্তত্বাৎ সামান্যে প্রস্তুতে বিশেষপ্রস্তাবস্ত-যদপি স্যাৎ তদেবমত্র শ্রীমূর্ত্তিশ্রীভাগবতমাত্রয়োঃ প্রস্তুতয়োস্তত্তদ্বিশেষঃ প্রস্তাবঃ কৃতঃ। সহি তাবত্তৎপর্য্যন্তমহিমজ্ঞানপ্রযোজক ইতি। কিঞ্চ, পূর্ব্বপদ্যে স্মেরা-মিত্যাদিনা তস্যা হরিতনোঃ প্রশংসনাৎ তৎপ্রেক্ষণনিষেধে তাৎপর্য্যং নাস্তীতি তদ্বদুত্তরপদ্যে ধর্ম্মাদীনাং পরমশুভদানাং মোক্ষস্য চ সুখময়স্য দশমস্কন্ধশ্রবণজ-ভাবেনাতিক্রমাত্তস্য পরমসুখরূপত্বপ্রাপ্ত্যা। হংহো ডিম্ভা ইত্যত্রাধিক্ষেপে তাৎ-পর্য্যং নাস্তীতি। পদাদ্বয়েঽস্মিন্নত্যন্ততিরস্কৃতবাচ্যধ্বনিনা স্তুতাবেব নয়নাৎ স্তুতিশ্চ সা নিন্দাব্যাজেনেতি ব্যাজস্তুতিনামালঙ্কারোঽয়ং গম্যতে ॥ ১১২ ॥

শ্রীভাগবত যথা ॥

অরে নির্ব্বোধ সকল! যে শ্রীমদ্ভাগবত পরমশুভপ্রদ, ধর্ম্মার্থ কামরূপ ত্রিবর্গকে নিন্দা করত সুখময় মোক্ষকেও তিরস্কার করেন, বোধ হয় সদ্যই সেই ভাগবতীয় দশমস্কন্ধের পদ্যসকলের বর্ণ গুলি ক্রমান্বয়ে তোমাদের শ্রবণ পথের পথিক হইয়াছে, হায়! কি কুকর্ম্মই করিলে!॥

কৃষ্ণভক্তো যথা ॥

দৃগম্ভোভির্ধৌতঃ পুলকপটলীমণ্ডিততনুঃ
স্খলন্নন্তঃফুল্লো দধদতিপৃথুং বেপথুমপি ।

ইহ মদন্তঃ স্ফুরতি কস্মিংশ্চিদপানির্ব্বচনীয়ে শ্যামসুন্দরে মম মতিরস্তি-

---

উপরি-উক্ত শ্রীমূর্ত্ত্যাদি দুই পদ্যে অপ্রস্তুতপ্রশংসা নামক অলঙ্কার এবং ব্যাজস্তুতি এই দুই অলঙ্কার দৃষ্ট হইতেছে। অপ্রস্তুতপ্রশংসা নামক অলঙ্কার এই যে, প্রাসঙ্গিক কথায় অপ্রাসঙ্গিকের অর্থাৎ প্রকরণবহির্ভূত অর্থের কীর্ত্তনকে অপ্রস্তুতপ্রশংসা অলঙ্কার বলে। এই অলঙ্কার পাঁচপ্রকার হয় যথা। কার্য্যে কারণ কথন, কারণে কার্য্যকথন, সামান্যে বিশেষ কথন, বিশেষে সামান্য কথন এবং তুল্য বস্তুতে তুল্য বস্তুর উল্লেখ না করিয়া কথনের অযোগ্য বস্তুর কথন ॥

ব্যাজস্তুতি অলঙ্কার এই যে স্তুতি যোগ্য বস্তুর নিন্দা এবং নিন্দাযোগ্য বস্তুর স্তুতি। "স্মেরাং ভঙ্গীত্রয়পরিচিতাং" এই পদ্যে অপ্রস্তুতপ্রশংসা এই যে, গোবিন্দমূর্ত্তির দর্শন প্রস্তুতে অর্থাৎ কথনে অপ্রস্তুত বন্ধুসঙ্গ তাহার প্রশংসা। 'শঙ্কে নীতা' এই দ্বিতীয় পদ্যে ব্যাজস্তুতি এই যে, স্তুতিযোগ্য ভাগবতের নিন্দা এবং নিন্দাযোগ্য ত্রিবর্গের স্তুতি ॥ ১১২ ॥

কৃষ্ণভক্ত যথা ॥

নয়নজলে ধৌত, দেহ পুলকিত, প্রতিপদে স্খলিতহৃদয় উল্লাসিত, এবং অতিশয় কম্পিত এরূপ কোন এক অনির্ব্বচনীয়পুরুষ, যে অবধি আমার নয়নপদবীতে গমন করিয়াছেন,

দৃশোঃ কক্ষাং যাবন্মম স পুরুষঃ কোঽপ্যুপযযৌ
ন জানে কিং তাবন্মতিরিহ গৃহে নাভিরমতে ॥ ১১৩ ॥

নাম যথা।

যদবধি মম শীতা বৈণিকেনানুগীতা
শ্রুতিপথমঘশত্রোর্নামগাথা প্রয়াতা।
অনবকলিতপূর্ব্বাং হন্ত কামপ্যবস্থাং
তদবধি দধদন্তর্ম্মানসং শাম্যতীব ॥ ১১৪ ॥

রমতে গৃহে তু নাভিরমত ইত্যর্থঃ ॥ ১১৩ ॥

শীতা কর্ণয়োস্তাপশমনী বৈণিকেনেত্যজ্ঞাতনামত্বাৎ শ্রীনারদস্য তাদৃশ-ভাবাত্রেণোদ্দেশঃ। তদ্বৎ কামপ্যবস্থামিতি প্রেম এবোদ্দেশঃ। ইবেতি বাক্যা-লঙ্কারে। শাম্যতি সর্ব্বং বহিরুপদ্রবং পরিহৃত্য নির্বৃতং ভবতীত্যর্থঃ ॥ ১১৪ ॥

বলিতে পারি না কেন যে তদবধি আমার চিত্ত এই গৃহে অভিরত হইতেছে না ॥

উক্ত পদ্যের ফলিতার্থ এই যে, যদবধি প্রেম লক্ষণান্বিত কৃষ্ণভক্ত সন্দর্শন করিয়াছি তদবধি আমার চিত্ত গৃহসুখ বিসর্জ্জনপূর্ব্বক অনির্ব্বচনীয় শ্যামসুন্দর-বিষয়ক ভাবে আসক্ত হইতেছে ॥ ১১৩ ॥

নাম যথা ॥

যে অবধি বীণাবাদনতৎপর নারদকর্তৃক সঙ্গীত শ্রীকৃষ্ণের নামগাথা আমার কর্ণপদবীতে গত হইয়াছে সেই অবধি আমার চিত্ত অননুভূতপূর্ব্ব কোন এক অনির্ব্বচনীয় দশাবিশেষ প্রাপ্ত হইয়া সমস্ত বিষয় হইতে উপরত হইয়াছে ॥ ১১৪ ॥

শ্রীমথুরামণ্ডলং যথা।

তটভুবি কৃতকান্তিঃ শ্যামলায়াস্তটিন্যাঃ
স্ফুটিতনবকদম্বালম্বিকূজদ্দ্বিরেফা।
নিরবধিমধুরিম্না মণ্ডিতেয়ং কথং মে
মনসি কমপি ভাবং কাননশ্রীস্তনোতি ॥ ১১৫ ॥
অলৌকিকপদার্থানামচিন্ত্যা শক্তিরীদৃশী।
ভাবং তদ্বিষয়ঞ্চাপি যা সহৈব প্রকাশয়েৎ ॥ ১১৬ ॥

কমপি ভাবং শ্যামসুন্দরবিষয়ং ॥ ১১৫ ॥

অলৌকিকেতি তেষাং পদার্থানামিতি প্রকরণাল্লভ্যতে। যথা, সকৃদ্যদঙ্গপ্রতি মান্তরাহিতা, মনোময়ীং ভাগবতীং দদৌ গতিমিতি, ধর্ম্মঃ প্রোজ্ঝিতেত্যাদৌ, কিম্বা পরৈরীশ্বরঃ সদ্যো হৃদ্যবরুধ্যতেঽত্র কৃতিভিঃ শুশ্রূষুভিস্তৎক্ষণাদিতি, স্বপাপবর্গো ভ্রমত ইতি নামব্যাহরণং বিক্ষোভিতস্তদ্বিষয়া মতিরিতি পরানন্দময়ী সিন্ধুর্ম্মধুরাস্পর্শমাত্রস্ত ইতি পঞ্চম্যপি দর্শনাৎ ॥ ১১৬ ॥

মথুরামণ্ডল যথা ॥

যাহা কালিন্দীতটে শোভমান, যাঁহার নব বিকসিত কদম্ব কুসুমে অলিকুল লম্বমান রহিয়াছে, এবং যাহা নিরবধি মধু-রিমাতে সমলঙ্কৃত, সেই কাননশোভা আমার মনেতে কোন এক অনির্ব্বচনীয় ভাব বিস্তার করিতেছে ॥ ১১৫ ॥

অলৌকিক পদার্থের ঈদৃশী অচিন্ত্য শক্তি যে যাহার সম্বন্ধমাত্রেই ভাব ও ভাবের বিষয়কে এককালে প্রকাশ করিয়া দেয় ॥ ১১৬ ॥

কেষাঞ্চিৎ কচিদঙ্গানাং যৎ ক্ষুদ্রং শ্রূয়তে ফলং।
বহির্মুখপ্রবৃত্ত্যৈতৎ কিন্তু মুখ্যং ফলং রতিঃ ॥ ১১৭ ॥
সম্মতং ভক্তিবিজ্ঞানাং ভক্ত্যঙ্গত্বং ন কর্ম্মণাং ॥ ১১৮ ॥

মুখ্যং ফলমিতি, অকামঃ সর্ব্বকামো বেত্যাদেঃ। সত্যং দিশত্যর্থিতমর্থিতো-রভ্য স্বয়ং বিধত্তে ভজতামনিচ্ছতামিত্যাদেঃ, সবৈ মনঃ কৃষ্ণপদারবিন্দয়ো-রিত্যাদৌ, কামঞ্চ দাস্যে নতু কামকাম্যয়েত্যস্মাচ্চ। যদ্বা। বহির্ম্মুখপ্রবৃত্ত্যা ইত্যন্তর্মুখানাং তু তত্তদনায়াসভজনেঽপি কর্ম্মাদিদুর্লভফলপ্রাপকত্বতদ্গুণ-শ্রবণেন রত্যুৎপাদনাদ্রতিরেব মুখ্যং ফলমিতি। তদেবং রতিফলত্বেঽপ্যংশাং-শিভগবদ্রূপভেদেন রতেরপি ভেদো জ্ঞেয়ঃ ॥ ১১৭ ॥

ননু সর্ব্বাসাং কেবলানামেব ভক্তীনাং মাহাত্ম্যং খলু তাদৃশমেব কিন্তু শ্রী-পরাশরেণ যদিদমুক্তং বর্ণাশ্রমাচারবতা পুরুষেণ পরঃ পুমান্। বিষ্ণুরারাধ্যতে পন্থা নান্যত্তত্তোষকারণমিতি। কর্ম্মণাং ভক্ত্যঙ্গত্বং প্রতীয়তে বর্ণাশ্রমাচারসং-যোগেনৈব বিষ্ণোরারাধনে সম্মতিপ্রতীতেঃ তত্রাহ সম্মতমিতি। ভক্তিবিজ্ঞানাং ভক্তিং বিশেষতো জানতাং শুদ্ধভক্তানাং শ্রীপরাশরাদীনামেবেত্যর্থঃ। তদুক্তং তৈরেব। যজ্ঞেশাচ্যুত গোবিন্দ মাধবানন্ত কেশব। কৃষ্ণ বিষ্ণো হৃষীকেশেত্যাহ

কোন কোন ভক্ত্যঙ্গের যে সকল অল্প পরিমিত ফল শুনা যায়, তন্মাত্রই যে সেই সকল ভক্ত্যঙ্গের ফল তাহা নহে বিষয়াসক্ত ব্যক্তিদিগের চিত্তবৃত্তিকে ভক্তিমার্গে প্রবেশ করাই-বার জন্য সে সকল ফল কথিত হইয়াছে, বস্তুতঃ শ্রীকৃষ্ণবিষ-য়িণী রতিই এই সকল অঙ্গের মুখ্য ফল ॥ ১১৭ ॥

কেহ কেহ বলিয়া থাকেন যে, বর্ণাশ্রম বিহিত কর্ম্ম পর-ম্পরা ভক্তির অঙ্গ, কিন্তু তাহা ভক্তিতত্ত্ববেত্তা পরাশরাদি

যথৈকাদশে।

তাবৎ কর্ম্মাণি কুর্ব্বীত ন নির্ব্বিদ্যেত যাবতা।
মৎকথাশ্রবণাদৌ বা শ্রদ্ধা যাবন্ন জায়তে॥ ১১৯॥
জ্ঞানবৈরাগ্যয়োর্ভক্তিপ্রবেশায়োপযোগিতা।

ষাজ্ঞা স কেবলং। মান্যজ্জগাদ মৈত্রেয় কিঞ্চিৎ স্বপ্নান্তরেষপীতি। বর্ণাশ্রমাচারে তাদিকং অজাতদৃঢ়শ্রদ্ধান্ শুদ্ধভক্ত্যনধিকারিণঃ প্রত্যেবোক্তমিতি ভাবঃ॥১১৮

তদেবোপপাদয়তি যথেতি। তস্মাদ্বর্ণশ্রমেষত্যস্য চায়মেবার্থঃ। বর্ণাশ্রমাচার বতাপি যদ্বিষ্ণুরারাধ্যতে সোঽয়মেব পন্থাস্তত্তোষকারণং নান্যৎ কিমপি। অত-এবোক্তং তেনৈব, সা হানিস্তন্মহচ্ছিদ্রং স মোহঃ স চ বিভ্রমঃ। যন্মুহূর্ত্তং ক্ষণং বাপি বাসুদেবং নকীর্ত্তয়েদিত্যাদি॥ ১১৯॥

জ্ঞানমত্র ত্বম্পদার্থবিষয়ং তৎপদার্থবিষয়ং তয়োরৈক্যবিষয়ঞ্চেতি ত্রিভূমিকং ব্রহ্মজ্ঞানমুচ্যতে। তত্র ঈষদিতি ঐক্যবিষয়ং ত্যক্ত্বেত্যর্থঃ। বৈরাগ্যঞ্চাত্র ব্রহ্ম-জ্ঞানোপযোগ্যেব তত্রচ ঈষদিতি ভক্তিবিরোধিনং ত্যক্ত্বেত্যর্থঃ। তচ্চ তচ্চ প্রথম মেবেতাজ্ঞাবেশপরিত্যাগমাত্রায় তে উপাদীয়েতে তৎপরিত্যাগেন জাতেচ ভক্তি-

মহামুনীন্দ্রগণের সম্মত নহে॥ ১১৮॥

একাদশে ২০ অ। ৯ শ্লোকে।

যে পর্য্যন্ত নির্ব্বোধ অর্থাৎ বিষয়ের প্রতি বৈরাগ্য না জন্মে ও যদবধি আমার কথাদিতে শ্রদ্ধা না জন্মে, সেই পর্য্যন্ত বর্ণা-শ্রম বিহিত কর্ম্ম সকল করিবে॥ ১১৯॥

কেহ কেহ জ্ঞান ও বৈরাগ্যকে ভক্ত্যঙ্গ বলিয়া উল্লেখ করেন, কিন্তু বাস্তবিক তাহা নহে, ভক্তিমার্গের অবিরোধী জ্ঞান ও বৈরাগ্য ভক্তিমার্গে প্রবেশ করাইবার প্রথম সহায়,

ঈষৎ প্রথমমেবেতি নাঙ্গত্বমুচিতং তয়োঃ॥ ১২০॥
যদুভে চিত্তকাঠিন্যহেতুপ্রায়ঃ সতাং মতে।

প্রবেশে তয়োরকিঞ্চিৎকরত্বাৎ। তত্তদ্ভাবনায়া ভক্তিবিচ্ছেদকত্বাচ্চ॥ ১২০॥
উত্তরত্র তু তয়োরনুগতৌ দোষান্তরমিত্যাহ যদুভে ইতি। কাঠিন্যহেতুত্বঞ্চ নানাবাদনিরসনপূর্ব্বকতত্ত্ববিচারস্য দুঃখসহনাভ্যাসপূর্ব্বকবৈরাগ্যস্য চ রূক্ষস্বরূপত্বাৎ। তর্হি সহায়ং বিনোত্তরোত্তরভক্তিপ্রবেশঃ কথং স্যাত্তত্রাহ ভক্তিস্তদ্ধেতুরীরিতেতি। তস্য ভক্তিপ্রবেশস্য হেতুর্ভক্তিরীরিতা। উত্তরোত্তরভক্তিপ্রবেশস্য হেতুঃ পূর্ব্বপূর্ব্বভক্তিরেবেত্যর্থঃ। নমু, ভক্তিরপি তত্তদায়াসসাধ্যত্বাৎ কাঠিন্যহেতুঃ স্যাত্তত্রাহ সুকুমারস্বভাবেয়মিতি। শ্রীভগবন্মধুররূপগুণাদিভাবনাময়ত্বাদিতি। তস্মাদ্ভগবতি নিজচিত্তস্য সার্দ্রতাং কর্ত্তুমিচ্ছুনা ভক্তিরেব কার্য্যেতি ভাবঃ। প্রাধান্যেন চ যথোক্তং শ্রীপ্রহ্লাদেন, নৈতে গুণা ন গুণিনো মহদাদয়ো যে, সর্ব্বে মনঃপ্রভৃতয়ঃ সহ দেবমর্ত্ত্যাঃ। আদ্যন্তবন্ত উরুগায়

সুতরাং তাহা ভক্তির অঙ্গ নহে॥ ১২০॥
সৎসকলের মত এই যে জ্ঞান ও বৈরাগ্য এই দুইটী চিত্তকাঠিন্যের হেতু, অতএব সুকোমলস্বভাবা ভক্তিই ভক্তিযোগে প্রবেশের হেতু বলিয়া কীর্ত্তিত হইয়াছে॥
তাৎপর্য্য। উত্তর কালে জ্ঞান ও বৈরাগ্য অনুগত থাকিলে দোষান্তরের উৎপত্তি হয় অর্থাৎ চিত্তের কাঠিন্য জন্মে, কারণ মহাজনগণ জ্ঞান ও বৈরাগ্যকে চিত্ত কাঠিন্যের হেতু বলিয়াছেন, তাহার কারণ এই যে, নানাবাদ নিরাসপূর্ব্বক তত্ত্ববিচার করিতে গেলে এবং দুঃসহ অভ্যাসপূর্ব্বক বৈরাগ্য

সুকুমারস্বভাবেয়ং ভক্তিস্তদ্ধেতুরীরিতা॥ ১২১॥

যথা তত্রৈব॥

তস্মান্মদ্ভক্তিযুক্তস্য যোগিনো বৈ মদাত্মনঃ।
ন জ্ঞানং নচ বৈরাগ্যং প্রায়ঃ শ্রেয়ো ভবেদিহেতি॥১২১॥

কিন্তু জ্ঞানবিরক্ত্যাদিসাধ্যং ভক্ত্যৈব সিধ্যতি॥ ১২২॥

যথা তত্রৈব॥

বিন্দন্তি ভিন্না নৈবং বিবিচ্য সুধিয়ো বিরমন্তি শব্দাৎ। তস্মৈহর্হত্তম নমঃ স্তুতি-কর্ম্মপূজাঃ কর্ম্মস্মৃতিশ্চরণয়োঃ শ্রবণং কথায়াং। সংসেবয়া ত্বয়ি বিনেতি ষড়ঙ্গয়া কিং ভক্তিং জনঃ পরমহংসগতৌ লভেতেতি। অত্র কর্ম্মপরিচর্য্যা 'কর্ম্মস্মৃতিঃ লীলাস্মরণং চরণয়োরিতি ভক্তিবাচকং তচ্চ ষট্স্বপ্যন্বিতং। তথা সংসেবয়া বিনেতি বৈরাগ্যাদিকমপি নাদৃতং॥ ১২১॥

জ্ঞানসাধ্যং মুক্তিলক্ষণং বৈরাগ্যসাধ্যং জ্ঞানং তত্তচ্চ ভক্ত্যৈব সিধ্যতি॥১২২॥

সাধন করিতে হইলেই অবশ্যই চিত্তের কাঠিন্য জন্মে অতএব ভক্তিপ্রবেশে ভক্তি ভিন্ন অন্য হেতু হইতে পারে না॥

যথা একাদশস্কন্ধে ২০ অ। ৩১ শ্লোকে॥

শ্রীকৃষ্ণ কহিলেন, হে উদ্ধব! সেই কারণে মদগতচিত্ত এবং আমাতে ভক্তিমান্ যোগিদিগের প্রায় জ্ঞান ও বৈরাগ্য মঙ্গলজনক নহে॥ ১২১॥

কিন্তু জ্ঞানসাধ্য মুক্তি ও বৈরাগ্য জ্ঞান, কেবল ভক্তি দ্বারাই সিদ্ধ হইয়া থাকে॥ ১২২॥

যথা একাদশস্কন্ধে ২০ অ। ৩২। ৩৩ শ্লোকে॥

যৎ কর্ম্মভির্যত্তপসা জ্ঞানবৈরাগ্যতশ্চ যৎ।
যোগেন দানধর্ম্মেণ শ্রেয়োভিরিতরৈরপি॥
সর্ব্বং মদ্ভক্তিযোগেন মদ্ভক্তো লভতেঽঞ্জসা।
স্বর্গাপবর্গং মদ্ধাম কথঞ্চিদ্যদি বাঞ্ছতি। ইতি॥ ১২৩॥

ইতরৈঃ সালোক্যাদিকামনামযভক্ত্যাদিভিঃ। কথঞ্চিত্তদুপযোগিত্বেন যথা, চিত্রকেতোর্বিমানচারিত্বে গর্ত্তস্থশুকদেবস্য মায়াত্যাগে প্রহ্লাদস্য ভগবৎপার্ষগমনে বাঞ্ছা। যথোক্তং ষষ্ঠে। রেমে বিদ্যাধরস্ত্রীভির্গাপয়ন্ হরিমীশ্বরমিতি। ব্রহ্মবৈবর্ত্তে শ্রীকৃষ্ণং প্রতি শ্রীশুকদেবস্য প্রার্থনা। ত্বং ব্রূহি মাধবজগন্নিগড়োপমেয়া, মায়াখিলস্য ন বিলঙ্ঘ্যাতমা ত্বদীয়া। বধ্নাতি মাং ন যদি গর্ত্তস্থিমং বিহায়, তদযামি সম্প্রতি মুহুঃ প্রতিভূস্তমত্রেতি। সপ্তমে শ্রীপ্রহ্লাদস্যৈব বাক্যং। ত্রস্তোঽস্ম্যহং কৃপণবৎসলদুঃসহোগ্রসংসারচক্রকদনাদ্গ্রসতাং প্রণীতঃ। বদ্ধঃ স্বকর্ম্মভিরুশত্তম (হে কমনীয়তম!) তেঽঙ্ঘ্রিমূলং, প্রীতোঽপবর্গশরণং হ্বয়সে (অর্থান্মাং) কদা নু। ইতি উগ্রসংসারচক্রকদনং দুঃখং তস্মাদহং ত্রস্তোঽস্মি। দুঃসহেতি স্বদ্বহির্মুখতাময়ত্বাদিতি ভাবঃ। তত্রাপি গ্রসতাং স্বভক্তৈঃ সর্ব্বাঙ্গাণি সুরাণাং মধ্যে স্বকর্ম্মভির্বদ্ধঃ সন্ প্রণীতঃ নিক্ষিপ্তোঽস্মি তত উশত্তম প্রীতঃ সন্ তে তবাঙ্ঘ্রিমূলং চরণারবিন্দয়োর্লীলাধিষ্ঠানং প্রতি কদা হ্বয়সে॥১২৩

ভগবান্ উদ্ধবকে কহিলেন, সখে! কর্ম্ম, তপস্যা, জ্ঞান, বৈরাগ্য, যোগ, দান ও অন্যান্য মঙ্গলদ্বারা যাহা কিছু লাভ হয়, আমার ভক্তগণ কেবল মদ্বিষয়িণী ভক্তিদ্বারা সেই সকল অনায়াসে প্রাপ্ত হয়েন। যদিও আমার ভক্তগণের কোন প্রকার অভিলাষ নাই, তথাপি ভক্তির উপযোগিতার নিমিত্ত কথঞ্চিৎ যদি তাঁহারা স্বর্গ, অপবর্গ ও মদীয় ধাম বাঞ্ছা করেন তাহা হইলে তাহাও অনায়াসে লাভ করিতে পারেন॥১২৩॥

রুচিমুদ্বহতস্তত্র জনস্য ভজনে হরেঃ।
বিষয়েষু গরিষ্ঠোঽপি রাগঃ প্রায়ো বিলীয়তে ॥ ১২৪ ॥
অনাসক্তস্য বিষয়ান্ যথার্হমুপযুঞ্জতঃ।
নির্ব্বন্ধঃ কৃষ্ণসম্বন্ধে যুক্তং বৈরাগ্যমুচ্যতে ॥ ১২৫ ॥

নন্বু, পূর্ব্বং ভক্তিপ্রবিষ্টস্য বৈরাগ্যং চিত্তকাঠিন্যহেতুতয়া হেয়ত্বেনোক্তং তর্হি তস্য বিষয়ভোগ এব বিহিতঃ। তচ্চ। বিষয়াবিষ্টচিত্তস্য কৃষ্ণাবেশঃ সুদূরতঃ। বারুণীদিগ্‌গতং বস্তু ব্রজন্নৈন্দ্রীং কিমাপ্নুয়াৎ। ইত্যাদিশাস্ত্রবিরুদ্ধং। অত্রোচ্যতে। ভক্তৌ রুচিমাত্রমেব তস্য বিষয়রাগবিলাপকং। তস্মাদ্বৈরাগ্যাভ্যাসে কাঠিন্যং ন যুক্তমিত্যাহ রুচিমিতি। অত্র রুচিমুদ্বহতঃ প্রায়ো বিলীয়ত ইতি পরিণামতস্তু কাৎস্ন্যেনৈব বিলীয়ত ইত্যর্থঃ। তদেতদুপলক্ষণমুক্তং শ্রীমদ্ভাগবতীতাস্য। বাসুদেবে ভগবতি ভক্তিযোগঃ প্রযোজিতঃ। জনয়ত্যাশু বৈরাগ্যং জ্ঞানঞ্চ যদহৈতুকং ইত্যাদি প্রয়োগঃ ॥ ১২৪ ॥

তৎ প্রাগুক্তং ভক্তিপ্রবেশযোগ্যমেব বৈরাগ্যং ব্যনক্তি। অনাসক্তস্যেতি। অনাসক্তস্য সতঃ যথার্হং স্বভক্ত্যুপযুক্তমাত্রং যথা স্যাত্তথা যত্র বিষয়ানুপযুঞ্জতো ভুঞ্জানস্য পুরুষস্য যদ্বৈরাগ্যং তদ্যুক্তমুচ্যতে। কৃষ্ণসম্বন্ধে নির্ব্বন্ধঃ স্যাদিত্যর্থঃ ॥ ১২৫ ॥

ভগবান্ হরির ভজনে যাঁহার রুচি জন্মিয়াছে তাঁহার বিষয়াসক্তি গুরুতর হইলেও ভজনপ্রভাবে ঐ বিষয়াসক্তি আপনিই বিলয়প্রাপ্ত হয় ॥ ১২৪ ॥

অনাসক্ত হইয়া যথাযোগ্য বিষয় ভোগ করত কৃষ্ণসম্বন্ধে যে আগ্রহ জন্মে এস্থলে তাহাকেই বৈরাগ্য বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥ ১২৫ ॥

প্রাপঞ্চিকতয়া বুদ্ধ্যা হরিসম্বন্ধিবস্তুনঃ ।
মুমুক্ষুভিঃ পরিত্যাগো বৈরাগ্যং ফল্গু কথ্যতে ॥ ১২৬ ॥
প্রোক্তেন লক্ষণেনৈব ভক্তেরধিকৃতস্য চ ।
অঙ্গত্বে সুনিরস্তেঽপি নিত্যাদ্যখিলকর্ম্মণাং ॥
জ্ঞানস্যাধ্যাত্মিকস্যাপি বৈরাগ্যস্য চ ফল্গুনঃ ।
স্পষ্টতার্থং পুনরপি তদেবেদং নিরাকৃতং ॥ ১২৭ ॥

অথ ফল্গু বৈরাগ্যন্তু ভক্ত্যানুপযুক্তং যত্তদেব জ্ঞেয়ং । তচ্চ ভগবদ্বহির্ম্মুখা-নামপরাধপর্য্যন্তং স্যাদিত্যাহ প্রাপঞ্চিকতয়েতি । হরিসম্বন্ধিবস্তুত্র তৎপ্রসাদাদিঃ তস্য পরিত্যাগো দ্বিবিধঃ । অপ্রার্থনা প্রাপ্তানঙ্গীকারশ্চ । তত্রোত্তরন্তু স্ফুট-রামপরাধ এব জ্ঞেয়ঃ । প্রসাদাগ্রহণং বিষ্ণোরিত্যাদিবচনেষু তচ্ছ্রবণাৎ ॥১২৬॥

প্রোক্তেনেতি দ্বয়োরপান্বয়ঃ । অধিকৃতস্য ভক্তিশাস্ত্রাধিকারেণ ব্যাপ্তস্য বৈরাগ্যস্য মাত্রস্য বিশেষতঃ ফল্গুন ইত্যর্থঃ ॥ ১২৭ ॥

মুমুক্ষুজনগণকর্ত্তৃক প্রাকৃতবুদ্ধিতে হরিসম্বন্ধি বস্তুর যে পরিত্যাগ হয়, তাহাকে ফল্গু বৈরাগ্য কহে ॥

তাৎপর্য্য । ফল্গু বৈরাগ্য ভক্তিযোগের অনুপযুক্ত । এই স্থানে হরিসম্বন্ধি বস্তুর অর্থ এই যে, ভগবৎপ্রসাদাদি । ইহার পরিত্যাগ দুই প্রকার, প্রসাদগ্রহণ করিতে প্রার্থনা না করা, এবং প্রাপ্ত প্রসাদের উপেক্ষা । ভগবৎপ্রসাদাদি পরিত্যাগ করিলে অপরাধ জন্মে । এই নিমিত্ত ইহা ফল্গু বৈরাগ্য ॥১২৬॥

পূর্ব্বোক্ত লক্ষণদ্বারা নিত্য নৈমিত্তিকাদি কর্ম্মের ভক্ত্যঙ্গত্ব নিরস্ত হইলেও কেবল স্পষ্টতার নিমিত্ত আধ্যাত্মিক জ্ঞান ও ফল্গু বৈরাগ্যের পুনরায় নিরাস করা হইল ॥ ১২৭ ॥

ধনশিষ্যাদিভির্দ্বারৈর্যা ভক্তিরুপপাদ্যতে।
বিদূরত্বাদুত্তমতাহান্যা তস্যাশ্চ নাঙ্গতা॥
বিশেষণত্বমেবৈষাং সংশ্রয়ন্ত্যধিকারিণাং।
বিবেকাদীন্যতোঽমীষামপি নাঙ্গত্বমুচ্যতে॥
কৃষ্ণোন্মুখং স্বয়ং যান্তি যমাঃ শৌচাদয়স্তথা।
ইত্যেষাঞ্চ ন যুক্তা স্যাদ্ভক্ত্যঙ্গান্তরপাতিতা॥

ধনেতি। জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতমিত্যাদিগ্রহণেন শৈথিল্যস্যাপিগ্রহণাদিতি ভাবঃ। নাঙ্গতেত্যত্রোত্তমায়ামিতি শেষঃ॥ ১২৮॥

ধন ও শিষ্যাদিদ্বারা যে ভক্তি উৎপন্ন হয়, সে ভক্তি কদাচ উত্তমা ভক্তির অঙ্গ বলিয়া পরিগণিত হইবে না, কারণ এস্থানে শিথিলতাপ্রযুক্ত উত্তমতার হানি হইয়া থাকে॥

তাৎপর্য্য। প্রথম লহরীতে "অন্যাভিলাষিতাশূন্যং জ্ঞানকর্ম্মাদ্যনাবৃতং" এই ভক্তিলক্ষণে উক্ত হইয়াছে যে, জ্ঞান-ও কর্ম্মাদিতে আবৃত হইবে না, আদিশব্দপ্রয়োগ হেতু শিথিলতাও গ্রহণ করিতে হইবেক। অতএব শিথিলাদর হইয়া ধনাদিদ্বারা যে ভক্তির অনুষ্ঠান করে, তাহাকে উত্তমা ভক্তি বলা যাইতে পারে না॥

বিবেকাদি পদ, ভক্ত্যধিকারী ব্যক্তিদিগের বিশেষণ, এ নিমিত্ত ঐ সকলকে ভক্ত্যঙ্গ বলা যাইতে পারে না॥

কৃষ্ণভজনে উন্মুখ ব্যক্তিদিগের সম্বন্ধে যম, নিয়ম ও শৌচাদি স্বয়ং উপস্থিত হয়, একারণ উহাদিগকেও ভক্ত্যঙ্গ বলা যাইতে পারে না॥

যথা স্কান্দে ॥

এতে নহ্যদ্ভুতা ব্যাধ তবাহিংসাদয়ো গুণাঃ।
হরিভক্তৌ প্রবৃত্তা যে ন তে স্যুঃ পরতাপিনঃ ॥

তত্রৈব ॥

অন্তঃশুদ্ধির্বহিঃশুদ্ধিস্তপঃশান্ত্যাদয়স্তথা।
অমী গুণাঃ প্রপদ্যন্তে হরিসেবাভিকামিনাং ॥
সা ভক্তিরেকমুখ্যাঙ্গাশ্রিতানেকাঙ্গিকাথবা।

স্কন্দপুরাণে বলিয়াছেন যথা ॥

নারদের উপদেশে কোন এক ব্যাধ পশুহিংসা পরিত্যাগ করিয়া হরিসেবায় প্রবৃত্ত হইয়াছিল, তদবলোকনে কোন এক মহাত্মা সম্বোধনপূর্ব্বক কহিলেন, হে ব্যাধ! তোমার এই অহিংসাদি গুণসকল অদ্ভুত নহে, কারণ যে সকল ব্যক্তি হরিভক্তিতে প্রবৃত্ত হয়েন, তাঁহারা কখন পরের সন্তাপপ্রদ হইতে ইচ্ছা করেন না ॥

অন্তঃশুদ্ধি, বাহ্যশুদ্ধি, তপস্যা এবং শান্তিপ্রভৃতি গুণসকল হরিসেবাভিলাষি পুরুষের নিকট স্বয়ং গিয়া উপস্থিত হয় ॥

যে ভক্তি একমাত্র মুখ্যাঙ্গ অথবা বহু অঙ্গ আশ্রয় করিয়াছেন, সেই ভক্তিই ভক্তগণের নিষ্ঠা দেখিয়া তাহাদিগকে সিদ্ধি প্রদান করিয়া থাকেন ॥

এইস্থানে শ্রীচৈতন্যচরিতামৃতে লিখিয়াছেন, যথা "এক

স্ববাসনানুসারেণ নিষ্ঠাতঃ সিদ্ধিকৃদ্ভবেৎ ॥ ১২৮ ॥

তত্রৈকাঙ্গা যথা গ্রন্থান্তরে ॥

শ্রীবিষ্ণোঃ শ্রবণে পরীক্ষিদভবদ্বৈয়াসকিঃ কীর্ত্তনে
প্রহ্লাদঃ স্মরণে তদঙ্‌ঘ্রিভজনে লক্ষ্মীঃ পৃথুঃ পূজনে।
অক্রূরস্ত্বভিবন্দনে কপিপতির্দাস্যেঽথ সখ্যেঽর্জ্জুনঃ।
সর্ব্বস্বাত্মনিবেদনে বলিরভূৎ কৃষ্ণাপ্তিরেষাং পরা ॥ ১২৯ ॥

অনেকাঙ্গা যথা নবমে ॥

স বৈ মনঃ কৃষ্ণপদারবিন্দয়ো-
র্বচাংসি বৈকুণ্ঠগুণানুবর্ণনে।

তদঙ্‌ঘ্রিভজন ইত্যত্র তথাঙ্‌ঘ্রিভজন ইত্যেবাত্র যুক্তং ॥ ১২৯ ॥
লিঙ্গানি প্রতিমাঃ। শ্রীমত্যা তুলস্যা যা শ্লগ্ পাদসরোজয়োঃ বর্পিতস্তাং·

অঙ্গ সাধে কিবা সাধে বহু অঙ্গ। নিষ্ঠা হইলে হয় প্রেমের তরঙ্গ” ॥ ১২৮ ॥

একাঙ্গা ভক্তি যথা গ্রন্থান্তরে ॥

শ্রীমদ্ভাগবত শ্রবণে মহারাজ পরীক্ষিৎ, শ্রীমদ্ভাগবতকীর্ত্তনে শুকদেব, স্মরণে প্রহ্লাদ, চরণসেবনে লক্ষ্মী, অর্চ্চনে আদিরাজ পৃথু, বন্দনে অক্রূর, দাস্যবিষয়ে হনূমান্, সখ্যে অর্জ্জুন ও আত্মনিবেদনে অসুররাজ বলি, ইঁহারা সকলে কৃতার্থ হইয়াছিলেন, অর্থাৎ কেবল এক এক মুখ্য ভক্ত্যঙ্গের সেবা করিয়া ইঁহাদিগের কৃষ্ণপ্রাপ্তি হইয়াছিল ॥ ১২৯ ॥

অনেকাঙ্গা ভক্তি যথা নবমস্কন্ধে ৪ অ। ১৫। ১৬। ১৭।

শুকদেব কহিলেন, হে ভারত! মহারাজ অম্বরীষ শ্রীকৃষ্ণ-

করৌ হরের্মন্দিরমার্জ্জনাদিষু
শ্রুতিং চকারাচ্যুতসৎকথোদয়ে ॥
মুকুন্দলিঙ্গালয়দর্শনে দৃশৌ
তদ্ভৃত্যগাত্রস্পর্শেঽঙ্গসঙ্গমঃ।
ঘ্রাণঞ্চ তৎপাদসরোজসৌরভে
শ্রীমত্তুলস্যা রসনাং তদর্পিতে ॥
পাদৌ হরেঃ ক্ষেত্রপদানুসর্পণে
শিরো হৃষীকেশপদাভিবন্দনে।
কামঞ্চ দাস্যে নতু কামকাম্যয়া

স্তয়া। সৌরভবিশেষযোগঃ স্যাত্তস্মিন্নিত্যর্থঃ। ক্ষেত্রং শ্রীমথুরাদি, পদং তদা-লয়াদি, তদেতচ্চ সর্ব্বং তথা চকার যথোত্তমঃশ্লোকজনাশ্রয়া রতিঃ স্যাত্তেষা-

চরণারবিন্দে মন অর্পণ করিয়াছিলেন, বৈকুণ্ঠগুণানু বর্ণনে বাক্যসকলকে নিয়োগ করিয়াছিলেন, হরিমন্দির মার্জনাদিতে করদ্বয়কে ব্যাপৃত রাখিয়াছিলেন, এবং অচ্যুতের সৎকথা-শ্রবণে শ্রবণেন্দ্রিয়কে নিযুক্ত করিয়াছিলেন। অপর নয়নদ্বয়কে মুকুন্দবিগ্রহ সকলের আলয় বিলোকনে, অঙ্গসঙ্গকে ভগ-বদ্ভৃত্যজনের গাত্রসংস্পর্শে, ঘ্রাণেন্দ্রিয়কে ভগবৎপাদপদ্ম-সংযুক্ত তুলসীর সৌরভগ্রহণে এবং রসনাকে ভগবানের প্রতি নিবেদিত অন্নাদি-আস্বাদনে তৎপর করিয়াছিলেন। আর তাঁহার চরণদ্বয় ভগবৎক্ষেত্র স্থানে গমনে, এবং তাঁহার মস্তক-কৃষ্ণপদাভিবন্দনে নিযুক্ত হইয়াছিল। অপিচ, তিনি কাম অর্থাৎ স্রক্‌চন্দনাদি বিষয়ভোগকে ভগবজ্জনাশ্রয়া রতি যে-

যথোত্তমঃশ্লোকজনাশ্রয়ারতিঃ ॥ ইতি ॥

শাস্ত্রোক্তয়া প্রবলয়া তত্তন্মর্য্যাদয়ান্বিতা

বৈধী ভক্তিরিয়ং কৈশ্চিন্মর্য্যাদামার্গ উচ্যতে ॥ ১৩০ ॥

অথ রাগানুগা ॥

বিরাজন্তীমভিব্যক্তং ব্রজবাসিজনাদিষু।

রাগাত্মিকামনুসৃতা যা সা রাগানুগোচ্যতে ॥

রাগানুগা বিবেকার্থমাদৌ রাগাত্মিকোচ্যতে ॥

ইষ্টে স্বারসিকী রাগঃ পরমাবিষ্টতা ভবেৎ।

মতিরুচিঃ স্যাত্তথৈবেত্যর্থঃ ॥ ১৩০ ॥

ইষ্টে সানুকূল্যবিষয়ে স্বারসিকী স্বাভাবিকী পরমাবিষ্টতা তস্যা হেতুঃ প্রেমময়তৃষ্ণেত্যর্থঃ। সা রাগো ভবেৎ তদাধিক্যহেতুত্বয়া তদভেদোক্তিরায়ু-

রূপে হই সেইরূপ করিয়া ভগবদ্দাস্যে তৎপর করিয়াছিলেন, তাহাও কেবল ভগবৎপ্রসাদ স্বীকারার্থ হইয়াছিল, বিষয়েচ্ছায় হয় নাই ॥

শাস্ত্রোক্ত প্রবল মর্য্যাদাযুক্ত এই বৈধী ভক্তিকে কোন২ পণ্ডিতেরা মর্য্যাদামার্গ বলিয়া উল্লেখ করিয়াছেন ॥ ১৩০ ॥

॥ * ॥ ইতি বৈধী ভক্তিমার্গ প্রকরণ ॥ * ॥

অথ রাগানুগা ॥

ব্রজবাসি জনাদিতে প্রকাশ্যরূপে বিরাজমানা যে ভক্তি তাহাকে রাগাত্মিকা ভক্তি কহে। এই রাগাত্মিকা ভক্তির অনুগতা যে ভক্তি, তাহার নাম রাগানুগা ভক্তি ॥

এই রাগানুগা ভক্তির পরিজ্ঞানার্থ, প্রথমতঃ রাগাত্মিকা ভক্তি কথিত হইতেছে ॥

তন্ময়ী যা ভবেদ্ভক্তিঃ সাত্র রাগাত্মিকোদিতা ॥ ১৩১ ॥

সা কামরূপা সম্বন্ধরূপা চেতি ভবেদ্দ্বিধা ॥ ১৩২ ॥

তথাহি সপ্তমে ॥

কামাদ্দ্বেষাদ্ভয়াৎ স্নেহাদ্যথা ভক্ত্যেশ্বরে মনঃ।

ষ্ট্তমিতিবৎ। এবমুত্তরত্রাপি তন্ময়ী তদেকপ্রেরিতা। তৎপ্রকৃতবচনে ময়ট্॥১৩১

কামেন রাগবিশেষরূপেণ তেন রূপ্যতে ক্রিয়ত ইতি তথা সম্বন্ধেন তদ্ধেতুকেন রাগবিশেষেণ রূপ্যতে ক্রিয়ত ইতি তত্তৎপ্রেরিতেত্যর্থঃ। যদ্যপি কামরূপায়ামপি সম্বন্ধবিশেষোঽস্ত্যেব তথাপি পৃথগুপাদানং প্রাধান্যবিবক্ষয়া সর্ব্বঃ সমায়াতি রাজা চেতিবৎ ॥ ১৩২ ॥

কামাদিতি। অত্র স্বরসত এবোৎপদ্যমানানাং কামাদীনাং বিধাতুমশক্যত্বাৎ তন্ময়ীনাং কথমপি ন বৈধীত্বং। যচ্চ তস্মাদ্বৈরানুবন্ধেন নির্বৈরেণ ভয়েন বা। স্নেহাৎ কামেন বা যুঞ্জ্যাদিতি লিঙ্প্রত্যয়ঃ শ্রূয়তে সোঽপি সম্ভাবনায়ামেব সম্ভবতি। তস্মাৎ কেনাপ্যুপায়েনেতিতু অভ্যনুজ্ঞামাত্রং। যথা যথাবৎ তদ্গতিং তদ্রূপং গম্যং প্রাপ্তাঃ। তদেবমিতি তেষাং মধ্যে যদ্দ্বেষভয়য়োরুপং

অভিলষিত বস্তুতে যে স্বাভাবিকী পরম আবিষ্টতা অর্থাৎ প্রেমময় তৃষ্ণা তাহার নাম রাগ, সেই রাগময়ী যে ভক্তি তাহাকে রাগাত্মিকা ভক্তি কহে ॥ ১৩১ ॥

সেই রাগাত্মিকা ভক্তি কামরূপা ও সম্বন্ধরূপা ভেদে দুই প্রকার হয় ॥ ১৩২ ॥

সপ্তমস্কন্ধে স্কন্ধে ১ অ। ২৯ শ্লোকে যথা ॥

নারদ যুধিষ্ঠিরকে কহিলেন, মহারাজ! বহু বহু ব্যক্তি ভক্তি অনুসারে কাম, দ্বেষ, ভয় অথবা স্নেহহেতু ভগবান্ পর-

আবেশ্য তদঘং হিত্বা বহবস্তদ্গতিং গতাঃ ॥ ১৩৩ ॥
কামাদ্গোপ্যো ভয়াৎ কংসো দ্বেষাচ্চৈদ্যাদয়ো নৃপাঃ।
সম্বন্ধাদ্বৃষ্ণয়ঃ স্নেহাদ্যূয়ং ভক্ত্যা বয়ং বিভো ॥ ইতি ॥১৩৪
আনুকূল্যবিপর্য্যাসাদ্ভীতিদ্বেষৌ পরাহতৌ।
স্নেহস্য সখ্যবাচিত্বাদ্বৈধভক্ত্যনুবর্ত্তিতা ॥

অবস্তি। তদপি তদাবেশপ্রভাবো হিম্বেত্যথঃ। নতু কামেঽপীতি মন্তব্যং। স্বিন্নপিঙ্গহৃষীকেশঃ কিমুতাদোক্ষজপ্রিয়া ইতি তস্য কামস্য দ্বেষাদিশ্রবণপাতি-ত্যামুলত্ব্য স্বতত্বাৎ॥ ১৩৩ ॥

গোপ্য ইতি পূর্ব্বরাগাবস্থাস্থা জ্ঞেয়াঃ। এবং বৃষ্ণ্যাদয়োঽপি ॥ ১৩৪ ॥

তদেবং বহুষঙ্গত্বে প্রাপ্তে কামাদিদ্বয়মাত্রস্যোপাদানে কারণমাহ আনু-কূল্যেতি সার্দ্ধ্যাং। শ্রীনারদেন তু অনয়োর্ভীতিদ্বেষয়োরুপাদানং ভক্তৌ

মেশ্বরে মনঃসংযোগ করিয়া কামাদিনিমিত্ত কলুষ বিসর্জ্জন পুরঃসর তাঁহার গতি প্রাপ্ত হইয়াছে ॥ ১৩৩ ॥

ইহার প্রমাণ এই, গোপীগণ কামহেতু, কংস ভয়হেতু, শিশুপালাদি নরপতি দ্বেষহেতু, যাদবগণ সম্বন্ধহেতু, তোমরা স্নেহহেতু এবং আমরা ভক্তিহেতু তাঁহার গতি প্রাপ্ত হইয়াছি ॥

তাৎপর্য্য। উল্লিখিত পদ্যে গোপীগণ ও যাদবগণের যে আবেশ বর্ণিত হইয়াছে, ইহা পূর্ব্বরাগজনিত জানিতে হইবে ॥ ১৩৪ ॥

এই প্রকার শ্রীকৃষ্ণে মনোনিবেশ করার বহু২ অঙ্গ সত্ত্বে এখানে কাম ও সম্বন্ধমাত্র গ্রহণের কারণ এই যে, অনুকূল্যের

কিম্বা প্রেমাভিধায়িত্বান্নোপযোগোঽত্র সাধনে।

কৈমুত্যোপপাদনায়ৈব। তদুক্তং। বৈরেণ যং নৃপতয়ঃ শিশুপাল-শাল্বপৌণ্ড্রাদয়ো গতিবিলাসবিলোকনাদ্যৈঃ। ধ্যায়ন্ত আকৃতিধিয়ঃ শয়নাসনাদৌ তৎসাম্য-মাপুরনুরক্তধিয়াং পুনঃ কিমিতি। তথাচ ব্যাখ্যাতং। সা ভক্তিঃ সপ্তমস্কন্ধে ভঙ্গ্যা দেবর্ষিণোদিতেতি। এবমপি যত্তু, যথা বৈরানুবন্ধেন মর্ত্ত্যস্তন্ময়তামিয়াৎ। ন তথা ভক্তিযোগেন ইতি মে নিশ্চিতা মতিরিত্যুক্তং। তদপি ভাবময়কামাদ্য-পেক্ষয়া বিধিময়স্য চিত্তাবেশহেতুত্বেঽত্যন্তন্যূনত্বমিতি ব্যঞ্জনার্থমেব। যেষু ভাব-ময়েষু নিন্দিতোঽপি বৈরানুবন্ধো বিধিময়ভক্তিযোগাচ্ছ্রেষ্ঠ ইতি। তন্ময়তা হ্যত্র তদাবিষ্টতা স্ত্রীময়ঃ কামুক ইতিবৎ। স্নেহস্যেতি। অয়মর্থঃ। পাণ্ডবানাং যঃ স্নেহঃ স সখ্যময় রাগাত্মিকায়ামেব পর্য্যবসাতি তাদৃশব্যবহারশ্রবণাৎ। তথা-প্যৈশ্বর্য্যজ্ঞানপ্রধানত্বাত্তেষাং বিধিমার্গং প্রধানত্বমেব স্যাদিতি শুদ্ধরাগানুগায়াং। যদিচ স্নেহশব্দেন প্রেমসামান্যমুচ্যেত তদা তদ্বিশেষানভিধানাৎ তত্তৎক্রিয়া-নির্দ্ধারণাভাবেনানুকরণাসম্ভব ইত্যেবমত্র রাগানুগাখ্যে সাধনে তস্যোপজীব্যত্বা-ভাবেন নোপযোগো বিদ্যত ইতি। প্রেমবিশেষে তু বাচ্যে সম্বন্ধরূপায়ামেব পর্য্যবসানাৎ। পুনরুক্তত্বমিতি চ জ্ঞেয়ং। ভক্ত্যেতি পারিশেষ্যপ্রামাণ্যেন বৈধত্ব-এব পর্য্যবসানাৎ। বৈধী ভক্তিশ্চাস্য পূর্ব্বজন্মনি মহদুপাসনালক্ষণা। কাম্য-

অভাব হেতু ভয় এবং দ্বেষ পরিত্যক্ত হইয়াছে, আর স্নেহ-শব্দ যদি সখ্যবাচী হয় তাহা হইলে ইহা বৈধী ভক্তির মধ্যে পরি-গণিত হইবে, সুতরাং রাগানুগাতে তাহার উপযোগিতা নাই, কিম্বা যদি স্নেহ এই শব্দটী প্রেমবাচক হয়, তাহা হইলে সাধনভক্তির মধ্যে তাহারও কোন উপযোগিতা নাই, আমরা

ভক্ত্যা বয়মিতি ব্যক্তং বৈধী ভক্তিরুদীরিতা ॥ ১৩৫ ॥
যদরীণাং প্রিয়াণাঞ্চ প্রাপ্যমেকমিবোদিতং।

দ্বেষাদিতি পূর্ব্বপদানুসারেণ পঞ্চতয়ত্বে প্রাপ্তেঽপ্যত্র ষট্‌তয়ত্বেন ব্যাখ্যা শ্রীস্বাম্যনুরোধেনৈব। বস্তুতস্তু সম্বন্ধাদ্বঃ স্নেহস্তস্যাঙ্গ্‌কয়ো ষ্‌ষৃঙ্কেত্তোকমিতি বোপদেবানুসারেণ জ্ঞেয়ং। উভয়ত্র সম্বন্ধস্নেহয়োরবিশেষাৎ। এবমেব, কতমোঽপি ন বেণঃ স্যাৎ পঞ্চানাং পুরুষং প্রতীতি সুষ্ঠু সঙ্গচ্ছেত। পুরুষং ভগবন্তং প্রতীত্যস্মিন্নেবার্থে সার্থকতা স্যাদিতি ॥ ১৩৫ ॥

তত্র তদ্‌গতিং গতা ইত্যুক্তৌ সন্দেহান্তরং নিরস্যতি যদরীণামিতি। প্রিয়াণাং শ্রীগোপীবৃষ্ণ্যাদীনাং অনয়োঃ কিরণার্কোপমানে ব্রহ্মসংহিতা যথা।. যস্য প্রভা প্রভবতো জগদণ্ডকোটিকোটিষ্বশেষবসুধাদিবিভূতিভিন্নং। তদ্ব্রহ্ম নিষ্কলমনন্তমশেষভূতং গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামীতি। শ্রীভগবদ্‌গীতাচ। ব্রহ্মণোহি প্রতিষ্ঠাহমিতি। (প্রতিষ্ঠা-আশ্রয়ঃ)। তথৈব স্বামিটীকাচ দৃশ্যা। তচ্চ মুক্তংএকস্যাপি তস্যাধিকারিবিশেষং প্রাপ্য সবিশেষাকারভগবত্ত্বেনোদয়াদ্ ঘনত্বং নির্ব্বিশেষাকারব্রহ্মত্বেনোদয়াদ্ ঘনত্বমিতি, প্রভাস্থানীয়ত্বাৎ প্রভা ইতি জ্ঞেয়ং।

ভক্তি নিমিত্ত প্রাপ্ত হইয়াছি, এস্থলে ভক্তিশব্দে বৈধী ভক্তিই বলিতে হইবে, ইহা রাগানুরাগা বলিয়া পরিগৃহীত হইবে না ॥ ১৩৫ ॥

বহু বহু ব্যক্তি সেই গতি লাভ করিয়াছে এই সন্দেহান্তর উপস্থিত হওয়ায় গ্রন্থকর্ত্তা ঐ সন্দেহনিরাসপূর্ব্বক কহিলেন, ব্রহ্মে এবং শ্রীকৃষ্ণে পরস্পর ঐক্য প্রযুক্ত শত্রুগণ ও প্রিয়বর্গের যে এক প্রাপ্য কথিত হইয়াছে তাহার প্রভেদ এই যে, সূর্য্য এবং সূর্য্যের কিরণ ॥

তদ্ব্রহ্মকৃষ্ণয়োরৈক্যাৎ কিরণার্কোপমাজুষোঃ ॥ ১৩৬ ॥
ব্রহ্মণ্যেব লয়ং যান্তি প্রায়েণ রিপবো হরেঃ।
কেচিৎ প্রাপ্যাপি সারূপ্যাভাসং মজ্জন্তি তৎসুখে ॥ ১৩৭
তথাচ ব্রহ্মাণ্ডপুরাণে।
সিদ্ধলোকস্তু তমসঃ পারে যত্র বসন্তি হি।

অতএবাত্মারামাণামপি ভগবদ্গুণেনাকর্ষণমুপপদ্যতে। বিশেষজিজ্ঞাসা চেৎ শ্রীভগবৎসন্দর্ভো দৃশ্যঃ ॥ ১৩৬ ॥
• অরীণাং ব্রহ্মগতিমেব বিবৃণোতি ব্রহ্মণোবেতি ॥ ১৩৭ ॥
তত্র পূর্ব্বস্য প্রমাণং নিভৃতমরুদিত্যাদ্যর্দ্ধং বক্ষ্যতে ইত্যতিপ্রায়েণোত্তরস্যাহ

তাৎপর্য্য, সূর্য্য ও কিরণ বস্তুতঃ দুই এক পদার্থ হইলেও ইহাতে যেমন পরস্পর অঙ্গাঙ্গী ভেদ লক্ষিত হয়, তদ্রূপ শ্রীকৃষ্ণে ও ব্রহ্মে প্রভেদ জানিবা, শত্রুগণ কিরণস্থানীয় ব্রহ্মে গতি প্রাপ্তহয়, আর প্রিয়বর্গ সূর্য্যস্থানীয় শ্রীকৃষ্ণে গতি লাভ করেন ॥ ১৩৬ ॥

অরিগণের ব্রহ্মেতেই গতি হয়, গ্রন্থকার এই বিষয় বিস্তার করিতেছেন। ভগবান্ হরির রিপুবর্গ প্রায়ই ব্রহ্মেতে লয় প্রাপ্ত হয়, তন্মধ্যে কেহ কেহ সারূপ্যাভাস লাভ করিয়াও সেই সুখেই অর্থাৎ ব্রহ্মসুখে নিমগ্ন হইয়া থাকে ॥ ১৩৭ ॥

ব্রহ্মাণ্ড পুরাণেও বলিয়াছেন ॥

সিদ্ধগণ ও ভগবান্ হরিকর্ত্তৃক নিহত দৈত্যগণ ব্রহ্মসুখে নিমগ্ন হইয়া যে সিদ্ধলোকে বাস করিতেছেন, সেই সিদ্ধলোক

সিদ্ধা ব্রহ্মসুখে মগ্না দৈত্যাশ্চ হরিণা হতা ইতি ॥ ১৩৮ ॥

রাগবন্ধেন কেনাপি তং ভজন্তো ব্রজন্ত্যমী।

অঙ্ঘ্রিপদ্মসুধাঃ প্রেমরূপাস্তস্য প্রিয়া জনাঃ ॥ ১৩৯ ॥

তথাহি শ্রীদশমে।

নিভৃতমরুন্মনোক্ষদৃঢ়যোগযুজো

হৃদি যন্মুনয় উপাসতে তদরয়োঽপি যযুঃ স্মরণাৎ।

তথা চেতি। তমসঃ প্রকৃতেঃ ॥ ১৬৮ ॥

তত্র প্রিয়াণাং বিশেষমাহ রাগবন্ধেতি ॥ ১৬৯ ॥

তত্র ব্রহ্মণোবেতি পদ্যার্দ্ধেন রাগবন্ধেনেতি পদ্যেন চ দশমস্থশ্রুতিবাক্যং তুলয়তি তথাহীতি। তত্র নিভৃতেতি প্রতিযুগান্তস্যাপি শব্দস্য দ্বয়েন যুগ্মদ্বয়ং পৃথগবগম্যতে। ততশ্চ হৃদি যদ্ব্রহ্মাখ্যং তত্ত্বং মুনয় উপাসতে তদরয়োঽপি স্মরণাদ্‌-যযুঃ। স্ত্রিয়ঃ শ্রীগোপসুন্দর্য্যঃ তাসামেব তথা প্রসিদ্ধেঃ। তা অঙ্ঘ্রিসরোজসুধা-স্তৎপ্রেমময়মাধুর্য্যাণি যযুর্বয়মপি সমদৃশস্তাভিঃ সমভাবাঃ সত্যঃ সমাস্তাভি

সিদ্ধলোক মায়ার পরপারে অবস্থিত ॥ ১৩৮ ॥

ভগবৎপ্রিয়ব্যক্তিগণের বিশেষ গতি লাভ হয়, গ্রন্থকার এই বিষয় বিস্তার পূর্ব্বক কহিতেছেন। ভগবানের প্রিয় জন সকল কোন অনির্ব্বচনীয় অনুরাগ বশতঃ তাঁহাকে ভজন করিয়া প্রেমস্বরূপ তাঁহার চরণপদ্মের সুধা লাভ করিয়া থাকেন ॥ ১৩৯ ॥

দশমস্কন্ধে ৮৭ অ। ১৯ শ্লোকে ॥

শ্রুতি সকল কহিলেন হে ভগবন্! প্রাণ মন ও ইন্দ্রিয় সংযম পূর্ব্বক সুদৃঢ় যোগযুক্ত মুনিগণ আপনার যে তত্ত্ব হৃদয়ে উপাসনা করেন, শত্রুগণ অনিষ্টচেষ্টায় আপনার

স্ত্রিয় উরগেন্দ্রভোগভুজদণ্ডবিষক্তধিয়ো
বয়মপি তে সমাঃ সমদৃশোঽঙ্ঘ্রিসরোজসুধাঃ ॥ ১৪০ ॥
তত্র কামরূপা ॥ ১৪১ ॥

স্তুল্যাতাং প্রাপ্তা বৃহাস্মরেণ গোপ্যো ভূত্বা তবাঙ্ঘ্রিসরোজসুধাঃ যদ্বিমেত্যার্থঃ। অর্থবিশেষস্তস্য দশমটিপ্পন্যাং বৈষ্ণবতোষণীনাম্নাং দৃশ্যঃ। তথাচ বৃহদ্বামনপুরাণে শ্রুতিভিঃ প্রার্থ্য গোপিকাত্বং প্রাপ্তমিতি প্রসিদ্ধেঃ। করিকায়াং তজ্জস্ত ইত্যাদিনা জনসামান্যনির্দ্দেশস্তু এতদুপলক্ষণতয়া কৃতঃ। তদেবং স্ত্রিয় ইত্যনেন বক্ষ্যমাণা কামরূপা, বয়মিত্যনেন কামানুগাচ উট্টঙ্কিতা। তদেতদনুসারেণ বৃষ্ণ্যাদীনামপি তৎপ্রাপ্তিবিশেষো জ্ঞেয়ঃ ॥ ১৪০ ॥

অত্র কামরূপেতি। কামোঽত্র স্বেষ্টবিষয়রাগাত্মকপ্রেমবিশেষত্বেনাগ্রে নিরূপণীয়ঃ ॥ ১৪১ ॥

স্বরূপ স্মরণ করিয়াও তাহাই প্রাপ্ত হয়, অপরিচ্ছিন্ন যে আপনি আপনাকে পরিচ্ছিন্ন রূপে দর্শনপূর্ব্বক সর্পেন্দ্র দেহ সদৃশ আপনার ভুজদণ্ডে সংসক্তচেতা কামাত্মা স্ত্রীগণও তাহা প্রাপ্ত হয় এবং শ্রুত্যভিমানিনী দেবতারূপ আমারা তৎসদৃশ হইয়াও আপনার পাদপদ্ম সুখে ধারণ করত তাহাই প্রাপ্ত হই ॥ ১৪০ ॥

তন্মধ্যে কামরূপা যথা ॥

তাৎপর্য্য। এস্থানে কামশব্দ আপনার অভীষ্টবিষয়ক রাগময় প্রেম বিশেষ ॥ ১৪১ ॥

সা কামরূপা সম্ভোগতৃষ্ণাং যা নয়তি স্বতাং।
যদস্যাং কৃষ্ণসৌখ্যার্থমেব কেবলমুদ্যমঃ ॥ ১৪২ ॥
ইয়ন্তু ব্রজদেবীষু সুপ্রসিদ্ধা বিরাজতে।
আসাং প্রেমবিশেষোঽয়ং প্রাপ্তঃ কামপি মাধুরীং।
তত্তৎক্রীড়ানিদানত্বাৎ কাম ইত্যুচ্যতে বুধৈঃ ॥

তথাচ তন্ত্রে।

তদেবাহ সেতি। সা প্রসিদ্ধা প্রেমরূপৈবাত্র কামরূপা নত্বন্যেত্যর্থঃ। যা সম্ভোগতৃষ্ণাং প্রসিদ্ধং কামমপি স্বস্বরূপতাং নয়তি। তত্র প্রেমরূপত্বে হেতুঃ যদস্যাং কৃষ্ণসৌখ্যার্থমেব কেবলমুদ্যম ইতি ॥ ১৪২ ॥

তদেব দর্শয়তি ইয়ং ত্বিতি। সুপ্রসিদ্ধত্বঞ্চ যত্তে সুজাতচরণাম্বুরুহং স্তনেষ্বিত্যাদি তদ্বাক্যদর্শনাৎ। নত্বত্র কামরূপাশব্দেন কামাত্মিকৈবোচ্যতে সাচ ক্রিয়ৈব নতু ভাবঃ। ততস্তস্যাস্তৃষ্ণায়াঃ স্বরূপতানয়নে সামর্থ্য ন স্যাৎ। উচ্যতে। ক্রিয়াপীয়ং মানসক্রিয়ারূপেণ স্বাংশেন তত্র সমর্থা স্যাৎ সাচ মত্তোঽস্য সুখং স্যাদিতি ভাবনানুরূপেতি জ্ঞেয়ং। এবমেবচ স্বতানয়নং সিধ্যতি ॥ ১৪৩ ॥

যে ভক্তি সম্ভোগতৃষ্ণাকে প্রেমময় রূপে পরিণত করে তাহার নাম কামরূপা ভক্তি, যেহেতু এই কামরূপা ভক্তিতে কেবল কৃষ্ণসুখের নিমিত্ত উদ্যম দেখা যায় ॥ ১৪২ ॥

এই সুপ্রসিদ্ধা কামরূপ ভক্তি কেবল ব্রজদেবীতেই বিরাজমান, ইহাদিগের এই বিশিষ্ট প্রেম কোন এক অনির্ব্বচনীয় মাধুরী প্রাপ্ত হইয়া সেই সেই ক্রীড়ার কারণ হয় বলিয়া পণ্ডিতেরা এই প্রেমবিশেষকে কামশব্দে উল্লেখ করিয়া থাকেন ॥

তন্ত্রেও বলিয়াছেন ॥

প্রেমৈব গোপরামাণাং কাম ইত্যগমৎ প্রথামিতি॥ ১৪৩॥
ইত্যুদ্ধবাদয়োঽপ্যেতং বাঞ্ছন্তি ভগবৎপ্রিয়াঃ॥ ১৪৪॥
কামপ্রায়া রতিঃ কিন্তু কুব্জায়ামেব সম্মতা॥ ১৪৫॥

সম্বন্ধরূপা॥

সম্বন্ধরূপা গোবিন্দে পিতৃত্বাদ্যভিমানিতা।

ইতাঃ পরং তন্মুভূতঃ ইত্যনুস্থত্য তত্র হেতুমাহ ইতীতি। ইত্যেতং এতাদৃশেন কান্তত্বাভিমানরূপেণ ভাবেনোলক্ষিতো যঃ প্রেমাতিশয়স্তমেবেতি জ্ঞেয়ং তাদৃশেন বিশিষ্টং তমিতি তু ন জ্ঞেয়ং। মুমুক্ষুমুক্তভক্তানামৈকমত্যে ভাবভেদব্যবস্থানুপপত্তেঃ। তাদৃশপ্রেমাতিশয়প্রাপকঃ তদ্ভাবং বিনৈব হি তৎপ্রেমাতিশয়ং বাঞ্ছন্তীত্যেবোক্ত্বা তৎপ্রাপ্তির্নাভিমতেতি॥ ১৪৪॥

কামপ্রায়েতি যত্তে সুজাতেত্যাদি শুদ্ধপ্রেমরীত্যদর্শনাৎ। প্রত্যুত উত্তরীয়ান্তমাকৃষ্যেত্যাদি কামরীতিমাত্রদর্শনাৎ তথাপি রতিস্তদুপাধিত্বাংশেন জ্ঞেয়া ১৪৫॥

পিতৃত্বাদ্যভিমানিতেতি তৎপ্রভবরাগপ্রেরিতেত্যর্থঃ। সম্বন্ধাদ্বৃষ্ণয় ইতি। অত্র

গোপরামাদিগের প্রেমই কাম বলিয়া কথিত হইয়াছে॥ ১৪৩॥

এই কারণে উদ্ধবাদি ভগবানের প্রিয় ভক্তগণ গোপীদিগের এই প্রেমবিশেষ প্রার্থনা করিয়াছেন॥ ১৪৪॥

কিন্তু ব্রজসুন্দরীদিগের ন্যায় বিশুদ্ধ প্রেমের অভাব নিমিত্ত, কুব্জাদিতে যে রতি দেখা যায় পণ্ডিতগণ তাহাকে কামপ্রায়া রতি বলিয়া সম্মতি প্রকাশ করিয়াছেন॥ ১৪৫॥

অথ সম্বন্ধ রূপা॥

গোবিন্দে পিতৃত্বাদি অভিমানই অর্থাৎ আমি শ্রীকৃষ্ণের

আত্রোপলক্ষণতয়া বৃষ্ণীনাং বল্লবা মতাঃ ॥
যদৈশ্বর্য্যজ্ঞানশূন্যত্বাদেষাং রাগে প্রধানতা ॥ ১৪৬ ॥
কামসম্বন্ধরূপে তে প্রেমমাত্রস্বরূপিকে।

বৃষ্ণীনামুপলক্ষণতয়া যে বল্লবা প্রাপ্তাস্তএব অজহল্লক্ষণয়া মতাঃ। অইকুপ্বাঙ্‌ নুম্ ব্যবায়েঽপীতি সূত্রে যথা নুম্ উপলক্ষণত্বেনানুস্বারমাত্রং গৃহ্যতে তদ্বদিতি ভাবঃ। তত্র হেতুমাহ যদিতি। এষাং বল্লবানাং ॥ ১৪৬ ॥

প্রেমমাত্রং স্বরূপং কারণং যয়োঃ নিত্যসিদ্ধাঃ শ্রীব্রজেশ্বরাদয় এব আশ্রয়া মূলস্থানানি যয়োস্তয়োর্ভাবস্তত্তা তয়া হেতুনা। অত্র সাধনপ্রকরণে ন সম্যগ্ বিচারিতে কিন্তু তৎপ্রকরণ এব বিচারয়িষ্যেতে ইত্যর্থঃ। তত্তদ্ভাবাদিমাধুর্য্যে শ্রীভাগবতাদিপ্রসিদ্ধনির্দ্দেশশাস্ত্রেষু শ্রুতেঃ শ্রবণদ্বারা যৎ কিঞ্চিদনুভূতে সতি বক্ষ্যাত্রং বিধিবাক্যং নাপেক্ষতে যুক্তিঞ্চ কিন্তু প্রবর্ত্তত এবেত্যর্থঃ। তদেবং

পিতা, আমি কৃষ্ণের মাতা, ইত্যাদি মননই সম্বন্ধরূপা ভক্তি। বৃষ্ণিগণ সম্বন্ধমাত্রে কৃষ্ণকে প্রাপ্ত হইয়াছেন এই উক্তি প্রযুক্ত এখানে বৃষ্ণি শব্দ উপলক্ষণ মাত্র, এতদ্দ্বারা গোপগণকেও গ্রহণ করিতে হইবে, কারণ ঈশ্বরত্ব জ্ঞানশূন্য হেতু গোপগণেরও রাগাত্মিকা ভক্তিতে অধিকার আছে ॥ ১৪৬ ॥

প্রেমমাত্রস্বরূপ কামরূপা ও সম্বন্ধরূপা ভক্তিদ্বয় নিত্যসিদ্ধ নন্দ যশোদাদিকে আশ্রয় করিয়াছে বলিয়া এই সাধন-ভক্তি-প্রকরণে তাহাদের বিচারের কোন আবশ্যক নাই ॥

রাগাত্মিকা ভক্তি দুই প্রকার, অর্থাৎ কামরূপা ও সম্বন্ধ-

নিত্যসিদ্ধাশ্রয়তয়া নাত্র সম্যগ্‌ বিচারিতে ॥
রাগাত্মিকায়া দ্বৈবিধ্যাদ্দ্বিধা রাগানুগা চ সা।
কামানুগা চ সম্বন্ধানুগা চেতি নিগদ্যতে ॥

তত্রাধিকারী।

রাগাত্মিকৈকনিষ্ঠা যে ব্রজবাসিজনাদয়ঃ।
তেষাং ভাবাপ্তয়ে লুব্ধো ভবেদত্রাধিকারবান্‌ ॥ ১৪৭ ॥
তত্তদ্ভাবাদিমাধুর্য্যে শ্রুতে ধীর্যদপেক্ষতে।
নাত্র শাস্ত্রং ন যুক্তিঞ্চ তল্লোভোৎপত্তিলক্ষণং ॥ ১৪৮ ॥
বৈধভক্ত্যধিকারী তু ভাবাবির্ভবনাবধিঃ।

লোভোৎপত্তের্লক্ষণমিতি ॥ ১৪৭ ॥ ১৪৮ ॥

রূপা, এই কারণে রাগানুগা ভক্তিও দুই প্রকার, যথা কামানুগা ও সম্বন্ধানুগা ॥

এই রাগানুগা ভক্তির অধিকারী যথা—

কেবল রাগানুগা-ভক্তিনিষ্ঠ যে সকল ব্রজবাসী জন, তাঁহাদিগের ভাব প্রাপ্তির নিমিত্ত যাঁহাদের চিত্ত লুব্ধ, তাঁহারাই এই রাগানুগা ভক্তিতে অধিকারী ॥ ১৪৭ ॥

শাস্ত্র ও যুক্তিকে অপেক্ষা না করিয়া কেবল নন্দ যশোদাদির ভাব ও মাধুর্য্য শ্রবণ করিয়া বুদ্ধিবৃত্তি যাহার অপেক্ষা করে, অর্থাৎ তত্তৎভাব কবে প্রাপ্ত হইব? এই বলিয়া উৎসুক হয়, পণ্ডিত গণ তাহাকেই লোভোৎপত্তির লক্ষণ বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥ ১৪৮ ॥

যে পর্য্যন্ত ভাবের আবির্ভাব না হয়, সেই পর্য্যন্ত বৈধী-

অত্র শাস্ত্রং তথা তর্কমনুকূলমপেক্ষ্যতে ॥ ১৪৯ ॥
কৃষ্ণং স্মরন্ জনঞ্চাস্য প্রেষ্ঠং নিজসমীহিতং।
তত্তৎকথারতশ্চাসৌ কুর্য্যাদ্বাসং ব্রজে সদা ॥ ১৫০ ॥

নম্বু রাগানুগাধিকারিণো রাগাত্মিকানুগামিত্বাৎ নিরবধিরেব তাদৃশী ভক্তিঃ বৈধভক্ত্যধিকারিণস্তু কিমবধির্বৈধী ভক্তিস্তত্রাহ বৈধভক্তীতি। ভাবো রতিঃ। তদুক্তং শ্রীভগবতা। ন মেঘোকান্তভক্তানাং গুণদোষোদ্ভবা গুণা ইতি ॥ ১৪৯ ॥

অথ রাগানুগায়াঃ পরিপাটীমাহ কৃষ্ণমিত্যাদিনা। সামর্থ্যে সতি ব্রজে শ্রীমন্নন্দব্রজরাজাবাসস্থানে শ্রীবৃন্দাবনাদৌ শরীরেণ বাসং কুর্য্যাৎ তদভাবে মনসা পীত্যর্থঃ ॥ ১৫০ ॥

ভক্তিতে অধিকারী হয়। এই বৈধী ভক্তিতে যাঁহারা অধিকারী তাঁহাদের শাস্ত্র ও অনুকূল তর্কের অপেক্ষা করা উচিত ॥

তাৎপর্য্য। বৈধী ভক্তি ও রাগানুগা ভক্তির প্রভেদ এই যে, শাস্ত্রের বিধি অনুসারে যে ভজন, তাহার নাম বৈধী ভক্তি। আর লোভপ্রযুক্ত বিধি মার্গে যে ভজন তাহার নাম রাগানুগা ভক্তি ॥ ১৪৯ ॥

শ্রীকৃষ্ণকে এবং স্বীয় বাঞ্ছিত তাঁহার প্রিয়তম ভক্তজনকে স্মরণ করত তত্তৎ কথায় অনুরক্ত হইয়া সর্ব্বদা ব্রজেতেই বাস করিবে ॥

তাৎপর্য্য। সমর্থ হইলে শরীর দ্বারা ব্রজ ভূমিতে বাস করিবে, আর যদি সমর্থ না হয়, তবে কেবল মনোমধ্যে ব্রজ ভূমিতে বাসের অভিলাষ করিবে ॥ ১৫০ ॥

সেবা সাধকরূপেণ সিদ্ধরূপেণ চাত্র হি।
তদ্ভাবলিপ্সুনা কার্য্যা ব্রজলোকানুসারতঃ ॥ ১৫১ ॥
শ্রবণোৎকীর্ত্তনাদীনি বৈধভক্ত্যুদিতানিতু।
যান্যঙ্গানি চ তান্যত্র বিজ্ঞেয়ানি মনীষিভিঃ ॥ ১৫২ ॥

সাধকরূপেণ যথাবস্থিতদেহেন। সিদ্ধরূপেণ অন্তশ্চিন্তিতাভীষ্টতৎসেবোপযোগিদেহেন। তস্য ব্রজস্থস্য নিজাভীষ্টস্য শ্রীকৃষ্ণপ্রেষ্ঠস্য যো ভাবো রতিবিশেষস্তল্লিপ্সুনা। ব্রজলোকাস্তত্র কৃষ্ণপ্রেষ্ঠজনাস্তদনুগতাশ্চ তদনুসারতঃ ॥ ১৫১ ॥

বৈধভক্ত্যুদিতানি স্বস্বযোগ্যানীতি জ্ঞেয়ং ॥ ১৫২ ॥

সাধক রূপে অর্থাৎ যথাবস্থিত দেহ দ্বারা এবং সিদ্ধ রূপে অর্থাৎ অন্তশ্চিন্তিত অভিমত তৎসেবোপযোগি দেহ দ্বারা ব্রজস্থিত নিজাভীষ্ট কৃষ্ণপ্রিয় বর্গের ভাবলিপ্সু হইয়া তাঁহাদের অনুসরণ পূর্ব্বক সেবায় প্রবৃত্ত হইবে ॥

এই স্থলে, সিদ্ধপ্রণালী অনুসারে, যিনি যে সখীর অনুগামী, তিনি তাঁহার আজ্ঞা গ্রহণ পূর্ব্বক কৃষ্ণসেবায় প্রবৃত্ত হইবেন ॥ ১৫১ ॥

বৈধী ভক্তিতে শ্রবণ কীর্ত্তনাদি যে সকল ভক্ত্যঙ্গ কথিত হইয়াছে, পণ্ডিতগণ এই রাগানুগা ভক্তিতেও সেই সেই অঙ্গের উপযোগিতা কহিয়াছেন ॥

তাৎপর্য্য। বৈধী ভক্তিতে যে সকল ভক্ত্যঙ্গ বলা হইয়াছে ইহার অর্থ এই, যাহার যে অঙ্গে অধিকার তিনি সেই সেই অঙ্গ যাজন করিবেন ॥ ১৫২ ॥

তত্র কামানুগা ॥

কামানুগা ভবেত্তৃষ্ণা কামরূপানুগামিনী ॥
সম্ভোগেচ্ছাময়ী তত্তদ্ভাবেচ্ছাত্মেতি সা দ্বিধা ॥ ১৫৩ ॥
কেলিতাৎপর্য্যবত্যেব সম্ভোগেচ্ছাময়ী ভবেৎ।
তদ্ভাবেচ্ছাত্মিকা তাসাং ভাবমাধুর্য্যকামিতা ॥ ১৫৪ ॥

কামরূপানুগামিনী তৃষ্ণা তদাত্মিকা ভক্তিঃ কামানুগা ভবেৎ। সম্ভোগেচ্ছাময়ী কামপ্রায়ানুগা জ্ঞেয়া। তত্তদ্ভাবেচ্ছাত্মেতি তস্যাস্তস্যা নিজনিজাভীষ্টায়া ব্রজদেব্যা যো ভাব স্তদ্বিশেষস্তত্র যা ইচ্ছা সৈবাত্মা প্রবর্ত্তিকা যস্যাঃ সেতি মুখ্যকামানুগা জ্ঞেয়া। তথাচ দর্শিতং। স্ত্রিয় উরগেন্দ্রভোগেত্যাদি ॥ ১৫৩ ॥

সম্ভোগোহত্র সংযোগঃ * কেলিরপি স এব ভাবমাধুর্য্যস্য কামিতা যস্যাং সা ॥ ১৫৪ ॥

অথ কামানুগা ॥

কামরূপা ভক্তির অনুগামিনী যে তৃষ্ণা তাহার নাম কামানুগা ভক্তি। ইহা সম্ভোগেচ্ছাময়ী এবং তত্তদ্ভাবেচ্ছাময়ী-ভেদে দুই প্রকার। তন্মধ্যে নিজ নিজ অভীষ্ট ব্রজদেবীদিগের ভাববিষয়িণী ইচ্ছা যে রাগানুগা ভক্তির প্রবর্ত্তিকা তাহাকেই মুখ্য কামানুগা ভক্তি বলা যায় ॥ ১৫৩ ॥

এস্থলে কেলি অর্থাৎ ক্রীড়া মাত্রেতেই সম্ভোগ শব্দের তাৎপর্য্য, অতএব কেলিবিষয়ক তাৎপর্য্যবতী যে ভক্তি তাহার নাম সম্ভোগেচ্ছাময়ী। আর স্বস্বযূথেশ্বরীদিগের ভাবমাধুর্য্য কামনাকেই তত্তদ্ভাবেচ্ছাত্মিকা কহে ॥ ১৫৪ ॥

---

* সংপ্রয়োগ ইতি পাঠান্তরং।

শ্রীমূর্ত্তের্মাধুরীং প্রেক্ষ্য তত্তল্লীলাং নিশম্য বা।
তদ্ভাবাকাঙ্ক্ষিণো যে স্যুস্তেষু সাধনতানয়োঃ ॥
পুরাণে শ্রূয়তে পাদ্মে পুংসামপি ভবেদিয়ং ॥ ১৫৫ ॥

যথা।

পুরা মহর্ষয়ঃ সর্ব্বে দণ্ডকারণ্যবাসিনঃ।

শ্রীমূর্ত্তেঃ শ্রীকৃষ্ণপ্রতিমায়াঃ। মাধুরীং তৎপ্রেয়সীভিরপি প্রতিমাকল্পাভিঃ সহ লীলাদিমাধুর্য্যবিশেষং প্রেক্ষ্য তস্মাত্তত্তদ্ভাবাদিমাধুর্য্যে শ্রুতে ইতি কেবলং শ্রবণং যৎ পূর্ব্বমুক্তং তত্তু তস্যাঃ প্রেক্ষণেঽপি তস্য শ্রবণস্য সাহায্যমবশ্যং মৃগ্যমিত্যভিপ্রেতং যদ্বিনা মূলতত্তদ্রূপলীলাদ্যস্ফূর্ত্তেঃ। তল্লীলাশ্রবণস্তু তদ্বৎ-প্রেক্ষণং বিনাপি কার্য্যকরমিত্যাহ তদিতি। অনয়োর্দ্বিবিধকামানুগয়োঃ তেষু সাধনতা। অতএব তয়োরধিকারিণইত্যর্থঃ ॥ ১৫৫ ॥

শ্রীমূর্ত্তি অর্থাৎ শ্রীকৃষ্ণপ্রতিমার মাধুর্য্য সন্দর্শন করিয়া অর্থাৎ প্রেয়সীবর্গের সহিত শ্রীকৃষ্ণের যে সকল লীলা তদ্বি-ষয়িণী কথা শ্রবণ করিয়া, যাঁহারা সেই ভাবাকাঙ্ক্ষী হয়, তাঁহারাই এই দ্বিবিধ কামানুগা ভক্তিতে অধিকারী, এই নিমিত্ত পদ্মপুরাণে লিখিয়াছেন যে, পুরুষদিগেরও এই কামানুগা ভক্তি হইয়া থাকে ॥ ১৫৫ ॥

যথা পদ্মপুরাণে ॥

পূর্ব্ব কালে দণ্ডকারণ্যবাসী মহর্ষিগণ শ্রীরামচন্দ্রের মূর্ত্তির মাধুর্য্য সন্দর্শন করিয়া তদপেক্ষা অধিকতর লাবণ্যময় শ্রীকৃষ্ণ-কে সম্ভোগ করিতে অভিলাষ করিয়াছিলেন। অনন্তর তাঁহারা

দৃষ্ট্বা রামং হরিং তত্র ভোক্তুমৈচ্ছন্ সুবিগ্রহং ॥
তে সর্ব্বে স্ত্রীত্বমাপন্নাঃ সমুদ্ভূতাশ্চ গোকুলে।

পুরেতি। মহর্ষয়োঽত্র শ্রীগোকুলস্থশ্রীকৃষ্ণপ্রেয়স্যনুগতবাসনাঃ অত্র সর্ব্ব-ইত্যর্থঃ। তে চ রামং দৃষ্ট্বা ততোঽপি সুন্দরবিগ্রহং হরিং শ্রীকৃষ্ণং ভাবাবতার-মপি তৎপ্রতিপাদকশাস্ত্রে বিদ্বৎপ্রসিদ্ধং। গোকুলে প্রেয়স্যো ভূত্বা উপভোক্তু-মৈচ্ছন্ মনসা বরং বৃণুতে স্ম। তে চ সর্ব্বে কল্পবৃক্ষাদিব তস্মাদবচনেনৈব বরং লব্ধ্বা দেশান্তরগোপীনাং গর্ভে স্ত্রীত্বমাপন্নাঃ সর্ব্বত্র গোকুলনাম্নাতিবিখ্যাতে শ্রীমদ্ব্রজগোকুলে কথঞ্চিত্তাভ্য এবাগতাভ্যঃ সমাগুৎপন্না হরিং ততোঽপি মনো-হরং শ্রীকৃষ্ণমেব কামেন সঙ্কল্পমাত্রেণ সংপ্রাপ্য তদনন্তরমেব মুক্তা ভবার্ণবা-

স্ত্রীত্ব লাভ করত গোকুলে জন্ম গ্রহণ করিয়া কামদ্বারা শ্রীকৃষ্ণকে প্রাপ্ত হইয়া ভবার্ণব হইতে নির্ম্মুক্ত হয়েন ॥

তাৎপর্য্য। দণ্ডকারণ্যবাসি মহর্ষিদিগের এস্থলে গোকুলস্থ শ্রীকৃষ্ণ প্রেয়সীদিগের অনুগত বাসনা। যৎকালীন শ্রীরামচন্দ্র দণ্ডকারণ্যে বাস করেন সেই সময় তত্রস্থ মহর্ষিগণ শ্রীরাম-চন্দ্রকে দর্শন করিয়া ইহা অপেক্ষা অধিকতর সুবিগ্রহ শ্রীকৃষ্ণ এই নিশ্চয় করিলেন। পরে শ্রীরামচন্দ্রের নিকটে মনে মনে এই বর প্রার্থনা করিলেন যে, যে কোন রূপে স্ত্রীত্ব প্রাপ্ত হইয়া শ্রীকৃষ্ণবিগ্রহ উপভোগ করিতে পারি, কিন্তু শ্রীরামচন্দ্র এবিষয়ে কোন স্পষ্টাক্ষরে বর নাদিলেও কল্পবৃক্ষতুল্য শ্রীরাম-চন্দ্রের অবচনেই * বর জ্ঞান করিয়া দেশান্তরে স্ত্রীত্ব লাভ পুরঃসর গোপীগর্ভে জন্ম গ্রহণ করেন, তদনন্তর বিবাহ নিবন্ধন গোকুলে সমাগত হইয়া সংকল্পমাত্রে শ্রীকৃষ্ণকে লাভ করিলেন,

* "মৌনং সম্মতিলক্ষণং" মৌন সম্মতির চিহ্ন।

হরিং সংপ্রাপ্য কামেন ততো মুক্তা ভবার্ণবাদিতি॥ ১৫৬॥
রিরংসাং সুষ্ঠু কুর্ব্বন্ যো বিধিমার্গেণ সেবতে।
কেবলেনৈব স তদা মহিষীত্বমিয়াৎ পুরে॥ ১৫৭॥

দিতি। অন্তর্গৃহগতাঃ কাশ্চিদিত্যাদিরীত্যা জ্ঞেয়ং॥ ১৫৬॥

য ইতি পুংলিঙ্গত্বেন নির্দ্দেশো জনমাত্রবিবক্ষয়া স্ত্রী বা পুমান্ বেত্যর্থঃ। রিরংসাং কুর্ব্বন্নিতি নতু শ্রীব্রজদেবীভাবেচ্ছাং কুর্ব্বন্নিত্যর্থঃ, কিন্তু সুষ্ঠ্বিতি মহিষী-বস্তাবস্পৃষ্টতয়া কুর্ব্বন্ নতু সৈরিন্ধ্রীবত্তদস্পৃষ্টতয়েত্যর্থঃ বিধিমার্গেণেতি বল্লবীকান্তত্ব-ধ্যানময়েন মন্ত্রাদিনাপি কিমুত মহিষীকান্তত্বধ্যানময়েনেত্যর্থঃ। কেবলেনেতি ব্রজাদিসম্বন্ধলিপ্সাগ্রহং বিনেত্যর্থঃ। মহিষীত্বং তদ্বর্গানুগামিত্বমিয়াদিতি। শ্রীমদ্দ-শাক্ষরাদাবপ্যাবরণপূজায়াং তন্মহিষীষ্বেব তস্য অত্যাদরাদিতি ভাবঃ। তদেতি কদাচিৎ বিলম্বেনৈব নতু রাগানুগাবচ্ছৈত্রেণেত্যর্থঃ॥ ১৫৭॥

তাহার পর তাঁহারা ভবার্ণব হইতে মুক্ত হয়েন॥

ইহার প্রমাণ রাসলীলার ১ প্রথমাধ্যায়ে "অন্তর্গৃহ গতাঃ কাশ্চিৎ" ইত্যাদি শ্লোকে জানিতে হইবে॥ ১৫৬॥

যিনি সুষ্ঠু রমণাভিলাষী হইয়া কেবল বিধি মার্গানুসারে সেবা করেন, তিনি দ্বারকাতে মহিষীত্ব প্রাপ্ত হয়েন॥

তাৎপর্য্য। শ্লোকে "য" এই পুংলিঙ্গ নির্দ্দেশ হেতু স্ত্রী হউন, বা পুরুষই হউন, উভয়েরই গ্রহণ জানিতে হইবেক। কেবল রমণেচ্ছা করে কিন্তু ব্রজদেবীর ভাব গ্রহণ করিতে

তথাচ মহাকৌর্ম্মে।

অগ্নিপুত্রা মহাত্মানস্তপসা স্ত্রীত্বমাপিরে।
ভর্ত্তারঞ্চ জগদ্যোনিং বাসুদেবমজং বিভুং॥ ইতি॥ ১৫৮॥

অথ সম্বন্ধানুগা।

সা সম্বন্ধানুগা ভক্তিঃ প্রোচ্যতে সদ্ভিরাত্মনি।
যা পিতৃত্বাদিসম্বন্ধমননারোপণাত্মিকা॥ ১৫৯॥

তপসা বিধিমার্গেণ অত্র বিধিমার্গোপলক্ষণত্বেন বাসনাদিভেদোঽপি জ্ঞেয়ঃ॥ ১৫৮॥

পিতৃত্বাদিসম্বন্ধস্য যন্মননং বিশেষচিন্তনং পুনস্তস্যারোপণং স্বস্মিন্নভিমননং তদাত্মিকেত্যর্থঃ॥ ১৫৯॥

ইচ্ছা করে না। "সুষ্ঠু" এই শব্দ প্রয়োগ হেতু স্পষ্ট রূপে মহিষীতুল্য ভাবের গ্রহণ, সৈরিন্ধ্রীবৎ ভাব গ্রহণীয় নয়। বিধিমার্গে গোপীকান্তত্ব ধ্যানময় মন্ত্রাদি দ্বারা উপাসনা করিলেও শ্রীনন্দনকে প্রাপ্ত হইবেক। রুক্মিণীকান্তধ্যানের কথা ত দূরে পরাহত। অতএব শ্রীনন্দাত্মজকে প্রাপ্ত হইতে অভিলাষ করিলে স্ব স্ব যূথেশ্বরীর অনুগামী হইয়া ভজনা করিলেই প্রাপ্ত হইবেন, তদ্ব্যতিরেকে কোন মতেই তাঁহাকে প্রাপ্ত হইবেন না॥ ১৫৭॥

মহাকূর্ম্মপুরাণেও বলিয়াছেন॥

মহাত্মা অগ্নিপুত্রগণও বিধিমার্গানুসারিণী সেবা দ্বারা স্ত্রীত্ব প্রাপ্ত হইয়া, সেই বিভু, অজও জগদ্যোনি, বাসুদেবকে পতিরূপে প্রাপ্ত হইয়াছিলেন॥ ১৫৯॥

লুব্ধৈ র্বাৎসল্যসখ্যাদৌ ভক্তিঃ কার্য্যাত্র সাধকৈঃ।
ব্রজেন্দ্রসুবলাদীনাং ভাবচেষ্টিতমুদ্রয়া॥ ১৬০॥
তথাহি শ্রূয়তে শাস্ত্রে কশ্চিৎ কুরুপুরীস্থিতঃ।

ব্রজেন্দ্রেতি। নতু ব্রজেন্দ্রাদিত্বাভিমানেনাপীত্যর্থঃ। পিতৃত্বাদ্যভিমানোহি দ্বিধা সম্ভবতি স্বতন্ত্রত্বেন তৎপিত্রাদিভিরভেদভাবনয়া চ। তত্রাস্তামনুচিতং ভগবদভেদোপাসনাবত্ত্বেষু ভগবদ্বদেব নিত্যত্বেন প্রতিপাদয়িষ্যমাণেষু তদনৌচিত্যাৎ। তথা তৎপরিকরেষু তত্বুচিতভাবনাবিশেষেণাপরাধাপাতাৎ॥ ১৬০॥

অথ পূর্ব্বমেবোচিতমিতি তথাহীতি। অধিষ্ঠানং প্রতিমাং। সিদ্ধোহভূদিতি বালবৎস হরণলীলায়াং তৎপিতৄণামিব সিদ্ধিজ্ঞেয়া। এবমেবহি স্কান্দেসনৎ-

---

বাৎসল্য সখ্যাদিতে লুব্ধ যে, সাধকভক্তগণ তাঁহারা ব্রজেন্দ্র ও সুবলাদির ভাব ও চেষ্টা দ্বারা শ্রীকৃষ্ণেতে ভক্তি সংস্থাপন করিবেন॥

তাৎপর্য্য। পিতৃত্বাদি অভিমান দুই প্রকার, আমি কৃষ্ণের পিতা ইত্যাদি স্বতন্ত্ররূপে মনন, আর শ্রীকৃষ্ণের পিত্রাদি তুল্য আপনাকে অভিমান। এই দুইয়ের মধ্যে পিত্রাদির সহিত তুল্য ভাবনা অত্যন্ত অনুচিত। কারণ শ্রীকৃষ্ণের সহিত আপনাকে অভিন্ন জ্ঞান করিলে অর্থাৎ "আমিই কৃষ্ণ" এই রূপ মনন করিলে যাদৃশ অপরাধ জন্মে, তাঁহার নিত্যসিদ্ধ পরিবারগণের সহিত আপনাকে অভেদ জ্ঞানেও সেই রূপ অপরাধ হইয়া থাকে॥ ১৬০॥

স্কন্দপুরাণে শুনা যায় যে, হস্তিনাপুরস্থিত কোন এক বৃদ্ধ বর্দ্ধকি নারদের উপদেশানুসারে শ্রীনন্দনন্দনের প্রতি-

নন্দসূনোরধিষ্ঠানং তত্র পুত্রতয়া ভজন্ ॥
নারদস্যোপদেশেন সিদ্ধোঽভূদ্বৃদ্ধবর্দ্ধকিঃ ॥ ১৬১ ॥
অতএব নারায়ণব্যূহস্তবে ॥
পতি-পুত্র-সুহৃদ্ভ্রাতৃ-পিতৃবন্মিত্রবদ্ধরিং।
যে ধ্যায়ন্তি সদোদ্যুক্তাস্তেভ্যোঽপীহ নমো নমঃ। ইতি ॥ ১৬২ ॥
কৃষ্ণতদ্ভক্তকারুণ্যমাত্রলাভৈকহেতুকা।

কুমারপ্রোক্তসংহিতায়াং প্রভাকররাজোপাখ্যানং। অপুত্রোঽপি স বৈ নৈচ্ছৎ পুত্রং কর্ম্মানুচিন্তয়ন্। বাসুদেবং জগন্নাথং সর্ব্বাত্মানং সনাতনং। অশেষোপনিষদ্বেদ্যং পুত্রীকৃত্য বিধানতঃ। অভিষেচয়িতুং রাজা স্বরাজ্য উপচক্রমে। ন পুত্রমভ্যর্থিত বান্ সাক্ষাত্তাজ্জনার্দ্দনাদিতি। ইত উর্দ্ধং ভগবদ্বরশ্চ। অহং তে ভবিতা পুত্র ইত্যাদি ॥ ১৬১ ॥

সুহৃন্নিরপেক্ষহিতকারী মিত্রং সহবিহারীতি দ্বয়োর্ভেদঃ। তথাচ তৃতীয়ে শ্রীকপিলদেববাক্যং। যেষামহং প্রিয় আত্মা সুতশ্চ, সখা গুরুঃ সুহৃদো দৈবমিষ্টমিতি ॥ ১৬২ ॥

কৃষ্ণেতিমাত্রপদস্য বিধিমার্গে কুত্রচিৎ কর্ম্মাদিসমর্পণমপি দ্বারং ভবতীতি

মাকে পুত্ররূপে ভজনা করিয়া সিদ্ধি লাভ করিয়াছিলেন, (যথা—অগ্রদ্বীপে বাসুদেবঘোষের শ্রাদ্ধকর্ত্তা শ্রীগোপীনাথ বিগ্রহ) ॥ ১৬১ ॥

একারণ নারায়ণব্যূহস্তবে ও বলিয়াছেন ॥

যাঁহারা সর্ব্বদা যত্ন সহকারে ভগবান্ হরিকে পতি, পুত্র, সুহৃৎ, ভ্রাতা, পিতা ও মিত্রবৎ ধ্যান করেন তাঁহাদিগকে প্রণাম করি ॥ ১৬২ ॥

রাগানুগা ভক্তিলাভের প্রতি কারণ এই যে, কৃষ্ণ এবং

পুষ্টিমার্গতয়া কৈশ্চিদিয়ং রাগানুগেচ্যতে ॥ ১৬৩ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পূর্ব্ববিভাগে সাধন-ভক্তিলহরী দ্বিতীয়া ॥ * ॥ ২ ॥ * ॥

তদ্বিচ্ছেদার্থঃ প্রয়োগ ইতি ভাবঃ ॥ ১৬৩ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পূর্ব্ববিভাগে লহরীচতুষ্টয়াত্মকে সাধন-ভক্তিলহরী দ্বিতীয়া ॥ ২ ॥ * ॥

কৃষ্ণভক্তের করুণামাত্র। কোন কোন বিজ্ঞতম ব্যক্তি প্রেম-ভক্তির সাক্ষাৎ পুষ্টিকারিণী বলিয়া এই রাগানুগা ভক্তিকে পুষ্টিমার্গ বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥ ১৬২ ॥

॥ * ॥ ভক্তিরসামৃত সিন্ধুর পূর্ব্ববিভাগে সাধনভক্তিনাম্নী দ্বিতীয়লহরী ॥ * ॥ ২ ॥ * ॥

অথ ভাবভক্তিঃ ॥

শুদ্ধসত্ত্ববিশেষাত্মা প্রেমসূর্য্যাংশুসাম্যভাক্।

অথ ভাবভক্তির্বিবিচ্যতে। পূর্ব্বং তাবৎ ভক্তিসামান্যলক্ষণে চেষ্টারূপা ভাবরূপা চেতি দ্বিবিধা ভক্তির্দর্শিতা। তত্র চেষ্টারূপা দ্বিবিধা ভাবভক্তেঃ সাধনরূপা কার্য্যরূপাতু রসাবস্থায়াঃ অনুভাবনাম্নী চ তয়োঃ সাধনরূপা পূর্ব্বা দর্শিতা। উত্তরা রসপ্রসঙ্গে দর্শয়িষ্যতে। অথ ভাবরূপাচ দ্বিবিধা রসাবস্থায়াং স্থায়িনাম্নী চ। তত্রচ পূর্ব্বা দ্বিবিধা ক্রোড়ীকৃত প্রণয়াদিপ্রেমনাম্নী রত্যপরপর্য্যায়া প্রেমাঙ্কুররূপা ভাবনাম্নীচ। তদেবং সতি উত্তরা সঞ্চারিরূপাপি রসপ্রসঙ্গে দর্শয়িষ্যতে সম্প্রতিতু স্থায়িভাবসামান্যরূপং প্রেমনাম্না প্রণয়াদিকমপি ক্রোড়ীকুর্ব্বন্ রত্যপরপর্য্যায়ং স্থায়িভাবাঙ্কুররূপং ভাবং লক্ষয়তি শুদ্ধসত্ত্বেতি। সাচ মহাভাবপর্য্যন্তদূর্দ্ধাবস্থাবাক্তয়ে ভবিষ্যতীত্যভিপ্রেত্য চাহ শুদ্ধসত্ত্বেতি। অত্র শুদ্ধসত্ত্বং নাম যা ভগবতঃ সর্ব্বপ্রকাশিকা স্বরূপশক্তেঃ সংবিদাখ্যা বৃত্তিঃ। নতু মায়াবৃত্তিবিশেষঃ। বিবৃতং চৈতৎ শ্রীভাগবতসন্দর্ভস্য দ্বিতীয়সন্দর্ভে শ্রীবৈষ্ণবতোষণ্যাং দ্বিতীয়াধ্যায়ে চ। শুদ্ধসত্ত্ববিশেষত্বং নাম চাত্র যা স্বরূপশক্তিবৃত্ত্যন্তরলক্ষণা। হ্লাদিনীসন্ধিনী সংবিত্ত্বয্যেকা সর্ব্বসংস্থিতৌ। হ্লাদতাপকরী মিশ্রা ত্বয়ি নো গুণবর্জ্জিত ইতি। বিষ্ণুপুরাণানুসারেণ হ্লাদিনীনাম্নী মহাশক্তিস্তদীয়সারবৃত্তিসমবেতসারাংশরূপতাবগন্তব্যং তয়োঃ সমবেতয়োঃ সারত্বঞ্চ তন্নিত্যপ্রিয়জনাধিষ্ঠানক-তদীয়ানুকূল্যেচ্ছামযপরমবৃত্তিত্বং। হ্লাদিনীসারসমবায়ত্বঞ্চাস্যৈব ভাবস্য পরমপরিণামরূপে মোদনাখ্যে মহাভাবে শ্রীমদুজ্জ্বলনীলমণিমধিকৃত্য ব্যক্তীভবিষ্যতি। রাধিকাযূথ এবাসৌ মোদনে নতু সর্ব্বতঃ। যঃ শ্রীমান্

অথ ভাবভক্তি ॥

বিশেষ শুদ্ধসত্ত্ব স্বরূপ, প্রেমরূপ সূর্য্যকিরণের সাদৃশ্যশালী এবং রুচি অর্থাৎ ভগবৎপ্রাপ্ত্যভিলাষ, তদীয় আনু-

রুচিভিশ্চিত্তমাসৃণ্যকৃদসৌ ভাব উচ্যতে ॥ ১ ॥

হ্লাদিনীশক্তেঃ সুবিলাসঃ প্রিয়ো বর ইতি। অসৌ পদেন চানুকূল্যেন কৃষ্ণানু-
শীলনরূপা সামান্যেন লক্ষিতা ভক্তিরেবাকৃষ্যত ইত্যর্থঃ। সাতু যদ্যপি ধাত্বর্থ-
সামান্যরূপা ব্যাখ্যাতা তথাপাত্র চেষ্টারূপা ন গৃহ্যতে কিন্তু ভাবরূপৈববিধেয়স্য
ভাবস্য সাক্ষান্নির্দ্দিষ্টত্বাৎ। বক্ষ্যতে চ স্বয়মেব ভাবমাত্রস্য লক্ষণং। শরীরেন্দ্রিয়-
বর্গস্য বিকারাণাং বিধায়িকাঃ। ভাবা বিভাবজনিতাশ্চিত্তবৃত্তয় ঈরিতা ইতি ॥
চিত্তবৃত্তয়শ্চাত্র প্রকারান্তরেণ চিত্তস্যস্থিতয়ঃ। বিকারো মানসো ভাব ইত্যমরঃ।
তথাপি বক্ষ্যমাণানাং ব্যভিচারিণামত্র প্রাপ্তিস্তেষাং যোজয়িষ্যমাণানাং চিত্তমা-
সৃণ্যকৃত্বাভাবাৎ প্রেমাঙ্কুরত্বেন বিশেষ্যত্বাচ্চ। ততশ্চায়মর্থঃ। অসৌ সামান্যতো
লক্ষিতা যা ভক্তিঃ সৈব নিজাংশবিশেষে ভাব উচ্যতে। স চ কিংকিংস্বরূপস্তত্রাহ
কৃষ্ণস্য স্বরূপশক্তিরূপঃ শুদ্ধসত্ত্ববিশেষো যঃ সএবাত্মা তন্নিত্যপ্রিয়জনাধিষ্ঠানং
তয়া নিত্যসিদ্ধং স্বরূপং যস্য সঃ। কিঞ্চ। রুচিভিঃ প্রাপ্ত্যভিলাষসকর্ত্তৃকানু-
কূল্যাভিলাষসৌহার্দ্দাভিলাষৈশ্চিত্তার্দ্রতাকৃদিতি। এষচ বক্ষ্যমাণপ্রেম্নোঽঙ্কুররূপ
এবেত্যাহ প্রেমেতি। সূর্য্যাংশুত্রাচিরাদুদয়িষ্যমাণাবস্থো গৃহ্যতে। ততশ্চ তদংশু-
সাম্যভাগিতি প্রেম্নো প্রথমচ্ছবিরূপ ইত্যর্থঃ, ভাবঃ সএব সান্দ্রাত্মা বুধৈঃ প্রেমা
নিগদ্যত ইতি বক্ষ্যতে অস্যাঃ প্রাকৃতত্বং তাদৃশশুদ্ধসত্ত্ববিশেষহ্লাদিনীসাররূপত্ত্বে
মোক্ষসুখস্যাপি তিরস্কারকত্বাৎ। শ্রীভগবতোঽপি প্রকাশকত্বাদানন্দকরত্বাচ্চ।
অত্র প্রমাণস্য বিশেষজিজ্ঞাসা চেৎ প্রীতিসন্দর্ভো দৃশ্যঃ। তদেবং নিত্যতৎ-
প্রিয়জনানাং ভাবে লক্ষিতে প্রপঞ্চগতভক্তানামপি চিত্তবৃত্তিঃ শ্রীকৃষ্ণভক্ত-

কুল্যাভিলাষ ও সৌহার্দ্দ ভাবাভিলাষ দ্বারা চিত্তের স্নিগ্ধতা
কারিণী যে ভক্তি তাহার নাম ভাব ॥

তাৎপর্য্য। এস্থলে ইহাই বিবেচিত হইতেছে। পূর্ব্বে সামান্যভক্তির লক্ষণে চেষ্টারূপা ও ভাবরূপা দুই প্রকার ভক্তি প্রদির্শিত হইয়াছে। তন্মধ্যে চেষ্টারূপা ভক্তি দুই প্রকার, সাধনরূপা ও কার্য্যরূপা, এই কার্য্যরূপা ভাবভক্তি রসাবস্থায় অনুভাব নামে কথিত হয়। এই দুইয়ের মধ্যে সাধনরূপা ভক্তি প্রদর্শিত হইয়াছে, কার্য্যরূপা ভক্তি অর্থাৎ অনুভবনাম্নী ভক্তি রসপ্রসঙ্গে বর্ণিত হইবে॥

অপর, ভাবরূপা ভক্তি রসপ্রসঙ্গে স্থায়িনাম্নী ও সঞ্চারি-নাম্নী বলিয়া দুই প্রকারে কথিত হয়। তন্মধ্যে পূর্ব্বা স্থায়ি-ভক্তি প্রণয়াদি অঙ্গীকার করিয়া প্রেমনাম্নী ভক্তি হয়, রতির অপর পর্য্যায় ঐ স্থায়িভক্তিকে প্রেমাঙ্কুর বলিয়া ভাবভক্তি বলা যায়॥

তন্মধ্যে সঞ্চারিরূপা ভক্তি রসপ্রসঙ্গে প্রদর্শিত হইবে। এক্ষণে সামান্যরূপ স্থায়িভাবের প্রেম নামক প্রণয়াদির অঙ্গী-কার নিবন্ধন রতির অপর পর্য্যায় স্থায়িভাবাঙ্কুররূপ ভাব প্রদ-র্শিত হইতেছে। এই ভাব, মহাভাব পর্য্যন্ত প্রকাশ করিবে, এই অভিপ্রায়ে ভাবের লক্ষণ বলিতেছেন। শুদ্ধসত্ত্ব ইত্যাদি লক্ষণে, শুদ্ধসত্ত্বের অর্থ এই সর্ব্বপ্রকাশিকা শক্তির সম্বিৎ নাম্নী বৃত্তি, মায়াবৃত্তি বিশেষ নহে। ইহার বিস্তার ভাগবত-সন্দর্ভের দ্বিতীয়সন্দর্ভে ও বৈষ্ণবতোষণীর দ্বিতিয়াধ্যায়ে বর্ণিত আছে, স্বরূপশক্তির কোন এক বৃত্তিকে শুদ্ধসত্ত্ব বিশেষ বলা যায়॥

তথাহি তন্ত্রে ॥ ২ ॥

প্রেম্নস্তু প্রথমাবস্থা ভাব ইত্যভিধীয়তে।
সাত্বিকাঃ স্বল্পমাত্রাঃ স্যুরত্রাশ্রুপুলকাদয়ঃ ॥ ৩ ॥

স যথা পদ্মপুরাণে।

রুপয়া তাদৃশী ভবতীতি তেনৈব লক্ষিতঃ স্যাদিত্যালমতিবিস্তরেণ ॥ ১ ॥
তচ্ছবিরূপত্বমেব দর্শয়তি তথাহীতি ॥ ২ ॥

সূত্রের ফলিতার্থ এই যে, যে ভক্তি সামান্যরূপে লক্ষিত হইয়াছে, তাহাই স্বীয় অংশবিশেষে ভাবনামে কথিত হয়। যদি বল সেই ভাবের স্বরূপ কি? তাহা শ্রীকৃষ্ণের স্বরূপ-শক্তিরূপ, শুদ্ধসত্ত্ব বিশেষাত্মা বলায় শ্রীকৃষ্ণের নিত্য প্রিয়-জন আধারে নিত্যসিদ্ধ স্বরূপ, ঐ ভাব রুচি অর্থাৎ স্বকর্ত্তৃকা-নুকূল্যাভিলাষ ও সৌহার্দ্দাভিলাষ দ্বারা চিত্তের আর্দ্রতা সম্পা-দন করে, "প্রেমসূর্য্যাংশুসাম্যভাক্" বলাতে, তাৎকালিক উদয়াবস্থাপ্রাপ্ত সূর্য্যকে বুঝিতে হইবেক, অর্থাৎ সূর্য্য উদিত হইতেছেন এমন সময়ে যেমন কিরণ অল্প অল্প প্রকাশ পায় তদ্রূপ প্রেমের প্রথমাবস্থাকে ভাব বলা যায়, কারণ এই ভাব ক্রমে ক্রমে প্রেম দশা লাভ করিবে ॥ ১ ॥

এই বিষয় তন্ত্রে বলিয়াছেন ॥ ২ ॥

প্রেমের প্রথম অবস্থাকেই ভাব বলাযায়, ইহাতে অশ্রু পুলকাদি সাত্বিক ভাব সকলের অল্পমাত্র উদয় হইয়াথাকে ॥

ধ্যায়ং ধ্যায়ং ভগবতঃ পাদাম্বুজযুগং তদা।
ঈষদ্বিক্রিয়মাণাত্মা সার্দ্রদৃষ্টিরভূদসৌ ॥ ইতি ॥ ৪ ॥
আবির্ভূয় মনোবৃত্তৌ ব্রজন্তী তৎস্বরূপতাং।

পূর্ব্বব্যাখ্যানুসারেণ তস্যৈব রতিপর্য্যায়স্য ভাবস্য প্রাপঞ্চিকতৎপ্রিয়জনেষু কঞ্চিদ্বিশেষং দর্শয়তি আবির্ভূয়েতি দ্বাভ্যাং। অসৌশুদ্ধসত্ত্ববিশেষরূপা রতিমূলরূপত্বেন মুখ্যবৃত্ত্যা তচ্ছব্দবাচ্যা সা রতিঃ শ্রীকৃষ্ণাদিসর্ব্বপ্রকাশকত্বেন হেতুনা স্বয়ম্প্রকাশরূপাপি প্রাপঞ্চিকতৎপ্রিয়জনানাং মনোবৃত্তৌ আবির্ভূয় তৎস্বরূপতাং তত্তাদাত্ম্যং ব্রজন্তী তদ্বৃত্ত্যা প্রকাশ্যবদ্ভাসমানা ব্রহ্মবত্তস্যাঃ স্ফুরন্তী। তথা স্বসাংকৃতেন পূর্ব্বোত্তরাবস্থাভ্যাং কারণকার্য্যরূপেণ শ্রীভগবদাদিমাধুর্য্যানুভবেন স্বাংশেনাস্বাদরূপাপি যানি কৃষ্ণাদিরূপাণি কর্ম্মাণি কর্ত্তুরীপ্সিততমানি তেষামাস্বাদস্য হেতুতাং সংবিদংশেন সাধকতমতাং প্রতিপদ্যতে প্রাপ্নোতীতি। হ্লাদিন্যাংশে নতু স্বয়ং হ্লাদয়ন্তী তিষ্ঠতীত্যর্থঃ। বস্তুত ইতি তদেতদেব বস্তুবিচারেণ নিষিধ্যতীত্যর্থঃ। তুশব্দো বিশেষপ্রতিপত্ত্যর্থঃ। আদিগ্রহণাৎ তৎপরিকর লীলাদয়ো গৃহ্যন্তে ॥ ৪ ॥

পদ্মপুরাণে যথা ॥

তৎকালীন রাজা অম্বরীষ ভগবান্ শ্রীকৃষ্ণের চরণযুগল পুনঃ পুনঃ ধ্যান করিয়া কিঞ্চিৎ বিকারাপন্ন হওত অশ্রু মোচন করিয়াছিলেন ॥ ২ ॥

শুদ্ধসত্ত্ব বিশেষ রূপা রতি মনোবৃত্তিতে আবির্ভূত হইয়া তাহার সহিত একাত্মা প্রাপ্ত হওত স্বপ্রকাশরূপা হইয়া সমাধিদশায় ব্রহ্মসাক্ষাৎকারের ন্যায় মনোবৃত্তিতে প্রকাশবৎ ভাসমান হয়েন, বস্তুতঃ ঐ রতি আস্বাদস্বরূপা হইয়াও কৃষ্ণমাধুর্য্যাদির অনুভবের প্রতি কারণ হয়েন ॥ ৪ ॥

স্বয়ম্প্রকাশরূপাপি ভাসমানা প্রকাশ্যবৎ ॥
বস্তুতঃ স্বয়মাস্বাদস্বরূপৈব রতিস্ত্বসৌ ।
কৃষ্ণাদিকর্ম্মকাস্বাদহেতুত্বং প্রতিপদ্যতে ॥ ৪ ॥
সাধনাভিনিবেশেন কৃষ্ণতদ্ভক্তয়োস্তথা ।
প্রসাদেনাতিধন্যানাং ভাবো দ্বেধাভিজায়তে ॥
আদ্যস্তু প্রায়িকস্তত্র দ্বিতীয়ো বিরলোদয়ঃ ॥
তত্র সাধনাভিনিবেশজঃ ।
বৈধীরাগানুগামার্গভেদেন পরিকীর্ত্তিতঃ ।

অথাস্যাঃ প্রপঞ্চগতভক্তেষ্বাধির্ভাবনিদানমাহ সাধনেতি । অতিধন্যানাং প্রাথমিকমহৎসঙ্গজাতমহাভাগ্যানাং । ভবাপবর্গে ভ্রমতো যদা ভবেদিত্যাদেঃ, রহূগণৈতত্তপসা ন যাতীত্যাদেশ্চ । বিচারবিশেষস্তু ভক্তিসন্দর্ভে দৃশ্যঃ ॥ ৬ ॥

উল্লিখিতা রতি প্রপঞ্চগত ভক্তজনে আবির্ভাবের কারণ দেখাইতেছেন, মহৎসঙ্গবশতঃ যাঁহারা অতিশয় ভাগ্যবান্ তাঁহাদের সম্বন্ধে এই দুই প্রকার হয়, এক সাধনে অভিনিবেশ, দ্বিতীয় কৃষ্ণ এবং কৃষ্ণভক্তের অনুগ্রহ, তন্মধ্যে সাধনাভিনিবেশজ ভাব প্রায় সকলেরই হইয়া থাকে, আর দ্বিতীয় (কৃষ্ণ এবং কৃষ্ণভক্তের অনুগ্রহজনিত) ভাব অতি বিরল, অর্থাৎ প্রায়শই লাভ হয় না ॥

তন্মধ্যে সাধনাভিনিবেশজ যথা ॥

বৈধী ও রাগানুগা মার্গভেদে সাধনাভিনিবেশজ ভাব দুই

প্রকাশ্যবৎ অনুভূয়মানবদাস্বাদস্বরূপৈব হ্লাদিনীবৃত্তিত্বাৎ অতঃসুখরূপৈব কৃষ্ণেতি চিত্তবৃত্তিত্বাদাখ্যাৎ কৃষ্ণাদ্যনুভবসুখহেতুত্বেত্যর্থঃ । লঘুতোষণী ॥ ৪ ॥

দ্বিবিধঃ খলু ভাবোঽত্র সাধনাভিনিবেশজঃ ॥

সাধনাভিনিবেশস্তু তত্র নিষ্পাদয়ন্ রুচিং।

হরাবাসক্তিমুৎপাদ্য রতিং সংজনয়ত্যসৌ ॥ ৫ ॥

তত্রাদ্যো যথা প্রথমস্কন্ধে।

তত্রান্বহং কৃষ্ণকথাঃ প্রগায়তা-

মনুগ্রহেণাশৃণবং মনোহরাঃ।

তাঃ শ্রদ্ধয়া মেঽনুপদং বিশৃণ্বতঃ

প্রিয়শ্রবস্যঙ্গ মমাভবদ্রতিঃ ॥ ইতি ॥ ৬ ॥

রত্যা তু ভাব এবাত্র নতু প্রেমাভিধীয়তে।

অনুগ্রহেণ শ্রীকৃষ্ণকথেয়ং ভবতাপি শ্রোতব্যেতি শাস্ত্রানুসারিতদাজ্ঞারূপেণ মনোহরাঃ রত্যুৎপাদিকাঃ শ্রদ্ধা পুনরানুষঙ্গিকীতি কারিকায়াং ন দর্শিতা ॥৬ ॥

প্রকার হয়, তন্মধ্যে বৈধী সাধনাভিনিবেশজ ভাব সাধক ব্যক্তিতে রুচি উৎপাদন করিয়া এবং হরিতে আসক্তি জন্মাইয়া রতিকে আবির্ভূত করে ॥ ৫ ॥

তন্মধ্যে আদ্য অর্থাৎ সাধনাভিনিবেশজ-

যথা প্রথমস্কন্ধে ৫ অ। ২৬ শ্লোকে ॥

নারদ কহিলেন হে সত্যবতীনন্দন! সেই সাধুগণ প্রত্যহ কৃষ্ণকথা গান করিতেন, তাঁহাদিগের অনুগ্রহে সেই সকল মনোহারিণী কথা আমি শুনিতে পাইতাম, শ্রদ্ধাপূর্ব্বক প্রত্যেক পদ শ্রবণ করাতে প্রিয়শ্রবা শ্রীকৃষ্ণে আমার রতি উৎপন্ন হইল ॥ ৬ ॥

এস্থলে রতিকে ভাব বলিয়া জানিতে হইবে, উহা কদাচ

মম ভক্তিঃ প্রবৃত্তেতি বক্ষ্যতে স যদগ্রতঃ ॥

যথা তত্রৈব ॥

ইত্থং শরৎপ্রাবৃষিকাবৃতূ হরে-
র্বিশৃণ্বতো মেঽনুসবং যশোঽমলং।
সঙ্কীর্ত্ত্যমানং মুনিভির্মহাত্মভি-
র্ভক্তিঃ প্রবৃত্তাত্মরজস্তমোপহা ॥

তৃতীয়ে চ।

সতাং প্রসঙ্গান্মম বীর্য্যসম্বিদো-

মম ভক্তিঃ প্রবৃত্তেতি ভক্তিঃ প্রবৃত্তাত্মরজস্তমোপহেত্যুক্ত্যা ভক্তিশব্দেন সপ্রেমৈবাগ্রত ইত্যর্থঃ। রতেঃ প্রথমাবস্থত্বাৎ ভক্তেস্তদুৎকৃষ্টত্বাৎ অতএব প্রেমস্থর্য্যা শুসাম্যভাগিত্যত্র ভাবপ্রেম্নোস্তারতম্যমুক্তমিতি ভাবঃ ॥ ৭ ॥

প্রেমবোধক হইবে না, কারণ পরবর্ত্তি শ্লোকে নারদ নিজেই বলিবেন "হরিকথা শুনিতে শুনিতে আমার ভক্তি প্রবৃত্ত হইয়াছিল" ॥

ঐ প্রথমস্কন্ধে ৫ অ। শ্লোকে যথা ॥

নারদ কহিলেন এই প্রকারে শরৎ এবং বর্ষা এই দুই ঋতু সায়ং, প্রাতঃ, মধ্যাহ্ন, এই ত্রিকালে মহাত্মা মুনিগণ কর্ত্তৃক সংকীর্ত্ত্যমান হরির নির্ম্মল যশঃ, বিশিষ্ট রূপে শ্রবণ করাতে আমার মনে রজস্তমোনাশিনী সুদৃঢ়তমা ভক্তি উদিতা হয় ॥

তৃতীয়স্কন্ধেতে ২৫ অ। ২২ শ্লোকে ও—

কপিলদেব কহিলেন হে মাতঃ! সাধুদিগের সহিত সমাগম

ভবন্তি হৃৎকর্ণরসায়নাঃ কথাঃ।
তজ্জোষণাদাশ্বপবর্গবর্ত্মনি
শ্রদ্ধা রতির্ভক্তিরনুক্রমিষ্যতি॥
পুরাণে নাট্যশাস্ত্রে চ দ্বয়োস্তু রতিভাবয়োঃ।
সমানার্থতয়া হ্যত্র দ্বয়মৈক্যেন লক্ষিতং॥ ৭॥

দ্বিতীয়ো যথা পাদ্মে।

ইত্থং মনোরথং বালা কুর্ব্বতী নৃত্য উৎসুকা।

মনোরথপূর্ব্বকনৃত্যমত্র রাগানুগা তদানীং তৎশ্রীমূর্ত্তিপ্রভাবেণ তস্যাং তাদৃশতৎপরিকরাণাং রাগস্ফূর্ত্তেঃ। তথৈবোক্তং তয়া তৎপূর্ব্বত্র। বল্লবীষনাসু নারীষু মনোবাধিকপ্রীতিমান্। নৃত্যোত্তাসৌময়া সার্দ্ধং কণ্ঠশ্লেষাদিভাবকৃৎ, ইতি। প্রসঙ্গেহয়ং মূলপাদ্মগতশ্চেত্তর্হি। সত্বং তত্ত্বঃ পরত্বঞ্চ তত্ত্বত্রয়মহং কিল। ত্রিতত্ত্ব রূপিণী সাপি রাধিকা মম বল্লভা। প্রকৃতেঃ পর এবাহং সাপি মচ্ছক্তিরূপিণীতি

হইলে উক্তরূপ আমার বীর্য্য প্রকাশিনী কথা উপস্থিত হয়, তাহা হৃদয় ও কর্ণের সুখদায়ক, সুতরাং তাহার সেবন দ্বারা আশু আমাতে (ভগবান্ হরিতে) শ্রদ্ধা, রতি এবং ভক্তি ক্রমে ক্রমে উৎপন্ন হইয়াথাকে॥

পুরাণ এবং নাট্যশাস্ত্রে রতি ও ভাবের সমানার্থতা প্রযুক্ত এই ভক্তিশাস্ত্রেও ঐ উভয় একরূপে কথিত হইল॥ ৭॥

দ্বিতীয় (রাগানুগা সাধনাভিনিবেশজ) ভাব—

যথা পদ্মপুরাণে॥

এই প্রকার মনোরথ করত নৃত্যোৎসুকা বালা হরি

হরিপ্রীত্যা চ তাং সর্ব্বাং রাত্রিমেবাত্যবাহয়ৎ ॥

অথ শ্রীকৃষ্ণতদ্ভক্তপ্রসাদজঃ।

সাধনেন বিনা যস্তু সহসৈবাভিজায়তে।

স ভাবঃ কৃষ্ণতদ্ভক্তপ্রসাদজ ইতীর্য্যতে ॥

অত্র শ্রীকৃষ্ণপ্রসাদজঃ।

প্রসাদা বাচিকালোকদানহার্দ্দাদয়ো হরেঃ ॥ ৮ ॥

অত্র বাচিকপ্রসাদজো যথা নারদীয়ে।

বৃহদ্গৌতমীয়ে শ্রীকৃষ্ণস্য বচনাত্তথা তত্রৈব। দেবী কৃষ্ণময়ী প্রোক্তা রাধিকা পরদেবতা। সর্ব্বলক্ষ্মীময়ী সর্ব্বকান্তিঃসম্মোহিনী পরেতি। বচনান্তরাশ্রিত্যতন্মহা-শক্তিরূপতয়া প্রসিদ্ধায়াঃ শ্রীরাধায়া বিভূতিরূপা বালাশব্দেন মন্তব্যা। কিন্তু স্বয়ং শ্রীরাধিকা তু তস্যাঃ ফলাবস্থায়াং তাংসখীং বিধায় তস্যাঃ সাধনসিদ্ধিগতং সর্ব্বং কৃপয়া এব মেনে ইত্যেবাভেদেন নির্দ্দেশে কারণং জ্ঞেয়ং ॥ ৮ ॥

প্রীতি নিমিত্ত সমস্ত রজনী অতিবাহিত করিয়াছিলেন ॥

অথ কৃষ্ণ ও কৃষ্ণভক্তপ্রসাদজ ভাব ॥

সাধন ব্যতিরেকে সহসা যে ভাব উৎপন্ন হয়, তাহাকেই কৃষ্ণ অথবা কৃষ্ণভক্তের প্রসাদজনিত ভাব বলিয়া উল্লেখ করা যায় ॥

তন্মধ্যে কৃষ্ণপ্রসাদজনিত ভাব যথা ॥

বাচিক, আলোক দান ও হার্দ্দ প্রভৃতি ভেদে শ্রীকৃষ্ণের প্রসাদ অর্থাৎ প্রসন্নতা তিন প্রকার হয় ॥

তন্মধ্যে বাচিক প্রসাদজভাব যথা——

সর্ব্বমঙ্গলমূর্দ্ধন্যা পূর্ণানন্দময়ী সদা।
দ্বিজেন্দ্র তব মযাস্তু ভক্তিরব্যভিচারিণী ॥

আলোকদানজো যথা স্কান্দে।

অদৃষ্টপূর্ব্বমালোক্য কৃষ্ণং জাঙ্গলবাসিনঃ।
বিক্লিদ্যদন্তরাত্মানো দৃষ্টিং নাক্রষ্টুমীশিরে ॥

হার্দ্দং।

প্রসাদ আন্তরো যঃ স্যাৎ স হার্দ্দ ইতি কথ্যতে ॥ ৯ ॥

বাচা চরিতি বাচিকং আলোকস্য দানং যত্র স তদ্দ্বারাবিভূর্ত ইত্যর্থঃ। হৃদি ভবো হার্দ্দঃ। যত্তু স্মেরাং ভঙ্গীত্যাদিনা পূর্ব্বমুক্তং তদপ্যত্র জ্ঞেয়ং। এবং বৃন্দাবনাদিকমপি ভক্তেম্বর্ত্তাব্যং ॥ ৯ ॥

নারদপুরাণে ॥

ভগবান্ নারদকে কহিলেন হে দ্বিজেন্দ্র। আমাতে তোমার পূর্ণানন্দময়ী, সর্ব্বমঙ্গলশিরোমণি এবং অব্যভিচারিণী ভক্তি হউক ॥

আলোকদানজ ভাব যথা ॥

স্কন্দপুরাণে ॥

জাঙ্গলদেশনিবাসী জনসকল অদৃষ্টপূর্ব্ব শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া আর্দ্রচিত্ত হইয়াছিল, কৃষ্ণাঙ্গ হইতে আর নয়ন ফিরাইতে সক্ষম হয় নাই ॥

অথ হার্দ্দ অর্থাৎ হৃদয়জনিত ভাব যথা—

অন্তর্গত যে প্রসাদ অর্থাৎ প্রসন্নতা তাহাকে হার্দ্দ প্রসাদ বলিয়া উল্লেখ করা যায় ॥ ৯ ॥

যথা শুকসংহিতায়াং।

মহাভাগবতো জাতঃ পুত্রস্তে বাদরায়ণ॥

বিনোপায়ৈরুপেয়াভূদ্বিষ্ণুভক্তিরিহোদিতা॥

অথ তদ্ভক্তপ্রসাদজো—

যথা সপ্তমস্কন্ধে।

গুণৈরলমসংখ্যেয়ৈ র্মাহাত্ম্যং তস্য সূচ্যতে।

বাসুদেবে ভগবতি যস্য নৈসর্গিকী রতিঃ॥

মহেতি। উপায়েনৈব লভ্যা শ্রীবিষ্ণুভক্তির্বিনোপায়ৈরুদিতাভূৎ। অত্র সাধনান্তরনিষেধাৎ মহৎপ্রসাদস্যাকথনাচ্চ ভগবৎপ্রসাদ এব লভ্যতে সচ হার্দ্দ এব। যতো গর্ভস্থস্যৈব তস্য যন্তদীয়া স্মরণময়ী ভক্তির্জাতা সা দর্শনজা ন ভবতি নচ বাচিকজা ততো হার্দ্দজৈবেত্যবসীয়তে তদেতৎ ব্রহ্মবৈবর্ত্তাজ্ জ্ঞেয়ং॥ ১০॥

যথা শুকসংহিতায়—

হে বাদরায়ণ! তোমার মহাভাগবত পুত্র জন্ম গ্রহণ করিয়াছেন, সাধন ব্যতিরেকে ইহাঁর হৃদয়ে বহু বহু সাধনলভ্য বিষ্ণুভক্তির উদয় দেখিতেছি॥

কৃষ্ণভক্তপ্রসাদজ ভাব যথা—

সপ্তম স্কন্ধে ৪ অ। ২৬ শ্লোকে।

নারদ যুধিষ্ঠিরকে কহিলেন হে রাজন্! ভগবান্ বাসুদেবে যাঁহার স্বাভাবিকী রতি, সেই প্রহ্লাদের গুণের সঙ্খ্যা করে কাহার সাধ্য?, আমি এই সকল বাক্য বিন্যাস দ্বারা তাঁহার মাহাত্ম্যের সূচনা মাত্র করিলাম॥

নারদস্য প্রসাদেন প্রহ্লাদে শুভবাসনা।
নিসর্গঃ সৈব তেনাত্র রতির্নৈসর্গিকী মতা॥
অহো ধন্যোঽসি দেবর্ষে কৃপয়া যস্য তৎক্ষণাৎ।
নীচোঽপ্যুৎপুলকো লেভে লুব্ধকো রতিমচ্যুতে॥
ভক্তানাং ভেদতঃ সেয়ং রতিঃ পঞ্চবিধা মতা।
অগ্রে বিবিচ্য বক্তব্যা তেন নাত্র প্রপঞ্চ্যতে॥ ১০॥
ক্ষান্তিরব্যর্থকালত্বং বিরক্তির্মানশূন্যতা।
আশাবন্ধঃ সমুৎকণ্ঠা নামগানে সদা রুচিঃ॥

তত্র মুখ্যানি লিঙ্গান্যাহ ক্ষান্তিরিতি॥ ১১॥

নারদের প্রসাদজনিত প্রহ্লাদের যে শুভ বাসনা, তাহাই এস্থলে নিসর্গ, সেই নিসর্গ অর্থাৎ স্বভাবজনিত রতিকে নৈসর্গিকী বা স্বাভাবিকী রতি বলাযায়॥

স্কন্দপুরাণেতেও বলিয়াছেন॥

হে দেবর্ষে! আপনি ধন্য, যেহেতু আপনার কৃপায় অতি নীচ জাতি ব্যাধও সদ্যই অচ্যুতচরণারবিন্দে রতি লাভ করিয়াছিল॥

ভক্তগণের ভেদবশতঃ এই রতি পাঁচ প্রকারে বিভক্ত হয়, এই পঞ্চ রতির বিষয় বিবেচনাপূর্ব্বক পরে কথিত হইবে, একারণ এস্থলে তাহাদিগের বিশেষ বিবরণ বর্ণিত হইল না॥ ৯॥

যাঁহাদিগের ভাবের অঙ্কুর মাত্র জন্মিয়াছে, সেই সকল ব্যক্তিতে, ক্ষান্তি ১। অব্যর্থকালতা ২। বিরাগ ৩। মানশূন্যতা ৪। আশাবন্ধ ৫। সমুৎকণ্ঠা ৬। নামগানে সর্ব্বদা

আসক্তিস্তদ্গুণাখ্যানে প্রীতিস্তদ্বসতিস্থলে।
ইত্যাদয়োঽনুভাবাঃ স্যুর্জাতভাবাঙ্কুরে জনে॥

তত্র ক্ষান্তিঃ।

ক্ষোভহেতাবপি প্রাপ্তে ক্ষান্তিরক্ষুভিতাত্মতা॥ ১১॥

যথা প্রথমে।

তং মোপযাতং প্রতিযন্তু বিপ্রা
গঙ্গা চ দেবী ধৃতচিত্তমীশে।
দ্বিজোপসৃষ্টঃ কুহকস্তক্ষকো বা

তং মেতি। প্রতিযন্তু অঙ্গীকুর্ব্বন্তু। ততো হেতোরীশে ধৃতচিত্তং সন্তং মাং গঙ্গা দেবী নাঙ্গীকয়োতু যস্মাদেবং শ্রীপরীক্ষিতো মহাপ্রেমিত্বাৎ ক্ষান্তিরপি

রুচি ৭। ভগবদ্গুণকথনে আসক্তি, ৮। এবং তদীয় বসতি-স্থলে প্রীতি ৯। ইত্যাদি অনুভাব সকল প্রকাশ পায়॥

তন্মধ্যে ক্ষান্তি যথা॥

ক্ষোভের কারণ উপস্থিত সত্ত্বেও যে তাহাতে অক্ষুভিত-চিত্ততা তাহার নাম ক্ষান্তি॥ ১১॥

প্রথমস্কন্ধে। ১৯ অ। ১৩ শ্লোকে যথা॥

রাজা পরীক্ষিৎ কহিলেন হে বিপ্রগণ! আপনারা আমাকে শরণাগত বলিয়া জানুন এবং আমি যে শ্রী কৃষ্ণচরণারবিন্দে চিত্ত সন্নিবেশ করিয়াছি জানিয়া এই গঙ্গাদেবীরও ঐ রূপ প্রতীতি হউক, ঋষিকুমারের প্রেরিত তক্ষক আসিয়া আমাকে দংশন করুক, ক্ষতি নাই, আপনারা বিষ্ণুকথা গান করুন॥

দশস্থলং গায়ত বিষ্ণুগাথাঃ ॥

অব্যর্থকালত্বং যথা—

হরিভক্তিসুধোদয়ে।

বাগ্‌ভিঃ স্তুবন্তো মনসা স্মরন্ত-
স্তন্বা নমন্তোঽপ্যনিশং নতৃপ্তাঃ।
ভক্তাঃ শ্রবন্নেত্রজলাঃ সমগ্র-
মায়ুর্হরেরেব সমর্পয়ন্তি ॥ ১২ ॥

মহতী দৃশ্যতে। তদ্ভাবরূপে প্রেমাঙ্কুরে জাতে তদঙ্কুরো জায়ত ইতি ভাবঃ। এবমন্যত্রাপি ॥ ১২ ॥

এই স্থলে মৃত্যুর কথা শুনিয়া রাজা পরীক্ষিতের যে চিত্ত চঞ্চল হয় নাই ইহাকেই ক্ষান্তি বলে ॥

অথ অব্যর্থকালত্ব যথা ॥

হরিভক্তিসুধোদায় ॥

ভক্তজন নিরন্তর বাক্যদ্বারা স্তব, মনোমধ্যে স্মরণ ও শরীরদ্বারা প্রণাম করিয়াও পরিতৃপ্ত হয়েন না, একারণ, অশ্রু জল মোচন পুরঃসর সমস্ত পরমায়ু ভগবান্ হরিতেই সমর্পণ করিয়া থাকেন অর্থাৎ যাবজ্জীবন হরিসেবাতেই তৎপর হয়েন ॥

এস্থলে অন্য বৈষয়িক ব্যাপারে প্রবৃত্ত না হইলে কেবল ভগবৎসেবায় নিযুক্ত হওনের নাম অব্যর্থকালত্ব ॥ ১২ ॥

অথ বিরক্তিঃ।

বিরক্তিরিন্দ্রিয়ার্থানাং স্যাদরোচকতা স্বয়ং॥ ১৩॥

যথা পঞ্চমে॥

যো দুস্ত্যজান্ দারসুতান্ সুহৃদ্রাজ্যং হৃদিস্পৃশঃ।
জহৌ যুবৈব মলবদুত্তমঃশ্লোকলালসঃ॥

অথ মানশূন্যতা।

উৎকৃষ্টত্বেঽপ্যমানিত্বং কথিতা মানশূন্যতা॥ ১৪॥

বিরক্তিরিতি। অত্র কারণকার্য্যয়োর্বিরক্ত্যরোচকতয়োরভেদোক্তিরনো-ন্যাব্যভিচারিত্বাপেক্ষয়া॥ ১৩॥

যঃ শ্রীভরতঃ॥ ১৪॥

অথ বিরক্তি॥

সমুদায় ইন্দ্রিয়ার্থের অর্থাৎ শব্দ স্পর্শাদির প্রতি যে স্বাভা-বিকী অরোচকতা তাহার নাম বিরক্তি॥ ১৩॥

যথা পঞ্চমস্কন্ধে ১৪ অ। ৪৩ শ্লোকে॥

রাজর্ষি ভরত শ্রীকৃষ্ণ চরণারবিন্দে লালসান্বিত হইয়া যৌবনকালেই পুত্র, কলত্র, মিত্র, রাজ্য, ইত্যাদি বিষয় মনোজ্ঞত্ব প্রযুক্ত দুস্ত্যজ হইলে বিষ্ঠার ন্যায় ঘৃণা করিয়া পরিত্যাগ করিয়াছিলেন॥

এখানে নিখিল ভোগ্য বস্তু উপস্থিত থাকায় ভরতের যে অরোচকতা ইহারই নাম বিরক্তি॥

মানশূন্যতা॥

আপনার উৎকর্ষসত্ত্বেও যে অমানিত্ব তাহার নাম মান-শূন্যতা॥ ১৪॥

যথা পাদ্মে।

হরৌ রতিং বহন্নেষ নরেন্দ্রাণাং শিখামণিঃ।
ভিক্ষামটন্নরিপুরে শ্বপাকমপি বন্দতে॥

অথ আশাবন্ধঃ।

আশাবন্ধো ভগবতঃ প্রাপ্তিসম্ভাবনা দৃঢ়া॥ ১৫॥

যথা শ্রীমৎপ্রভুপাদানাং।

ন প্রেমা শ্রবণাদিভক্তিরপি বা যোগোঽথবা বৈষ্ণবো-
জ্ঞানং বা শুভকর্ম্ম বা কিয়দহো সজ্জাতিরপ্যাস্ত বা।

এষ ভগীরথঃ॥ ১৫॥

যোগোঽষ্টাঙ্গঃ। তস্য বৈষ্ণবত্বং বিষ্ণুধ্যানময়ত্বং স এবহি সগর্ভ উচ্যতে। জ্ঞানং ব্রহ্মনিষ্ঠং শুভকর্ম্ম বর্ণাশ্রমাচারাদিরূপং সজ্জাতিস্তদ্যোগ্যতা হেতুঃ তত্র

যথা পদ্মপুরাণে॥

মহারাজ ভগীরথ নরেন্দ্রদিগের শিখামণি স্বরূপ ছিলেন, ভগবান্ শ্রীকৃষ্ণে একান্ত রতি লাভ করতঃ ভিক্ষা নিমিত্ত শত্রু-গৃহে গমন করিতেন এবং চণ্ডালপর্য্যন্ত নীচজাতির নিকটেও প্রণত হইতেন॥

এ স্থলে মহারাজ ভগীরথ স্বীয় উৎকৃষ্টতা সত্ত্বেও যে নীচ জাতিকে বন্দনা করিতেন ইহাই ইহাঁর মানশূন্যতা॥

অথ আশাবন্ধ॥

ভগবানের দৃঢ়তর প্রাপ্তি সম্ভাবনাকে আশাবন্ধ বলে॥ ১৫॥

তদ্বিষয়ে শ্রীমৎপ্রভুপাদের বাক্যই উদাহরণ যথা—

আমার প্রেম নাই এবং প্রেমের কারণ যে শ্রবণাদি

হীনার্থাধিকসাধকে ত্বয়ি তথাপ্যচ্ছেদ্যমূলা সতী
হে গোপীজনবল্লভ ব্যথয়তে হা হা মদাশৈব মাং ॥

অথ সমুৎকণ্ঠা।

সমুৎকণ্ঠা নিজাভীষ্টলাভায় গুরুলুব্ধতা ॥

যোগাদীনাং তৎপ্রপ্তিহেতুত্বং ভক্ত্যুপযুক্তত্বয়া কৃতত্বেন দ্রষ্টব্যং। তচ্চ যোগস্য তৃতীয়ে কাপিলেয়ানুসারেণ জ্ঞানস্য ব্রহ্মভূতঃ প্রসন্নাত্মা ইতি শ্রীগীতানুসারেণ শুভকর্ম্মণশ্চ, স বৈ পুংসাং পরো ধর্ম্মঃ, ইত্যনুসারেণ জ্ঞেয়ং। মদাশা মম সুখমাত্রেচ্ছয়া ত্বাং প্রাপ্তুং প্রবৃত্তস্য যা সা, নতু ভবৎপ্রেম্না প্রবৃত্তস্য যা আশা কাপি তৃষ্ণা সা। যতঃ অচ্ছেদ্যং মূলং স্বসুখকামত্বং যস্যাঃ সা। তর্হি কিং করবাণি তত্রাহ হীনেতি। ভবতা সাপি প্রেমময়ী কর্ত্তুং শক্যত ইতি বিচার্য্য সৈব ক্রিয়ত ইতি ভাবঃ। ব্যথয়ত ইত্যত্র স্বস্যাচিত্তত্বমননাদনাদরকর্ম্মকাচ্ছিত্তবৎ কর্তৃকা-

---

সাধন ভক্তি তাহাও নাই; ধ্যান ধারণাদি বৈষ্ণবযোগেরও কোন অনুষ্ঠান নাই, এবং জ্ঞান বা শুভ কর্ম্ম তাহারও কোন উদ্যোগ করি নাই, অধিক কি বলিব সমস্ত সাধনের মূল যে সজ্জাতি তাহাও আমাতে নাই, অতএব হে গোপীজনবল্লভ! "তোমাকে প্রাপ্ত হইব" এই বলিয়া যে আমার আশা, সে আমাকেই ব্যথা প্রদান করিতেছে ॥

আমি ভগবান্‌কে নিশ্চয় প্রাপ্ত হইব এই বলিয়া যে আশা তাহার নাম আশাবন্ধ ॥

অথ সমুৎকণ্ঠা ॥

আপনার অভীষ্ট লাভের নিমিত্ত যে গুরুতর লোভ তাহার নাম সমুৎকণ্ঠা ॥

যথা কর্ণামৃতে।

আনম্রামসিতভ্রুবোরুপচিতামক্ষীণপক্ষ্মাঙ্কুরে—
ষ্বালোলামনুরাগিণোর্নয়নয়োরার্দ্রাং মৃদৌ জল্পিতে।
আতাম্রামধরামৃতে মদকলামম্লানবংশীস্বনে—
ষ্বাশাস্তে মম লোচনং ব্রজশিশোর্মূর্ত্তিং জগন্মোহিনীং॥

অথ নামগানে সদা রুচির্যথা।

রোদনবিন্দুমরন্দস্যন্দিদৃগিন্দীবরাদ্য গোবিন্দ।
তব মধুরস্বরকণ্ঠী গায়তি নামাবলীং বালা॥ ১৬॥

দিত্যনেন প্রাপ্তস্য পরস্মৈপদস্যাভাবঃ। তদিদং সর্ব্বং দৈন্যোনৈবোক্তমিতি রত্যাবেযোদাহৃতং॥ ১৬॥

মাধুর্য্যাদপি মধুরমতিশয়েন মধুরমিত্যর্থঃ। মন্মথতা তস্য মন্মথোৎপাদ-

যথা কর্ণামৃতে॥

যাহা কৃষ্ণবর্ণ ভ্রূযুগলে আনত, অক্ষীণ পক্ষ্মাঙ্কুরে বৃদ্ধিশীল, অনুরাগিজনবৃন্দের লোচন দ্বয়ে চঞ্চল স্বরূপ, মৃদু কথনে আর্দ্রীভূত, অধরামৃতে ঈষৎ তাম্রবর্ণ এবং বংশীরবে মত্তহস্তী বিশেষ, সেই ব্রজশিশুর জগন্মোহিনী মূর্ত্তিকে দর্শন করিতে আমার নেত্রদ্বয় সর্ব্বদাই আশা করিতেছে॥

নাম গানে সদা রুচি যথা॥

হে গোবিন্দ! অদ্য বালিকা বৃষভানুজা নেত্রদ্বয়ে অশ্রু-জল বিসর্জন করত তদীয় নামাবলী গান করিতেছেন॥ ১৬॥

তদ্গুণাখ্যানে আসক্তির্যথা কর্ণামৃতে—

মাধুর্য্যাদপি মধুরং, মন্মথতা তস্য কিমপি কৈশোরং।
চাপল্যাদপি চপলং, চেতো বত হরতি হন্ত কিং কুর্ম্মঃ ॥

তদ্বসতিস্থলে প্রীতির্যথা পদ্যাবল্যাং ॥

অত্রাসীৎ কিল নন্দসদ্ম শকটস্যাত্রাভবদ্ভঞ্জনং
বন্ধচ্ছেদকরোঽপি দামভিরভূদ্বদ্ধোঽত্র দামোদরঃ।
ইত্থং মাথুরবৃদ্ধবক্ত্রবিগলৎপীযূষধারং পিব-
ন্নানন্দাশ্রুধরঃ কদা মধুপুরীং ধন্যশ্চরিষ্যাম্যহং ॥ ১৮ ॥

কস্যেত্যর্থঃ। যদ্বা। তস্য কৈশোরমেব মন্মথতা মন্মথস্য ধর্ম্ম ইত্যর্থঃ ॥ ১৭ ॥
মধুপুরীং তদুপলক্ষিতমথুরামণ্ডলমিত্যর্থঃ। ব্রজভুবমিতি বা পাঠঃ ॥ ১৮ ॥

তদগুণাখ্যানে আসক্তি যথা কর্ণামৃতে ॥

মাধুর্য্য হইতেও মধুর, চাপল্য হইতেও চপল শ্রীকৃষ্ণের মন্মথধর্ম্মশালী কোন অনির্ব্বচনীয় কিশোর ভাব আমার চিত্ত হরণ করিতেছে, হায়! আমি কি করিব! ॥ ১৭ ॥

তদ্বসতিস্থলে প্রীতি যথা পদ্যাবলীতে ॥

এই স্থলে গোপরাজ নন্দের গৃহ ছিল, এই স্থানে শ্রীকৃষ্ণ শকট ভঞ্জন করিয়াছিলেন, ভববন্ধনচ্ছেত্তা দামোদর এই খানে রজ্জু দ্বারা বদ্ধ হইয়াছিলেন, এই রূপে বৃদ্ধ মথুরাবাসির বদন বিগলিত বাক্যামৃতধারা পান করিতে করিতে সজল নয়নে কবে ব্রজধামে বিচরণ করিয়া আমি ধন্য হইব? ॥ ১৮ ॥

অপিচ ॥

ব্যক্তং মসৃণতেবান্তর্লক্ষ্যতে রতিলক্ষণং ॥
মুমুক্ষুপ্রভৃতীনাঞ্চেদ্ভবেদেষা রতির্নহি ॥ ১৯ ॥
বিমুক্তাখিলতর্ষৈর্যা মুক্তৈরপি বিমৃগ্যতে।
যা কৃষ্ণেনাতিগোপ্যাশু ভজদ্ভ্যোঽপি ন দীয়তে ॥
সা ভুক্তিমুক্তিকামত্বাচ্ছুদ্ধাং ভক্তিমকুর্ব্বতাং।
হৃদয়ে সংভবত্যেষাং কথং ভাগবতী রতিঃ ॥

তদেবং তদেকস্পৃহত্বমেব রতের্লক্ষণং মুখ্যমিত্যুক্তং। যদি হ্যন্যস্পৃহা স্যাত্তদা তল্লক্ষণান্তরস্য সাত্ত্বিকাদেঃ সদ্ভাবেঽপি রতির্নমন্তব্যেত্যাহ অপিচেতি। চ-শব্দোঽত্র তুশব্দার্থে। ব্যক্তমিতি যা অন্তর্মসৃণতা আর্দ্রতা সা। অন্যত্র ব্যক্তং যৎ রতিলক্ষণং তদিব মুমুক্ষুপ্রভৃতীনাং যদি লক্ষ্যতে তথাপি তেষু রতির্নস্যাৎ। ন মন্তব্যেত্যর্থঃ। তত্র হেতুঃ মুমুক্ষুপ্রভৃতীনামিত্যেব ন হ্যন্যত্র স্পৃহা অন্যত্র রতিরিতি যুজ্যতে ইতি ভাবঃ ॥ ১৯ ॥

হেতুমেব বিশিষ্য দর্শয়তি। বিমুক্তেত্যাদিনা। ভুক্তিমুক্তিকামত্বাৎ কথং

আরও বলিয়াছেন ॥

অন্তঃকরণের স্নিগ্ধতাই রতিলক্ষণ, এই রতি যদি মুমুক্ষু-প্রভৃতিতে লক্ষিত হয়, তাহা হইলে উহা রতিপদবাচ্য হইবে না ॥ ১৯ ॥

মুক্ত পুরুষগণ নিখিল কাম বিসর্জ্জন করিয়া যে রতিকে অন্বেষণ করেন, যাহা শ্রীকৃষ্ণকর্ত্তৃক অতিশয় গোপ্য এবং যে রতি ভক্তগণকেও সহসা দেওয়া যায় না ভুক্তি মুক্তি কাম হেতু, বিশুদ্ধ ভক্তির অনধিকারি কর্ম্মি ও জ্ঞানিদিগের হৃদয়ে সেই ভাগবতী রতির কি রূপে সম্ভাবনা হইতে পারে ? ॥

কিন্তু বালচমৎকারকারী তচ্চিহ্নবীক্ষয়া।
অভিজ্ঞেন সুবোধোঽয়ং রত্যাভাসঃ প্রকীর্ত্তিতঃ॥
প্রতিবিম্বস্তথা চ্ছায়া রত্যাভাসো দ্বিধা মতঃ॥ ২০॥

তত্র প্রতিবিম্ব॥

অশ্রমাভীষ্টনির্ব্বাহী রতিলক্ষণলক্ষিতঃ।

সা রতিঃ সম্ভবেত্তস্মাদেব হেতোঃ সাধনগতমপি দোষমাহ শুদ্ধাং ভক্তিমকুর্ব্বতা-মিতি শুদ্ধাং জ্ঞানকর্ম্মাদ্যমিশ্রাং॥ ২০॥

তস্মান্নিরুপাধিত্বমেব রতের্মুখ্যস্বরূপত্বং সোপাধিত্বমাভাসত্বং তচ্চ গৌণ্যা বৃত্ত্যা প্রবর্ত্তমানত্বমিতি প্রাপ্তে তস্যাভাসস্য প্রতিবিম্বত্বাদি দ্বৈবিধ্যমুদ্দিশ্য প্রতি-বিম্বং লক্ষয়তি অশ্রমেতি। রতিলক্ষণলক্ষিত ইতি বাষ্পাদ্যেকদ্বয়মাত্রদর্শনাৎ তদ্রূপত্বেন প্রতীয়মানোঽপি রত্যাভাসঃ ভোগাপবর্গসৌখ্যাংশব্যঞ্জকশ্চেত্তর্হি প্রতিবিম্বক ইত্যন্বয়ঃ। ভোগাপবর্গদাতৃত্বলক্ষণভগবদংশদয়াবলম্বনাদ্ভোগাপবর্গ-লিপ্সোপাধিত্বং তৎপ্রতিবিম্বত্বমিত্যর্থঃ। তথাপ্যশ্রমাভীষ্টনির্ব্বাহীতি মাহাত্ম্য-

ঐ রতি চিহ্ন দর্শন করিয়া অনভিজ্ঞ জনের চমৎকার বোধ হয় সত্য, কিন্তু অভিজ্ঞ জন উহাকে রতির আভাস বলিয়া কীর্ত্তন করিয়াছেন, অতএব কর্ম্মি ও জ্ঞানিদিগেরও ঐ রূপ ভাব দেখিলে তাহাকে রত্যাভাস বলিয়া জানিবে॥

রত্যাভাস দুই প্রকার, ছায়া এবং প্রতিবিম্ব॥ ২০॥

তন্মধ্যে প্রতিবিম্ব রত্যাভাস যথা॥

যাহা শ্রম ব্যতিরেকে অভীষ্ট সাধন করে, যাহা দুই একটী বাষ্পাদিরূপ রতিচিহ্নে লক্ষিত এবং যাহা ভোগ ও মোক্ষসুখ প্রকাশ করে, এরূপ রত্যাভাসকে প্রতিবিম্ব

ভোগাপবর্গসৌখ্যাংশব্যঞ্জকঃ প্রতিবিম্বকঃ ॥ ২১ ॥

দৈবাৎ সদ্ভক্তসঙ্গেন কীর্ত্তনাদ্যনুসারিণাং।

প্রায়ঃপ্রসন্নমনসাং ভোগমোক্ষাদিরাগিণাং।

কেষাঞ্চিদ্ধৃদি ভাবেন্দোঃ প্রতিবিম্ব উদঞ্চতি

তৎসংসর্গতঃ ॥ ২১ ॥

তত্র প্রক্রিয়ামাহ ভোগমোক্ষাদিরাগিণাং দৈবাৎ কদাচিদেব নতু মুহুঃ-সদ্ভক্তসঙ্গেন কীর্ত্তনাদ্যনুসারিণাং তত্তদর্থান্তরলিপ্সয়ৈব তদনুবর্ত্তিনাং। ততঃ প্রায়ঃপ্রসন্নমনসাং দোষদর্শিত্বাভাবেঽপি তত্তদর্থান্তরলিপ্সা সরলচিত্তানাং কেষাঞ্চিৎ হৃদি তাদৃক্‌চিত্তে তদ্ভক্তহৃদন্তঃস্থস্য তদ্ভক্তহৃদেব নভঃস্বচ্ছস্বরূপস্পৃষ্টত্বাৎ প্রেমেন্দুসম্বন্ধযোগ্যত্বাচ্চ। তস্য ভাবেন্দোঃ প্রতিবিম্ব উদঞ্চতি নতু স্বরূপং তত্তল্লিপ্সালক্ষণোপাধিং বিনা তৎপ্রতিবিম্বস্যাপ্যনুদয়াৎ। প্রতিবিম্বশ্চায়ং ন স্বরূপসদৃশঃ তত্তদৈকৈকগুণমাত্রাবলম্বনত্বাৎ। তত্তল্লিপ্সায়ামম্ভসা অস্বচ্ছত্বাচ্চ শুদ্ধভাবলিপ্সা তু শুদ্ধৈঃ পূর্ণঞ্চ তমাকর্ষত্যেব। বিচিত্রগুণগণাবলম্বনত্বাত্তদন্যপ্রযত্নত্বাচ্চেত্যর্থঃ। তর্হি কথং তাদৃশভক্তব্যবধানে সতি নাপযাতি তত্রাহ তৎস সর্গেতি। তৎসসর্গপ্রভাবাচ্চিরমুদঞ্চত্যেব সংস্কাররূপেণেতি ভাবঃ ॥ ২২ ॥

বলিতে পারি ॥ ২১ ॥

ভোগ মোক্ষাদিতে অনুরক্ত ব্যক্তিগণ প্রায় প্রসন্নচিত্ত অর্থাৎ ভুক্তি মুক্তি স্পৃহাতে উৎসুকচিত্ত হইয়া যদি কদাচিৎ অভীষ্ট লাভের নিমিত্ত শুদ্ধভক্তিতে অধিকারি ভক্তগণের সঙ্গেতে কীর্ত্তনাদির অনুকরণ করেন, তাহা হইলে সদ্ভক্তের সঙ্গ প্রভাবে ঐ ভাগ্যবান্‌দিগের হৃদয়ে, পূর্ব্বোক্ত সদ্ভক্তগণের হৃদয়াকাশস্থ ভাবরূপিচন্দ্রের প্রতিবিম্ব উদয় লাভ করিয়া

তদ্বক্ত্রৈস্তন্মতঃ স্থস্য তৎসংসর্গপ্রভাবতঃ ॥ ২২ ॥

অথ ছায়া ॥

ক্ষুদ্রকৌতূহলময়ী চঞ্চলা দুঃখহারিণী।
রতেশ্চায়া ভবেৎ কিঞ্চিৎ তৎসাদৃশ্যাবলম্বিনী ॥
হরিপ্রিয়ক্রিয়াকালদেশপাত্রাদিসঙ্গমাৎ।
অপ্যানুষঙ্গিকাদেষা ক্বচিদজ্ঞেষ্বপীক্ষ্যতে ॥

অথ ছায়েতি। ছায়াশব্দেনাত্র কান্তিরুচ্যতে। ছায়া সূর্য্যপ্রিয়া কান্তিঃ প্রতিবিম্বমনাতপ ইত্যমরস্য নানার্থবর্গাৎ, সা চাত্র প্রতিচ্ছবিরেবোচ্যতে। তস্যাশ্চ কান্তিত্বাদাভাসশব্দস্য তত্রচ প্রসিদ্ধত্বাৎ তদেতদভিপ্রেত্য ছায়াং লক্ষয়তি ক্ষুদ্রেতি। ক্ষুদ্রকৌতূহলত্বং। পারমার্থিকেঽপি কৌতূহলে তস্মিন্ লৌকিকত্বমননাৎ। তথাপি পরমার্থিককৌতূহলময়রতেস্তত্র যৎকিঞ্চিচ্ছবিরাভাসত্বএবেতি ছায়াত্বমত্রেতি ভাবঃ। রতেশ্ছায়া তু কিঞ্চিদ্যথা স্যাত্তথা তস্যা রতেঃ সাদৃশ্যাবলম্বিনী ভবেদিতি তু যোজনা, অতশ্ছায়াত্বাচ্চঞ্চলাপি নতু প্রতিবিম্ববৎ স্থিরা ভোগাদিরাগবৎ লৌকিককৌতুকস্য স্থিরত্বাভাবাৎ তথাপি বস্তুপ্রভাবাদ্দুঃখহারিণী সংসারতাপস্য ক্রমাচ্ছমনীতি। নচাত্র বিশেষলক্ষণে ভোগাদিসম্বন্ধাভাবাদাভাসগতস্য সামান্যলক্ষণস্যাব্যাপ্তিঃ স্যাৎ কৌতূহলানুভবস্য চ ভোগবিশেষত্বাৎ ন চাত্র ভোগসম্বন্ধেন প্রতিবিম্বেতি ব্যাপ্তিঃ স্যাৎ, ক্ষুদ্রেত্যনেনৈব ততো বিচ্ছিন্নত্বাৎ ॥

থাকে ॥ ২২ ॥

অথ ছায়া রত্যাভাস ॥

ক্ষুদ্র কৌতুহল ময়ী, চঞ্চলা, দুঃখহারিণী, এবং কথঞ্চিৎ রতির সদৃশা যে রতি, তাহার নাম চ্ছায়া ॥

ভগবদ্ভক্তগণের শ্রবণ কীর্ত্তনাদি ক্রিয়া, জন্মযাত্রাপ্রভৃতি

কিন্তু ভাগ্যং বিনা নাসৌ ভাবচ্ছায়াপ্যুদঞ্চতি ॥
যদভ্যুদয়তঃ ক্ষেমং তত্র স্যাদুত্তরোত্তরং ॥
হরিপ্রিয়জনস্যৈব প্রসাদভরলাভতঃ।
ভাবাভাসোঽপি সহসা ভাবত্বমুপগচ্ছতি ॥
তস্মিন্নেবাপরাধেন ভাবাভাসোঽপ্যনুত্তমঃ।
ক্রমেণ ক্ষয়মাপ্নোতি খস্থপূর্ণশশী যথা ॥ ২৩ ॥
কিঞ্চ ॥
ভাবোঽপ্যভাবমায়াতি কৃষ্ণপ্রেষ্ঠাপরাধতঃ।

হরিপ্রিয়ক্রিয়াদীনাং সঙ্গমাদ্ যুগপন্মিলনাদিত্যর্থঃ ॥ ২৩ ॥
অভাবং দ্বিবিধস্যৈবাপরাধস্যাধিক্যেন। এবং আভাসতাং মধ্যমত্বেন

ভগবৎ কাল, বৃন্দাবন মথুরা প্রভৃতি ভগবদ্ধাম এবং ভগবদ্ভক্ত ইহাদিগের আনুষঙ্গিক যুগপৎ মিলন হেতু কখন কখন অজ্ঞ ব্যক্তিতেও রতির ছায়া লক্ষিত হইয়া থাকে ॥

কিন্তু যে ভাবচ্ছায়ার উদয়েতে অজ্ঞব্যক্তিরাও ক্রমে ক্রমে মঙ্গল প্রাপ্ত হয়, সেই ভাবচ্ছায়ারূপ সৌভাগ্য ব্যতীত কখনই উদিত হয় না ॥

হরিপ্রিয়জনের অনুগ্রহ নিবন্ধন ভাবাভাসও সহসা ভাবত্ব প্রাপ্ত হয়। কিন্তু যদি সেই ভববদ্ভক্ত জনের নিকট অপরাধ হয়, তাহা হইলে উৎকৃষ্ট ভাবাভাস (প্রতিবিম্ব) ও আকাশস্থ পূর্ণ চন্দ্রের ন্যায় ক্রমে ক্রমে ক্ষীণ হয় ॥ ২৩ ॥

আরও বলিয়াছেন ॥

শ্রীকৃষ্ণের প্রিয়তম ব্যক্তিদিগের নিকট গুরুতর অপরাধ

আভাসতাঞ্চ শনকৈ র্ন্যূনজাতীয়তামপি ॥ ২৪ ॥
গাঢ়াসঙ্গাৎ সদায়াতি মুমুক্ষৌ সুপ্রতিষ্ঠিতে।
আভাসতামসৌ কিম্বা ভজনীয়েশভাবতাং ॥ ২৫ ॥
অতএব ক্বচিত্তেষু নব্যভক্তেষু দৃশ্যতে।
ক্ষণমীশ্বরভাবেহয়ং নৃত্যাদৌ মুক্তিপক্ষগঃ ॥ ২৬ ॥

ন্যূনজাতীয়তামল্লত্বেন তত্র ন্যূনজাতীয়ত্বং বক্ষ্যমাণানাং শান্ত্যাদিপঞ্চবিধানাং রত্যাদ্যষ্টবিধানাঞ্চ তারতম্যেন জ্ঞেয়ং ॥ ২৪ ॥

ভজনীয়ো য ঈশস্তস্য ভাবোহভিমানো যস্য তত্তাং যাতি অহংগ্রহোপাসনামাবিশতীত্যর্থঃ ॥ ২৫ ॥

ক্ষণমিত্যুপলক্ষণং ক্বচিচ্চিরমভিব্যাপ্য মুক্তিস্তত্র সারূপ্যসাষ্টি সামীপ্যলক্ষণা

জন্মিলে ভাব অভাবত্ব প্রাপ্ত হয় অর্থাৎ একেবারেই বিনষ্ট হয়, মধ্যম অপরাধে ঐ ভাব আভাস এবং অল্পাপরাধে হীন জাতীয়তা প্রাপ্ত হয় ॥

উক্ত-উদাহরণে শান্ত্যাদি পঞ্চবিধ অথবা অষ্টপ্রকার রতি ইহাদের তারতম্যানুসারে হীন জাতীয় হয় ॥ ২৪ ॥

সুপ্রতিষ্ঠিত মুমুক্ষুতে গাঢ়তর আসক্তি হইলে ভাব ক্রমে আভাস হয় অথবা অহংগ্রহরূপ-উপাসনায় প্রবেশ করে।

উক্ত পদ্যে অহংগ্রহোপাসন অর্থ এই যে, আপনাতে যে ভজনীয় দেবের অভিমান, তাহার নাম অহংগ্রহোপাসনা ॥ ২৫ ॥

এই জন্য কোন কোন নব্যভক্তে নর্ত্তনাদিতে ক্ষণিক অথবা দীর্ঘকালস্থায়ি— মুক্তিপক্ষগামী এই ঈশ্বরভাব দেখিতে পাওয়া যায় ॥ ২৬ ॥

সাধনেক্ষাং বিনা যস্মিন্নকস্মাদ্ভাব ঈক্ষ্যতে।
বিঘ্নস্থগিতমত্রোহ্যং প্রাগ্ভবীয়ং সুসাধনং ॥ ২৭ ॥
লোকোত্তরচমৎকারকারকঃ সর্ব্বশক্তিদঃ ॥
যঃ প্রথীয়ান্ ভবেদ্ভাবঃ সতু কৃষ্ণপ্রসাদজঃ ॥ ২৮ ॥
জনে চেজ্জাতভাবেহপি বৈগুণ্যমিব দৃশ্যতে।
কার্য্যা তথাপি নাসূয়া কৃতার্থঃ সর্ব্বথৈব সঃ ॥ ২৯ ॥

জ্ঞেয়া ॥ ২৬ ॥

সাধনেক্ষামিতি। সাধনানি পূর্ব্বোক্তসাধনাভিনিবেশকৃষ্ণপ্রসাদতদ্ভক্তপ্রসাদ-লক্ষণানি করণানি তেষামীক্ষাং শাস্ত্রাদিদ্বারা জ্ঞানং বিনা যস্মিন্ ভাবো রত্যাদি-রীক্ষ্যতে নিশ্চীয়তে তস্মিন্ রত্যাদিমিন প্রাগ্ভবীয়ং সাধনমূহ্যং ॥ ২৭ ॥

নমু পূর্ব্বং সাধনাভিনিবেশাদিত্রয়েণাধুনাচ পূতনাদিদুষ্টাস্বপি প্রেত্যাহ লোকেতি ॥ ২৮ ॥

বৈগুণ্যং বাহ্যদুরাচারতা ভবিদেতি তেন লিপ্তত্বাভাবাৎ। তথা চোক্তং।

সাধনজ্ঞান ব্যতিরেকে অকস্মাৎ যে কোন ব্যক্তিতে ভাবোদয় দেখা যায়, তাহার কারণ এই যে, ঐ ব্যক্তির জন্মান্তরীয় সুন্দররূপ সাধন ছিল, বিঘ্ন বশতঃ স্থগিত থাকিয়া পরে উদিত হইল, ইহাই বিবেচনা করিতে হইবে ॥ ২৭ ॥

যে বৃদ্ধিশীল ভাব লোকাতীত চমৎকারকারী এবং সর্ব্বশক্তিপ্রদ, তাহাকে কৃষ্ণপ্রসাদ বলিয়া জানিবে ॥ ২৮ ॥

জাতভাব ব্যক্তিতে যদি বাহ্য দুরাচারতার ন্যায় কোন প্রকার বৈগুণ্য দেখা যায় তথাপি তাহাতে অসূয়া করিবে না, কারণ বিষয়ে অনাসক্তি প্রযুক্ত উক্ত সঞ্জাতভাব ব্যক্তি সর্ব্বতোভাবে কৃতার্থ ॥ ২৯ ॥

যথা নারসিংহে ॥

ভগবতি চ হরাবনন্যচেতা-
ভৃশমলিনোঽপি বিরাজতে মনুষ্যঃ ॥
নহি শশকলুষচ্ছবিঃ কদাচি-
ত্তিমিরপরাভবতামুপৈতি চন্দ্রঃ ॥ ইতি ॥ ৩০ ॥
রতিরনিশনিসর্গোষ্ণপ্রবলতরানন্দপূররূপৈব।
উষ্মাণমপি বমন্তি সুধাংশুকোটেরপি স্বাদ্বী ॥ ৩১॥

অপবিত্রঃ পবিত্রো বেত্যাদি কৃতার্থত্বং চাস্য জাতভাবত্বাদেব ॥ ২৯ ॥

ভৃশমলিনোঽপি সুদুরাচারত্বেন বহির্দৃশ্যমানোঽপি বিরাজতে। অন্যাপরাভূতত্বা অন্তর্গতভক্ত্যা শোভত এব। তত্রার্থান্তরন্যাসো নহীতি। লোকচ্ছায়াময়ং লক্ষ্ম তবাঙ্কে শশসন্নিভমিতি শ্রীহরিবংশোক্তেঃ। শশকলুষচ্ছবিত্বেন বহির্দৃশ্যমানোঽপীত্যর্থঃ ॥ ৩০ ॥

উত্তরোত্তরাভিলাষবৃদ্ধেঃ অশান্তস্বভাবং উষ্ণত্বং উল্লাসাত্মকত্বাদানন্দত্বং অনিশমেব যো নিসর্গঃ স্বভাবস্তেন উষ্ণা চ সা প্রবলতরানন্দরূপা চেতি বিগ্রহঃ। উষ্মাণং তদ্বিধনানাসঞ্চারিভাবানাং লক্ষণং ॥ ৩১ ॥

যথা নৃসিংহপুরাণে ॥

যে মনুষ্য ভগবান্ হরিতে একান্তভাবে চিত্ত সন্নিবেশ করিয়াছেন, তাঁহার যদি বাহ্যে অত্যন্ত দুরাচারতাও দেখা যায়, তথাপি তিনি অন্তর্গত ভক্তিপ্রভাবে বিরাজমান হয়েন, যেমন পূর্ণচন্দ্র বাহ্যদেশে মৃগচিহ্নে কলঙ্কিত হইলেও, কখন তিমিরের নিকট পরাভূত হয়েন না। ৩০ ॥

নিরন্তর উষ্ণস্বভাবা হইয়াও প্রবলতর আনন্দরূপিণী রতি উষ্ণতা প্রকাশ করিলেও কোটি কোটি সুধাংশু হইতেও সুন্দর আস্বাদশালিনী বলিয়া জানিতে হইবে ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পূর্ব্ববিভাগে ভাব-ভক্তিলহরী তৃতীয়া ॥ * ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পূর্ব্ববিভাগে ভাবভক্তিলহরী তৃতীয়া ॥ * ॥

উক্ত পদ্যের তাৎপর্য্য, উত্তরোত্তর অভিলাষ বৃদ্ধি পাওয়াতে রতির অশান্ততা প্রযুক্ত উষ্ণত্ব, উল্লাস প্রদ বলিয়া রতির আনন্দত্ব, উষ্মা উদ্গীরণ করে অর্থাৎ নানাবিধ সঞ্চারি ভাব প্রকাশ করে ॥ ৩১ ॥

॥ * ॥ ইতি পূর্ব্ববিভাগে ভাবভক্তিলহরী ॥ * ॥

অথ প্রেমভক্তিঃ ॥

সম্যঙ্মসৃণিতস্বান্তো মমত্বাতিশয়াঙ্কিতঃ ।
ভাবঃ স এব সান্দ্রাত্মা বুধৈঃ প্রেমা নিগদ্যতে ॥ ১ ॥

যথা পঞ্চরাত্রে ॥

অনন্যমমতা বিষ্ণৌ মমতা প্রেমসঙ্গতা ।
ভক্তিরিত্যুচ্যতে ভীষ্মপ্রহ্লাদোদ্ধবনারদৈঃ ॥ ইতি ॥

অথ ভাবমপূক্ত্বা প্রেমাণমাহ সম্যগিতি। অত্র সান্দ্রাত্মত্বং স্বরূপলক্ষণং অন্যদ্দ্বয়ং তটস্থলক্ষণং ॥ ১ ॥

অত্র স্বমতমুদারদাহরণমেবমুক্ত ইত্যাদি বক্ষ্যমাণপ্রকারমেব জ্ঞেয়ং। মতান্তরমপি যোজনারেণ সঙ্গময়িতুমাহ যথেতি। ভক্তিরত্র ভাবঃ ॥ ২ ॥

অথ প্রেমভক্তি ॥

যাহা হইতে চিত্ত সর্ব্বতোভাবে নির্ম্মল হয় এবং যাহা অতিশয় মমতাসম্পন্ন এরূপ যে ভাব তাহা গাঢ়তা প্রাপ্ত হইলেই পণ্ডিতেরা তাহাকে প্রেম বলিয়া কীর্ত্তন করেন ॥

তাৎপর্য্য। সাধন ভক্তি যাজন করিতে করিতে রতি হয়, সেই রতি গাঢ় হইলে তাহাকে প্রেম বলে। চৈতন্যচরিতামৃত গ্রন্থে লিখিয়াছেন যথা, সাধনভক্তি হইতে রতির উদয় হয়। রতি গাঢ় হইলে তারে প্রেম নাম কয় ॥ ১ ॥

যথা পঞ্চরাত্রে ॥

অন্যের প্রতি মমতা পরিহার পূর্ব্বক ভগবানে যে মমতা তাহার নাম প্রেম, এই প্রেমকেই ভীষ্ম, প্রহ্লাদ, উদ্ধব এবং নারদেরা ভক্তি বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥

ভক্তিঃ প্রেমোচ্যতে ভীষ্মমুখৈর্যত্র তু সঙ্গতা।
মমতান্যমমত্বেন বর্জ্জিতেত্যত্র যোজনা॥
ভাবোত্থোঽতিপ্রসাদোত্থঃ শ্রীহরেরিতি স দ্বিধা।

তত্র ভাবোত্থঃ।

ভাব এবান্তরঙ্গাণামঙ্গানামনুসেবয়া।
আরূঢ়ঃ পরমোৎকর্ষং ভাবোত্থঃ পরিকীর্ত্তিতঃ॥ ২॥

তত্র বৈধভাবোত্থো যথা একাদশে॥ ৩॥

এবম্ব্রতঃ স্বপ্রিয়নামকীর্ত্ত্যা
জাতানুরাগো দ্রুতচিত্ত উচ্চৈঃ।

বৈধ্যা নিবৃত্তো বৈধঃ স চাসৌ ভাবশ্চেতি তদুত্থঃ॥ ৩॥
অত্রৈবম্ব্রত ইতি বৈধীসম্বন্ধাত্তন্নির্ব্বর্ত্তকত্বং। প্রিয়েতি ভাবোত্থত্বং। দ্রুতেতি

অন্য সমস্ত বর্জ্জিত যে মমতা তাহাকে ভীষ্ম প্রভৃতি ভাগবতগণ প্রেমভক্তি বলিয়া উল্লেখ করিয়াছেন, সেই প্রেম ভাবোত্থ ও ভগবানের অতিপ্রসাদোত্থ ভেদে দুই প্রকার হয়॥

তন্মধ্যে ভাবোত্থ প্রেম যথা॥

অন্তরঙ্গ ভক্ত্যঙ্গ সকলের নিরন্তর সেবনদ্বারা ভাব পরমোৎকর্ষ প্রাপ্ত হইলেই ভাবোত্থ প্রেম বলিয়া কথিত হয়॥ ২॥

বৈধভক্তিসঞ্জাত ভাবজন্য প্রেম যথা

একাদশস্কন্ধে ২ অ। ৩৮ শ্লোকে॥ ৩॥

পূর্ব্বোক্ত ভক্ত্যঙ্গ যাজনে অবশচিত্ত ব্যক্তি লোকাচার-বহির্ভূত হইয়া স্বীয় প্রিয়ের নামকীর্ত্তনে জাতানুরাগ ও শ্লথ-হৃদয় হওত উন্মত্তের ন্যায় উচ্চৈঃস্বরে কখন হাস্য, কখন

হসত্যথো রোদিতি রৌতি গায়-
ত্যুন্মাদবন্নৃত্যতি লোকবাহ্যঃ ॥ ৪ ॥

রাগানুগীয়ভাবোত্থো যথা পাদ্মে।

ন পতিং কাময়েৎ কঞ্চিদ্ ব্রহ্মচর্য্যস্থিতা সদা ॥
শ্রীকৃষ্ণগাথাং গায়ন্তী রোমাঞ্চোদ্ভেদলক্ষণা।
অস্মিন্মন্বন্তরে স্নিগ্ধাং শ্রীকৃষ্ণপ্রিয়বার্ত্তয়া ॥ ৫ ॥

অথ হরেরতিপ্রসাদোত্থঃ।

হরেরতিপ্রসাদোহয়ং সঙ্গদানাদিরাত্মনঃ ॥ ৬ ॥

মমতাযুক্তঃ। জাতানুরাগ ইতি তদতিশয়িত্বক জ্ঞেয়ং ॥ ৪ ॥

তামেব মূর্ত্তিং ধ্যায়ন্তীতি তস্যাং মূর্ত্তৌ পূর্ব্বভাবো জাত আসীদিতি সূচিতং কঞ্চিদন্যং পতিং ন কাময়েৎ ন কাময়তেতি গাঢ়মমতয়া প্রেম দর্শিতং স্নিগ্ধা বভূবেতি শেষঃ ॥ ৫ ॥

সঙ্গদানমাদি র্যস্য সঃ ॥ ৬ ॥

রোদন, কথন আলাপ, কথন গান, কথনও বা বাহ্যলোকের ন্যায় নৃত্য করিতে থাকেন ॥ ৪ ॥

রাগানুগীয় ভাবোত্থ যথা পদ্মপুরাণে ॥

সেই মন্বন্তরে শ্রীকৃষ্ণের প্রিয়বার্ত্তায় স্নিগ্ধ হইয়া ব্রহ্মচর্য্য-ব্রত পরায়ণা সুমুখী চন্দ্রকান্তি পুলকাঞ্চিত কলেবরে শ্রীকৃষ্ণ-গাথা গান করিতে করিতে সেই শ্রীকৃষ্ণমূর্ত্তিকে ধ্যান করত অন্য কাহাকেও পতি বলিয়া কামনা করেন নাই ॥ ৫ ॥

অথ হরির অতিপ্রসাদোত্থ প্রেম ॥

ভগবান্ হরির স্বীয় সঙ্গদানাদিকেই অতিপ্রসাদোত্থ প্রেম কহে ॥ ৬ ॥

যথৈকাদশে ॥

তে নাধীতশ্রুতিগণা নোপাসিতমহত্তমাঃ।
অব্রতা তপ্ততপসো মৎসঙ্গান্মামুপাগতাঃ ॥ ইতি ॥
মাহাত্ম্যজ্ঞানযুক্তশ্চ কেবলশ্চেতি স দ্বিধা ॥ ৭ ॥

তত্রাদ্যো যথা পঞ্চরাত্রে।

মাহাত্ম্যজ্ঞানযুক্তস্তু সুদৃঢ়ঃ সর্ব্বতোঽধিকঃ।

ত ইতি। পূর্ব্বোক্তেষু তে কেচিদ্বলিপ্রভৃতয়ঃ। তে চ মৎপ্রাপ্ত্যর্থং ন অধীধতাঃ শ্রুতিগণা যৈঃ। তথা অধ্যয়নার্থং নোপাসিতা মহত্তমাঃ তৎপারগা যৈঃ। মৎসঙ্গাদিতি। তেষাং সতাং মধ্যে প্রধানস্য মম সঙ্গাৎ প্রেমাণং প্রাপ্য মামুপাগতা ইত্যর্থঃ। কিন্তু শ্রীভগবতঃ স্বতন্ত্রত্বেঽপি সতাং মধ্যে স্বয়ং গণনং বিনয়স্বভাবাদেব কৃতমিতি শ্রীভগবৎপ্রসাদোত্থ এবায়ং জ্ঞেয়ঃ ॥ ৭ ॥

পুনশ্চ তস্যৈব প্রেম্ণো ভেদদ্বয়মাহ মাহাত্ম্যেতি। কেবলো মাধুর্য্যমাত্র-

যথা একাদশে ১২ অ। ৬ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণ কহিলেন হে উদ্ধব! গোপীগণ আমাকে পাইবার নিমিত্ত বেদাধ্যয়ন করেন নাই, মহত্তমদিগের সঙ্গ অর্থাৎ তীর্থ সেবন করেন নাই, ব্রতাচরণ করেন নাই এবং তপস্যাও করেন নাই, কেবল আমার সংসর্গদ্বারাই আমাকে প্রাপ্ত হইয়াছেন ॥

অতিপ্রসাদোত্থ প্রেম দুই প্রকার, যথা, মাহাত্ম্যজ্ঞানযুক্ত এবং কেবল অর্থাৎ মার্য্যাধুমাত্র জ্ঞান যুক্ত ॥ ৭ ॥

মাহাত্ম্যজ্ঞানযুক্ত প্রেম যথা পঞ্চরাত্রে ॥

মাহাত্ম্যজ্ঞান যুক্ত, সুদৃঢ় এবং সকল বিষয় হইতে অধিক

স্নেহো ভক্তিরিতি প্রোক্তস্তয়া সার্ষ্ট্যাদি নান্যথা ॥ ৮ ॥

কেবলো যথা তত্রৈব।

মনোগতিরবিচ্ছিন্না হরৌ প্রেমপরিপ্লুতা।

অভিসন্ধিবিনির্মুক্তা ভক্তির্বিষ্ণুবশঙ্করী ॥ ইতি ॥ ৯ ॥

মহিমজ্ঞানযুক্তঃ স্যাদ্বিধিমার্গানুসারিণাং।

রাগানুগাশ্রিতানাস্তু প্রায়শঃ কেবলো ভবেৎ ॥ ১০ ॥

জ্ঞানযুক্ত ইত্যর্থঃ ॥ ৮ ॥

অত্র পাঞ্চরাত্রিকপদ্যদ্বয়মাহ। মাহাত্ম্যজ্ঞানসম্ভাবাংশ এব নতু লক্ষণাংশে ॥ ৯ ॥

প্রায়শ ইতি বৈধ্যাংশযুক্তত্বেঽপি ন কেবলঃ স্যাদিত্যর্থঃ ॥ ১০ ॥

যে স্নেহ তাহাকেই ভক্তি বলা যায়, এতাদৃশী ভক্তি ব্যতীত সার্ষ্ট্যাদি মুক্তি কখনই লব্ধ হয় না ॥ ৮ ॥

কেবল যথা পঞ্চরাত্রে ॥

অভিসন্ধি শূন্য এবং প্রেমপরিপ্লুত যে শ্রীকৃষ্ণে নিরবচ্ছিন্ন মনের গতি তাহাকে ভক্তি বলা যায়, এতাদৃশী ভক্তিই বিষ্ণুর বশকারিণী ॥ ৯ ॥

বিধি মার্গানুবর্ত্তি ভক্তগণের যে অতিপ্রসাদোত্থ প্রেম তাহা মহিমজ্ঞানযুক্ত, আর রাগানুগাশ্রিত ভক্তগণের প্রেম প্রায়শই কেবল অর্থাৎ মাধুর্য্যজ্ঞান যুক্ত হইয়া থাকে ॥

উক্ত উদাহরণে "প্রায়শই" বলার তাৎপর্য্য এই যে, বৈধী ভক্তির কোন অংশ যুক্ত হইলে কেবল প্রেম হয় না ॥ ১০ ॥

আদৌ শ্রদ্ধা ততঃ সাধুসঙ্গোহথ ভজনক্রিয়া।
ততোহনর্থনিবৃত্তিঃ স্যাত্ততো নিষ্ঠা রুচিস্ততঃ ॥
অথাসক্তিস্ততো ভাবস্ততঃ প্রেমাভ্যুদঞ্চতি।।
সাধকানাময়ং প্রেম্নঃ প্রাদুর্ভাবে ভবেৎ ক্রমঃ ॥ ১১ ॥
ধন্যস্যায়ং নবঃ প্রেমা যস্যোন্মীলতি চেতসি।
অন্তর্বাণিভিরপ্যস্য মুদ্রা সুষ্ঠু সুদুর্গমা ॥ ১২ ॥
অতএব শ্রীনারায়ণপঞ্চরাত্রে যথা ॥

তত্র বহুষপি ক্রমেষু সৎসু প্রায়িকমেকং ক্রমমাহ আদাবিতি দ্বয়েন। আদৌ প্রথমসাধুসঙ্গে শাস্ত্রশ্রবণদ্বারা শ্রদ্ধা তদর্থবিশ্বাসঃ। ততঃ প্রথমানন্তরং দ্বিতীয়ঃ সাধুসঙ্গো ভজনরীতিশিক্ষানিবন্ধনঃ। নিষ্ঠা তত্রাবিক্ষেপেণ সাতত্যং। রুচিরভিলাষঃ কিন্তু বুদ্ধিপূর্ব্বিকেয়ং, আসক্তিস্ত স্বারসিকী ॥ ১১ ॥
অন্তর্ব্বাণিভিঃ শাস্ত্রবিদ্ভিঃ। মুদ্রা পরিপাটী ॥ ১২ ॥

প্রেমোদয়ের বহুতর ক্রম সত্ত্বেও প্রায়িক ক্রম কহিতেছেন যথা। প্রথমে শ্রদ্ধা, তৎপরে সাধুসঙ্গ, তাহার পর ভজনক্রিয়া, তদনন্তর অনর্থনিবৃত্তি, তৎপরে নিষ্ঠা, তাহার পর রুচি, তৎপরে আসক্তি, তদনন্তর ভাব, তাহার পর প্রেম উদিত হয়। সাধকগণের প্রেমাবির্ভাবের প্রতি ক্রম এইরূপ নিরূপিত হইয়াছে ॥ ১১ ॥

যে সকল ব্যক্তি ভাগ্যবান্ তাঁহাদেরই চিত্তে এই নবীন প্রেম উদিত হয়, কিন্তু শাস্ত্রজ্ঞেরা সহসা এই নবীন প্রেমের পরিপাটী জানিতে পারেন না ॥ ১২ ॥

এজন্য নারয়ণ পঞ্চরাত্রে কহিয়াছেন—

ভাবোন্মত্তো হরেঃ কিঞ্চিন্ন বেদ সুখমাত্মনঃ।
দুঃখঞ্চেতি মহেশানি পরমানন্দ আপ্লুতঃ॥
প্রেম্ন এব বিলাসত্বাদ্বৈরল্যাৎ সাধকেষ্বপি।
অত্র স্নেহাদয়ো ভেদা বিবিচ্য নহি শংসিতাঃ॥
শ্রীমৎপ্রভুপদাম্ভোজৈঃ সর্ব্বা ভাগবতামৃতে।
ব্যক্তীকৃতাস্তি গূঢ়াপি ভক্তিসিদ্ধান্তমাধুরী।

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পূর্ব্ববিভাগে প্রেম-ভক্তিলহরী চতুর্থী ॥ * ॥ ৪ ॥ * ॥

সুদুর্গমত্বমেব দর্শয়তি অতএবেতি। অয়ং ভাবঃ। শাস্ত্রবিহিতৈর্হি বহিঃসুখ-প্রাপ্তিদুঃখহানী এব পুরুষার্থত্বেন। তেচ তাদৃশভক্তানাং বহিরেব তৈর্জ্ঞায়েতে নান্তঃ। তেষামন্তস্তু সুখদুঃখে ভগবৎপ্রাপ্ত্যপ্রাপ্তিকৃতে এব। যথোক্তং। নাত্যন্তিকং বিগণয়ন্ত্যপি তে প্রসাদমিত্যাদি। কামং ভবঃ স্ববৃজিনৈর্নিরয়েষু নস্তাচ্চেতোঽলিবদ্ যদি নু তে পদয়ো রমেতেত্যাদি চ॥ ১৩॥

মহাদেব পার্ব্বতীকে কহিলেন হে মহেশ্বরি! যে ব্যক্তি ভগবান্ হরির ভাবে উন্মত্ত হইয়া পরমানন্দে নিমগ্ন হইয়াছেন, তিনি আত্মবিষয়ক সুখ বা দুঃখ কিছুই জানিতে পারেন না॥

স্নেহ প্রণয়াদি প্রেমের বিলাস বলিয়া অতি বিরল, এ প্রযুক্ত প্রায়ই উক্ত স্নেহাদি সাধকগণে লক্ষিত হয়না, একারণ এখানে আর পৃথক্ করিয়া নির্দ্দেশ করিলাম না॥

আমার প্রভু শ্রীল সনাতন গোস্বামিপাদ নিজ ভাগবতামৃত গ্রন্থে সমস্ত ভক্তিসিদ্ধান্তের মাধুরী অতিগূঢ় হইলেও স্পষ্ট রূপে বর্ণন করিয়াছেন॥

গোপালরূপশোভাং দধদপি রঘুনাথভাববিস্তারী।
তুষ্যতু সনাতনাত্মা প্রথমবিভাগে সুধাম্বুনিধেঃ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ রসোপযোগী স্থায়িভাবোৎপাদনো নাম পূর্ব্ববিভাগঃ সমাপ্তঃ ॥ * ॥

ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ লহরীচতুষ্টয়াত্মকে পূর্ব্ববিভাগে প্রেমভক্তিলহরী চতুর্থী ॥ * ॥

গোপালেতি। শ্লিষ্টমিদং। তত্র কৃষ্ণপক্ষে, রঘুনাথভাবস্য রঘুনাথস্য বিস্তারী রঘুনাথাদীনামপাবতারীত্যর্থঃ। তত্তদুপাসকানামভীষ্টপূরণাদেবেতি ভাবঃ। অহো কৃপামাহাত্ম্যমিতি বিবক্ষিতং। পক্ষে। স্ববর্গস্য নামচতুষ্টয়মুদ্দিষ্টং। তত্র দ্বিতীয়ং শ্রীমদগ্রজকচ্চরণানাং নাম প্রথমতৃতীয়োঃ। চতুর্থে শ্রীমদগ্রজচরণানাং। ভাবঃ শ্রীকৃষ্ণপ্রেমা ॥

ইতি দুর্গমসঙ্গমনীনাম্নাং শ্রীভক্তিরসামৃতসিন্ধুটীকায়াং পূর্ব্ববিভাগঃ সমাপ্তঃ ॥ * ॥

গোপালরূপ শোভা প্রকটন করিয়াও যিনি রঘুনাথের ভাব বিস্তার করিয়াছেন, সেই সনাতনাত্মা অর্থাৎ সচ্চিদানন্দ বিগ্রহ শ্রীকৃষ্ণ এই ভক্তিরসামৃতসিন্ধুর পূর্ব্ববিভাগে পরিতোষ লাভ করুন ॥

অথবা গোপালভট্ট এবং শ্রীরূপ গোস্বামির শোভা সম্পাদন করত ভট্টরঘুনাথের ভাবকে যিনি বিস্তার করিয়াছেন এরূপ যে সনাতনগোস্বামী তিনি এই ভক্তিরসামৃতসিন্ধুর পূর্ব্ববিভাগে পরিতোষ প্রকাশ করুন ॥ ১২ ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারাণবিদ্যারত্নকৃতব্যাখ্যায় ভক্তিরসামৃতসিন্ধুর পূর্ব্ববিভাগ সমাপ্ত ॥ * ॥

দক্ষিণবিভাগঃ।

১ম লহরী।

—— •:*:• ——

প্রবলমনন্যাশ্রয়িণা, নিষেবিতঃ সহজরূপেণ।
অঘদমনো মথুরায়াং সনাতনতনুর্জয়তি ॥
রসামৃতাব্ধের্ভাগেঽস্মিন্, দ্বিতীয়ে দক্ষিণাভিধে।
সামান্যে ভগবদ্ভক্তিরসস্তাবদুদীর্য্যতে ॥

যিনি স্বাভাবিক অনন্যাশ্রয়ী রূপদ্বারা প্রবল রূপে নিষেবিত, যিনি অঘাসুরকে সংহার করিয়াছেন, সেই সনাতন (-নিত্য-)-মূর্ত্তি শ্রীকৃষ্ণ মথুরামণ্ডলে জয় যুক্ত হউন ॥

অথবা যিনি একান্তাশ্রিত অনুজ রূপকর্ত্তৃক অতিশয় রূপে নিষেবিত এবং যিনি পাপনাশক, সেই সনাতননা গোস্বামী সর্ব্বদা মথুরামণ্ডলে জয়যুক্ত হউন ॥

রসামৃতসিন্ধুর এই দ্বিতীয় দক্ষিণবিভাগে সামান্য ভগবদ্ভক্তিরস বর্ণিত হইবে ॥

অস্য পঞ্চ লহর্য্যঃ স্যুর্বিভাগাখ্যাগ্রিমা মতা।
দ্বিতীয়া ত্বনুভাবাখ্যা তৃতীয়া সাত্ত্বিকাভিধা।
ব্যভিচার্য্যভিধা তুর্য্যা স্থায়িসংজ্ঞা চ পঞ্চমী।
অথাস্যাঃ কেশবরতের্লক্ষিতায়া নিগদ্যতে।
সামগ্রীপরিপোষেণ পরমা রসরূপতা ॥ ১ ॥
বিভাবৈরনুভাবৈশ্চ সাত্ত্বিকৈর্ব্যভিচারিভিঃ।
স্বাদ্যত্বং হৃদি ভক্তানামানীতা শ্রবণাদিভিঃ।
এষা কৃষ্ণরতিঃ স্থায়ী ভাবো ভক্তিরসো ভবেৎ ॥ ২ ॥

বিভাবৈরিতি। এষা শ্রীকৃষ্ণরতিরেব স্থায়ী ভাবঃ সৈব চ ভক্তিরসো ভবেৎ। কীদৃশী সতী তত্রাহ বিভাবৈরিতি। শ্রবণাদিভিঃ কর্ত্তৃভির্বিভাবাদিভিঃ করণৈর্ভক্তানাং হৃদি স্বাদ্যত্বমানীতা সম্যক্ প্রাপিতা চমৎকারবিশেষেণ পুষ্টেত্যর্থঃ। রতিশ্চাত্রোপলক্ষণমেব। তেন মহাভাবপর্য্যন্তঃ সর্ব্বোঽপি গ্রাহ্যঃ। তস্যা এবোৎকর্ষরূপত্বাৎ ॥ ২ ॥

অপর এই বিভাগে পাঁচটী লহরী আছে। যথা— প্রথম বিভাব, দ্বিতীয় অনুভাব, তৃতীয় সাত্ত্বিক ভাব, চতুর্থ ব্যভিচারিভাব পঞ্চম স্থায়িভাব ॥

অপিচ, লক্ষ স্বরূপা কেশবরতি, যাহা বিভাবাদিসামগ্রী দ্বারা পরিপুষ্ট হইয়া পরম রসরূপতা প্রাপ্ত হয়, তাহাই এই বিভাগে কথিত হইবে ॥ ১ ॥

এই স্থায়িভাব স্বরূপ কৃষ্ণরতি বিভাব, অনুভাব, সাত্ত্বিক ও ব্যভিচারি ভাব দ্বারা শ্রবণাদি কর্ত্তৃক ভক্ত জনের হৃদয়ে আস্বাদনীয়ত্ব রূপে আনীত হইলে, ভক্তিরস বলিয়া কীর্ত্তিত হয় ॥ ২ ॥

প্রাক্তন্যাধুনিকী চাস্তি যস্য সদ্ভক্তিবাসনা।
এষ ভক্তিরসাস্বাদস্তস্যৈব হৃদি জায়তে ॥ ৩ ॥
ভক্তিনির্ধূতদোষাণাং প্রসন্নোজ্জ্বলচেতসাং।
শ্রীভাগবতরক্তানাং রসিকাসঙ্গরঙ্গিণাং।
জীবনীভূতগোবিন্দপাদভক্তিসুখশ্রিয়াং।
প্রেমান্তরঙ্গভূতানি কৃত্যান্যেবানুতিষ্ঠতাং।

যদ্যপি রতেরস্তিত্বেনাধুনিকী বাসনাস্ত্যেব তথাপি রসতাপত্তৌ প্রাক্তনী চাবশ্যং মৃগ্যেত ইত্যাহ। প্রাক্তনীতি। প্রাগ্‌জন্মজাতা। আধুনিকী জন্মন্যস্মিন্ ভূতা চেতি মধ্যে তিরোধানাপেক্ষয়ৈব ভেদো বিবক্ষিতঃ। ইদমপি প্রায়িকং। তাৎপর্য্যন্তু রত্যতিশয় এব জ্ঞেয়ঃ ॥ ৩ ॥

পুনস্তস্যাঃ রসোৎপত্তৌ সাধনং সহায়ং প্রকারঞ্চাহ ভক্তীতি চতুর্ভিঃ। তত্র সাধনমনুতিষ্ঠতামিত্যন্তং সহায়ং সংস্কারযুগলং। প্রকারস্তু রতিরিত্যাদিকো জ্ঞেয়ঃ নির্ধূতদোষত্বাদেব প্রসন্নত্বং শুদ্ধসত্ত্ববিশেষাবির্ভাবযোগ্যত্বং ততশ্চোজ্জ্বলত্বং

অপর এই ভক্তিরস-আস্বাদ সকলের সম্বন্ধে হইতে পারে না, কারণ, যাহার জন্মান্তরীয় অথবা ইহ জন্ম সম্বন্ধীয় ভগবদ্ভক্তি সদ্বাসনা বিদ্যমান আছে, তাহারই হৃদয়ে ভক্তিরসের আস্বাদ উৎপন্ন হয় ॥ ৩ ॥

আর, যাঁহাদের ভক্তিকর্ত্তৃক দোষ সকল ধৌত হওয়াতে চিত্ত প্রসন্ন হইয়া উজ্জ্বল হইয়াছে, যাঁহারা শ্রীমদ্ভাগবতে অনুরক্ত, রসিক জন সঙ্গে যাঁহাদের উল্লাস এবং যাঁহারা গোবিন্দচরণারবিন্দের ভক্তিসুখ সম্পত্তিকেই জীবন স্বরূপ জানেন, প্রেমের অন্তরঙ্গ কৃত্য সকলকেই যাঁহারা অনুষ্ঠান করেন, সেই সকল ভক্ত জনের হৃদয়ে দুইটী সংস্কারদ্বারা

ভক্তানাং হৃদি রাজন্তী সংস্কারযুগলোজ্জ্বলা
রতিরানন্দরূপৈব নীয়মানা তু রস্যতাং।
কৃষ্ণাদিভির্বিভাবাদ্যৈর্গতৈরনুভবাধ্বনি।
প্রৌঢ়ানন্দচমৎকারকাষ্ঠামাপদ্যতে পরাং।
কিন্তু প্রেম্ণা বিভাবাদ্যৈঃ স্বল্পৈর্নীতোহপ্যণীয়সীং।
বিভাবনাদ্যবস্থাং তু সদ্য আস্বাদ্যতাং ব্রজেৎ॥

তত্র বিভাবাদিসামান্যলক্ষণং॥

যে কৃষ্ণভক্তমুরলীনাদাদ্যা হেতবো রতেঃ।

তদাবির্ভাবাৎ সর্ব্বজ্ঞানসম্পন্নত্বং। অনুভবাধ্বনি গতৈরিতি নতু লৌকিকরসবত্তত্র সংকবিনিবদ্ধতাপেক্ষেতি ভাবঃ। তত্র সতি কিম্বিতি প্রেম্ণো বৈশিষ্ট্যং বিভাবনাদ্যবস্থাং তত্তদাস্বাদবিশেষযোগ্যতাবস্থাং। এবং প্রণয়স্নেহাদীনামপি জ্ঞেয়ং। রতেরেবোৎকর্ষরূপা এত ইতি তদ্গ্রহণেনৈব বিভাবৈরিত্যাদিলক্ষণে প্রবেশ ইতি ভাবঃ। অণীয়সীমপীতি যোজ্যং॥ ৪॥

উজ্জ্বল হইয়া কৃষ্ণরতি অতিশয় রূপে বিরাজ করেন এবং ঐ রতি আস্বাদনীয়া হইয়া পরমানন্দ স্বরূপা হয়েন॥

অপর অনুভবাদি মার্গে কৃষ্ণাদি বিভাগ দ্বারা ঐ কৃষ্ণরতি পরমানন্দের পরাকাষ্ঠা প্রাপ্ত হয় অর্থাৎ প্রেমরূপে পরিণত হয়, কিন্তু ঐ প্রেম অল্প বিভাবনাদি অবস্থা প্রাপ্ত হইয়া সদ্যঃ আস্বাদনীয় হয়॥

তন্মধ্যে বিভাবাদির সামান্য লক্ষণ যথা॥

কৃষ্ণ, কৃষ্ণভক্ত ও মুরলীনাদাদি যে সকল রতির কারণ

কার্য্যভূতাঃ স্মিতাদ্যাশ্চ তথাষ্টৌ স্তব্ধতাদয়ঃ।
নির্ব্বেদাদ্যাঃ সহায়াশ্চ তে জ্ঞেয়া রসভাবনে।
বিভাবা অনুভাবাশ্চ সাত্ত্বিকা ব্যভিচারিণঃ ॥ ৪ ॥

তত্র বিভাবাঃ ॥ ৫ ॥

তত্র জ্ঞেয়া বিভাবাস্তু রত্যাস্বাদনহেতবঃ।
তে দ্বিধালম্বনা একে তথৈবোদ্দীপনাঃ পরে ॥

তদুক্তমগ্নিপুরাণে ॥

বিভাব্যতে হি রত্যাদির্যত্র যেন বিভাব্যতে।

তত্র বিভাবা লক্ষ্যন্তে ইতি শেষঃ ॥ ৫ ॥

কেন তদাহ তত্র জ্ঞেয়া ইতি। হেতুত্বমত্র বিষয়াশ্রয়ত্বেনোদ্বোধকত্বেনচ জ্ঞেয়ং তথৈবাহ তে দ্বিধা ইতি ॥ ৬ ॥

স্বরূপ, এবং হাস্যাদি যে সকল রতির কার্য্য তথা স্তব্ধতাদি আট ও নির্ব্বেদাদি, এই সকল যথাক্রমে বিভাব, অনুভাব সাত্ত্বিকভাব ও ব্যভিচারিভাবরূপে কথিত হয়। রসনিষ্পত্তি-বিষয়ে এই চারিটীকে সহায় বলে অর্থাৎ এই চারিটী ব্যতি-রেকে রস নিষ্পন্ন হয় না ॥ ৪ ॥

অথ বিভাব ॥ ৫ ॥

রতির আস্বাদনের কারণকে বিভাব বলে। এই বিভাব দুই প্রকার হয়, আলম্বন ও উদ্দীপন ॥

যথা অগ্নিপুরাণে ॥

যাহাতে এবং] যাহা দ্বারা রতি প্রভৃতি বিভাবনীয় (বিবেচনীয়) হয়, তাহার নাম বিভাব। ঐ বিভাব আলম্বন

বিভাবো নাম স দ্বেধালম্বনোদ্দীপনাত্মকঃ ॥ ৬ ॥

তত্রালম্বনাঃ ॥

কৃষ্ণশ্চ কৃষ্ণভক্তাশ্চ বুধৈরালম্বনা মতাঃ।
রত্যাদির্বিষয়ত্বেন তথাধারতয়াপি চ ॥

অত্র কৃষ্ণঃ ॥

কৃষ্ণশ্চ কৃষ্ণভক্তাশ্চেতাত্রায়ং বিবেকঃ, যমুদ্দিশ্য রতিঃ প্রবর্ত্ততে স বিষয়ঃ। নচ শ্রীকৃষ্ণ এবাত্র। আধারস্তু রতেরাশ্রয়ঃ। সচাত্র মূলং রতেঃ পাত্রং গৃহ্যতে তন্নিঃসাম্যেন হ্যাধুনিকা অপি ভক্তাঃ স্নিগ্ধা ভবন্তি। স পুনঃ স্বাপন্নিষামাণমহারস-পূর্ত্তিস্তল্লীলাপরিকরগণ এব। অনাত্রাশ্রয়তা তু স্বস্বমতানুসারেণ তদেবং দ্বিবিধা-লম্বনশালিতাচ তল্লীলাপরিকরাদনোষাং তস্মিন্ লীলাপরিকরগণেঽপি পরম-সুখাসুখাদিতরেষাংপরমসুখাসুখাসা তু কেবলশ্রীকৃষ্ণালম্বনশালিতা জ্ঞেয়েতি। রত্যাদেরিত্যাদিশব্দাৎকৌণবক্ষামাণহাসাদয়ো গৃহীতাঃ। রতিশ্চাত্র সজাতীয়ৈব জ্ঞেয়া নতু বিজাতীয়া অনুভবিতুস্তৎসংস্কারাভাবাৎ বিজাতীয়া স্ববিরোধিনী চেদ্দীপন এব তদাধারো ভবতি নত্বালম্বনং। কুতস্তরাং বিরোধী রত্যাশ্রয় ইত্যগ্রিমগ্রন্থানুসারেণ জ্ঞেয়ঃ ॥ ৭ ॥

ও উদ্দীপনভেদে দুই প্রকার হয়। অর্থাৎ আলম্বন বিভাব ও উদ্দীপন বিভাব ॥ ৬ ॥

তন্মধ্যে আলম্বন যথা ॥

রতির বিষয় ও আধারতা রূপে কৃষ্ণ এবং ভক্ত এই দুইকে পণ্ডিতগণ আলম্বনরূপে কীর্ত্তন করেন। অর্থাৎ শ্রীকৃষ্ণ রতির বিষয়তা রূপে ও ভক্ত আধারস্বরূপে আলম্বন হয়েন ॥

তন্মধ্যে কৃষ্ণ যথা ॥

নায়কানাং শিরোরত্নং কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ং।
যত্র নিত্যতয়া সর্ব্বে বিরাজন্তে মহাগুণাঃ।
সোঽন্যরূপস্বরূপাভ্যামস্মিন্নালম্বনো মতঃ॥ ৭॥

তত্রান্যরূপেণ যথা॥

হন্ত মে কথমুদেতি সবৎসে
বৎসপালপটলে রতিরত্র।
ইত্যনিশ্চিতমতির্বলদেবো
বিস্ময়স্তিমিতমূর্ত্তিরিবাসীৎ॥

হন্তেতি। অত্র শ্রীকৃষ্ণে যা রতিঃ সা কথং বৎসপালপটলে উদেতীত্যর্থঃ। স্তিমিতং স্তব্ধত্বং। ইবেতি বাক্যালঙ্কারে॥ ৮॥

নায়কগণের শিরোরত্ন স্বরূপ স্বয়ং ভগবান্ শ্রীকৃষ্ণ, যাঁহাতে মহা মহা গুণ সকল নিত্য বিরাজমান, তিনি অন্যরূপ এবং স্বরূপভেদে এই রতিতে আলম্বন হইয়া থাকেন॥ ৭॥

তন্মধ্যে অন্যরূপ যথা।

ব্রহ্মমোহনে শ্রীকৃষ্ণ বালক ও বৎস রূপ ধারণ করায় বলদেব বিস্ময় প্রকাশপূর্ব্বক কহিলেন কি আশ্চর্য্য! শ্রীকৃষ্ণে আমার যে প্রকার রতি ছিল, সেই রতি পুনরায় কি প্রকারে বৎস এবং বৎসপাল সকলে উদিত হইল? বলদেব এই রূপ নিশ্চয় করিতে না পারিয়া সহসা স্তব্ধ হইলেন॥

অথ স্বরূপ

স্বরূপ দুই প্রকার, আবৃত এবং প্রকট॥

অথ স্বরূপং ॥

আবৃতং প্রকটঞ্চেতি স্বরূপং কথিতং দ্বিধা ॥

তত্রাবৃতং ॥

অন্যবেশাদিনাচ্ছন্নং স্বরূপং প্রোক্তমাবৃতং ॥ ৮ ॥

তেন যথা ॥

মাং স্নেহয়তি কিমুচ্চৈ—,

র্মহিলেয়ং দ্বারকাবরোধেহত্র।

আং বিদিতং কুতুকার্থী,

বনিতাবেশো হরিশ্চরতি ॥ ৯ ॥

প্রকটস্বরূপেণ যথা ॥

মামিতি শ্রীমদুদ্ধববাক্যং। উচ্চৈরিতি। সর্ব্বতঃ পরমং শ্রীহরিষোগ্যং যথা স্যাত্তথেত্যর্থঃ। অত্র প্রমাণং যোগমায়াবৈভবদর্শনে যথা অব্যক্তলিঙ্গং প্রকৃতিষ্বন্তঃপুরগৃহাদিষু। কচিজ্জরন্তং যোগেশং তত্তদ্ভাববুভুৎসয়েতি ॥ ৯ ॥

অন্য বেশ দ্বারা আচ্ছাদিত স্বরূপকে আবৃত কহা যায় ॥ ৮ ॥

আবৃত স্বরূপ যথা

এক দিবস শ্রীকৃষ্ণ দ্বারকা পুরীতে স্ত্রীবেশ ধারণপূর্ব্বক কৌতুক প্রদর্শন করিতে লাগিলে উদ্ধব অবলোকন করিয়া কহিলেন আহা! দ্বারকা অবরোধে এই মহিলাকে অবলোকন করিয়া আমার হরিদর্শনে যদ্রূপ স্নেহ উদিত হয় তাহার ন্যায় এ আমাকে স্নেহান্বিত করিতেছে। আমার নিশ্চয় বোধ হইল কৌতুক প্রদর্শনার্থ হরিই বনিতার বেশ ধারণ পূর্ব্বক বিচরণ করিতেছেন ॥ ৯ ॥

অয়ং কম্বুগ্রীবঃ কমলকমনীয়াক্ষিপটিমা
তমালশ্যামাঙ্গদ্যুতিরতি তরাং ছত্রিতশিরাঃ।
দরশ্রীবৎসাঙ্কঃ স্ফুরদরিদরাদ্যঙ্কিতকরঃ
করোত্ব্যুচ্চৈর্মোদং মম মধুরমূর্ত্তির্মধুরিপুঃ ॥ ১০ ॥

অথ তদ্গুণাঃ ॥

অয়ং নেতা সুরম্যাঙ্গঃ সর্ব্বসল্লক্ষণান্বিতঃ।

অয়মিত্যপি তদ্বাক্যং। কমলৈরপি কমনীয়ঃ। অক্ষিপটিমা নেত্রয়োঃ সৌন্দর্য্যাতিশয়ো যস্য সঃ। তমালবৎ শ্যামা শ্যামতয়া বিরাজন্তী অঙ্গস্য দ্যুতির্যস্য সঃ। পাঠান্তরং ত্যক্তং। দর ঈষদ্‌যত্নাদেব নিরীক্ষ্যঃ শ্রীবৎসরূপোঽঙ্কো লক্ষণং যত্র। অরি চক্রং দরঃ শঙ্খঃ তাবেতৌ করস্থাবঙ্কত্বেন জ্ঞেয়ৌ অতিতরামিতি সর্ব্বত্রান্বিতং ॥ ১০ ॥

অথ তদ্গুণ ইতি তত্র গুণা দ্বেধা নিরূপ্যন্তে প্রাধান্যেনোপসর্জনত্বেন চ

শ্রীকৃষ্ণের স্বাভাবিক রূপ দর্শন করিয়া কহিলেন, শ্রীকৃষ্ণের কি আশ্চর্য্য রূপ !, ইহাঁর গ্রীবা কম্বুসদৃশ, নেত্র-সৌন্দর্য্য এরূপ আশ্চর্য্য, যে, কমলের কমনীয় মূর্ত্তিকেও জয় করিয়াছে,অপর অঙ্গ তমালতুল্য অতিশয় শ্যামবর্ণ, মস্তক ছত্রশোভিত, ঈষৎ শ্রীবৎসের চিহ্ন, করে শঙ্খচক্রাদি চিহ্ন ইত্যাদি সুন্দরাবয়ব হইয়া মধুরিপুর মধুর মূর্ত্তি আমাকে অতিশয় আনন্দপ্রদান করিতেছেন ॥ ১০ ॥

অথ শ্রীকৃষ্ণের গুণ ॥

নায়কস্বরূপ শ্রীকৃষ্ণের গুণ এই যে, ইনি সুরম্যাঙ্গ। ১। সর্ব্ব সল্লক্ষণান্বিত। ২। রুচির। ৩। তেজস্বী। ৪। বলী-

রুচিরস্তেজসা যুক্তো বলীয়ান্ বয়সান্বিতঃ।
বিবিধাদ্ভুতভাষাবিৎ সত্যবাক্যঃ প্রিয়ংবদঃ।
বাবদূকঃ সুপাণ্ডিত্যোবুদ্ধিমান্ প্রতিভান্বিতঃ।
বিদগ্ধ শ্চতুরো দক্ষঃ কৃতজ্ঞঃ সুদৃঢ়ব্রতঃ।
দেশকালসুপাত্রজ্ঞঃ শাস্ত্রচক্ষুঃ শুচির্বশী।
স্থিরো দান্তঃ ক্ষমাশীলো গম্ভীরো ধৃতিমান্ সমঃ।
বদান্যো ধার্ম্মিকঃ শূরঃ করুণো মান্যমানকৃৎ।
দক্ষিণো বিনয়ী হ্রীমান্ শরণাগতপালকঃ।
সুখী ভক্তসুহৃৎ প্রেমবশ্যঃ সর্ব্বশুভঙ্করঃ।
প্রতাপী কীর্ত্তিমান্ রক্তলোকঃ সাধুসমাশ্রয়ঃ।

রুচিং সুরম্যাঙ্গত্বমিত্যাদিনা চেতি যত্র প্রথমেন নিরূপাস্তে তত্র তেষামুদ্দী-

---

য়ান্। ৫। বয়সন্বিত। ৬। বিবিধ অদ্ভুত ভাষাজ্ঞ। ৭। সত্য-বাক্য। ৮। প্রিয়ম্বদ। ৯। বাবদূক। ১০। সুপণ্ডিত। ১১। বুদ্ধিমান্। ১২। প্রতিভান্বিত। ১৩। বিদগ্ধ। ১৪। চতুর। ১৫ দক্ষ। ১৬। কৃতজ্ঞঃ। ১৭। সুদৃঢ়ব্রত। ১৮। দেশকালসুপাত্রজ্ঞ। ১৯। সাস্ত্রচক্ষুঃ। ২০। শুচি। ২১। বশী। ২২। স্থির। ২৩। দান্ত। ২৪। ক্ষমাশীল। ২৫। গম্ভীর। ২৬। ধৃতিমান্। ২৭। সম। ২৮। বদান্য। ২৯। ধার্ম্মিক। ৩০। শূর। ৩১। করুণ। ৩২। মান্যমানকৃৎ। ৩৩। দক্ষিণ। ৩৪। বিনয়ী। ৩৫। হ্রীমান্। ৩৬। শরণাগত-পালক। ৩৭। সুখী। ৩৮। ভক্ত-সুহৃৎ। ৩৯। প্রেমবশ্য। ৪০। সর্ব্ব শুভঙ্কর। ৪১। প্রতাপী। ৪২। কীর্ত্তিমান্। ৪৩। রক্তলোক। ৪৪। সাধুসমাশ্রয়। ৪৫।

নারীগণমনোহারী সর্ব্বারাধ্যঃ সমৃদ্ধিমান্।
বরীয়ানীশ্বরশ্চেতি গুণাস্তস্যানুকীর্ত্তিতাঃ।
সমুদ্রা ইব পঞ্চাশদ্দুর্বিগাহা হরেরমী ॥ ১১ ॥
জীবেষ্বেতে বসন্তোঽপি বিন্দুবিন্দুতয়া ক্বচিৎ।
পরিপূর্ণতয়া ভান্তি তত্রৈব পুরুষোত্তমে।
তথাহি পাদ্মে পার্ব্বত্যৈ শিতিকণ্ঠেন তদ্গুণাঃ।
কন্দর্পকোটিলাবণ্য ইত্যাদ্যাঃ পরিকীর্ত্তিতাঃ ॥ ১২ ॥
অতএব গুণঃ প্রায়ো ধর্ম্মায় বনমালিনঃ।

পনত্বং যত্র দ্বিতীয়েন তত্রালম্বনত্বং। তদেবং যত্রালম্বনপ্রকরণে দ্বিতীয়েনৈবাহ অয়মিতি। অয়ং শ্রীকৃষ্ণাখ্যো নেতা নায়কঃ ॥ ১১ ॥

ক্বচিদিতি। ভগবদনুগৃহীতেষিত্যেব মুখ্যতয়াঙ্গীকৃতং। অতএব বিন্দুত্বমপি অন্যেষু তু তদাভাসত্বমেব জ্ঞেয়ং ॥ ১২ ॥

নারীগণ-মনোহারী। ৪৬। সর্ব্বারাধ্য। ৪৭। সমৃদ্ধিমান্। ৪৮। বরীয়ান্। ৪৯। ঈশ্বর। ৫০। হরির এই পঞ্চাশৎ গুণ, ইহা সমুদ্রের ন্যায় দুর্ব্বিগাহ ॥ ১১ ॥

এই সমস্ত গুণ যদি জীবগণে থাকা সম্ভব হয়, তবে যে যে জীব ভগবানের অনুগৃহীত সেই জীব বিন্দু বিন্দু রূপে অবস্থিতি করে, কিন্তু ভগবান্ পুরুষোত্তমে এই সমস্ত গুণ সম্পূর্ণ রূপে বিরাজ করিতেছে ॥

পরন্তু, পদ্মপুরাণে ভগবান্ শিতিকণ্ঠ পার্ব্বতীর প্রতি শ্রীকৃষ্ণের কন্দর্প কোটি-লাবন্যপ্রভৃতি গুণ সকল কীর্ত্তন করিয়াছেন ॥ ১২ ॥

পৃথিব্যা প্রথমস্কন্ধে প্রথয়াঞ্চক্রিরে স্ফুটং ॥

যথা ॥

সত্যং শৌচং দয়া ক্ষান্তিস্ত্যাগঃ সন্তোষ আর্জ্জবং।
শমোদম স্তপং সাম্যং তিতিক্ষোপরতিঃ শ্রুতং।
জ্ঞানং বিরক্তি রৈশ্বর্য্যং শৌর্য্যং তেজো বলং স্মৃতিঃ।
স্বাতন্ত্র্যং কৌশলং কান্তিধৈর্য্যং মার্দ্দবমেবচ।
প্রাগল্‌ভ্যং প্রশ্রয়ঃ শীলং সহ ওজো বলং ভগঃ।
গাম্ভীর্য্যং স্থৈর্য্যমাস্তিক্যং কীর্ত্তির্মানোহনহঙ্কৃতিঃ।
ইমে চান্যে চ ভগবন্নিত্যা যত্র মহাগুণাঃ।
প্রার্থ্যা মহত্ত্বমিচ্ছদ্ভির্ন বিয়ন্তি স্ম কর্হিচিৎ ॥ ১৩ ॥

ধর্ম্মায় ধর্ম্মরূপং দেবং বোধয়িতুমিত্যর্থঃ। ক্রিয়ার্থোপপদস্যচ কর্ম্মণি স্থানিন ইতি স্মরণাচ্চতুর্থী ॥ ১৩ ॥

অতএব শ্রীমদ্ভাগবতের প্রথমস্কন্ধে পৃথিবী ধর্ম্মরূপিদেবকে জানাইবার নিমিত্ত ভগবান্ বনমালির ঐ সমস্ত গুণ স্পষ্টরূপে বিস্তার করিয়া বর্ণন করিয়াছেন ॥

যথা, পৃথিবী কহিলেন, হে ধর্ম্ম! যাঁহারা মহত্ত্ব প্রাপ্তির ইচ্ছা করেন তাঁহারা সত্য, শৌচ, দয়া, ক্ষান্তি, ত্যাগ সন্তোষ, ঋজুতা, শম, দম, তপস্যা, সাম্য, তিতিক্ষা, উপরতি, শ্রুত, জ্ঞান, বিরক্তি, ঐশ্বর্য্য, শৌর্য্য, তেজ, বল, স্মৃতি, স্বাতন্ত্র্য, কৌশল, কান্তি, ধৈর্য্য, মার্দ্দব, প্রাগল্‌ভ্য, প্রশ্রয়শীলসহ, ওজ, বল, ভগ, গাম্ভীর্য্য, স্থৈর্য্য, আস্তিক্য, কীর্ত্তি, মান ও অহঙ্কার শূন্যতাপ্রভৃতি গুণসকল কখন পরিত্যাগ করেন না ॥ ১৩ ॥

অথ পঞ্চগুণা যে স্যুরংশেন গিরিশাদিষু ॥ ১৪ ॥

সদা স্বরূপসংপ্রাপ্তঃ সর্ব্বজ্ঞো নিত্যনূতনঃ।

সচ্চিদানন্দসান্দ্রাঙ্গঃ সর্ব্বসিদ্ধিনিষেবিতঃ ॥ ১৫ ॥

অথোচ্যন্তে গুণাঃ পঞ্চ যে লক্ষ্মীশাদিবর্ত্তিনঃ।

অবিচিন্ত্য মহাশক্তিঃ কোটিব্রহ্মাণ্ডবিগ্রহঃ।

অবতারাবলীবীজং হতারিগতিদায়কঃ।

অংশেন যথাসম্ভব স্বাংশেন গিরিশাদিষু শ্রীশিবাদিষু। আদিগ্রহণাৎ ক্বচিৎ দ্বিপরার্দ্ধাদৌ সাক্ষাদ্ভগবদবতারব্রহ্মাদয়ো গৃহ্যন্তে ॥ ১৪ ॥

সচ্চিদানন্দেতি। শ্রীভগবৎপক্ষে সচ্চিদানন্দস্বরূপঞ্চ তৎসান্দ্রং বস্তন্তরাপ্রবেশ্যঞ্চাঙ্গং যস্য স ইতি বিগ্রহঃ। শিবপক্ষে, সচ্চিদানন্দেন শ্রীভগবতা সান্দ্রং তাদাত্ম্যং প্রাপ্তমঙ্গং যস্য সঃ ॥ ১৫ ॥

অথোচ্যন্তে ইতি যুগলং। লক্ষ্মীশোঽত্র পরব্যোমাধিনাথঃ শ্রীনারায়ণঃ। আদি শব্দান্মহাপুরুষাদয়োঽপি গৃহ্যন্তে। তত্রাবিচিন্ত্যমহাশক্তিত্বং লক্ষ্মীশে

অপর, শ্রীকৃষ্ণের অন্য পাঁচটী গুণ যাহা আংশিক রূপে সদাশিব এবং ব্রহ্মাদিতে বর্ত্তমান তাহাও কীর্ত্তন করিতেছি ॥ ১৪ ॥

যথা, সদা স্বরূপসংপ্রাপ্তি। ১। সর্ব্বজ্ঞ। ২। নিত্যনূতন। ৩। সচ্চিদানন্দসান্দ্রাঙ্গ। ৪। এবং সর্ব্বসিদ্ধি নিষেবিত। ৫ ॥ ১৫ ॥

অপর শ্রীনারয়ণাদির অনুবর্ত্তী পঞ্চ গুণ কীর্ত্তন করি, অবিচিন্ত্য মহাশক্তি। ১। কোটি ব্রাহ্মণ্ড বিগ্রহ। ২। অবতারাবলীবীজ। ৩। হতারিগতিদায়ক। ৪। ও আত্মারাম

আত্মারামগণাকর্ষীত্যমী কৃষ্ণে কিলাদ্ভুতাঃ ॥ ১৬ ॥
সর্ব্বাদ্ভুতচমৎকারলীলাকল্লোলবারিধিঃ।

জ্ঞেয়ং মহাপুরুষাদাবতারকর্ত্তৃত্বাৎ। কোটিব্রহ্মাণ্ডব্যাপী বিগ্রহো যস্যেতি মধ্যপদলোপী সমাসঃ। তন্মাত্রব্যাপিবিগ্রহত্বং মাহপুরুষে। মায়াদ্রষ্টুস্তস্যৈব তদুপাধিত্বাৎ। যথা ব্রহ্মসংহিতায়াং। যস্যৈকনিঃশ্বসিতকালমথাবলম্ব্য জীবন্তি লোমবিলজা জগদণ্ডনাথাঃ। বিষ্ণুর্মহান্ স ইহ যস্য কলাবিশেষো গোবিন্দমিতি। অবতারাবলীবীজত্বং পূর্ব্বয়োর্দ্বয়োর্যথাসম্ভবমনাত্র চ। গতিঃ সর্গাদিরূপোঽর্থঃ। সতু ভগবদ্দ্বেষিণামন্যেন কেনাপি কর্ম্মণা ন সম্ভবতীতি। যথোক্তং গীতাসু। তানহং দ্বিষতঃ ক্রূরান্ সংসারেষু নরাধমান্। ক্ষিপাম্যজস্রমশুভানাসুরীষ্বেব যোনিষু। আসুরীং যোনিমাপন্না মূঢ়া জন্মনি জন্মনি। মামপ্রাপ্যৈব কৌন্তেয় ততো যান্ত্যধমাং গতিমিতি। আত্মারামগণাকর্ষিত্বং শ্রীমদ্বিকুণ্ঠাসুতাদাবপি তৃতীয়স্কন্ধাদিষু প্রসিদ্ধং। কৃষ্ণে কিলাদ্ভুতা ইতি নরলীলানরত্বেনৈব তত্র-দাবির্ভাবনাৎ। কিঞ্চ। অবিচিন্ত্যেতি অবতারেতি চ স্বয়ং ভগবত্বাৎ স্বয়ং ভগবত্ত্বেঽপি জিজ্ঞাসা চেৎ কৃষ্ণসন্দর্ভো দৃশ্যঃ। কোটীতি। তানি ব্যাপ্যাপি বৈকুণ্ঠাদি ব্যাপিত্বাৎ হতেতি। মোক্ষভক্তিপর্য্যন্তগতিদাতৃত্বাদদ্ভুতত্বং জ্ঞেয়ঃ। তদেবং পরমব্যোমনাথাদীনতিক্রম্য কৃষ্ণস্যৈব বিস্ময়কারিত্বে স্থিত্বে ভবতু নাম গিরিশাদিবংশেন তত্তদ্গুণত্বং। কিন্তু সুতরামেব শ্রীকৃষ্ণানুভবিষু ন তেষাং বিস্ময়কারিত্বমিতি ব্যঞ্জিতং। যথোক্তং। যন্মর্ত্ত্যলীলৌপয়িকমিতি গোপ্যস্তপঃ কিমচরন্ যদমুষ্য রূপমিতি চ ॥ ১৬ ॥

সর্ব্বাদ্ভুতেত্যাদিকস্তূদাহরণে বিবেচনীয়ং। অতুল্যেত্যাদি দ্বয়ে ষষ্ঠান্যঃ

গণাকর্ষী, এই পাঁচ গুণ শ্রীকৃষ্ণে অদ্ভুতরূপে বিরজিত ॥ ১৬ ॥
অপর, সর্ব্বাদ্ভুত চমৎকারলীলা কল্লোল বারিধি। ১।

অতুল্যমধুরপ্রেমমণ্ডিতপ্রিয়মণ্ডলঃ।
ত্রিজগন্মানসাকর্ষী মুরলীকলকূজিতঃ।
অসমানোর্দ্ধরূপশ্রীবিস্মাপিতচরাচরঃ ॥ ১৭ ॥
লীলাপ্রেম্নাপ্রিয়াধিক্যং মাধুর্য্যে বেণুরূপয়োঃ।
ইত্যসাধারণং প্রোক্তং গোবিন্দস্য চতুষ্টয়ং ॥ ১৮ ॥
এবং গুণাশ্চতুর্ভেদা চতুঃষষ্টিরুদাহৃতাঃ।

পদার্থো বহুব্রীহিঃ ॥ ১৭ ॥
তানেব চতুরো গুণান্ সংক্ষিপ্য দর্শয়তি। লীলেতি প্রথমঃ। প্রেম্ন-প্রিয়াণামাধিক্যমিতি তাদৃশপ্রিয়জনবিরাজমানত্বমিত্যর্থঃ। তচ্চ দ্বিতীয়ে। বেণুমাধুর্য্যমিতি তৃতিয়েঃ। রূপমাধুর্য্যমিতি চতুর্থঃ। তদেবং নিরূপ্যানুভববিশেষাৎ প্রৌঢ়িবাদেনাহ ইত্য- সাধারণমিতি। তদেবমপি সিদ্ধান্তত্বক্তেদেহগী-ত্যাদৌ রসেনোৎকৃষ্যতে কৃষ্ণরূপমিতি যদুক্তং তত্তূপলক্ষণমেব জ্ঞেয়ং ॥ ১৮ ॥
চতুর্ভেদা ইতি। তত্র পঞ্চাশত্তমপর্য্যন্তঃ প্রথমঃ পঞ্চপঞ্চাশত্তমপর্য্যন্তো দ্বিতীয়ঃ ষষ্টিতমপর্য্যন্ত স্তৃতীয়ঃ চতুঃষষ্টিপর্য্যন্ত শ্চতুর্থইতি ভেদো বর্গঃ।

অতুল্য মধুর প্রেম-মণ্ডিত প্রিয়-মণ্ডল। ২। ত্রিজগন্মানসাকর্ষী মুরলীকলকূজিত। ৩। এবং অসমানোর্দ্ধরূপ শ্রীবিস্মাপিত চরাচর। ৪ ॥ ১৭ ॥
অর্থাৎ লীলা ও প্রেম-দ্বারা প্রিয়াগণের আধিক্য। বেণু-মাধুর্য্য, ও রূপ-মাধুর্য্য, গোবিন্দের এই চারিটী অসাধারণ গুণ। ১৮। উক্ত চারি গুণ সহ শ্রীকৃষ্ণের চতুঃষষ্টি গুণ ইহাদের

সোদাহরণমেতেষাং লক্ষণং ক্রিয়তে ক্রমাৎ ॥

তত্র সুরম্যাঙ্গঃ ॥

শ্লাঘ্যাঙ্গসন্নিবেশো যঃ সুরম্যাঙ্গঃ স কথ্যতে ॥ ১৯ ॥

যথা ॥

মুখং চন্দ্রাকারং করভনিভমূরুদ্বয়মিদং
ভুজৌ স্তম্ভারম্ভৌ সরসিজবরেণ্যং করযুগং।

সোদাহরণমিতি। অত্রোদাহরণানি চতুর্ভিঃ প্রমাণৈর্লব্ধানি। শাস্ত্রেণ তত্তাৎপর্য্যেণ তদনুসারিমহাজনপ্রসিদ্ধ্যা তত্তদনুসারিসম্ভবেন চ তানি পুনর্দ্বিবিধানি ভগবত্তয়া চমৎকারকরাণি মনুষ্যলীলায়া চেতি। তত্র ভগবত্ত্বেঽপি মনুষ্যলীলয়া চমৎকারকরত্বং। তথাপি মর্ত্ত্যানুবিধস্য বর্ণ্যত ইতি প্রপঞ্চ-নিষ্প্রপঞ্চোঽপীত্যাদন্যায়েন চ। যথৈব বর্ণিতং পৃথিব্যা সত্যং শৌচমিত্যাদিনা। যথা চাত্রৈব দশম্যিষ্যতে। পশ্য বিন্ধ্যগিরিতোঽপিগরিষ্ঠমিত্যাদিভিঃ ॥ ১৯ ॥

মুখমিতি যদ্যপি পূর্ব্বানুসারেণ চন্দ্রাদয়স্তস্য দৃষ্টান্তিতা লেশমপি নার্হন্তি তথাপি সাধারণলোকানাং তদ্দ্বারা তন্মহিমপ্রবেশথামেব তে দৃষ্টান্তাস্তাঃ। যত্রতু তদন্তরঙ্গপরিকরৈরপি তাদৃশং বর্ণ্যতে তত্র সাক্ষাৎ ভগবদ্বিভূতিরূপ-

---

উদাহরণ ও লক্ষণ ক্রমশঃ প্রদর্শিত হইতেছে ॥

তন্মধ্যে সুরম্যাঙ্গ যথা ॥

প্রশংসিতরূপে অঙ্গের যে সন্নিবেশ অর্থাৎ সুগঠন তাহাকে সুরম্যাঙ্গ বলে ॥ ১৯ ॥

যথা, আহা! মুরারির কি আশ্চর্য্য মধুরিমা স্ফূর্ত্তি পাইতেছে, বদন চন্দ্রতুল্য, ঊরুদ্বয় করিশুণ্ডের ন্যায়, ভুজ

কবাটাভং বক্ষঃস্থলমবিরলং শ্রোণিফলকং
পরিক্ষামো মধ্যঃ স্ফুরতি মুরহন্তুর্মধুরিমা ॥

সর্ব্বসল্লক্ষণান্বিতঃ ॥ ২ ॥

তনৌ গুণোত্থমঙ্কোত্থমিতি সল্লক্ষণং দ্বিধা ॥

তত্র গুণোত্থং ॥

গুণোত্থং স্যাদ্ গুণৈর্যোগো রক্ততা তুঙ্গতাদিভিঃ ॥ ২০ ॥

যথা।

রাগঃ সপ্তসু হন্ত ষট্স্বপি শিশোরঙ্গেষ্বলং তুঙ্গতা

তল্লীলাপরিকরাশ্চন্দ্রাদয় এব দৃষ্টান্তিতা ইতি সর্ব্বত্র জ্ঞেয়ং। তদেতদ্ভক্তিপ্রেষ্ঠৈস্তাব তদপ্যনাদৃত্য কেবলানুবাদেনৈবাহ অবিরলমিত্যাদি। অবিরলমিতি স্থূলত্বাদি-তক্ত্বাবয়বত্বেন বিবেক্তুমশক্যমিত্যর্থঃ ॥ ২০ ॥

রাগ ইতি শ্রীমদ্ব্রজেশ্বরং প্রতি কস্যাচিৎ সবয়সো গোপস্য বাক্যমিদং

যুগল স্তম্ভ সদৃশ, করদ্বয় প্রশস্ত পদ্মসদৃশ, বক্ষঃস্থল কবাট-তুল্য বিস্তৃত নিতম্বযুগল নিবিড়, মধ্যদেশ অতিক্ষীণ ॥

সর্ব্বসল্লক্ষণান্বিত ॥ ২ ॥

শরীরে গুণোত্থ এবং অঙ্কোত্থভেদে সল্লক্ষণ দুই প্রকার হইয়া থাকে ॥

তন্মধ্যে গুণোত্থ সল্লক্ষণ যথা ॥

শরীরে উন্নতাদি গুণযোগকেই গুণোত্থ সল্লক্ষণ কহা যায় ॥

যথা—

শ্রীমান্ নন্দকে তাঁহারই কোন সমবয়স্ক গোপ কহিল

বিস্তারস্ত্রিষু খর্ব্বতা ত্রিষু তথা গম্ভীরতাচ ত্রিষু।
দৈর্ঘ্যং পঞ্চসু কিঞ্চ পঞ্চসু সখে সংপ্রেক্ষ্যতে সূক্ষ্মতা
দ্বাত্রিংশদ্বরলক্ষণঃ কথমসৌ গোপেষু সম্ভাব্যতে॥

সপ্তসু। নেত্রান্তপাদকরতলতাল্বধরৌষ্ঠজিহ্বানখেষু ষট্‌সু বক্ষঃস্কন্ধনখনাসিকা-কটিমুখেষু। ত্রিসু কটিললাটবক্ষঃসু। কেচিৎ কটিস্থানে শিরঃ পঠন্তি। পুনস্ত্রিষু গ্রীবাজঙ্ঘামেহনেষু। পুনস্ত্রিষু নাভিস্বরসত্ত্বেষু। পঞ্চসু নাসাভুজনেত্রহনুজানুষু। পুনঃ পঞ্চসু ত্বক্‌কেশলোমদন্তাঙ্গুলিপর্ব্বসু। তথৈব মহাপুরুষলক্ষণে সামুদ্রক-প্রসিদ্ধেঃ। দ্বাত্রিংশদ্বরাণি তত্তল্লক্ষণেভ্যো গোপেভ্যোঽন্যেভ্যোঽপি শ্রেষ্ঠানি

হে গোপরাজ! তোমার এই অঙ্গজের অঙ্গে যে দ্বাত্রিংশৎ সল্লক্ষণ দেখিতেছি, ইহাতে ইহাঁর গোপগৃহে জন্ম হওয়া অতীব বিস্ময়জনক বোধ হইতেছে, কারণ এই বালকের শরীরের সাত স্থানে রক্তিমা, ছয় অঙ্গে তুঙ্গতা, তিন অঙ্গে বিস্তার (পরিসর), তিন অঙ্গে খর্ব্বতা, তিন অঙ্গে গম্ভীরতা পাঁচ অঙ্গে দীর্ঘতা এবং পাঁচ স্থানে সূক্ষ্মতা অর্থাৎ নেত্র, পাদ, করতল, অধর, ওষ্ঠ, জিহ্বা ও নখ এই সাত অঙ্গে রক্তিমা। বক্ষঃ, স্কন্ধ, নখ, নাসিকা, কটি ও মুখ এই ছয় অঙ্গে তুঙ্গতা (উচ্চতা)। কটি, ললাট, ও বক্ষঃ এই তিন অঙ্গে বিস্তার। গ্রীবা, জঙ্ঘা, শিশ্ন এই তিন অঙ্গে খর্ব্বতা। নাভি, স্বর, বুদ্ধি এই তিনের গম্ভীরতা। নাসা, ভুজ, নেত্র, হনু (কপোলের পর ভাগ) ও জানু এই পাঁচ অঙ্গে দীর্ঘতা। এবং ত্বক্ (চর্ম্ম), কেশ, লোম, দন্ত, অঙ্গুলিপর্ব্ব এই পাঁচ অঙ্গে সূক্ষ্মতা। এই বত্রিশ প্রকার মহাপুরুষের লক্ষণ॥

অঙ্কোত্থং ॥

রেখাময়ং রথাঙ্গাদি স্যাদঙ্কোত্থং করাদিষু ॥ ২১ ॥

যথা।

করয়োঃ কমলং তথা রথাঙ্গং

স্ফুটরেখা ময়মাত্মজস্য পশ্য।

লক্ষণানি যস্য সঃ। গোপেষু কথমিতি ভগবদবতারাদিষপ্যেতাদৃশত্বশ্রবণাদিতি ভাবঃ ॥ ২১ ॥

করয়োরিতি কস্যাশ্চিদ্বৃদ্ধগোপ্যা বচনং। উপলক্ষণান্যেবৈতানি চিহ্নানি। পদ্মপুরাণাদিদৃষ্টান্যান্যপ্যসাধারণানি জ্ঞেয়ানি। তানিচ যথা পদ্মপুরাণে, ব্রহ্মোবাচ। শৃণু নারদ বক্ষ্যামি পাদয়োশ্চিহ্নলক্ষণং। ভগবৎকৃষ্ণরূপস্য হ্যানন্দৈকঘনস্যচ। অবতারা হ্যসংখ্যাতাঃ কথিতা মে তবাগ্রতঃ। পরং সম্যক্ প্রবক্ষ্যামি কৃষ্ণস্তু ভগবান্ স্বয়ং। দেবানাং কার্য্যসিদ্ধ্যর্থমৃষীণাঞ্চ তথৈবচ। আবির্ভূতস্তু ভগবান্ স্বানাং প্রিয়চিকীর্ষয়া। যৈরেব জ্ঞায়তে দেবো ভগবান্ ভক্তবৎসলঃ। তান্যহং বেদ নান্যোঽস্তি সত্যমেতন্ময়োদিতং। ষোড়শৈব তু চিহ্নানি ময়া দৃষ্টানি তৎপদে। দক্ষিণে চাষ্ট চিহ্নানি ইতরে সপ্ত এব চ। ধ্বজঃ পদ্মং তথা

অঙ্কোত্থ সল্লক্ষণ যথা।

হস্তাদিতে যে সকল রথাঙ্কাদি (চক্রাদি) রেখা তাহা-কেই অঙ্কোত্থ সল্লক্ষণ কহা যায় ॥ ২১ ॥

যথা।

কোন বৃদ্ধা গোপী গোপরাজকে সম্বোধন করিয়া কহি-লেন হে বল্লবেন্দ্র! তোমার এই আত্মজের করদ্বয়ে কমল ও চক্রের রেখা, তথা চরণদ্বয়ে ধ্বজ, বজ্র, অঙ্কুশ, মীন এবং

পদপল্লবয়োশ্চ বল্লবেন্দ্র-

ধ্বজবজ্রাঙ্কুশমীনপঙ্কজানি ॥ ২২ ॥

অথ রুচিরঃ ॥ ৩ ॥

সৌন্দর্য্যেন দৃগানন্দকারী রুচির উচ্যতে ॥ ২৩ ॥

যথা তৃতীয়ে।

বজ্রমঙ্কুশো যব এবচ। স্বস্তিকশ্চোর্দ্ধরেখাচ অষ্টকোণং তথৈবচ। দৃশ্যন্তে বৈষ্ণবশ্রেষ্ঠ দক্ষিণে ভগবৎপদে। সপ্তান্যানি প্রবক্ষ্যামি সাম্প্রতং বৈষ্ণবোত্তম। ইন্দ্রচাপং ত্রিকোণঞ্চ কলসং চার্দ্ধচন্দ্রকং অম্বরং মৎস্যচিহ্নঞ্চ গোষ্পদং সপ্তমং স্মৃতং। অঙ্কান্যেতানি ভো বিদ্বন্ দৃশ্যন্তে তু যদা কদা। কৃষ্ণাখ্যং তু পরং ব্রহ্ম ভুবি জাতং ন সংশয়ঃ। দ্বয়ং বাথ ত্রয়ং বাথ চত্বারঃ পঞ্চ চৈব চ। দৃশ্যন্তে বৈষ্ণবশ্রেষ্ঠ অবতারে কথঞ্চনেত্যাদি। ষোড়শঞ্চ তথা চিহ্নং শৃণু দেবর্ষিসত্তম। জম্বুফলসমাকারং দৃশ্যতে যত্র কুত্রচিদিত্যন্তং। শাস্ত্রান্তরেষু তাপন্যাগমবারাহাদিষু। শঙ্খচক্রচত্রাণি জ্ঞেয়ানি ॥ ২২ ॥

সৌন্দর্য্যেণ কান্ত্যা ॥ ২৩ ॥

বিধাতুরর্ব্বাক্ স্বতো কৌশলং তদিহ শ্রীকৃষ্ণসৌন্দর্য্যে কাৎস্ন্যেন গতং

পঙ্কজাদির চিহ্ন সকল স্পষ্টরূপে দেদীপ্যমান রহিয়াছে অবলোকন কর ॥ ২২ ॥

অথ রুচির ॥ ৩ ॥

সৌন্দর্য্যদ্বারা নয়নের যে আনন্দকারিতা, তাহাকে রুচির বলে ॥ ২৩ ॥

যথা—তৃতীয় স্কন্ধে। ২অ। ১৩ শ্লোকে ॥

ভগবান্ মনোহরমূর্ত্তি ধারণ করিয়াই ধর্ম্মপুত্র যুধিষ্ঠিরের

যদ্ধর্ম্মসূনোর্বত রাজসূয়ে
নিরীক্ষ্য দৃক্‌স্বস্ত্যয়নং ত্রিলোকঃ।
কার্ৎস্ন্যেন চাদ্যেহ গতং বিধাতু-
রর্ব্বাক্ সৃষ্টৌ কৌশলমিত্যমন্যত ॥ ২৪ ॥

যথা বা—

অষ্টানাং দনুজভিদঙ্গপঙ্কজানা-
মেকস্মিন্ কথমপি যত্র বল্লবীনাং।
লোলাক্ষিভ্রমরততিঃ পপাত তস্মা-
ন্নোত্থাতুং দ্যুতিমতি পঙ্কিলাৎ ক্ষমাসীৎ ॥

প্রবিষ্টমিত্যমনাত অন্বভূৎ। তাদৃক্‌দেশান্তর্ভূতমেতৎ সর্ব্বমিত্যর্থঃ। অমংস্তেতি পাঠস্তু লিখনভ্রমাদেব ॥ ২৪ ॥

পূর্ব্বত্র সুরম্যাঙ্গত্বমিশ্রং রুচিরত্বং বর্ণিতমিত্যপরিতোষাৎ শুদ্ধোদাহরণং

রাজসূয় যজ্ঞে গমন করিয়াছিলেন, তথায় ত্রিভুবনস্থ যে সকল লোক উপস্থিত হয়, তাহারা সেই নয়নানন্দপ্রদ রূপ নিরীক্ষণ করিয়া এই অনুমান করিয়াছিল যে, বিধাতার মনুষ্যনির্ম্মাণবিষয়ে যে নৈপুণ্য ছিল, তাহা বুঝি সমুদায় এই মূর্ত্তি নির্ম্মাণেই পরিক্ষীণ হইয়াছে ॥ ২৪ ॥

অথবা ॥

দৈত্যারি শ্রীকৃষ্ণের আটটী অঙ্গ পঙ্কজের অর্থাৎ মুখ, নেত্রযুগল, করদ্বয়, নাভি ও চরণযুগল এই অষ্টাঙ্গের মধ্যে কোনও এক অঙ্গে বল্লবীগণের চঞ্চল লোচনরূপ অলিকুল পতিত হইয়া ঐ অঙ্গদ্যুতিরূপ পঙ্ক হইতে কোনক্রমেই পুনরুত্থান করিতে সমর্থ হইতেছে না ॥

তেজসা যুক্তঃ ॥ ৪ ॥

তেজো ধাম প্রভাবশ্চেত্যুচ্যতে দ্বিবিধং বুধৈঃ ॥

তত্র ধাম ॥

তেজোরাশির্ভবেদ্ধাম ॥ ২৫ ॥

যথা—

অম্বরমণিনিকুরম্বং বিড়ম্বয়ন্নপি মরীচিকুলৈঃ।

হরিবক্ষসি রুচিনিবিড়ে মণিরাড়ুড়ুরিব স্ফুরতি ॥

প্রভাবঃ ॥

পুনরাহ যথা বেতি। অষ্টানাং মুখনেত্রযুগকরযুগনাভিচরণযুগরূপাণাং উপলক্ষণানি চৈতানি অন্যেষামঙ্গানাং ॥ ২৫ ॥

অথ তেজসা যুক্ত ॥ ৪ ॥

ধাম ও প্রভাব এই দুইকে পণ্ডিতগণ তেজ কহিয়া থাকেন ॥

তন্মধ্যে ধাম যথা ॥

তেজোরাশির নাম ধাম ॥ ২৫ ॥

যথা।

কৌস্তুভ মণিরাজ স্বীয় তেজোরাশিদ্বারা সূর্য্যসমূহকে বিড়ম্বিত করিয়া নিবিড় রুচিকর হরিবক্ষে একটী নক্ষত্রের ন্যায় প্রকাশ পাইতেছে ॥

অথ প্রভাব ॥

প্রভাবো দুষ্প্রধর্ষতা। প্রভাবঃ সর্ব্বজিৎ স্থিতিঃ ॥

যথা—

দূরতস্তমবলোক্য মাধবং
কোমলাঙ্গমপি রঙ্গমণ্ডলে।
পর্ব্বতোদ্ভট-ভুজান্তরোঽপ্যসৌ
কংসমল্লনিবহঃ স বিব্যথে ॥

বলীয়ান্ ॥ ৫ ॥

প্রাণেন মহতা পূর্ণো বলীয়ানিতি কথ্যতে ॥

যথা—

পশ্য বিন্ধ্যগিরিতোঽপি গরিষ্ঠং

অস্বরেতি। যদপ্যেতদেব তত্ত্বং তথাপি লৌকিকলীলারক্ষার্থং স্বস্য তস্যচ তেজোগোপনমপি করোতি শ্রীভগবানিতি সূর্য্যাদিতেজসামপি তত্র স্থানং

দুর্দ্ধর্ষতা ও সর্ব্বপরাজয়কারি তেজকে প্রভাব কহে ॥

যথা ॥

যাহাদের ভুজান্তর পর্ব্বতসদৃশ সেই কংসমল্লগণ, যদিচ শ্রীকৃষ্ণের অঙ্গসকল কোমল তথাপি দূর হইতে তাঁহাকে অবলোকন করিয়াই ব্যথিত হইতে লাগিলে ॥

অথ বলীয়ান্ ॥ ৫ ॥

যে ব্যক্তি অতিশয় বলবান্ তাহাকে বলীয়ান্ কহে ॥

যথা—

হে সখি! অবলোকন কর, গিরি-অপেক্ষা গরিষ্ঠ অথচ উন্নত অরিষ্টাসুরকে পুণ্ডরীকনয়ন পিণ্ডিত (মুষ্টীকৃত) ভুজ-

দৈত্যপুঙ্গবমুদগ্রমরিষ্টং।
তূলখণ্ডমিব পিণ্ডিতমারাৎ
পুণ্ডরীকনয়নো বিনুনোদ ॥

যথা বা।

বামস্তামরসাক্ষস্য ভুজদণ্ডঃ স পাতু বঃ।
ক্রীড়াকন্দুকিতাং যেন নীতো গোবর্দ্ধনো গিরিঃ ॥ ২৬ ॥

বয়সান্বিতঃ ॥ ৬ ॥

বয়সো বিবিধত্বেঽপি সর্ব্বভক্তিরসাশ্রয়ঃ।

জ্ঞেয়ং। নাহং প্রকাশঃ সর্ব্বস্য যোগমায়াসমাবৃত ইত্যাদ্যুক্তেঃ। এবমন্যত্রাপি। কৌস্তুভমণিরুড়ুরিবেতি বা পাঠঃ ॥ ২৬ ॥

বয়োঽত্র কৌমারপৌগণ্ডকৈশোরাখ্যত্রয়াত্মকং ক্রমপ্রাপ্তং জ্ঞেয়ং তেনান্বিতসদৃশতয়া লব্ধ ইতি বয়স্তত্ত্বতোর্দ্ধয়োরপি প্রাশস্ত্যমুক্তং। পশ্চাৎ সাদৃশ্যয়োস্তন্নিরিত্যাশয়ঃ। বয়স ইতি। ধর্ম্মাঃ সর্ব্বে গুণাঃ সন্ত্যস্মিন্নিতি ধর্ম্মী পূর্ণাবির্ভাব ইত্যর্থঃ। যতঃ সর্ব্বভক্তিরসাশ্রয়ঃ। অত্র সামান্যভক্তিরসে বর্ণিত ইতি

খণ্ডের ন্যায় দূরে নিক্ষেপ করিলেন ॥

যথা বা।

ওহে ভক্তবৃন্দ! পুণ্ডরীকাক্ষ শ্রীকৃষ্ণের যে বাম ভুজদণ্ড-কর্ত্তৃক গোবর্দ্ধনপর্ব্বত ক্রীড়াকন্দুকিত হইয়াছিল, সেই বাম-ভুজ তোমাদিগকে রক্ষা করুন ॥ ২৬ ॥

অথ বয়সান্বিত ॥ ৬ ॥

বয়সের কৌমার, পৌগণ্ড ও কৈশোরাদি বিবিধ প্রকার ভেদ থাকিলেও সর্ব্বভক্তিরসাশ্রয়, সর্ব্বগুণান্বিত ও নিত্য

ধর্ম্মী কিশোর এবাত্র নিত্যনানাবিলাসবান্ ॥ ২৭ ॥

যথা—

তদাত্বাভিব্যক্তীকৃততরুণিমারম্ভরভসং
স্মিতশ্রীনির্ধূতস্ফুরদমলরাকাপতিমদং ।
মনোদক্ষং পঞ্চাশুগনবকলামেদুরমিদং
মুরারের্মাধুর্য্যং মনসি মদিরাক্ষীর্মদয়তি ॥ ২৮ ॥

বিবিধাদ্ভুতভাষাবিৎ ॥ ৭ ॥

বিবিধাদ্ভুতভাষাবিৎ স প্রোক্তো যস্তু কোবিদঃ ।
নানাদেশ্যাসু ভাষাসু সংস্কৃতে প্রাকৃতেষু চ ॥ ২৯ ॥

শেষঃ ॥ ২৭ ॥

তথাপি শৃঙ্গারাখ্যস্য মহারসস্য তু পরমোদ্বোধকং তদিত্যাশয়েনাহ তদাত্বেতি । তৎকালস্তু তদাত্বং স্যাদিত্যমরঃ । ঈষদর্থে নঞাব্যয়মিতি চ ॥ ২৮ ॥

চকারঃ পশ্বাদিভাষামপি গৃহ্লাতি ॥ ২৯ ॥

নূতন বিলাসবিশিষ্ট কৈশোর বয়সই শ্রীকৃষ্ণের প্রশস্ত বয়স্ বলিয়া পরিগণিত ॥ ২৭ ॥

যথা ।

সম্প্রতি শ্রীকৃষ্ণের তারুণ্যারম্ভের বেগ অভিব্যক্ত হইয়া হাস্য শোভাদ্বারা অমল পূর্ণচন্দ্রের দর্প তিরস্কৃত করত ঈষৎ উন্নত কন্দর্পকলায় মেদুর মদিরাক্ষীদিগের অর্থাৎ স্নিগ্ধ খঞ্জনাক্ষীগণের মনোমধ্যে হর্ষ বিধান করিতেছে ॥ ২৮ ॥

অথ বিবিধাদ্ভুতভাষাবিৎ ॥ ৭ ॥

যে ব্যক্তি নানাদেশীয় ভাষা তথা সংস্কৃত, প্রাকৃত ও পশ্বাদির ভাষা সকলে সুপণ্ডিত তাহাকে বিবিধাদ্ভুত ভাষাবিৎ বলা যায় ॥ ২৯ ॥

যথা—

ব্রজযুবতিষু শৌরিঃ শৌরসেনীং সুরেন্দ্রে
প্রণতশিরসি সৌরীং ভারতীমাতনোতি।
অহহ পশুষু কীরেষ্বপ্যপভ্রংশরূপাং
কথমজনি বিদগ্ধঃ সর্ব্বভাষাবলীষু॥

সত্যবাক্যঃ॥ ৮॥

স্যান্নানৃতং বচো যস্য সত্যবাক্যঃ স ভণ্যতে॥

ব্রজযুবতিষ্বিতি। ব্রজস্থবিদগ্ধবৃদ্ধাবচনং। অত্র শৌরিরিতি প্রাগয়ং বসুদেবস্যেত্যাদি শ্রীগর্গবাক্যানুসারেণ তত্র ব্রজযুবত্যোর্মুখ্যত্বেনোপলক্ষণান্যেব। ব্রজবাসিষ্বিত্যপি জ্ঞেয়ং। শৌরসেনীং তদ্দেশ্যাং প্রাকৃতবিশেষঞ্চ। প্রায়স্তয়োরৈক্যাৎ। সৌরীং দৈবীং সংস্কৃতরূপাং। পশুষু গোমহিষ্যাদিষু। কীরেষু কাশ্মীরদেশীয়মনুষ্যেষু শুকেষু চ অপভ্রংশরূপাং পৈশাচিকাখ্যপ্রাকৃতবিশেষতত্তদ্ভাষাং যথাসম্ভবং॥ ৩০॥

যথা॥

কোন ব্রজস্থ বিদগ্ধ বৃদ্ধা গোপী কহিলেন, কি আশ্চর্য্য! শৌরি শ্রীকৃষ্ণ ব্রজযুবতিগণে শৌরসেনী (প্রাকৃত), প্রণত দেববৃন্দে সংস্কৃত, গোমহিষ্যাদি পশু তথা কাশ্মীরদেশীয় মনুষ্য সকলে ও শুক প্রভৃতি পক্ষিবৃন্দে অপভ্রংশরূপ পৈশাচী প্রাকৃতভাষা সকল বিস্তার করিতেছেন, অতএব হে গোপীগণ! সর্ব্ব প্রকার ভাষায় শ্রীকৃষ্ণ কি প্রকারে বিদগ্ধ হইলেন॥

সত্যবাক্য॥ ৮॥

যাহার বাক্য মিথ্যা হয় না, তাঁহাকে সত্যবাক্য বলিয়া কীর্ত্তন করা যায়॥

যথা ॥

পৃথে তনয়পঞ্চকং প্রকটমর্পয়িষ্যামি তে
রণাদ্বরিতমিত্যভূত্তব যথার্থমেবোদিতং।
রবির্ভবতি শীতলঃ কুমুদবন্ধুরপ্যুজ্জ্বল—
স্তথাপি ন মুরান্তক ব্যভিচরিষ্ণুরুক্তিস্তব ॥ ৩০ ॥

যথা বা ॥

গূঢ়োঽপি বেশেন মহীসুরস্য
হরির্যথার্থং মগধেন্দ্রমূচে।
সংসৃষ্টমাভ্যাং সহ পাণ্ডবাভ্যাং
মাং বিদ্ধি কৃষ্ণং ভবতঃ সপত্নং ॥

বক্ষ্যমাণসত্যপ্রতিজ্ঞত্বেন পৌনরুক্ত্যমাশঙ্ক্যাহ যথাবেতি। সংসৃষ্টং মিলি-

---

যথা ॥

"হে পৃথে! (কুন্তি!) তোমার এইটী তনয় রণক্ষেত্র হইতে প্রত্যানয়নপূর্ব্বক তোমাকে অর্পণ করিব," হে মুরান্তক! তোমার এই বাক্য যথার্থ হইল, কেন না রবি যদি শীতল হয়েন ও কুমুদবন্ধু (চন্দ্র) যদি উষ্ণ হয়েন তথাচ কখন তোমার বাক্যের ব্যভিচার হয় না ॥ ৩০ ॥

যথা বা ॥

শ্রীকৃষ্ণ ব্রাহ্মণবেশে গূঢ় হইয়াও জরাসন্ধকে যথার্থই কহিয়াছিলেন হে মগধেন্দ্র! এই দুই জন পাণ্ডবের সহিত আমি তোমার সেই চিরশক্র কৃষ্ণ, অবগত হও ॥

প্রিয়ম্বদঃ ॥ ৯ ॥

জনে কৃতাপরাধেঽপি সান্ত্ববাদী প্রিয়ম্বদঃ ॥ ৩১ ॥

যথা ॥

কৃতব্যলীকেঽপি ন কুণ্ডলীন্দ্র।
ত্বয়া বিধেয়া ময়ি দোষদৃষ্টিঃ।
প্রবাস্যমানোঽসি সুরার্চ্চিতানাং
পরং হিতায়াদ্য গবাং কুলস্য ॥ ৩২ ॥

বাবদূকঃ ॥ ১০ ॥

শ্রুতিপ্রেষ্ঠোক্তিরখিলবাক্গুণান্বিতবাগপি।

তং ॥ ৩১ ॥

পীড়াথেঽপি ব্যলীকং স্যাদিত্যমরঃ ॥ ৩২ ॥

শ্রুতীতি। শব্দমাধুরী দর্শিতা অখিলেত্যর্থপরিপাটী ॥ ৩৩ ॥

প্রিয়ম্বদ ॥ ৯ ॥

অপরাধিজনের প্রতিও যিনি সান্ত্বনা বাক্য প্রয়োগ করেন তাহাকে প্রিয়ম্বদ বলা যায় ॥ ৩১ ॥

যথা।

শ্রীকৃষ্ণ কালিয় নাগকে কহিলেন হে কুণ্ডলীন্দ্র! আমি তোমাকে পীড়া প্রদান করিলেও তুমি আমার প্রতি দোষ দৃষ্টি করিও না, কারণ অমরার্চ্চিত গোসকলের পরম হিতাভিলাষী হইয়াই তোমাকে উদ্বাসন করিলাম ॥ ৩২ ॥

বাবদূক ॥ ১০ ॥

শ্রবণপ্রিয় ও অখিল গুণান্বিত অর্থাৎ অর্থ-পরিপাটী-যুক্ত

ইতি দ্বিধা নিগদিতো বাবদূকো মনীষিভিঃ ॥ ৩৩ ॥

তত্রাদ্যো যথা—

অশ্লিষ্টকোমলপদাবলিমঞ্জুলেন
প্রত্যক্ষরক্ষরদমন্দসুধারসেন।
সখ্যঃ সমস্তজনকর্ণরসায়নেন
নাহারি কস্য হৃদয়ং হরিভাষিতেন ? ॥ ৩৪ ॥

দ্বিতীয়ো যথা—

অশ্লিষ্টেত্যাদিকং ব্রজেন্দ্রগোষ্ঠীষু মহেন্দ্রমখভঙ্গার্থং শ্রীহরিবচনহৃতমনস্কায়াঃ কস্যাশ্চিদ্বন্দিজনাঙ্গনায়াঃ স্বসখীঃ প্রতি বচনং। তত্রাশ্লিষ্টেত্যুচ্চারণমাধুরী। প্রত্যক্ষরেতি বর্ণবিশেষবিন্যাসমাধুরী সমস্তেতি স্বরমাধুরী ॥ ৩৪ ॥

প্রতিবাদিত্যাদিকং শ্রীমদুদ্ধববাক্যং। অত্র প্রতিবাদীত্যুপন্যাসপরিপাটী।

এই দুই প্রকার বাক্যকে পণ্ডিতগণ বাবদূক বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥ ৩৩ ॥

তন্মধ্যে শ্রবণপ্রিয় বাক্য যথা ॥

ব্রজরাজ সভামধ্যে শ্রীকৃষ্ণকে ইন্দ্রমখ ভঙ্গ প্রস্তাবার্থ বিবিধ প্রকার বাক্য প্রয়োগ করিবে তত্রত্য কোন বন্দিজনের স্ত্রী ঐ বাক্যদ্বারা হৃতমনা হইয়া আপনার সখীদিগকে কহিল হে সখীবৃন্দ ! অদ্য গোপসভামধ্যে শ্রীকৃষ্ণ সুস্পষ্ট কোমল পদাবলীদ্বারা যাহা মনোজ্ঞ, তথা প্রত্যক্ষরে অমন্দরূপে সুধা-স্রাবি ও সমস্ত জন গণের কর্ণ রসায়ন যে বাক্য প্রয়োগ করি-লেন, তদ্দ্বারা কাহার হৃদয় অপহৃত না হয় ? ॥ ৩৪ ॥

দ্বিতীয় অর্থাৎ অখিলগুণান্বিত বাক্য যথা ॥

প্রতিবাদিচিত্তপরিবৃত্তিপটু-
র্জগদেকসংশয়বিমর্দ্দকরী।
প্রমিতাক্ষরাদ্য বিবিধার্থময়ী
হরিবাগিয়ং মম ধিনোতি ধিয়ং ॥ ৩৫ ॥

স্বপাণ্ডিত্যঃ ॥ ১১ ॥

বিদ্বান্নীতিজ্ঞ ইত্যেষ স্বপাণ্ডিত্যো দ্বিধা মতঃ।
বিদ্বানখিলবিদ্যাবিন্নীতিজ্ঞস্তু যথার্হকৃৎ ॥ ৩৬ ॥

তত্র্যাদ্যো যথা ॥

জগদিতি যুক্তিপরিপাটী। প্রকর্ষেণ মিতানি অব্যর্থানি সপ্রমাণানি বা অক্ষরাণি যস্যামিতি যাথার্থ্যপরিপাটী। বিবিধঃ নানোপহাসসমাধানবিচিত্রোঽর্থো যস্যাং সেতি প্রতিভাপরিপাটী দর্শিতা ॥ ৩৫ ॥

অখিলবিদ্যাবিদিতি শাস্ত্রীয়জ্ঞানমাত্রমুক্তং। যথার্হকৃদিতি। তত্রাপি কর্ত্ত-ব্যেষু নিশ্চয়জ্ঞানং দর্শিতং ॥ ৩৬ ॥

উদ্ধব কহিলেন, যাহা প্রতিবাদিগণের চিত্ত পরিবর্ত্তন করণে পটু, যাহা জগতের অশেষ সংশয়চ্ছেদনকারী এবং যাহা পরি-মিতাক্ষর ও বিবিধ অর্থশালী সেই হরিবাক্য আমার অন্তঃ-করণকে অতিশয়রূপে সুখ প্রদান করিতেছে ॥ ৩৫ ॥

অথ স্বপাণ্ডিত্য ॥ ১১ ॥

স্বপাণ্ডিত্য নায়ক দুইপ্রকার বিদ্বান্ এবং নীতিজ্ঞ। অখিলবিদ্যাবিদ্‌কে বিদ্বান্ ও যথাযোগ্য কর্ম্মকারিকে নীতিজ্ঞ কহে ॥ ৩৬ ॥

তন্মধ্যে বিদ্বান্ যথা ॥

যং সুষ্ঠু পূর্ব্বং পরিচর্য্য গৌরবাৎ
পিতামহাদ্যম্বুধরৈঃ প্রবর্ত্তিতাঃ।
কৃষ্ণার্ণবং কাশ্যগুরুক্ষমাভৃত-
স্তমেব বিদ্যাসরিতঃ প্রপেদিরে ॥ ৩৭ ॥

যথা বা ॥

আম্নায়প্রথিতান্বয়া স্মৃতিমতী বাঢ়ং ষড়ঙ্গোজ্জ্বলা
ন্যায়েনানুগতা পুরাণসুহৃদা মীমাংসয়া মণ্ডিতা।

যং সুষ্ঠ্বিতি শ্রীনারদবাক্যং কাশ্যঃ মথুরবংশবৎ। কাশীদেশীয়োদ্ভব সান্দীপনিঃ ॥ ৩৭ ॥

আম্নায়েতি সিদ্ধচারণাদীনাং স্তুতিঃ। বিদ্যাপক্ষে আম্নায়ৈশ্চতুর্ভির্ব্বেদৈঃ। প্রথিতো বিস্তারিতোঽন্বয়ো ব্যুৎপত্তির্যস্যাঃ। স্মৃতির্মন্বাদিঃ। শিক্ষা কল্পো ব্যাকরণং জ্যোতিষং ছন্দ এবচ। নিরুক্তঞ্চ নিরুক্তানি ষড়ঙ্গানি মনীষিভিঃ ‡। ন্যায়স্তর্কশাস্ত্রং। পুরাণং শ্রীভাগবতাদি। মীমাংসা পূর্ব্বোত্তররূপা। তদেতদত্র-

---

নারদ কহিলেন, পূর্ব্বে ব্রহ্মাপ্রভৃতিরূপ মেঘগণ সগৌরবে পরিচর্য্যা দ্বারা যে কৃষ্ণার্ণব হইতে বিদ্যাসরিৎ প্রবর্ত্তিত করিয়াছিলেন, সেই সকল বিদ্যানদী এক্ষণে সান্দীপনি রূপ পর্ব্বত হইতে পুনরায় কৃষ্ণার্ণবে পতিত হইল ॥ ৩৭ ॥

অথবা ॥

সিদ্ধ ও চারণগণ স্তুতিপূর্ব্বক কহিলেন, হে গোবিন্দ! যাঁহার চারি বেদে বিস্তৃত বুদ্ধি, যিনি মন্বাদিস্মৃতিশাস্ত্রে মতি-শালিনী, যিনি ষড়ঙ্গে অর্থাৎ শিক্ষা, কল্প, ব্যাকরণ জ্যোতিষ,

---

‡ ছন্দোঽনুষ্টুবাদিপ্রতিপাদনং। শ্রৌতপ্রতিপাদনপরঃ কল্পঃ। শিক্ষা বর্ণনির্ণয়াত্মিকা। নিরুক্তং অপূর্ব্বার্থপ্রতিপাদকং। ব্যাকরণঞ্চ সুশব্দস্বরাদিপ্রতিপাদকং। জ্যোতিষং অধ্যয়নতদনুষ্ঠানকালনির্ণায়কং ॥

ত্বাং লব্ধাবসরা চিরাদ্গুরুকুলে প্রেক্ষ্য স্বসঙ্গার্থিনং
বিদ্যানামবধূশ্চতুর্দ্দশ গুণা গোবিন্দ শুশ্রূষতে ॥ ৩৮ ॥

দ্বিতীয়ো যথা ॥

মৃত্যুস্তস্করমণ্ডলে সুকৃতিনাং বৃন্দে বসন্তানিলঃ
কন্দর্পো রমণীষু দুর্গতকুলে কল্যাণকল্পদ্রুমঃ।

সারেণ চতুর্দ্দশ গুণাঃ অঙ্গানি বেদাশ্চত্বারো মীমাংসা ন্যায়বিস্তরঃ। ধর্ম্মশাস্ত্রং পুরাণঞ্চ বিদ্যা হ্যেতাশ্চতুর্দ্দশ ইতি প্রমাণপ্রাপ্তাঃ। বধূপক্ষে। আম্নায়ঃ সৎকুলত্বং। অন্বয়ো বংশঃ। স্মৃতির্মেধা। ষড়ঙ্গানি শিরোমধ্যভাগৌ হস্তপাদৌ চেতি ন্যায়ো নীতিঃ। পুরাণা বৃদ্ধাঃ সুহৃদঃ সহায়া যস্যাং তয়া মীমাংসয়া বিচারেণ মণ্ডিতা। গুরবস্ত্র পিত্রাদিঃ। সৎকুলে বর্ত্তমানমিত্যর্থঃ। চতুর্দ্দশ তাবদ্বিদ্যাত্মিকা গুণা যস্যা ইতি ॥ ৩৮ ॥

মধুপুরীং নিত্যা মধুনাং পতিরিত্যেব পাঠোঽত্র যোগ্যঃ। মহারাজ্যোচিতা-বর্ণনাৎ। অত্র মধুপুরীমিতি পুরদ্বয়স্যোপলক্ষণত্বেন দ্বারকাপি মধুনাং পুরী

ছন্দ ও নিরুক্ত এই ছয় অঙ্গে উজ্জ্বলা, যিনি ন্যায় অর্থাৎ তর্কশাস্ত্রের অনুগামিনী, যাঁহার পুরাণ শাস্ত্রই সুহৃদ্ এবং যিনি মীমাংসাশাস্ত্রে ভূষিতা সেই চতুর্দ্দশগুণশালিনী বিদ্যাবধূ অবসরলাভপূর্ব্বক গুরুকুলে তোমাকে স্বীয় সঙ্গার্থি দেখিয়া শুশ্রূষা করিয়াছেন ॥ ৩৮ ॥

নীতিজ্ঞ যথা ॥

ব্রজেন্দ্রনন্দন তস্করমণ্ডলে মৃত্যুরূপ, পুণ্যবান্ জনসমূহে বসন্তানীল সদৃশ, রমণীবৃন্দে কন্দর্প তুল্য, দরিদ্রকুলে কল্যাণ কল্পবৃক্ষ সম, বন্ধুবর্গে চন্দ্রস্বরূপ ও বিপক্ষপক্ষে কালাগ্নি

ইন্দুর্বন্ধুগণে বিপক্ষপটলে কালাগ্নিরুদ্রাকৃতিঃ
শাস্তি স্বস্তিধুরন্ধরো ব্রজপুরীং নীত্যা ব্রজেন্দ্রাত্মজঃ॥

বুদ্ধিমান্ ॥ ১২ ॥

মেধাবী সূক্ষ্মধীশ্চেতি প্রোচ্যতে বুদ্ধিমান্ দ্বিধা ॥ ৩৯ ॥

তত্র মেধাবী যথা ॥

অবন্তিপুরবাসিনঃ সদনমেত্য সান্দীপনে-
র্গুরোর্জগতি দর্শয়ন্ সময়মত্র বিদ্যার্থিনাং ;
সকৃন্নিগদমাত্রতঃ সকলমেব বিদ্যাকুলং
দধৌ হৃদয়মন্দিরে কিমপি চিত্রবন্মাধবঃ ॥ ৪০ ॥

ভবতীতি যোগবৃত্ত্যা বা দ্বারকাপি জ্ঞেয়া ॥ ৩৯॥
সময়মাচারং দর্শয়ন্ শিক্ষয়ন্। সময়াঃ সপথাচারকালসিদ্ধান্তসম্বিদ ইতি অমরনানার্থবর্গাৎ ॥ ৪০ ॥

রুদ্রসম হইয়া নীতিদ্বারা ব্রজপুরী শাসন করিতেছেন ॥

অথ বুদ্ধিমান্ ॥ ১২ ॥

বুদ্ধিমান্ দুই প্রকার, মেধাবী এবং সূক্ষ্মবুদ্ধি ॥ ৩৯ ॥

তন্মধ্যে মেধাবী যথা ॥

শ্রীকৃষ্ণ অবন্তিপুরবাসি সান্দীপনি গুরুর গৃহে গমনপূর্ব্বক জগতীতলে সমুদায় বিদ্যার্থিগণকে আচার দেখাইবার জন্য গুরুর নিকট হইতে একবার মাত্র উপদিষ্ট হইয়াই নিখিল বিদ্যাকে হৃদয়মন্দিরে ধারণ করিয়া আশ্চর্য্য প্রদর্শন করাইতে লাগিলেন ॥ ৪০ ॥

সূক্ষ্মধীর্যথা ॥

যদুভিরয়মবধ্যো ম্লেচ্ছরাজস্তদেনং
তরলতমসি তস্মিন্ বিদ্রবন্নেব নেষ্যে।
সুখময়নিজনিদ্রাভঞ্জনধ্বংসিদৃষ্টি-
র্ঝর্শ্নমুচি মুচুকুন্দঃ কন্দরে যত্র শেতে ॥

প্রতিভান্বিতঃ ॥ ১৩ ॥

সদ্যো নবনবোল্লেখিজ্ঞানঃ স্যাৎ প্রতিভান্বিতঃ।

যথা পদ্যাবল্যাং ॥

কথম্ভূতে তরলং ভাস্বরং বস্ত্বন্তরাচ্ছাদকপ্রকাশং তমো যত্র তাদৃশে। মৎ-

---

সূক্ষ্মধীর্যথা ॥

ম্লেচ্ছরাজকে মথুরাপুরী অবরোধ করিতে দেখিয়া শ্রীকৃষ্ণ মনোমধ্যে বিবেচনা করিলেন, এত যদুগণের অবধ্য, কোন উপায়দ্বারা ইহাকে বিনাশ করা উচিত, মুচুকুন্দ যে অন্ধকার পর্ব্বতকন্দরে নিদ্রিত আছেন, ইহাকে তথায় লইয়া গিয়া ইহার দ্বারা তাঁহার নিদ্রা ভঙ্গ করি, তাহা হইলে ঐ মুচুকুন্দের দৃষ্টিমাত্রেই এ যবন ভস্মীভূত হইবে, অতএব পলায়নপূর্ব্বক তথায় লইয়া যাই ॥

প্রতিভান্বিত ॥ ১৩ ॥

সদ্যই নব নব উল্লেখকারিজ্ঞানশালিকে প্রতিভান্বিত কহে অর্থাৎ কোন প্রস্তাব উপস্থিত হইলে তৎক্ষণাৎ তাহাতে নূতন নূতন উত্তর প্রদান করার নাম প্রতিভা ॥

যথা পদ্যাবলীতে ॥

বাসঃ সম্প্রতি কেশব ক্ব ভবতো মুগ্ধেক্ষণে নম্বিদং
বাসং ব্রূহি শঠ প্রকামসুভগে ত্বদ্‌গাত্রসংসর্গতঃ।
যামিন্যামুষিতঃ ক্ব ধূর্ত্ত বিতনুর্মুষ্ণাতি কিং যামিনী-

প্রবেশমাত্রেণ চঞ্চলীভূততমসীতি বার্থঃ। তরলশ্চঞ্চলে খড়্গে হারমধ্যমণাবপি ভাস্বরে ইতি বিশ্বঃ। ঝরমুচীতি নিদ্রাসৌখ্যসামগ্রীণামুপলক্ষণং। তাশ্চ তদীয়-যোগপ্রভাবাদ্যথাবসরমেব জায়ন্ত ইতি জ্ঞেয়ং কিন্তু নেত্রস্য সূক্ষ্মদর্শিত্ববদ্বুদ্ধেরপি সূক্ষ্মবিচারিত্বং জ্ঞাপিতং তেন চ সহ মান্যাপরামৃশ্যো বস্তুনি প্রবেশিবুদ্ধিত্বং সূক্ষ্মধীত্বমুদাহৃতং ॥ ৪১ ॥

এক দিবস প্রাতঃকালে শ্রীকৃষ্ণ শ্রীরাধার নিকট আগমন করিলে শ্রীরাধা জিজ্ঞাসা করিলেন হে কেশব! সম্প্রতি তোমার বাস (বস্ত্র) কোথায়, এই প্রশ্নে শ্রীকৃষ্ণ বাসশব্দের বস্ত্রার্থ পরিত্যাগ করিয়া বসতি সম্ভাবনায় উত্তর করিলেন, হে মুগ্ধে! তোমার ঈক্ষণে অর্থাৎ ত্বদীয় নেত্রে আমার বাস, পুনরায় শ্রীরাধা কহিলেন, হে শঠ! আমি তোমার বসতির কথা জিজ্ঞাসা করি নাই, তোমার বাস অর্থাৎ বস্ত্র কোথায়? তাহাতেও শ্রীকৃষ্ণ বাস শব্দের গন্ধার্থ উল্লেখ করিয়া কহিলেন হে সুভগে! তোমার গাত্র সংসর্গ নিমিত্ত এই বাস (গন্ধ) হইয়াছে, পুনশ্চ শ্রীরাধা জিজ্ঞাসা করিলেন, হে ধূর্ত্ত! কোথায় "যামিন্যামুষিতঃ" অর্থাৎ যামিনী যাপন করিলা শ্রীকৃষ্ণ "যামিন্যা, মুষিত" এই দুই পদ ভিন্ন করিয়া উত্তর করিলেন, প্রিয়ে! তনুহীন যামিনী কি কখন হরণ করিতে পারে, এই রূপ ছলপূর্ব্বক গোপবধূকে পরিহাসকারী শ্রীকৃষ্ণ চিরকাল

ত্ত্যেবং গোপবধূং ছলৈঃ পরিহসন্ কৃষ্ণশ্চিরং পাতু বঃ ॥

বিদগ্ধঃ ॥ ১৪ ॥

কলাবিলাসদিগ্ধাত্মা বিদগ্ধ ইতি কীর্ত্ত্যতে ॥

যথা ॥

গীতং গুম্ফতি তাণ্ডবং ঘটয়তি ব্রূতে প্রহেলীক্রমং
বেণুং বাদয়তে স্রজং বিরচয়ত্যালেখ্যমভ্যস্যতি।
নির্ম্মাতি স্বয়মিন্দ্রজালপটলীং দ্যূতে জয়ত্যুন্মনান্।
পশ্যোদ্দামকলাবিলাসবসতিশ্চিত্রং হরিঃ ক্রীড়তি ॥

চতুরঃ ॥ ১৫ ॥

চতুরো যুগপদ্ভূরিসমাধানকৃদুচ্যতে ॥ ৪১ ॥

যথা ॥

তোমাদিগকে রক্ষা করুন ॥

বিদগ্ধ ॥ ১৪ ॥

শিল্প বিলাসাদিতে যুক্তচিত্ত ব্যক্তির নাম বিদগ্ধ।

যথা ॥

সখি! সন্দর্শন কর, শ্রীকৃষ্ণ, গীতনির্ম্মাণ তাণ্ডব- (নৃত্য)-রচনা, প্রহেলীকথণ, বেণুবাদন, মালাগ্রন্থন, চিত্র কর্ম্ম অভ্যাস স্বয়ং ইন্দ্রজাল সকল নির্ম্মাণ এবং উন্মত্ত ব্যক্তিদিগকে দ্যূতে পরাজয় করত অতিশয় শিল্পকলার বসতিস্থল হইয়া আশ্চর্য্য রূপে ক্রীড়া করিতেছেন ॥

অথ চতুর ॥ ১৫ ॥

এক কালে অনেক কার্য্যের সমাধান কারিকে চতুর কহে ॥

যথা ॥

পারাবতীবিরচনেন গবাং কলাপং
গোপাঙ্গনাগণমপাঙ্গতরঙ্গিতেন।
মিত্রাণি চিত্রতরসঙ্গরবিক্রমেণ
ধিন্বন্নরিষ্টভয়দেন হরির্বিরেজে॥

দক্ষঃ॥ ১৬॥

দুষ্করে ক্ষিপ্রকারী যস্তং দক্ষং পরিচক্ষতে।

যথা শ্রীদশমে॥

যানি যোধৈঃ প্রযুক্তানি শস্ত্রাণি চ কুরূদ্বহ।
হরিস্তান্যচ্ছিনত্তীক্ষ্ণৈঃ শরৈরেকৈকশস্ত্রিভিঃ॥ ৪২॥

পারাবতী গোপগীতিঃ। অরিষ্টভয়দেনেতি সর্ব্বত্র যোজ্যং॥ ৪২॥

সখি! শ্রীকৃষ্ণের আশ্চর্য্য লীলা সন্দর্শন কর, গোপজাতীয় গীতিরচনাদ্বারা গাভীবৃন্দকে, অপাঙ্গভঙ্গীদ্বারা গোপাঙ্গনাগণকে এবং অরিষ্টভয়প্রদ বিচিত্র যুদ্ধ বিক্রমদ্বারা সখীগণকে এক কালীন সুখ প্রদান করত হরি অতিশয়রূপে বিরাজ করিতেছেন॥ ৪১॥

অথ দক্ষ॥ ১৬॥

যে ব্যক্তি দুঃসাধ্য কার্য্য শীঘ্র সম্পাদিত করিতে পারে তাহাকে দক্ষ বলে॥

যথা দশমে ৫৯ অধ্যায়ে ১৩ শ্লোকে॥

শুকদেব কহিলেন, হে কৌরব্য! যোদ্ধৃগণ যে সকল অস্ত্র শস্ত্র নিক্ষিপ্ত করিয়াছিল, শ্রীকৃষ্ণ তীক্ষ্ণশরদ্বারা এক এক করিয়া তৎসমুদয় ছেদন করিলেন॥ ৪২॥

যথা বা ॥

অঘহর কুরু যুগ্মীভূয় নৃত্যং ময়ৈব
ত্বমিতি নিখিলগোপীপ্রার্থনাপূর্ত্তিকামঃ ।
অতনুত গতিলীলালাঘবোর্ম্মিং তথাসৌ
দদৃশুরধিকমেতাস্তং যথা স্বস্বপার্শ্বে ॥

কৃতজ্ঞঃ ॥ ১৭ ॥

কৃতজ্ঞঃ স্যাদভিজ্ঞো যঃ কৃতসেবাদিকর্ম্মণাং ।

যথা মহাভারতে ॥

ঋণমেতং প্রবৃদ্ধং মে হৃদয়েনাপসর্পতি ।

অধিকমতার্থং নিঃসংশয়ং যথা স্যাত্তথা দদৃশুঃ ॥ ৪৩॥

হে অঘহর ! "আমার সহিত যুগল হইয়া নৃত্য কর" এই রূপে প্রত্যেক গোপী প্রার্থনা করিলে শ্রীকৃষ্ণ তাঁহাদের কামনাপূরণার্থ এমত গতি লীলার ক্ষিপ্রতা বিস্তার করিয়াছিলেন যে, তাহাতে ঐ সকল গোপী স্বস্বপার্শ্বেই শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়াছিলেন ॥

কৃতজ্ঞ ॥ ১৭ ॥

কৃত সেবাদি কর্ম্মসকলের অভিজ্ঞ অর্থাৎ এ ব্যক্তি আমার এই প্রকার সেবা করিয়াছে, ইহা যিনি জানেন তাঁহাকে কৃতজ্ঞ বলা যায় ॥

যথা মহাভারতে ॥

শ্রীকৃষ্ণ কহিলেন, আমি দূরবর্ত্তী থাকাতে দ্রৌপদী যে

যদ্গোবিন্দেতি চুক্রোশ কৃষ্ণা মাং দূরবাসিনং ॥ ৪৩ ॥

যথা বা ॥

অনুগতিমতিপূর্ব্বাং চিন্তয়ন্নৃক্ষমৌলে-
রকুরুত বহুমানং শৌরিরাদায় কন্যাং।
কথমপি কৃতমল্পং বিস্ময়ন্নেব সাধুঃ
কিমুত স খলু সাধুশ্রেণিচূড়াগ্ররত্নং ॥

সুদৃঢ়ব্রতঃ ॥ ১৮ ॥

প্রতিজ্ঞানিয়মৌ যস্য সত্যৌ স সুদৃঢ়ব্রতঃ ॥ ৪৪ ॥

অনুগতিমিত্যত্রাতিপূর্ব্বমিতি সাম্প্রতং মহাপরাধমপ্যচিন্তয়ন্নিতি ধ্বনার্থঃ ॥ ৪৪ ॥

হে "গোবিন্দ"! এই বলিয়া উচ্চস্বরে আমাকে আহ্বান করিয়াছিলেন, এই ঋণ আমার হৃদয়ে বৃদ্ধি পাইতেছে, কোন ক্রমে ক্ষীণ হইতেছে না ॥ ৪৩ ॥

যথা বা।

শ্রীকৃষ্ণ জাম্ববানের অতি পূর্ব্বকালীন সেবা স্মরণ করিয়া তদীয় কন্যার পাণিগ্রহণপূর্ব্বক ঐ ঋক্ষরাজকে বহুবিধ সম্মান করিলেন, কারণ সাধুজনের অত্যল্প সেবা করিলে তাহা যখন তাঁহারা বিস্মৃত হয়েন না, তখন সাধুশ্রেণীর চূড়ারত্ন শ্রীকৃষ্ণ জাম্ববানের ঐ সেবা কি প্রকারে বিস্মৃত হইবেন ॥

সুদৃঢ় ব্রত ॥

প্রতিজ্ঞা ও নিয়ম এই দুইটী যাহার সত্য হয় তাহাকে সুদৃঢ় ব্রত কহে ॥ ৪৪ ॥

তত্র সত্যপ্রতিজ্ঞো যথা।

হরিবংশে ॥

ন দেবগন্ধর্ব্বগণা ন রাক্ষসা

নচাসুরা নৈবচ যক্ষপন্নগাঃ।

মম প্রতিজ্ঞামপহন্তুমুদ্যতা

মুনে সমর্থাঃ খলু সত্যমস্তু তে ॥ ৪৫ ॥

যথা বা ॥

সখে সমাখণ্ডলপাণ্ডুপুত্রৌ

বিধায় কংসারিরপারিজাতৌ।

মুনে হে নারদ! সত্যং শপথতথ্যয়োরিত্যমরঃ ॥ ৪৫ ॥

ইন্দ্রপক্ষে অপারিজাতত্বং পারিজাতরাহিত্যং। পাণ্ডবপক্ষে অপগতশত্রুসমূহত্বং। সুখমিতি। অত্র। ত্রিষু দ্রব্যে পাপং পুণ্যং সুখাদি চেত্যমরকোষাৎ। সুখমহমস্বাপ্সমিত্যাদৌ ক্রিয়ায়াস্তলাধিকরণত্বাদ্ধর্ম্মিপরত্বেনাপি সুখশব্দস্য

তন্মধ্যে সত্যপ্রতিজ্ঞ যথা হরিবংশে ॥

পারিজাতহরণে শ্রীকৃষ্ণ নারদকে কহিলেন, হে দেবর্ষে! কি দেব, কি গন্ধর্ব্ব, কি নাগ, কি রাক্ষস, কি অসুর, কি যক্ষ, কি পন্নগ, ইহারা সকলেই আমার প্রতিজ্ঞা বিনষ্ট করিতে উদ্যত হইয়াছিল, কিন্তু কেহই সমর্থ হয় নাই, অতএব তোমার নিকট আমার এই প্রতিজ্ঞা সত্যই জানিবে ॥ ৪৫ ॥

যথা বা ॥

শ্রীকৃষ্ণ স্বীয়প্রতিজ্ঞা সফলার্থ ইন্দ্র ও অর্জ্জুন এই দুই জনকে অবলীলা ক্রমে অপারিজাত বিধান করিয়া অর্থাৎ

নিজপ্রতিজ্ঞাং সফলাং দধানঃ
সত্যাঞ্চ কৃষ্ণাঞ্চ সুখামকার্ষীৎ ॥ ৪৬ ॥

সত্যনিয়মো যথা ॥

গিরেরুদ্ধরণং কৃষ্ণ দুষ্করং কর্ম্ম কুর্ব্বতা।
মদ্ভক্তঃ স্যান্ন দুঃখীতি স্বব্রতং বিবৃতং ত্বয়া ॥ ৪৭ ॥

দেশকালসুপাত্রজ্ঞঃ ॥ ১৯ ॥

দেশকালসুপাত্রজ্ঞঃ তত্তদ্যোগ্যক্রিয়াকৃতী ॥ ৪৮ ॥

দৃষ্টত্বাৎ। তচ্চার্শাদিত্বান্মত্বর্থীয়স্তবাৎ ॥ ৪৬ ॥

সত্যনিয়ম ইতি সর্ব্বদাতনত্বাৎ কাচিৎক্যাঃ প্রতিজ্ঞায়া ভিদাতেঽসৌ। গিরেরুদ্ধরণমিতি মহেন্দ্রবাক্যং ॥ ৪৭ ॥

দেশকালসুপাত্রজ্ঞ ইতি দেশকালগ্রহণং পাত্রার্থমেব কৃতং। অতঃ পাত্রস্যৈবাত্র প্রাধান্যং বিবক্ষিতং। যতস্তাদৃশপাত্রাভাবে দেশকালয়োরপ্যকিঞ্চিৎকরত্বমভিপ্রেতং। অতঃ সুশব্দোঽপাত্রৈব কৃতঃ। অতঃ সমুদায়স্যাপেক্ষিতত্বাদেক এব

ইন্দ্রকে পারিজাতশূন্য ও অর্জ্জুনকে অরিশূন্য করিয়া সত্যভামা ও দ্রৌপদীর সুখ বিস্তার করিয়াছিলেন ॥ ৪৬ ॥

সত্যনিয়ম যথা ॥ ১৯ ॥

দেবরাজ কহিলেন, হে কৃষ্ণ! "আমার ভক্ত কখনও দুঃখিত হয় না" এই যে তোমার নিজ ব্রত, তাহা গিরি- উদ্ধরণরূপ দুষ্কর কর্ম্ম সাধন করিয়া বিস্তার করিলে ॥ ৪৭ ॥

দেশকালসুপাত্রজ্ঞ ॥ ২০ ॥

যে ব্যক্তি দেশ কাল পাত্র বিবেচনা করিয়া কর্ম্ম করেন তাঁহাকে দেশকালসুপাত্রজ্ঞ বলা যায় ॥ ৪৮ ॥

যথা ॥

শরজ্জ্যোৎস্নাতুল্যঃ কথমপি পরো নাস্তি সময়-
স্ত্রিলোক্যামাক্রীড়ঃ ক্বচিদপি ন বৃন্দাবনসমঃ।
ন কাপ্যম্ভোজাক্ষী ব্রজযুবতিকল্পেতি বিমৃশ-
ন্মনো মে সোৎকণ্ঠং মুহুরজনি রাসোৎসবরসে ॥

শাস্ত্রচক্ষুঃ ॥ ২০ ॥

শাস্ত্রানুসারিকর্ম্মা যঃ শাস্ত্রচক্ষুঃ স কথ্যতে ॥ ৪৯ ॥

গুণ উদাহৃতঃ। অন্যত্র তু দেশজ্ঞত্বাদিকাঃ পৃথগ্‌গুণা অপি ভবেয়ুরিতি বিবেচনীয়ং ॥ ৪৮ ॥

তথৈবোদাহৃতং শরদিতি। মথুরায়ামুদ্ধবং প্রতি ভগবতঃ স্বচরিত্রকথনান্তঃপাতি বাক্যমিদং ॥ ৪৯ ॥

যথা ॥

মথুরায় শ্রীকৃষ্ণ উদ্ধবের প্রতি আপনার আচরিত কথা বলিতে বলিতে কহিলেন সখে! শরজ্জ্যোৎস্নাশালিনী রজনী-অপেক্ষা উত্তম সময় নাই, ত্রিলোকীমধ্যে বৃন্দাবনতুল্য রমণীয় স্থান নাই এবং ব্রজযুবতীসদৃশী আর কোথাও পঙ্কজাক্ষী (পদ্মলোচনা কামিনী) নাই, অতএব হে বন্ধো! এই নিশ্চয় করিয়া মুহুর্মুহুঃ রাসোৎসব বিষয়েই আমার মন অত্যন্ত উৎকণ্ঠিত হইতেছে ॥

শাস্ত্রচক্ষু ॥ ২০ ॥

যে ব্যক্তি "শাস্ত্রানুসারে কর্ম্ম করে তাহাকে শাস্ত্রচক্ষু কহে ॥ ৪৯ ॥

যথা ॥

অভূৎ কংসরিপোর্নেত্রং শাস্ত্রমেবার্থদৃষ্টয়ে।
নেত্রাম্বুজন্তু যুবতীবৃন্দোন্মাদায় কেবলং ॥

শুচিঃ ॥ ২১ ॥

পাবনশ্চ বিশুদ্ধশ্চেত্যুচ্যতে দ্বিবিধঃ শুচিঃ।
পাবনঃ পাপনাশী স্যাদ্বিশুদ্ধস্ত্যক্তদূষণঃ ॥ ৫০ ॥

তত্র পাবনঃ ॥

তং নির্ব্যাজং ভজ গুণনিধিং পাবনং পাবনানাং
শ্রদ্ধা শুধ্যন্মতিরতিতরামুত্তমঃশ্লোকমৌলিং।

অভূদিতি কস্যচিৎ পরিহাসোক্তিঃ। অর্থদৃষ্টয়ে অর্থস্য শুভাশুভজ্ঞানায় ॥৫০॥ তং নির্ব্যাজমিতি প্রায়ো ধৃতরাষ্ট্রং প্রতি শ্রীবিদুরোপদেশঃ। নাম্নি চাভাসং। নামৈকং যস্য বাচি স্মরণপথগতং শ্রোত্রমূলং গতং বা শুদ্ধং বা, শুদ্ধবর্ণং

যথা ॥

কোন ব্যক্তি পরিহাসপূর্ব্বক কহিল যে, কংসরিপুর শাস্ত্র-রূপ চক্ষু শুভাশুভ পরিজ্ঞানার্থ এবং নেত্রাম্বুজ কেবল যুবতি-বৃন্দের উন্মাদার্থই বিরাজ করিতেছে ॥

শুচিঃ ॥ ২২ ॥

শুচি দুই প্রকার পাবন ও বিশুদ্ধ, তন্মধ্যে পাপনাশন-কারির নাম পাবন ও দূষণাদিপরিত্যাগ কারিকেই বিশুদ্ধ কহিয়া থাকে ॥ ৫০ ॥

ধৃতরাষ্ট্রের প্রতি উপদেশ প্রদানপূর্ব্বক বিদুর কহিলেন হে কুরুবর। উত্তমঃশ্লোকমৌলি শ্রীকৃষ্ণ পাবন সকলেরও

উদ্যন্নন্তঃকরণকুহরে হন্ত যন্নামভানো-
রাভাসোঽপি ক্ষপয়তি মহাপাতকধ্বান্তধারাং ॥ ৫১ ॥

বিশুদ্ধো যথা ॥

কপটঞ্চ হঠশ্চ নাচ্যুতে, বত সত্রাজিতি নাপ্যদীনতা।
কথমদ্য বৃথা স্যমন্তক! প্রসভং কৌস্তুভসখ্যমিচ্ছসি ॥৫২

বশী ॥ ২২ ॥

ব্যবহিতরহিতং তারতম্যেব সত্যমিত্যনুসারেণ জ্ঞেয়ং ॥ ৫১ ॥

কপটমিতি সত্রাজিতমুদ্দেশ্য শ্রীমদুদ্ধবস্য সোৎপ্রাসোক্তিঃ। প্রসভস্তু বলাৎ-কারো, হঠ ইত্যমরপাঠাৎ হঠ ইতি পুংস্যেব। প্রসভমিতি তু অর্শ আদিত্বেন মন্তব্যং ॥ ৫২ ॥

পাবন, তাঁহাকেই তুমি শ্রদ্ধা ও বিশুদ্ধমতিদ্বারা অকপটে ভজনা কর, কারণ যদি তাঁহার নামরূপি সূর্য্যের আভাসমাত্রও একবার অন্তঃকরণে উদিত হয়, তাহা হইলেই পাপরূপ ঘোর তিমির প্রবাহ একেবারে বিনষ্ট হইবে, অতএব হে রাজন্! তুমি ঐ শ্রীকৃষ্ণসেবাতেই অনুরক্ত হও ॥ ৫১ ॥

বিশুদ্ধ যথা ॥

সত্রাজিত্‌কে উদ্দেশ করি আক্ষেপপূর্ব্বক উদ্ধব কহিলেন, হে স্যমন্তক! শ্রীকৃষ্ণে ছল বা বল কিছুই দেখিতে পাই না এবং সত্রাজিতেও দীনতা দেখিতে পাই না, তবে কেন তুমি কৌস্তুভের সহিত বৃথা সখ্য (বন্ধুতা) করিতে ইচ্ছা করিতেছ ॥ ৫২ ॥

বশী যথা ॥ ২২ ॥

॥ জিতেন্দ্রিয়ঃ প্রোক্তঃ।

যথা প্রথমে ॥

উদ্দামভাবপিশুনামলবল্গুহাস-

ব্রীড়াবলোকনিহতোঽমদনোঽপি যাসাং।

সংমুহ্য চাপমজহাৎপ্রমদোত্তমস্তা

যস্যেন্দ্রিয়ং বিমথিতুং কুহকৈর্ন শেকুঃ ॥

উদ্দামেতি। মদনঃ কামোঽপি উদ্ভটভাবসূচকাভ্যাং নির্ম্মলমনোহরাভ্যাং হাসব্রীড়াবলোকাভ্যাং স্মিতসলজ্জদৃষ্টিভ্যাং নিহতঃ তদ্বহির্দর্শনেনোক্তার্থীকৃত-কৃতস্বাস্ত্রাদিবলোঽভূৎ। অতএব সংমুহ্য চাপমজহাৎ। তত্র নিজাস্ত্রপ্রয়োগং ন কুরুত এবেত্যর্থঃ। তদেবং ভ্রূপল্লবং ধনুরপাঙ্গতরঙ্গিতানি বাণা ইত্যাদিবদ্ব-হির্দর্শনার্থমুৎপ্রেক্ষামাত্রং তথা ভূতা অপি প্রমদোত্তমাঃ প্রমদেন প্রকৃষ্টপ্রেমা-নন্দবিশেষেণ পরমোৎকৃষ্টাস্তাঃ স্বয়ম্ এব যাঃ স্বতোঽপ্যুৎকৃষ্টপ্রেমবত্যস্তাসাং সাম্যেচ্ছয়া কুহকৈস্তাদৃশপ্রেমাভাবেন কপটাংশপ্রবৃত্তৈঃ সদ্ভিঃ কটাক্ষাদিভি-র্যস্যেন্দ্রিয়ং বিমথিতুং ন শেকুঃ কিন্তু স্বপ্রেমানুরূপমেব শেকুরিতি ॥ ৫৩ ॥

ইন্দ্রিয়জয়কারিকে "বশী" বলিয়া উল্লেখ করা যায় ॥

যথা প্রথমে ১১ অধ্যায়ে ৩২ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণের স্ত্রীরত্নগণ যদিও অতিশয় প্রভাবশালী, তাঁহা-দিগের গম্ভীরভাবসূচক মনোহর হাস্য এবং সলজ্জভাব দর্শনে আহত হইয়া মহাদেবও মোহবশতঃ আপনার ধনুঃ পরিত্যাগ করিয়াছিলেন সত্য, তথাচ তাঁহারা বিভ্রমাদিচেষ্টাদ্বারা তাঁহার মনঃ ক্ষুব্ধ করিতে সমর্থ হন নাই ॥

স্থিরঃ ॥ ২৩ ॥

আফলোদয়কৃৎ স্থিরঃ ॥

যথা ॥

নির্ব্বেদমাপ ন বনভ্রমণে মুরারি-
র্নাচিন্তয়দ্ব্যসনমৃক্ষবিলপ্রবেশে ।
আহৃত্য হন্তমণিমেব পুরং প্রপেদে
স্যাদুদ্যমঃ কৃতধিয়াং হি ফলোদয়ান্তঃ ।

দান্তঃ ॥ ২৪ ॥

স দান্তো দুঃসহমপি যোগ্যং ক্লেশং সহেত যঃ ।

যথা ॥

গুরুমপি গুরুবাসক্লেশমব্যাজভক্ত্যা

স্থির ॥ ২৩ ॥

ফলোদয়পর্য্যন্ত যে কর্ম্ম করে তাহাকে স্থির কহে ॥

শ্রীকৃষ্ণ স্যমন্তকান্বেষণ নিমিত্ত বনভ্রমণে দুঃখিত অথবা ঋক্ষরাজের বিলপ্রবেশে কোন চিন্তা করেন নাই, মণিগ্রহণ করতই দ্বারকায় আসিয়াছিলেন, যেহেতু স্থিরচিত্ত ব্যক্তিরা ফলসাধনপর্য্যন্তই কার্য্যে উদ্যমান্বিত হইয়া থাকেন ॥

অথ দান্ত ॥ ২৪ ॥

উপযুক্ত ক্লেশ দুঃসহ হইলেও যিনি সহ্য করেন তাঁহাকে দান্ত বলে ॥

যথা ॥

শ্রীকৃষ্ণ কোমলাঙ্গ হইলেও অকপটভক্তিনিবন্ধন গুরুগৃহে

হরিরজগণদস্তঃ কোমলাঙ্গোহপি নাগং।
প্রকৃতিরতিদুরূহা হন্ত লোকোত্তরাণাং
কিমপি মনসি চিত্রং চিন্ত্যমানা তনোতি॥

ক্ষমাশীলঃ॥ ২৫॥

ক্ষমাশীলোহপরাধানাং সহনঃ পরিকীর্ত্ত্যতে॥
যথা শিশুপালবধে মহাকাব্যে ১৬। ২৫। শ্লোকঃ।
প্রতিবাচমদত্ত কেশবঃ, শপমানায় ন চেদিভূভৃতে।
অনুহুঙ্কুরুতে ঘনধ্বনিং, নহি গোমায়ুরুতানি কেশরী॥৫৩

যথা বা॥

যামুনাচার্য্যস্তোত্রে॥

বাস রূপ গুরুতর ক্লেশও গণনা করেন নাই, কারণ লোকাতীত ব্যক্তি দিগের দুরূহা প্রকৃতি চিন্ত্যমানা হইয়া কি না আশ্চর্য্য বিধান করিতে পারে॥

অথ ক্ষমাশীল॥ ২৫॥

অপরাধসকল সহনকারি ব্যক্তিকে ক্ষমাশীল কহে॥

যথা মহাকাব্যশিশুপালবধে ১৬ সর্গে ২৫ শ্লোক॥

চেদিপতি শিশুপাল পূর্ব্বোক্ত প্রকারে শ্রীকৃষ্ণকে বহু বহু নিন্দা করিলে শ্রীকৃষ্ণ তাহাতে কোনই উত্তর করিলেন না, কারণ, সিংহ মেঘগর্জ্জন করিলেই তাহার প্রতি হুঙ্কার করত প্রতিগর্জ্জন করিয়া থাকে, কিন্তু শৃগালের ধ্বনিতে কর্ণপাতও করে না॥

যথাবা যামুনাচার্য্যস্তোত্রে॥

রঘুবর যদভূস্ত্বং তাদৃশো বায়সস্য
প্রণত ইতি দয়ালুর্যচ্চ চৈদ্যস্য কৃষ্ণ।
প্রতিভবমপরাদ্ধুর্মুগ্ধ সাযুজ্যদোঽভূ-
র্বদ কিমপদমাগস্তস্য তেঽস্তি ক্ষমায়াঃ॥

গম্ভীরঃ॥ ২৬॥

দুর্ব্বিবোধাশয়ো যস্তু স গম্ভীর ইতীর্য্যতে॥ ৫৪॥

যথা॥

বৃন্দাবনে বরাভিঃ স্তুতিভির্নিতরামুপাস্যমানোঽপি।

রঘুবরেতি। পুনরুদাহরণমিদং পূর্ব্বস্যাবজ্ঞায়ামেব পর্য্যবসানং সাম্প্রতু ক্ষমাবত্ত্বে। ঘনধ্বনাবসহনত্বাদিতি বিচার্য্যং। অত্র প্রতিভবমপরাদ্ধুরিত্যাদিনা রঘুবরাদপ্যুৎকর্ষো দর্শিতঃ॥ ৫৪॥

বৃন্দাবন ইতি তৎস্তুতিবিশেষস্য স্পষ্টতার্থমুক্তং। রুষ্টস্তুষ্টো বেতি জ্ঞাতুং

হে রঘুবর! যদিচ ইন্দ্র কাক এবং জয়ন্তও তাদৃশ গুরুতর অপরাধ অর্থাৎ জানকীর স্তনে চঞ্চ্বাঘাত করিলেও সে প্রণত হইবামাত্র তুমি তাহার অপরাধ মার্জ্জনা করিয়াছ, কিন্তু হে কৃষ্ণ! তুমি অতিমুগ্ধ, কারণ প্রতিজন্মেই অপরাধ কারি শিশুপালকে যখন সাযুজ্য প্রদান করিয়াছ, তখন তোমার ক্ষমাগুণের নিকট কোন্ অপরাধ যোগ্য হইতে পারে? অর্থাৎ তুমি সকলই মার্জ্জনা করিতে পার॥

অথ গম্ভীর॥ ২৬॥

যাহার আশয় (অভিপ্রায়—মনোগত ভাব) অতিশয় দুর্ব্বোধ তাহাকে গম্ভীর বলে॥ ৫৪॥

যথা॥

বৃন্দাবনে উত্তর উত্তর স্তুতিদ্বারা শ্রীকৃষ্ণের উপাসনা

শক্তো ন হরির্বিধিনা রুষ্টস্তুষ্টোঽথবা জ্ঞাতুং ॥

যথা বা ॥

উন্মাদোঽপি হরির্নব্যরাধাপ্রণয়সীধুনা।

অভিজ্ঞেনাপি রামেণ লক্ষিতোঽয়মবিক্রিয়ঃ ॥ ৫৫ ॥

ধৃতিমান্ ॥ ২৭ ॥

পূর্ণস্পৃহশ্চ ধৃতিমান্ শান্তশ্চ ক্ষোভকারণে ॥ ৫৬ ॥

তত্রাদ্যো যথা ॥

ন শক্তঃ শক্যো নাভূং ॥ ৫৫ ॥

পূর্ণেতি। ধৃতির্মনঃসংযমনং তদ্বান্ তত্র পূর্ণা সর্ব্বস্পৃহণীয়লাভাৎ কৃতার্থা স্পৃহা যস্য স পূর্ণস্পৃহঃ। পূর্ণস্পৃহতাকারণধৃত্যা যুক্ত ইত্যর্থঃ। শান্ত ইতি পূর্ণস্পৃহত্বাভাবেঽপি ধৃত্যা ক্ষোভাব্যাপ্ত ইত্যর্থঃ ॥ ৫৬ ॥

করিলে তিনি তুস্ট বা রুস্ট হইলেন জগদ্বিধাতা তাহা কিছুই জানিতে পারিলেন না ॥

যথা বা ॥

শ্রীরাধার নব্য প্রেমামৃতে শ্রীকৃষ্ণ উন্মত্ত হইয়াছিলেন কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, সর্ব্বজ্ঞ বলদেবও তাহা কিছুই জানিতে পারেন নাই, তাঁহা কর্ত্তৃক তিনি অবিক্রিয় অর্থাৎ নির্ব্বিকার রূপেই লক্ষিত হইয়াছিলেন ॥ ৫৫ ॥

অথ ধৃতিমান্ ॥ ২৭ ॥

যে ব্যক্তি পূর্ণস্পৃহ অর্থাৎ নিরাকাঙ্ক্ষ এবং ক্ষোভের কারণসত্ত্বেও শান্ত, তাহাকে ধৃতিমান্ কহে ॥ ৫৬ ॥

তন্মধ্যে পূর্ণস্পৃহ যথা ॥

স্বীকুর্ব্বন্নপি নিতরাং যশঃপ্রিয়ত্বং
কংসারির্মগধপতের্বধপ্রসিদ্ধাং।
ভীমায় স্বয়মতুলামদত্ত কীর্ত্তিং
কিং লোকোত্তরগুণশালিনামপেক্ষ্যং ॥ ৫৭ ॥

দ্বিতীয়ো যথা ॥

নিন্দিতস্য দমঘোষসূনুনা
সম্ভ্রমেণ মুনিভিঃ স্তুতস্য চ।

স্বীকুর্ব্বন্নিতি। পূর্ণস্পৃহত্বমত্র লোকোত্তরগুণশালিত্বেন লক্ষ্যতে। তত্রচ সতি ভীমায় যশোদানে নিরুপাধিতয়া স্নিগ্ধস্বভাবত্বমপি লভ্যতে। যদ্বিনা সর্ব্বেঽপ্যন্যে গুণা জনায় অরোচমানাঃ স্বরূপাদ্ভ্রশ্যন্তি। ততশ্চোপসন্নমাত্রেষু তস্য নিরুপাধিতয়া স্নিগ্ধত্বে লব্ধে নিরুপাধিভক্তেষু সুতরামেব তাদৃশত্বং স্যাৎ তৎসুখার্থমেব যশঃপ্রিয়ত্বমপ্যুত্তবতি। তেহি তদ্যশসা অধিকমানন্দং যান্তি। তদেবং স্থিতে তেষু নিজযশশ্চ সংক্রময়তি স ইত্যান্তো যশঃ প্রিয়ত্বেঽপি পূর্ণস্পৃহত্বমেব সেবিদ্ধাত ইতি ॥ ৫৭ ॥

নিন্দিতস্যেতি। অত্রেদমেবোদাহরণং নতু সম্ভ্রমেণেত্যাপি। পরত্র খলু গাম্ভীর্য্যমেব লক্ষ্যতে। মুনয়ো হ্যত্র ভক্তাস্তৎকৃতস্তবাদন্তর্বহিঃসুখপ্রাপ্তিরস্ত্যেব।

শ্রীকৃষ্ণ যশঃপ্রিয় হইলেও মগধরাজ জরসন্ধে প্রসিদ্ধ অতুল কীর্ত্তি স্বয়ং ভীমসেনকেই সমর্পণ করিয়াছিলেন, যেহেতু লোকাতীত গুণশালী ব্যক্তির কি—অপেক্ষণীয় হইতে পারে? ॥ ৫৭ ॥

ক্ষোভের কারণ সত্ত্বেও ক্ষান্ত যথা ॥

মহারাজ যুধিষ্ঠিরের রাজসূয় যজ্ঞে দমঘোষ নন্দন শিশুপাল শ্রীকৃষ্ণের নিন্দা করিল এবং মুনিগণ সম্ভ্রমপ্রকাশপূর্ব্বক তাঁহাকে স্তব করিলেন কিন্তু শ্রীকৃষ্ণের আশ্চর্য্য ধৈর্য্য এই

রাজসূয়সদসি ক্ষিতীশ্বরৈঃ
কাপি নাস্য বিকৃতিৰ্বিতর্কিতা ॥ ৫৮ ॥

সমঃ ॥ ২৮ ॥

রাগদ্বেষবিমুক্তো যঃ সমঃ স কথিতো বুধৈঃ।

যথা শ্রীদশমে ॥

ন্যায্যো হি দণ্ডঃ কৃতকিল্বিষেস্মিং—
স্তবাবতারঃ খলনিগ্রহায়

গাম্ভীর্যাধৃত্যোঃ খলু আবৃতত্বাংসত্বাভ্যামেব ভেদ ইতি ॥ ৫৮ ॥

রিপোঃ সুতানামিতি। স্বস্য রিপুরয়মিতি যা ন বিষমদৃষ্টিস্ত্বং কিন্তু তুল্যদৃষ্টিরেব। যতো ন্যায়ান্যায়াভ্যামেব বিষমদৃষ্টিরসি তত্রান্যায়স্বভাবস্য রিপোর্যদ্দমং ধৎসে তচ্চ ফলমেবানুশংসন্ ধৎসে। আয়ত্যাপি মোক্ষাদিসুখপ্রাপণাৎ। অতএব রিপুসুতয়োস্তুল্যদর্শিত্বং লব্ধং। লোকে পিত্রাদৌ তথা দুষ্টপুত্রশাসন-

---

যে, কোন ক্ষিতীশ্বরই শ্রীকৃষ্ণের বিকৃতি লক্ষ্য করিতে সমর্থ হইতে পারে নাই ॥ ৫৮ ॥

অথ সম ॥ ২৮ ॥

যে ব্যক্তি রাগ ও দ্বেষ হইতে বিমুক্ত, পণ্ডিতগণ তাহাকেই সম কহেন ॥

দশমে ১৬ অধ্যায়ে ২৯ শ্লোকে ॥

প্রণামান্তর নাগপত্নীগণ কহিলেন, হে ভগবন্! আপনি খলদিগের নিগ্রহ নিমিত্ত অবতার গ্রহণ করিয়াছেন, আমাদের পতি কালিয় খল, এ পাপ করিয়াছিল ইহার এরূপ দণ্ড ন্যায্য (সঙ্গত) বটে, প্রভো! শত্রুতে এবং পুত্রে আপন-

রিপোঃ সুতানামপি তুল্যদৃষ্টি-
র্দংসে দনং ফলমেবানু শংসন্ ॥ ৫৯ ॥

যথা বা ॥

রিপুরপি যদি শুদ্ধো মণ্ডনীয়স্তবাসৌ
যদুবর যদি দুষ্টো দণ্ডনীয়ঃ সুতোঽপি ।
ন পুনরখিলভর্ত্তুঃ পক্ষপাতোজ্ঝিতস্য
ক্বচিদপি বিষমং তে চেষ্টিতং জাঘটীতি ।

বদান্যঃ ॥ ২৯ ॥

দানবীরো ভবেদ্যস্তু স বদান্যো নিগদ্যতে ॥ ৬০ ॥

দৃষ্টেরিত্যর্থঃ অত্র রিপুর্জরাসন্ধসুতাদিঃ। কালিকাপুরাণে বরাহাবতারে তাদৃ-গিতিহাসাৎ। সুতো নরকাসুরাদিঃ ॥ ৫৯ ॥

রিপুরপীতি। শুদ্ধঃ কস্মিংশ্চিন্ন্যায়বিশেষে দোষরহিত ইত্যর্থঃ। দুষ্টস্তদ্বি-পরীত ইত্যর্থঃ। পক্ষপাতোঽত্র স্বাতন্ত্র্যেণ কস্যচিৎ পক্ষস্য গ্রহণং ॥ ৬০ ॥

কার সমান দৃষ্টি, আপনি ভাল আলোচনা করিয়াই দণ্ড বিধান করিয়া থাকেন ॥ ৫৯ ॥

যথা বা ॥

হে যদুবর! রিপু যদি নির্দ্দোষ হয়, তাহা হইলে তুমি তাহাকে ভূষিত কর, আর পুত্রও যদি দুষ্ট হয় তথাপি তাহাকে তুমি দণ্ড প্রদান করিয়া থাক, যেহেতু তুমি অখিল লোকের ভর্ত্তা, তোমার পক্ষপাত নাই, অতএব পুনরায় তোমার বিষমস্বভাব কি প্রকারে সম্ভব হইতে পারে? ॥

অথ বদান্য ॥ ২৯ ॥

যে ব্যক্তি দানবীর অর্থাৎ অতিশয় দাতা, তাহাকে শাস্ত্র-কারেরা বদান্য বলেন ॥ ৬০ ॥

যথা ॥

সর্ব্বার্থিনাং বাঢ়মভীষ্টপূর্ত্ত্যা
ব্যর্থীকৃতাঃ কংসনিসূদনেন।
হ্রিয়েব চিন্তামণিকামধেনু-
কল্পদ্রুমা দ্বারবতীং ভজন্তি ॥ ৬১ ॥

যথাবা ॥

যেষাং ষোড়শ পূরিতা দশশতী স্বান্তঃপুরাণাং তথা
চাষ্টশ্লিষ্টশতী বিভাতি পরিতস্তৎসংখ্যপত্নীযুজাং।

সর্ব্বার্থিনামিতি বন্দিজনস্তুতিঃ ॥ ৬১ ॥

উক্তামেব দানক্রিয়ামেকদেশদর্শনয়া পুষ্ণাতি যেষামিতি। পূরিতত্বং

কংস নিসূদন শ্রীকৃষ্ণ সর্ব্বার্থি সকলের অর্থাৎ সর্ব্বপ্রকার কামিব্যক্তিগণের অতিশয়রূপে অভীষ্ট পূর্ণ করিয়া চিন্তামণি, কামধেনু ও কল্পবৃক্ষদিগকে ব্যর্থ করিলেন, তাহাতেই চিন্তা-মণিপ্রভৃতি লজ্জিত হইয়া দ্বারাবতীকেই ভজনা করিতে লাগিল ॥ ৬১ ॥

যথা বা ॥

দ্বারকানগরীতে শ্রীকৃষ্ণের ষোড়শ সহস্রও এক শত অষ্ট অন্তঃপুর সর্ব্বতোভাবে শোভা পাইতেছে, ঐ সকল অন্তঃ-পুরের প্রত্যেক গৃহে পত্নীসকল বিরাজ করিতেছেন, শ্রীকৃষ্ণ প্রতি অন্তঃপুরে প্রত্যহ সালঙ্কৃতা, সবৎসা, গৃষ্টি অর্থাৎ প্রথম প্রসূতা গাভীগণের বদ্ধ সংখ্যা অর্থাৎ ত্রয়োদশ সহস্র চতুর-

একৈকং প্রতি তেষু তর্ণকভৃতাং ভূষাজুষামম্বহং
গৃষ্টীনাং যুগপচ্চ বদ্ধমদদাদ্‌যস্তস্য বা কঃ সমঃ ॥

ধার্ম্মিকঃ ॥ ৩০ ॥

কুর্ব্বন্ কারয়তে ধর্ম্মং যঃ স ধার্ম্মিক উচ্যতে ॥ ৬২ ॥

যথা ॥

পাদৈশ্চতুর্ভির্ভবতা বৃষস্য
গুপ্তস্য গোপেন্দ্র তথাভ্যবর্দ্ধি।
স্বৈরং চরম্নেষ যথা ত্রিলোকী-
মধর্ম্মশস্পানি হঠাজ্জঘাস ॥

গুণিতত্বং শ্লিষ্টত্বং। যুক্তত্বং। গৃষ্টীনাং প্রথমপ্রসূতানাং বদ্ধং চতুরশীত্যষ্টসহস্রাণি ত্রয়োদশ ১৩০৮৪। প্রকারান্তরমেতৎ পদ্যং ত্যক্তং ॥ ৬২ ॥

পাদৈশ্চতুর্ভিরিত্যাদি দ্বয়ং শ্রীনারদস্য নর্ম্মবচনং। কুর্ব্বন্ কারয়ত ইত্য-

---

শীতি ১৩০৮৪ (তের হাজার চৌরাশী) করিয়া এককালীন দান করিতেছেন অতএব ভূমণ্ডলে শ্রীকৃষ্ণসদৃশ কোন্ ব্যক্তি দানবীর হইতে সমর্থ হইবে ? ॥

অথ ধার্ম্মিক ॥ ৩০ ॥

যে ব্যক্তি স্বয়ং ধর্ম্ম যাজন করেন ও অন্যকে ধর্ম্ম যাজন করান তাঁহাকে ধার্ম্মিক কহে ॥ ৬২ ॥

যথা ॥

নারদ পরিহাসপূর্ব্বক শ্রীকৃষ্ণকে কহিলেন, হে গোপেন্দ্র ! তোমাকর্ত্তৃক চরণচতুষ্টয় সহকারে বৃষ (ধর্ম্ম) এরূপ বর্দ্ধিত হইল যে, সে স্বেচ্ছাপূর্ব্বক তৃণভোজন করিতে করিতে হঠাৎ ত্রৈলোক্যে অধর্ম্মরূপ তৃণ ভক্ষণ করিয়া ফেলিল ॥

যথা বা ॥

যেতায়মানৈর্ভবতা মখোৎকরৈ-
রাকৃষ্যমাণেষু পতিষ্বনারতং।
মুকুন্দ! খিন্নঃ সুরসুভ্রুবাং গণ-
স্তবাবতারং নবমং নমস্যতি ॥ ৬৩ ॥

শূরঃ ॥ ৩১ ॥

উৎসাহী যুধি শূরোঽস্ত্রপ্রয়োগে চ বিচক্ষণঃ।

নয়োর্বর্ত্তিক্রমেণোদাহরণে। জ্ঞেয়ে। যথাবেত্যত্রতু চার্থে বা শব্দঃ। গোপে-ন্দ্রেতি শ্লিষ্টং। গাং পৃথিবীং পাতীতি গোপঃ। গোপো ভূপে ইত্যমরনানার্থবর্গ-পাঠাৎ ॥ ৬৩ ॥

যথা বা ॥

হে মুকুন্দ! তুমি বহু বহু যজ্ঞ বিস্তার করিয়া নিরন্তর দেবগণের আহ্বান করিয়া থাক, এ নিমিত্ত দেবাঙ্গণাগণ পতি-বিয়োগে খিন্ন হইয়া তোমার নবমাবতার যে বুদ্ধমূর্ত্তি, তাঁহা-কেই তাঁহারা স্তব করিতেছেন অর্থাৎ তাঁহাদের অভিপ্রায় এই যে, ভগবান্ বুদ্ধদেব পৃথ্বীতলে অবতীর্ণ হইয়া যজ্ঞবিধির নিন্দা করিবেন, এক্ষণে যদি সেই বিধি প্রচলিত হয়, তাহা হইলে যজ্ঞের অভাব প্রযুক্ত আর দেবগণের আহ্বান হইবেক না, সুতরাং আমাদের পতিবিয়োগরূপ দুঃখ একেবারে বিনি-র্ম্মুক্ত হইবে ॥ ৬৩ ॥

অথ শূর ॥

যুদ্ধবিষয়ে উৎসাহী ও অস্ত্রপ্রয়োগে বিচক্ষণ, এই দুইকে

তত্রাদ্যো যথা ॥

পৃথু সমরসরো বিগাহ্য কুর্ব্বন্
দ্বিষদরবিন্দবনে বিহারচর্য্যাং।
স্ফূরসি তরলবাহুদণ্ডশুণ্ড-
স্ত্বমঘবিদারণ বারণেন্দ্রলীলঃ ॥

দ্বিতীয়ো যথা ॥

ক্ষণাদক্ষৌহিণীবৃন্দে জরাসন্ধস্য দারুণে।
দৃষ্টঃ কোঽপ্যত্র নাদষ্টো হরেঃ প্রহরণাহিভিঃ ॥

উৎসাহীতি। উদাহরণবৈচিত্র্যার্থমেকস্যৈব শূরস্য দ্বিধা নিরূপণং। এবং যথার্হমুত্তরত্রাপি জ্ঞেয়ং। পৃথ্বিত্যাদ্যুদাহরণপদ্যে ত্বং দ্বিষদিত্যাদৌ অবিরল-

---

শূর বলা যায় ॥

তন্মধ্যে যুদ্ধবিষয়ে উৎসাহী যথা ॥

হে অঘদমন! তুমি গজেন্দ্রের মত লীলা বিস্তার করিয়া সমরস্বরূপ বিস্তৃত সরোবরে আপনার তরল ভুজদণ্ডরূপ শুণ্ড-দ্বারা বিপক্ষরূপ পদ্মবনকে বিশেষরূপে মর্দ্দন করত অত্যন্ত স্ফূর্ত্তিশীল হইতেছে ইহা তোমার উপযুক্তই বটে ॥

অস্ত্রপ্রয়োগে বিচক্ষণ যথা ॥

শ্রীকৃষ্ণের কি আশ্চর্য্য অস্ত্রশিক্ষা, ক্ষণকালের মধ্যে মগধাধিপতি জরাসন্ধের ত্রয়োবিংশতি অক্ষৌহিণী দারুণসেনা তদীয় অস্ত্ররূপ সর্পকর্ত্তৃক দষ্ট হয় নাই, এমত কাহাকেও দেখিতে পাওয়া যায় নাই ॥

করুণঃ ॥ ৩২ ॥

পরদুঃখাসহো যস্তু করুণঃ স নিগদ্যতে ॥ ৬৪ ॥

যথা ॥

রাজ্ঞামগাধগতিভির্মগধেন্দ্রকারা-
দুঃখান্ধকারপটলৈঃ স্বয়মন্ধিতানাং।
অক্ষীণি যঃ সুখময়ানি ঘৃণী ব্যতানী-
দ্বন্দে তমদ্য যদুনন্দনপদ্মবন্ধুঃ ॥ ৬৫ ॥

যথা বা ॥

শৈবলগামিতি পাঠান্তরং যোগ্যমিতি ॥ ৬৪ ॥

রাজ্ঞামিতি নির্ব্বাণসময়ে শ্রীভীষ্মবচনং। স্বয়মিতি কর্ম্মকর্তৃত্বদ্যোতকং। জুগুপ্সা করুণা ঘৃণেত্যমরঃ ॥ ৬৫ ॥

অথ করুণ ॥ ৩২ ॥

যে ব্যক্তি পরদুঃখ সহ্য করিতে না পারেন, তাঁহাকে করুণ বলা যায় ॥ ৬৪ ॥

যথা।

ভীষ্ম প্রাণত্যাগ সময়ে কহিলেন, যিনি করুণা বিস্তার পূর্ব্বক মগধেন্দ্রের কারাবাসরূপ অগাধ দুঃখময় অন্ধকার সমূহে স্বয়ং অন্ধীভূত নৃপতিগণের নেত্র সকল সুখময় স্বরূপে বিস্তার করিয়াছিলেন, সেই যদুনন্দনরূপ পদ্মবন্ধুকে (সূর্য্যকে) বন্দনা করি ॥ ৬৫ ॥

যথা বা ॥

স্খলন্নয়নবারিভির্ব্বিরচিতাভিষেকভি
ত্বরাভরতরঙ্গতঃ কবলিতাত্মবিস্ফূর্ত্তয়ে।
নিশাতশরশায়িনা সুরসরিৎসুতেন স্মৃতেঃ
সপদ্যবশবর্ম্মণো ভগবতঃ কৃপায়ৈ নমঃ॥

মান্যমানকৃৎ॥ ৩৩॥

গুরুব্রাহ্মণবৃদ্ধাদিপূজকো মান্যমানকৃৎ॥

যথা॥

অভিবাদ্য গুরোঃ পদাম্বুজং

স্খলন্নিতি। সুরসরিৎসুতেন কর্ত্রা যা স্মৃতিস্তসা৷ হেতোর্যা ভগবতঃ কৃপা তস্যৈ নমঃ। কীদৃশ্যৈ। ত্বরাভরতরঙ্গতো হেতোঃ কবলিতা আত্মনো ভগ-

যৎকালীন গঙ্গাতনয় ভীষ্ম প্রখরতর শরশয্যায় শয়ান হইয়া শ্রীকৃষ্ণকে স্মরণ করেন, তখনই শ্রীকৃষ্ণের শরীর অবশ হয় এবং তন্নিবন্ধন তিনি এরূপ কৃপা বিস্তার করিয়াছিলেন যে, ভীষ্মের ঐ অবস্থা দেখিয়া তদীয় নেত্র হইতে অশ্রুপাতও হইতে লাগিল, তাহাতেই শ্রীকৃষ্ণ অভিষিক্ত হওত ব্যস্ত হইয়া যাইতে যাইতে আত্মস্মৃতি বিস্মৃতি হইয়াছিলেন, অতএব সেই ভগবৎকৃপাকেই নমস্কার করি॥

মান্যমানকৃৎ॥ ৩৩॥

যিনি গুরু, ব্রাহ্মণ এবং বৃদ্ধগণের পূজা করেন, তাঁহাকেই মান্যমানকৃৎ বলা যায়॥

যথা॥

শ্রীকৃষ্ণ প্রথমে গুরুচরণাম্বুজে অভিবাদন করিয়া তৎপশ্চাৎ পিতা ও অগ্রজের চরণে প্রণত হইলেন, পরে

চঃ কমলেক্ষণোঽয়ং ॥

বিনয়ী ॥

ঔদ্ধত্যপরিহারী যঃ কথ্যতে বিনয়ীত্যসৌ ॥

যথা মহাকাব্যে শিশুপালবধে। ১৩ সর্গে ৭ শ্লোকঃ ॥

অবলোক এব নৃপতেঃ স্ম * দূরতো

রভসাদ্রথাদবতরীতুমিচ্ছতঃ।

অবতীর্ণবান্ প্রথমমাত্মনা † হরি-

র্বিনয়ং বিশেষয়তি সম্ভ্রমেণ সঃ ॥ ৬৮ ॥

বর্ণদূতঃ। পিশুনৌ খলসূচকাবিত্যমরঃ ॥ ৬৮ ॥

সকলেও অসূয়া প্রকাশ করেন না। অতএব এই কমলেক্ষণ শ্রীকৃষ্ণ স্বীয় সুশীলতায় অতিশয় নির্ম্মলচেতা হইয়াছেন ॥

অথ বিনয়ী ॥

যে ব্যক্তি আপনার ঔদ্ধত্য পরিত্যাগ করেন, তাঁহাকে বিনয়ী বলা যায় ॥

যথা মহাকাব্য শিশুপালবধে ১৩ সর্গে ৭ শ্লোকঃ ॥

বিনয়মধুরমূর্ত্তিরিত্যত্র বিনয়েন তৎক্লেশসহনত্বমপি লক্ষ্যতে। যথোক্তং তত্রৈব তথা তদ্ব্যবহারঃ। সারথ্যপারিষদসেবনসখ্যদৌত্য-বীরাসনানুগমনস্তবন-প্রণামঃ। স্নিগ্ধেষু পাণ্ডুষু জগৎপ্রণতিঞ্চ বিষ্ণোর্ভক্তিং করোতি নৃপতিশ্চরণার-

অথ ধীরশান্তিঃ ॥

যে ব্যক্তি শান্তপ্রকৃতি, ক্লেশসহিষ্ণু, বিবেচক ও বিনয়াদিগুণযুক্ত পণ্ডিতগণ তাহাকেই ধীরশান্ত বলিয়া কীর্ত্তন করেন ॥

যথা ॥

ধর্ম্মনন্দন যুধিষ্ঠিরের নিকট ধর্ম্মকীর্ত্তনকারি কংসবৈরি শ্রীকৃষ্ণকে সন্দর্শন করিয়া বোধ হইল তিনি যেন সাক্ষাৎ দ্বিজপতির ন্যায় প্রকাশ পাইতেছেন, আশ্চর্য্যের কথা কি বলিব, বিনয় বশতঃ তদীয় মূর্ত্তি অতিশয় মধুর, চক্ষুর্দ্বয়ের তারা মন্থর অথচ স্নিগ্ধ এবং বাক্ পটুতা ভঙ্গিদ্বারা অশেষ নীতি সকল সূচিত হইতেছিল ॥

পণ্ডিতগণ যুধিষ্ঠির প্রভৃতিকেও ধীরশান্ত বলিয়া কীর্ত্তন

দ্বিজপতিরিব সাক্ষাৎ প্রেক্ষ্যতে কংসবৈরী ॥
যুধিষ্ঠিরাদিকো ধীরৈ র্ধীরশান্তঃ প্রকীর্ত্তিতঃ ॥
অথ ধীরোদ্ধতঃ ॥
মাৎসর্য্যবানহঙ্কারী মায়াবী রোষণশ্চলঃ।
বিকত্থনশ্চ বিদ্বদ্ভির্ধীরোদ্ধত উদাহৃতঃ ॥ ১২৫ ॥
যথা ॥
আঃ পাপিন্ জবনেন্দ্র দর্দ্দুর পুন র্ব্যাঘুট্য সদ্যস্ত্বয়া
বাসঃ কুত্রচিদন্ধকূপকুহরক্রোড়েঽদ্য নির্মীয়তাং।

বিশ্বে ইতি। অত্র শৃণ্বিতি পূর্ব্বেণান্বয়ঃ। বীরাসনং খড়্গহস্ততয়া স্থিতস্য রাত্রৌ জাগরণং। নৃপতিঃ পরীক্ষিৎ। উদাহরণে ধর্ম্মপুত্রোপকণ্ঠ ইত্যেব পাঠঃ॥ ১২৫ ॥

আঃ পাপিন্নিতি পত্রিকেয়ং ব্যাঘুট্য বিনিবৃত্য। হেলেত্যাদিনাত্র মায়া-

করিয়াছেন ॥

অথ ধীরোদ্ধত ॥

যে ব্যক্তি মাৎসর্য্যযুক্ত অহঙ্কারী, ক্রোধপরবশ, চঞ্চল এবং আত্মশ্লাঘী পণ্ডিতগণ তাহাকে ধীরোদ্ধত বলিয়া উদাহরণ করেন ॥ ১২৫ ॥

যথা ॥

শ্রীকৃষ্ণ কালজবনকে পত্র লিখিতেছেন, অরে পাপরূপি জবনেন্দ্র ভেক! এখনি নিবৃত্ত হইয়া কোন অন্ধকূপের গর্ত্ত মধ্যে বাসস্থান নির্ম্মাণ কর, এখানে কৃষ্ণনামক কৃষ্ণভুজগ স্বরূপ আমি তোকে গ্রহণ করিবার নিমিত্ত জাগরূক রহি-

হেলোত্তানিতদৃষ্টিমাত্রভসিতব্রহ্মাণ্ডভাণ্ডঃ পুরো
জাগর্ম্মি ত্বদুপগ্রহায় ভুজগঃ কৃষ্ণোঽত্র কৃষ্ণাভিধঃ॥
ধীরোদ্ধতস্তু বিদ্বদ্ভির্ভীমসেনাদিরুচ্যতে॥ ১২৬॥
মাৎসর্য্যাদ্যাঃ প্রতীয়ন্তে দোষত্বেন যদপ্যমী।
লীলাবিশেষশালিত্বান্নির্দোষেঽত্র গুণাঃ স্মৃতাঃ॥
যথাবা॥
অম্ভোভারভর প্রণম্রজলদভ্রান্তিং বিতন্বন্নসৌ

বিদ্বজ্জাতং বস্তুতস্তু তথাত্বাভাবাৎ॥ ১২৬॥
লীলা বিশেষোঽত্র ভক্তরক্ষণায় দুষ্টদমনরূপঃ তৎশালিত্বাত্তদুপযোগিত্বা-দিত্যর্থঃ। অাঃ পাপিন্নিত্যত্র ভক্তিরসত্বাব্যক্তিসাশঙ্ক্যোদাহরণান্তরং মাৎসর্য্যা-ভাসময়তদ্রসত্বেন দর্শয়তি যথা বেতি। অম্ভোভারভরপ্রণম্রইত্যেব পাঠঃ। পাঠান্তরে শব্রত্বেন সহ তৎপুরুষেঽপি স্যাৎ। আড়ম্বরঃ সমারম্ভে গজগর্জ্জিত-

---

য়াছি, আমার পরাক্রম জানিস্ না, আমি অবহেলা পূর্ব্বক ঊর্দ্ধদিকে দৃষ্টি নিক্ষেপ করিলেই ব্রহ্মাণ্ড ভস্ম হইয়া যায়॥

পণ্ডিতগণ ভীমসেন প্রভৃতিকে ধীরোদ্ধত বলিয়া কীর্ত্তন করিয়াছেন॥ ১২৬॥

যদিচ মাৎসর্য্য প্রভৃতি দোষত্ব রূপে প্রতীয়মান হয় তথাচ লীলাবিশেষ শালিত্ব প্রযুক্ত এই নির্দ্দোষ পাত্রে গুণ-রূপে পরিণত হয়॥

যথাবা॥

অরে শ্রীদাম কুরঙ্গ! (হরিণ) আমি জলদরাশির ভার-বাহি নম্রীভূত জলদপুঞ্জের ভ্রান্তি বিস্তার করিতে করিতে

ঘোরাড়ম্বরডম্বরস্থবিকটামুৎক্ষিপ্য হস্তার্গলাং।
দুর্ব্বারঃ পরবারণঃ স্বয়মহং লব্ধোঽস্মি কৃষ্ণঃ পুরো
রে শ্রীদাম কুরঙ্গগঙ্গরভুবো ভঙ্গং ত্বমঙ্গীকুরু ॥ ১২৭ ॥
মিথো বিরোধিনোঽপ্যত্র কেচিন্নিগদিতা গুণাঃ।
হরৌ নিরঙ্কুশৈশ্বর্য্যাৎ কোঽপি ন স্যাদসম্ভবঃ ॥
তথা চ কৌর্ম্মে
অস্থূলশ্চানণুশ্চৈব স্থূলোঽণুশ্চৈব সর্ব্বতঃ।
অবর্ণঃ সর্ব্বতঃ প্রোক্তঃ শ্যামো রক্তান্তলোচনঃ।

দুর্গ্যারোরিতি বিশ্বঃ। ততশ্চ ঘোরো ভয়ানক আড়ম্বরস্য ডম্বরস্তাটোপো যস্য সঃ ॥ ১২৭ ॥
পুনর্ব্বাৎসল্যাদ্যা ইত্যাদিকং স্থাপয়ন্ গুণবৈচিত্রীং দর্শয়তি মিথ ইতি।

হস্তার্গল (শুণ্ড) উত্তোলন পূর্ব্বক গভীর গর্জনকারি কৃষ্ণ-নামক দুর্নিবার মহামতঙ্গজ স্বয়ং আসিয়া উপস্থিত হইলাম, অতএব তুই রঙ্গভূমি হইতে ভঙ্গ (পরাজয়) অঙ্গীকার কর ॥ ১২৭ ॥

এস্থলে যে সকল গুণ উক্ত হইল, তাহারা পরস্পর বিরুদ্ধ হইলেও নিরঙ্কুশ ঐশ্বর্য্য প্রযুক্ত হরিতে কোনই অসম্ভব নহে, সকলই সম্ভব হইতে পারে ॥

যথা কূর্ম্মপুরাণে ॥

ভগবান্ হরি স্থূলও নহেন, সূক্ষ্মও নহেন তিনি সর্ব্বথা অগুণ অথচ শ্যামবর্ণ ও রক্তান্তলোচন, ঐশ্বর্য্য যোগ হেতু বিরুদ্ধার্থকেও গ্রহণ করেন।

ঐশ্বর্য্যযোগাদ্ভগবান্ বিরুদ্ধার্থোঽভিধীয়তে ।
তথাপি দোষাঃ পরমে নৈবাহার্য্যাঃ কথঞ্চন ।
গুণা বিরুদ্ধা অপ্যেতে সমাহার্য্যাঃ সমন্ততঃ ॥ ১২৮ ॥

মহাবারাহে ॥

সর্ব্বে নিত্যাঃ শাশ্বতাশ্চ দেহাস্তস্য পরাত্মনঃ ।
হানোপাদানরহিতা নৈব প্রকৃতিজাঃ কচিৎ ।
পরমানন্দসন্দোহা জ্ঞানমাত্রাশ্চ সর্ব্বতঃ ।
সর্ব্বে সর্ব্বগুণৈঃ পূর্ণাঃ সর্ব্বদোষবিবর্জ্জিতাঃ ॥

বৈষ্ণবতন্ত্রে ॥

অষ্টাদশমহাদোষৈ রহিতা ভগবত্তনুঃ ।

নিরঙ্কুশৈশ্বর্য্যাৎ সর্ব্ববশীকারিত্বাৎ সর্ব্বাশ্রয়ত্বাদিত্যর্থঃ ॥ ১২৮ ॥
শাশ্বতা জগতি পুনঃ পুনরাবির্ভাবিনঃ। সর্ব্বগুণৈরিত্যত্র স্বস্বাপেক্ষিতৈ-

---

যদিচ গুণসকল পরস্পরবিরুদ্ধ তথাপি পরমপুরুষ হরিতে দোষ উদাহরণ করিতে নাই, সকলের সমাধান করিয়া উদাহরণ করা কর্ত্তব্য ॥ ১২৮ ॥

মহাবরাহপুরাণে ॥

ভগবান্ পরমাত্মার যে সমস্ত দেহ তৎসমুদায় নিত্য ও শাশ্বত অর্থাৎ পুনঃ পুনঃ আবির্ভাব বিশিষ্ট, সে সকলের সর্ব্বতোভাবে পরমানন্দস্বরূপ ও জ্ঞানময়, সকলগুণে পরিপূর্ণ ও সর্ব্ব-দোষে বর্জ্জিত ॥

যথা বৈষ্ণবতন্ত্রে ॥

ভগবদ্বিগ্রহ অষ্টাদশ মহাদোষে বিবর্জ্জিত এবং তাহা

সর্ব্বৈশ্বর্য্যময়ী সত্যবিজ্ঞানানন্দরূপিণী ॥ ১২৯ ॥

অষ্টাদশ মহাদোষা যথা ॥

বিষ্ণুজামলে ॥

মোহস্তন্দ্রা ভ্রমো রুক্ষরসতা কাম উল্বণঃ।

রিতি জ্ঞেয়ঃ। এতে চাংশকলাঃ পুংস ইত্যুক্তেঃ ॥ ১২৯ ॥

মোহস্তন্দ্রেতি। ভক্তপ্রেমসম্বন্ধেন ত্বেতে চ গুণত্বায় কল্প্যন্তে। যথা। ততো ৎবসানদৃষ্ট্যৈত্য পুলিনেঽপি চ বৎসপানিত্যাদৌ মোহঃ। কচিৎস্তে পল্লবতল্পেষু নিযুদ্ধশ্রমকর্ষিতঃ। বৃক্ষমূলাশ্রয়ঃ শেতে গোপোৎসঙ্গোপবর্হণ ইত্যাদৌ তন্দ্রা খেদশ্রমাঃ। তান্বঙ্ঘ্রিযুগ্মমনুকৃষ্য ইত্যারভ্য অনুস্মৃত্য শ্লোকং মুগ্ধপ্রভীত-বদুপেয়তুরন্তি মাত্রোরিত্যাদৌ ভ্রমঃ রুক্ষরসতা নাম প্রেমসম্বন্ধং বিনা রাগঃ। স তু নাস্ত্যেব। উল্বণো দুঃখদঃ কামো লৌকিকঃ। তস্য প্রেমরূপকাম্যত্বাৎ স চ নাস্ত্যেব। লোলতা চাঞ্চল্যং। সা চ গুণো যথা। বৎসান্মুঞ্চন্ কচিদসময়ে ইত্যাদৌ। মদোঽপি যথা। মদবিঘূর্ণিতলোচন ঈষদিত্যাদৌ। তথা মাৎসর্য্যং। লোকেশমানিনাং মৌঢ্যাদ্ধরিষ্যে শ্রীমদং তম ইত্যাদৌ। হিংসা তু স্ফুটৈব বহুত্র। অসত্যং। নাহং ভক্ষিতবানম্ব ইত্যাদৌ। জরাসন্ধচ্ছলনাদৌ চ ক্রোধোঽপি তত্র তত্র প্রসিদ্ধ এব। আকাঙ্ক্ষা। তাং তন্যকাম আসাদ্য ইত্যাদৌ আশঙ্কা

সর্ব্বৈশ্বর্য্যময় ও সত্য জ্ঞান আনন্দস্বরূপ ॥ ১২৯ ॥

অষ্টাদশ মহাদোষ যথা ॥

বিষ্ণুজামলে ॥

মোহ, তন্দ্রা (খেদবিষয়ক শ্রম) ভ্রম, রুক্ষরস, উল্বণ-কাম অর্থাৎ দুঃখপ্রদ লৌকিক কাম, লোলতা (চাঞ্চল্য) মদ, মাৎসর্য্য, হিংসা, খেদ, পরিশ্রম, অসত্য, ক্রোধ,

লোলতা মদমাৎসর্য্যে হিংসা খেদপরিশ্রমৌ।
অসত্যং ক্রোধ আকাঙ্ক্ষা অশঙ্কা বিশ্ববিভ্রমঃ।
বিষমত্বং পরাপেক্ষা দোষা অষ্টাদশোদিতাঃ ইতি॥ ১৩০ ॥
ইত্থং সর্ব্বাবতারেভ্যস্ততোঽপ্যত্রাবতারিণঃ।
ব্রজেন্দ্রনন্দনে সুষ্ঠু মাধুর্য্যভর ঈরিতঃ॥ ১৩১ ॥
তথাচ ব্রহ্মসংহিতায়ামাদিপুরুষরহস্যে॥

ক্ষাপ্যদৃষ্টৈর্ব্বিপিন ইত্যাদৌ। বিশ্ববিভ্রমোজগদাবেশঃ। সচ ব্রহ্মাদিভক্তসম্বন্ধেন জগৎপালনেচ্ছাময়ঃ। বৈষম্যং সমোঽহং সর্ব্বভূতেষু ন মে দ্বেষ্যোঽস্তি ন প্রিয়ঃ। যে ভজন্তি তু মাং ভক্ত্যা ময়ি তে তেষু চাপ্যহমিত্যাদৌ। পরাপেক্ষা চ। অহং ভক্তপরাধীন ইত্যাদাবিতি। তস্মাৎ ক শোকমোহৌ স্নেহো বা ভয়ম্বা যেঽজ্ঞ-সম্ভবা তাত্র স্বজ্ঞসম্ভবা যে তএব ন সন্তি নতু বিজ্ঞসম্ভবাঃ তেঽপীতি মতং। বিজ্ঞসম্ভবত্বঞ্চ তেষাং শ্রীশুকদেবাদিষু তৎস্মারিতানস্থগুতাখিলেন্দ্রিয় ইত্যাদ্যুক্তেঃ ভগবৎপ্রেমমোহাদৌ দৃষ্ট ইতি ১৩০॥

পূর্ব্বোক্তপূর্ণতমত্বং বাক্যদ্বয়েনোপসংহরতি ইত্থমিতি পূর্ব্বোক্তপ্রকারেণেত্যর্থঃ। ততস্তস্মাৎপ্রসিদ্ধাদবতারিণো নানাবতারকর্ত্তুর্মহাবিষ্ণোতোঽপি।অত্র সুষ্ঠুত্বি মাধুর্য্যস্য প্রাচুর্য্যাদেবোক্তিরৈশ্বর্য্যমপি জ্ঞেয়মিত্যর্থঃ॥ ১৩১॥

আকাঙ্ক্ষা বিশ্ববিভ্রম অর্থাৎ ব্রহ্মাদি ভক্তসম্বন্ধবশতঃ জগৎ-পালনেচ্ছাময়, বৈষম্য ও পরাপেক্ষা অর্থাৎ পরের অপেক্ষা করা, এই অষ্টাদশ দোষ কথিত হইল॥ ১৩০॥

এইরূপ সমুদায় অবতার হইতে শ্রেষ্ঠ সর্ব্বাবতারকারি মহাবিষ্ণু অপেক্ষা ব্রজেন্দ্রনন্দনে সুন্দরমাধুর্য্যরাশি বর্ণিত হইল, ইহাতে ঐশ্বর্য্যও জানিতে হইবে॥॥ ১৩১॥

যথা ব্রহ্মসংহিতায় আদিপুরুষরহস্যে॥

যস্যৈকনিশ্বসিতকালমথাবলম্ব্য
জীবন্তি রোমবিলজা জগদণ্ডনাথাঃ।
বিষ্ণুর্মহান্ স ইহ যস্য কলাবিশেষো
গোবিন্দমাদিপুরুষং তমহং ভজামি ॥ ১৩২ ॥
অথাষ্টাবমুকীর্ত্ত্যন্তে সদ্গুণত্বেন বিশ্রুতাঃ।
মঙ্গলালংক্রিয়া রূপাঃ সত্ত্বভেদাস্তু পৌরুষাঃ।
শোভা বিলাসো মাধুর্য্যং মাঙ্গল্যং স্থৈর্য্যতেজসী।

তদেবাহ তথাচেতি। যস্যৈকনিশ্বসিতকালমিত্যত্র চ গোবিন্দশব্দেন চ তত্র শ্রীব্রজেন্দ্রনন্দন এবোচ্যতে। সুরভীরপি পালয়ন্তমিত্যাদিনা বেণুং ক্বণন্তমিত্যাদিনা চ বর্ণনাৎ তস্যৈব বর্ণনাৎ তত্তন্মহামাধুর্য্যমপি সূচিতং। ন চায়ং শ্রীনন্দনন্দনাদন্য এব মন্তব্যঃ। গৌতমীয়ে দশার্ণাষ্টাদশার্ণয়োর্ব্যাখ্যায়ামনেকজন্মসিদ্ধানাং গোপীনাং পতিরেব বা। নন্দনন্দন ইত্যুক্তস্ত্রৈলোক্যানন্দবর্দ্ধন ইতি বহুষপার্থেষপ্যস্যৈবার্থস্য পর্য্যবসায়িত্বাৎ। সকললোকমঙ্গলো নন্দগোপতনয়ো দেবতা ইতি শ্রুত্যাদিস্মরণাচ্চ ॥ ১৩২ ॥

সত্ত্বভেদাঃ অন্তঃকরণবৃত্তিবিশেষাঃ। মঙ্গলেতি। মঙ্গলেস্বরূপশোভাভূতা

যাঁহার এক নিশ্বসিত কাল অবলম্বন করিয়া জগদণ্ডনাথ সকল জীবিত থাকেন, সেই মহাবিষ্ণুও যাঁহার কলাবিশেষ, এমত গোবিন্দ আদিপুরুষকে ভজনা করি ॥ ১৩২ ॥

অনন্তর যাহা সদ্গুণত্ব রূপে বিশ্রুত এবং মঙ্গলের অলঙ্কার স্বরূপ পুরুষ সম্বন্ধীয় সত্ত্বভেদ কীর্ত্তন করিতেছি। যথা। শোভা, বিলাস, মাধুর্য্য, মাঙ্গল্য, স্থৈর্য্য, তেজঃ, ললিত ও

ললিতৌদার্য্যমিত্যেতে সত্ত্বভেদাস্তু পৌরুষাঃ ॥ ১৩৩ ॥

তত্র শোভা ॥

নীচে দয়াঽধিকে স্পর্দ্ধা শৌর্য্যোৎসাহৌ চ দক্ষতা।
সত্যঞ্চ ব্যক্তিমায়াতি যত্র শোভেতি তাং বিদুঃ ॥ ১৩৪ ॥

যথা ॥

স্বর্গধ্বংসং বিধিৎসুর্ব্রজভুবি কদনং সুষ্ঠু বীক্ষ্যাতিবৃষ্ট্যা
নীচানালোচ্য পশ্চান্নমুচিরিপুমুখানূঢ়কারুণ্যবীচিঃ।
অপ্রেক্ষ্য স্বেন তুল্যং কমপি নিজরুষামত্র পর্য্যাপ্তিপাত্রং

ইত্যর্থঃ ॥ ১৩৩ ॥

তত্রাধিক ইত্যাধিকম্মনা ইত্যর্থঃ। যত্র মঙ্গলালংক্রিয়ায়াং ॥ ১৩৪ ॥

তথাপি দুর্জ্জনমুখামেকং মারয়িষ্যত্যাশঙ্কাহ অপ্রেক্ষ্যেতি ॥ ১৩৫ ॥

ঔদার্য্য এই সকল পুরুষসম্বন্ধীয় সত্ত্বভেদ ॥ ১৩৩ ॥

তন্মধ্যে শোভা যথা ॥

যে স্থানে নীচে দয়া, অধিকে স্পর্দ্ধা, শৌর্য্য, উৎসাহ দক্ষতা এবং সত্য প্রকাশ পায় তাহাকে শোভা বলে ॥ ১৩৪ ॥

যথা ॥

ইন্দ্রকর্ত্তৃক অতিবৃষ্টি দ্বারা ব্রজভূমির পীড়ন সুন্দররূপে অবলোকন করিয়া শ্রীকৃষ্ণের ইচ্ছা হইল স্বর্গ বিনষ্ট করিয়া ফেলি, কিন্তু পশ্চাৎ নমুচিশত্রু ইন্দ্র প্রভৃতিকে নীচ বিবেচনা করিয়া কারুণ্যতরঙ্গে পরিপূর্ণ হইলেন, কারণ স্বীয় ক্রোধের পর্য্যাপ্তিপাত্র আত্মতুল্য কাহাকেও দেখিতে না পাইয়া সত্য-প্রতিজ্ঞ হরি বন্ধুগণকে আনন্দ প্রদান করত মহাদ্রি গোবর্দ্ধন

বন্ধূনানন্দয়িষ্যন্‌দহরত হরিঃ সত্যসন্ধো মহাদ্রিং ॥ ১৩৫ ॥

অথ বিলাসঃ ॥

বৃষভস্যেব গম্ভীরা গতি র্ধীরঞ্চ বীক্ষণং।

সস্মিতঞ্চ বচো যত্র স বিলাস ইতীর্য্যতে ॥ ১৩৬ ॥

যথা ॥

মল্লশ্রেণ্যামবিনয়বতীং মন্থরাং ন্যস্য দৃষ্টিং

ব্যাধুন্বানো দ্বিপ ইব ভুবং বিক্রমাড়ম্বরেণ।

বাগারম্ভে স্মিতপরিমলৈঃ ক্ষালয়ন্নঞ্চকক্ষাং

তুঙ্গে রঙ্গস্থলপরিসরে সারসাক্ষঃ সসার ॥

মাধুর্য্যং ॥

বৃষভস্যেতি গতৌ বীক্ষণে চ যোজ্যং ॥ ১৩৬ ॥

যতো মন্থরা নম্রতা বৈয়গ্র্যাদিশূন্যা তত এবাবিনয়বতীতি। দ্বিপ ইবে-

---

উত্তোলন করিলেন ॥ ১৩৫ ॥

অথ বিলাস ॥

যে স্থলে বৃষভের ন্যায় গম্ভীর গতি, স্থির নিরীক্ষণ ও সহাস্য বাক্য, তাহাকে বিলাস বলা যায় ॥ ১৩৬ ॥

যথা ॥

পদ্মনেত্র শ্রীকৃষ্ণ মল্লশ্রেণিতে বিনয়শূন্য স্থিরদৃষ্টি নিক্ষেপ পূর্ব্বক বিক্রম ঘটাদ্বারা হস্তির ন্যায় ভূকম্প বিধান করতঃ বাক্যারম্ভে হাস্য পরিমলদ্বারা মঞ্চপৃষ্ঠ ক্ষালন করিয়া অত্যুচ্চ রঙ্গস্থল পরিসরে গমন করিলেন ॥

অথ মাধুর্য্য ॥

তন্মাধুর্য্যং ভবেদযত্র চেষ্টাদেঃ স্পৃহণীয়তা ॥ ১৩৭ ॥

যথা ॥

বরামধ্যাসীনস্তটভুবমবষ্টভ্য রুচিভিঃ

কদম্বৈঃ প্রালম্বং প্রবলিতবিলম্বং বিরচয়ন্।

প্রপন্নায়ামগ্রে মিহিরদুহিতুস্তীর্থপদবীং

কুরঙ্গীনেত্রায়াং মধুরিপুরপাঙ্গং বিকিরতি ॥

মাঙ্গল্যং ॥

মাঙ্গল্যং জগতামেব বিশ্বাসাস্পদতা মতা ॥ ১৩৮ ॥

স্ত্যত্র বৃষ ইবেতি পাঠান্তরং ॥ ১৩৭ ॥

অবষ্টভ্য স্থিত্বা। রুচিভিঃ সুবর্ণং। প্রালম্বং ঋজুলম্বিমাল্যং প্রবলিতো বিলম্বো যত্র তদযথা স্যাত্তদ্ব্যাজেনৈব তত্র স্থিতিঃ স্যাদিত্যভিপ্রায়াদিতি ভাবঃ। পাঠান্তরন্ত নাত্যুপযুক্তং ॥ ১৩৮ ॥

যে স্থলে চেষ্টাদির স্পৃহণীয়তা হয়, তাহাকে মাধুর্য্য বলে ॥ ১৩৭ ॥

যথা।

এক দিবস শ্রীকৃষ্ণ শ্রীরাধার দর্শন প্রত্যাশায় যমুনার প্রশস্ত কূলে উপবেশন পূর্ব্বক বিলম্ব যাহাতে হয় এমত ভাবে স্বর্ণবর্ণ কদম্বকুসুম দ্বারা ঋজুলম্বি-মাল্য রচনা করিতে-ছিলেন, ইতোমধ্যে কুরঙ্গীনেত্রা শ্রীরাধা সূর্য্যপুত্রীর তীর্থ পদবীতে আসিয়া উপস্থিত হইলে, মুররিপু তাঁহার প্রতি অপাঙ্গ নিক্ষেপ করিলেন ॥

অথ মাঙ্গল্য ॥

যে ব্যক্তি জগতের বিশ্বাসস্থল তাহাকে মঙ্গল্য বলে ॥ ১৩৮ ॥

যথা ॥

অন্যায্যং ন হরাবিতি ব্যপগতদ্বারার্গলা দানবা
রক্ষী কৃষ্ণ ইতি প্রমত্তমনসিতং ক্রীড়াসু রক্তাঃ সুরাঃ।
সাক্ষী বেত্তি স ভক্তিমিত্যাবনতব্রাত্যাশ্চ চিন্তোজ্‌ঝিতাঃ
কে বিশ্বম্ভর ন ত্বদঙ্ঘ্রি যুগলে বিস্রম্ভিতাং ভেজিরে ॥

স্থৈর্য্যং ॥

ব্যবসায়াদচলনং স্থৈর্য্যং বিঘ্নাকুলাদপি।

কৃষ্ণ ইত্যত্র সোঽয়মিতি বা পাঠঃ। প্রমত্তমনবহিতং যথা স্যাত্তথা। রক্ষা ইতি প্রমাদরূপকর্ত্তৃধর্ম্মঃ। ক্রিয়ায়ামারোপাত্তে। ক্রিয়াকর্ম্মে রাসক্তাঃ তাদাত্ম্যবোধনায়। ভক্তির্যথা কথঞ্চিদাশ্রয়মাত্রং সঙ্গী বেত্তি মমাপ্যসাবগতিস্তামিত্যাশ্রিতাঃ বঞ্চিতা ইতি বা তৃতীয়শ্চরণঃ ॥ ১৩৭ ॥

যথা।

হরিতে কোন অন্যায় নাই এই বিবেচনায় দানবগণ দ্বারের অর্গল মোচন করিয়াছে, অর্থাৎ দ্বারোদ্ঘাটনপূর্ব্বক অবস্থিতি করিতেছে, কৃষ্ণ রক্ষাকর্ত্তা এই জ্ঞানে দেববৃন্দ প্রমত্ত ভাবে ক্রীড়াতৎপর হইয়াছেন, তিনি সাক্ষী স্বরূপ, ভক্তিমাত্র গ্রহণ করেন, এই বলিয়া ব্রাত্য অর্থাৎ দশসংস্কার হীন পুরুষগণ চিন্তা হইতে পরিত্যক্ত হইয়াছে, অতএব হে বিশ্বম্ভর! তোমার চরণযুগলে কে না বিশ্বাস প্রাপ্ত হইয়াছে ॥

স্থৈর্য্য।

কার্য্য বিঘ্নাকুল হইলেও তাহা হইতে যে বিচলিত না হওয়া তাহার নাম স্থৈর্য্য ॥

যথা ॥

প্রতিকূলেঽপি সশূলে, শিবে শিবায়াং নিরংশুকায়াঞ্চ ॥

ব্যলূনাদেব মুকুন্দো বিন্ধ্যাবলিনন্দনস্য ভুজান্ ॥

তেজঃ ॥

সর্ব্বচিত্তাবগাহিত্বং তেজঃ সদ্ভিরুদীর্য্যতে ॥

যথা শ্রীদশমে ॥

মল্লানামশনির্নৃণাং নরবরঃ স্ত্রীণাং স্মরো মূর্ত্তিমান্

গোপানাং স্বজনোঽসতাং ক্ষিতিভুজাং শাস্তা স্বপিত্রোঃ শিশুঃ।

শূলহস্ত শিব এবং বিবসনা শিবা প্রতিকূল ভাব অবলম্বন করিলেও শ্রীকৃষ্ণ বিন্ধ্যাবলিনন্দন বাণাসুরের ভুজসকল ছেদন করিয়া দিলেন ॥

তেজঃ ॥

সমুদায় লোকের চিত্তভাব পরিজ্ঞানকে পণ্ডিতেরা তেজঃ কহিয়া থাকেন ॥

যথা দশমে ৪৩ অধ্যায়ে, ১৪ শ্লোকে ॥

হে রাজন্! যে ভগবান্ মল্লদিগের অশনি, মানবদিগের নরবর, যুবতীদিগের মূর্ত্তিমান্ মদন, গোপদিগের স্বজন, অসৎ নরপতিদিগের শাসন কর্ত্তা, নিজ পিতা মাতার নিকট শিশু, ভোজপতি কংসের সাক্ষাৎ মৃত্যু, অবিদ্বজ্জনের পক্ষে জড় স্বরূপ, যোগিদিগের পরমতত্ত্ব, এবং বৃষ্ণিদিগের পরমদেবতা বলিয়া বিখ্যাত, তিনি অগ্রজসহিত রঙ্গমধ্যে সমাগত হইয়া

মৃত্যুর্ভোজপতের্বিরাড়বিদুষাং তত্ত্বং পরং যোগিনাং
বৃষ্ণীনাং পরদেবতেতি বিদিতো রঙ্গং গতঃ সাগ্রজঃ ॥
যথা ॥
তেজো বুধৈরবজ্ঞাদেরসহিষ্ণুত্বমুচ্যতে ॥ ১৩৯ ॥
যথা ॥
আক্রুষ্টে প্রকটং দিদণ্ডয়িষুণা চণ্ডেন রঙ্গস্থলে
নন্দে চানকদুন্দুভে চ পুরতঃ কংসেন বিশ্বদ্রুহা।
দৃষ্টিং তত্র সুরারিমৃত্যুকুলটাসম্পর্কদূতীং ক্ষিপন্

তত্র কংসে সুরারীণাং যা মৃত্যুরূপা কুলটা তস্যাঃ সম্পর্কায় দূতীরূপাং দৃষ্টিং

বিবিধ ভাবে প্রকাশমান হইলেন। অর্থাৎ ভগবান্ শৃঙ্গারাদি সর্ব্বরসকদম্ব মূর্ত্তি, পরন্তু রঙ্গমধ্যস্থ হইয়া পৃথক্ পৃথক্ ভাবে ভিন্ন ভিন্ন ব্যক্তির নিকট ভিন্নভিন্ন রূপে প্রকাশ পাইতে লাগিলেন, সকলের নিকট এক ভাবে প্রকাশিত হইলেন না॥

অথবা ॥

অবজ্ঞাদির অসহিষ্ণুতাকে পণ্ডিতগণ তেজ বলিয়া থাকেন ॥ ১ ১৩৯ ॥

যথা ॥

রঙ্গস্থলে দর্শক লোকসকল কহিল বিশ্বদ্রোহি প্রচণ্ড কংস সম্মুখে দণ্ড দিবার অভিপ্রায়ে নন্দ এবং বসুদেবের প্রতি আক্রোশ অর্থাৎ অরে কে আছিস্ দুর্ম্মতি নন্দকে বন্ধন কর, অসত্তম বসুদেবকে এখনি বধ করিয়া ফেল, এইবাক্য বলিতে থাকিলে, শ্রীকৃষ্ণ কংসের প্রতি দৈত্যগণের মৃত্যু-

মঞ্চস্যোপরি সঙ্কুর্দ্দিষুরসৌ পশ্যাচ্যুতঃ প্রাঞ্চতি ॥

ললিতং ॥

শৃঙ্গারপ্রচুরা চেষ্টা যত্র তং ললিতং বিদুঃ ॥

যথা ॥

বিধত্তে রাধায়াঃ কুচমুকুলয়োঃ কেলিমকরীং

করেণাব্যগ্রাত্মা সরভসমসব্যেন রসিকঃ।

অরিষ্টে সাটোপং কটু রুবতি সব্যেন বিহস-

ন্মৃদঙ্কদ্রোমাঞ্চং রচয়তি চ কৃষ্ণঃ পরিকরং ॥

ক্ষিপন্ প্রেরয়ন্নিত্যানুসারেণৈব পাঠস্তেষামভীষ্টঃ। দানব বধ্যাদিশব্দাস্তু কংসস্য

স্বরূপ কুলটা স্ত্রী সম্পর্কীয়া দূতীরূপা দৃষ্টি নিক্ষেপপূর্ব্বক মঞ্চের উপরে কূর্দ্দন (লম্ফ) দিবার অভিপ্রায়ে গমন করি-তেছেন, দর্শন কর ॥

ললিত ॥

যে স্থলে প্রচুর রূপে শৃঙ্গারের চেষ্টা প্রকাশ পায় তাহাকে ললিত বলিয়া জানিবে ॥

যথা ॥

রসিকরাজ শ্রীকৃষ্ণ স্থিরচিত্তে কৌতুকের সহিত দক্ষিণ হস্তদ্বারা শ্রীরাধার কুচমুকুলে তিলকরচনা করিতেন, দর্পের সহিত অরিষ্টাসুর কটু শব্দ করিতে থাকিলে রোমাঞ্চ কলেবরে হাঁসিতে হাঁসিতে বাম হস্তদ্বারা কটিবন্ধন করিতে লাগিলেন ॥

ঔদার্য্য ॥

আত্মাদ্যর্পণকারিত্বমৌদার্য্যমিতি কীর্ত্ত্যতে ॥

যথা ॥

বদান্যঃ কো ভবেদত্র বদান্যঃ পুরুষোত্তমাৎ ॥

অকিঞ্চনায় যেনাত্মা নির্গুণায়াপি দীয়তে ॥ ১৪০ ॥

সামান্যা নায়কগুণাঃ স্থিরতাদ্যা যদপ্যমী।

তথাপি পূর্ব্বতঃ কিঞ্চিদ্বিশেষাৎ পুনরীরিতাঃ

অথাস্য সহায়াঃ ॥

অস্য গর্গাদয়ো ধর্ম্মে যুযুধানাদয়ো যুধি।

মাপকর্ষব্যঞ্জকাঃ ॥ ১৪০ ॥

পূর্ব্বত আফলোদয়কৃৎ স্থির ইত্যাদিতঃ কিঞ্চিদ্বিশেষাৎ পরস্পরপৌর্ব-

---

আত্মসমর্পণকারিত্বকে ঔদার্য্য বলিয়া কীর্ত্তন করা যায় ॥

যথা ॥

বল দেখি, পুরুষোত্তম হইতে অন্য কোন্ ব্যক্তি বদান্য হইবে, যিনি অকিঞ্চন নির্গুণ ব্যক্তিকেও আত্মসমর্পণ করিয়া থাকেন ॥ ১৪০ ॥

যদিচ স্থিরতাপ্রভৃতি সমান্য নায়কগুণ সকল বর্ণিত হইল, তথাপি পূর্ব্ব হইতে কিঞ্চিৎ বিশেষপ্রযুক্ত পুনর্ব্বার নায়কের অন্য গুণ সকল কীর্ত্তন করিতেছি ॥

অথ শ্রীকৃষ্ণের সহায় ॥

শ্রীকৃষ্ণের ধর্ম্মাদি বিষয়ে গর্গাদি ঋষিগণ সহায়, যুদ্ধ-বিষয়ে যুযুধান (সাত্যকি) প্রভৃতি এবং মন্ত্রণাবিষয়ে উদ্ধবাদি

উদ্ধবাদ্যাস্তথা মন্ত্রে সহায়াঃ পরিকীর্ত্তিতাঃ ॥ ১৪১ ॥

অথ কৃষ্ণভক্তাঃ ॥

তদ্ভাবভাবিতস্বান্তাঃ কৃষ্ণভক্তা ইতীরিতাঃ ॥ ১৪২ ॥

যে সত্যবাক্য ইত্যাদ্যা হ্রীমানিত্যন্তিমা গুণাঃ ।

প্রোক্তাঃ কৃষ্ণেঽস্য ভক্তেষু তে বিজ্ঞেয়া মনীষিভিঃ ॥ ১৪৩

তে সাধকাশ্চ সিদ্ধাশ্চ দ্বিবিধাঃ পরিকীর্ত্তিতাঃ ॥

তত্র সাধকাঃ ॥

পাৎ । কুত্রাপি স্বতন্ত্রপোষণাচ্চ পুনঃ সত্বভেদেনেরিতাঃ ॥ ১৪১ ॥

তদ্ভাবেতি । তেন সর্ব্বোৎকৃষ্টেন নিজাভীষ্টেন ভাবেন রত্যাদিবিশেষেণ ভাবিতং বাসিতং স্বান্তং যেষাং তে তথা সজাতীয়তদীয়মহাভক্তবিশেষা আলম্বনা ইত্যর্থঃ । অন্যাস্তূদ্দীপনা ইতি ভাবঃ তথৈবোদ্দীপনেষ্বপি ভক্তা গণয়িষ্যন্তে ; ১৪২ ॥

বিজ্ঞেয়া বিশেষেণ জ্ঞেয়া ইত্যন্যোঽপি যথাসম্ভবং জ্ঞেয়া ইত্যর্থঃ ॥ ১৪৩ ॥

সহায়রূপে পরিকীর্ত্তিত ॥ ১৪১ ॥

অথ কৃষ্ণভক্ত ॥

কৃষ্ণভাবে ভাবিতান্তঃকরণকে কৃষ্ণভক্ত বলাযায় ॥ ১৪২ ॥

শ্রীকৃষ্ণবিষয়ে সত্যবাক্য আদি করিয়া হ্রীমান্ পর্য্যন্ত যে সকল গুণ উল্লিখিত হইয়াছে, পণ্ডিতগণ কৃষ্ণভক্তেতেও সেই সকল গুণ কীর্ত্তন করিয়াছেন ॥ ১৪৩ ॥

কৃষ্ণভক্ত দুই প্রকারে পরিকীর্ত্তিত হয়েন সাধক এবং সিদ্ধ

তন্মধ্যে সাধক যথা ॥

উৎপন্নরতয়ঃ সম্যক্ নৈর্বিঘ্ন্যমনুপাগতাঃ।
কৃষ্ণসাক্ষাৎকৃতৌ যোগ্যাঃ সাধকাঃ পরিকীর্ত্তিতাঃ ॥
যথৈকাদশে ॥
ঈশ্বরে তদধীনেষু বালিশেষু দ্বিষৎসু চ।
প্রেমমৈত্রীকৃপোপেক্ষা যঃ করোতি স মধ্যমঃ ॥ ১৪৪ ॥
যথা বা ॥
সিক্তাপ্যশ্রুজলোৎকরেণ ভগবদ্বার্ত্তানদীজন্মনা
তিষ্ঠত্যেব ভবাগ্নিহেতিরিতি তে ধীমন্নলং চিন্তয়া।
হৃদ্ব্যোমন্যমৃতস্পৃহা হরকৃপাবৃষ্টেঃ স্ফুটং লক্ষ্যতে

তদ্বৈশিষ্ট্যং জ্ঞাপনার্থং ভক্তভেদান্দর্শয়তি তে সাধকা ইতি ॥ ১৪৪ ॥
পূর্ব্বস্য বিঘ্নকারণাভাবমাশঙ্ক্যানাতুদাহরণমাহ যথাবেতি। হেতি জ্বালা পক্ষে

যাহাদের কৃষ্ণবিষয়ে রতি উৎপন্ন হইয়াছে কিন্তু সম্যক্ রূপে বিঘ্ন নিবৃত্তি পাই নাই এবং কৃষ্ণসাক্ষাৎকার বিষয়ে যোগ্য, তাহারাই সাধক বলিয়া পরিকীর্ত্তিত হয় ॥

যথা একাদশে ২ অধ্যায়ে ৪৫ শ্লোকে।

যিনি ঈশ্বরে প্রেম, তদধীন ব্যক্তিতে মিত্রতা, অজ্ঞানের প্রতি কৃপা এবং বিদ্বেষির প্রতি উপেক্ষা করেন, এইরূপ ভেদ দর্শন জন্য তিনি মধ্যম ॥ ১৪৪ ॥

যথাবা।

হে ধীমন্! ভগবানের বার্ত্তানদীজনিত অশ্রুজলে সিক্ত হইয়া ভবাগ্নি শিখা যে থাকিবেক এমত চিন্তায় কোন ফল নাই, গাত্রে যখন লোমসকলের নৃত্য দেখিতেছি, তখন

নেদিষ্ঠঃ পৃথুরোম তাণ্ডবভরাৎ কৃষ্ণাম্বুদস্যোদ্গমং ॥
বিল্বমঙ্গলতুল্যা যে সাধকাস্তে প্রকীর্ত্তিতাঃ ॥ ১৪৫ ॥

অথ সিদ্ধাঃ ॥

অবিজ্ঞাতাখিলক্লেশাঃ সদা কৃষ্ণাশ্রিতক্রিয়াঃ ।
সিদ্ধাঃ স্যুঃ সন্ততপ্রেমসৌখ্যাস্বাদপরায়ণাঃ ॥
সংপ্রাপ্তসিদ্ধয়ঃ সিদ্ধা নিত্যসিদ্ধাশ্চ তে দ্বিধা ॥

তত্র সংপ্রাপ্তসিদ্ধয়ঃ ॥

সাধনৈঃ কৃপয়া চাস্য দ্বিধা সংপ্রাপ্তসিদ্ধয়ঃ ।

তত্র সাধনসিদ্ধাঃ ॥

পৃথুরোমাণো মৎস্যাঃ ॥ ॥ ১৪৫ ॥

অথ মহাভক্তান্ দর্শয়তি অথ সিদ্ধা ইতি ॥ ১৪৬ ॥

অমৃত স্পৃহাহারী কৃপাবৃষ্টিশীল কৃষ্ণাম্বুদ তোমার হৃদয়াকাশের নিকটবর্ত্তি হইয়াছে, বিল্বমঙ্গলতুল্য সকলই সাধক বলিয়া কীর্ত্তিত হয় ॥ ১৪৫ ॥

অথ সিদ্ধ ॥

যাহাদের কিছুমাত্র ক্লেশ অনুভব হয় না, সর্ব্বদা কৃষ্ণসম্বন্ধীয় কর্ম্ম করে এবং যাহারা সর্ব্বতোভাবে প্রেম সৌখ্যাদির আস্বাদবিষয়ে পরায়ণ, তাহারাই সিদ্ধ ॥

সিদ্ধ দুই প্রকার সংপ্রাপ্তসিদ্ধিরূপ সিদ্ধ এবং নিত্যসিদ্ধ ॥

তন্মধ্যে সংপ্রাপ্তসিদ্ধিরূপ সিদ্ধ যথা ॥

সাধনদ্বারা এবং ভগবৎকৃপা বশতঃ সংপ্রাপ্তসিদ্ধিরূপ সিদ্ধ দুই প্রকার ॥

যথা তৃতীয়ে ॥

যচ্চ ব্রজন্ত্যনিমিষামৃষভানুবৃত্ত্যা
দূরে যমা হ্যুপরি নঃ স্পৃহণীয়শীলাঃ।
ভর্তুর্মিথঃ সুযশসঃ কথনানুরাগ-
বৈক্লব্যবাষ্পকলয়া পুলকীকৃতাঙ্গাঃ ॥ ১৪৬ ॥

যে ভক্তিপ্রভবিষ্ণুতাকবলিতক্লেশোর্ম্ময়ঃ কুর্ব্বতে
দৃক্পাতেঽপি ঘৃণাং কৃতপ্রণতিষু প্রায়েণ মোক্ষাদিষু।

প্রায়েণেতি কথঞ্চিদাদি বাঞ্ছতীতিবৎ ॥ ১৪৭ ॥

তন্মধ্যে সাধনসিদ্ধ যথা।

তৃতীয়ে ১৫ অধ্যায়ে ২৫ শ্লোকে ॥

হে অমরবৃন্দ! যে সকল ব্যক্তি নিরহঙ্কারত্বহেতুঃআমাদের অপেক্ষাও অধিক যোগী তাঁহারাই সেই বৈকুণ্ঠে গমন করিতে পারেন। তাঁহারা দেবশ্রেষ্ঠ হরির নিরন্তর অনুধ্যান্তি ক্রিয়াতে এবম্বিধ প্রভাবশালী যে, যমও তাঁহাদিগের নিকট যাইতে অসমর্থ, তাঁহাদের ভক্তির কথা কি বলিব পরস্পর বসিয়া পরস্পর যশঃ কথনে এমত অনুরাগ প্রকাশ করেন যে, তজ্জন্য অবশতা ও বাষ্পোদ্গম হওয়াতে অঙ্গ পুলকে পরিপূর্ণ হয়। এই নিমিত্ত তাঁহাদের করুণাদিশীল সকলেরই স্পৃহণীয় ॥ ১৪৬ ॥

যথাবা ॥

যাঁহাদের ভক্তিপ্রভাবদ্বারা ক্লেশপরম্পরা কবলিত (গ্রস্ত) হইয়াছে, যাঁহারা ধর্ম্মার্থ কাম মোক্ষ রূপ পুরুষার্থ

তান্ প্রেমপ্রসরোৎসবস্ত [illegible] স্বান্তান্ প্রমোদাশ্রুভি-
নির্ধৌতাস্য তটান্মুহুঃ পুল [illegible] । ধন্যান্নমস্কুর্মহে ॥
মার্কণ্ডেয়াদয়ঃ প্রোক্তাঃ স [illegible] প্রাপ্তসিদ্ধয়ঃ ॥

অথ কৃপাসিদ্ধাঃ ॥

যথা শ্রীদশমে ॥

নাসাং দ্বিজাতিসংস্কারো ন নিবাসো গুরাবপি।
ন তপো নাত্মমীমাংসা ন শৌচং ন ক্রিয়াঃ শুভাঃ।
তথাপি হ্যুত্তমঃশ্লোকে কৃষ্ণে যোগেশ্বরেশ্বরে।

চতুষ্টয় চরণে প্রণত হইলেও তাহাদের প্রতি দৃষ্টিপাত করিতে ঘৃণা বোধ করেন, যাঁহাদের উত্তরোত্তর বৃদ্ধিশীল প্রেমোৎসবে অন্তঃকরণ প্রফুল্লিত হইতেছে, যাঁহাদের আনন্দাশ্রুদ্বারা বদনপ্রান্ত ধৌত এবং অঙ্গ পুলকিত হইতেছে সেই ধন্য সিদ্ধগণকে নমস্কার করি ॥

পণ্ডিতগণ মার্কণ্ডেয়াদি ঋষিগণকে সাধনদ্বারা সিদ্ধিপ্রাপ্ত বলিয়া নির্দ্দেশ করিয়াছেন ॥

অথ কৃপাসিদ্ধ ॥

যথা শ্রীদশমে ২৩ অধ্যায়ে ৩৪ শ্লোকে ॥

যাজ্ঞিক ব্রাহ্মণেরা কহিলেন কি আশ্চর্য্য ! এই অবলাদিগের উপনয়নাদি সংস্কার হয় নাই, ইহাঁরা ব্রহ্মচর্য্যার্থ গুরুকুলে বাসও করে নাই, ইহাদের তপস্যা অথবা আত্মবিচার কিম্বা শৌচাচার অথবা সন্ধ্যোপাসনাদি শুভ ক্রিয়াও কিছুই নাই, তথাপি যোগেশ্বরদিগের ঈশ্বর যে ভগবান্

ভক্তির্দৃঢ়া নচাস্মাকং সংস্কারাদিমতামপি ॥ ১৪৭ ॥

যথা বা ॥

ন কাচিদভবদ্গুরোর্ভজনযন্ত্রণেহভিজ্ঞতা
ন সাধনবিধৌ চ তে শ্রমলবস্য গন্ধোঽপ্যভূৎ।
গতোঽসি চরিতার্থতাং পরমহংসমৃগ্যশ্রিয়া
মুকুন্দপদপদ্ময়োঃ প্রণয়সীধুনো ধারয়া ॥ ১৪৮ ॥

কৃপাসিদ্ধা যজ্ঞপত্নী-বৈরোচনি-শুকাদয়ঃ ॥ ১৪৯ ॥

তাসু ভগবদগুণকথক-সংসঙ্গকারণমনুস্মৃত্য সংস্কারাদীনাং প্রেমসানধত্বঞ্চ সন্দিহ্যাহ যথাবেতি। ন কাচিদিতি শ্রীশুকদেবমুদ্দিশ্য শ্রীনারদবাক্যং ॥ ১৪৮ ॥

কৃপাসিদ্ধা যজ্ঞপত্নীতি। যদুক্তং। তত্রাপাততঃ প্রতীত্যপেক্ষয়েতি জ্ঞেয়ং ॥ ১৪৯ ॥

উত্তমঃশ্লোক শ্রীকৃষ্ণ, তাঁহার প্রতি ইহাদের দৃঢ়া ভক্তি হইয়াছে, আমরা সংস্কারাদি যুক্ত হইয়াও লাভ করিতে পারিলাম না ১৪৭ ॥

যথাবা ॥

শুকদেবকে উদ্দেশ করিয়া নারদ কহিলেন হে মুনে! তুমি গুরুকুলে বাসপূর্ব্বক গুরুসেবার্থ যন্ত্রণা ভোগ না করিয়াই অভিজ্ঞতা লাভ করিয়াছ, সাধনবিধিতে তোমার শ্রমলবের গন্ধমাত্রও দেখিতেছি না, কি আশ্চর্য্য। যাহার শোভা পরমহংসগণেরও প্রার্থনীয় সেই মুকুন্দচরণপদ্মের প্রেমসুধার প্রবাহদ্বারাই কেবল চরিতার্থতা প্রাপ্ত হইয়াছ ॥ ১৪৮ ॥

যজ্ঞপত্নী, বিরোচননন্দন বলি এবং শুকদেব প্রভৃতি কৃপাসিদ্ধ ॥ ১৪৯ ॥

অথ নিত্যসিদ্ধাঃ॥

আত্মকোটিগুণং কৃষ্ণে প্রেমাণং পরমং গতাঃ।
নিত্যানন্দগুণাঃ সর্ব্বে নিত্যসিদ্ধা মুকুন্দবৎ॥ ১৫০॥

যথা পাদ্মে শ্রীভগবৎসত্যভামাদেবীসম্বাদে॥

অথ ব্রহ্মাদিদেবানাং তথা প্রার্থনয়া ভুবঃ।
আগতোঽহং গণাঃ সর্ব্বে জাতাস্তেঽপি ময়া সহ।
এতে হি যাদবাঃ সর্ব্বে মদ্গণা এব ভামিনি।

মুকুন্দবদেব নিত্যানন্দগুণাস্তে নিত্যসিদ্ধা ইত্যন্বয়ঃ। নিত্যাশ্চ আনন্দস্বরূপাশ্চ গুণাস্তদুপলক্ষিতদেহাশ্চ যেষাং তে ইতি। তেষাং মুখ্যলক্ষণমাহ আত্মেতি। আত্মপ্রেমতোঽপি কোটিগুণমিত্যর্থঃ। মধ্যপদলোপাৎ॥ ১৫০॥

মৎপ্রিয়া ইতি অহমেব প্রিয়ো যেষাং ন তথাত্মাদয় ইত্যর্থঃ। অহো ভাগ্যমহোভাগ্যমিতি বিস্ময়াধিক্যে বীপ্সা। তেন দ্বয়োরেব পদয়োর্ন পৌনরুক্ত্যং। অথবা নন্দগোপব্রজৌকসাং ভাগ্যং ভাগ্যমহঃ প্রকাশকং যাবদ্ভাগ্যদ্যোতকং-

---

অথ নিত্যসিদ্ধ॥

যাঁহাদের গুণ মুকুন্দের ন্যায় নিত্য ও আনন্দস্বরূপ এবং যাঁহারা আপনা অপেক্ষা শ্রীকৃষ্ণে কোটিগুণ প্রেমবিধান করেন, তাঁহারা নিত্যসিদ্ধ॥ ১৫০॥

পদ্মপুরাণে ভগবান্ ও সত্যভামাদেবীর সম্বাদে যথা॥

ভগবান্ কহিলেন হে দেবি! ব্রহ্মাদি দেববৃন্দ এবং পৃথিবী ইহাঁদের প্রার্থনায় আমি আগমন করিয়াছি আমার গণ সকলও আমার সহিত জন্ম গ্রহণ করিয়াছে, হে ভামিনি! এই যে সকল যাদব দেখিতেছ ইহারা আমারই গণ, অতএব

সর্ব্বদা মৎপ্রিয়া দেবি মত্তুল্যগুণশালিনঃ॥

শ্রীদশমে॥

অহো ভাগ্যমহো ভাগ্যং নন্দগোপব্রজৌকসাং।

যন্মিত্রং পরমানন্দং পূর্ণং ব্রহ্ম সনাতনং॥

তত্রৈব॥

দুস্ত্যজশ্চানুরাগোঽস্মিন্ সর্ব্বেষাং নো ব্রজৌকসাং।

মিতার্থঃ। অহো ইতি বিস্ময়ে যদ্যস্মাদেষাং বা ব্রহ্ম। ত্বং মিত্রং। কীদৃশং। ব্রহ্ম পূর্ণং মূর্ত্তপূর্ণানন্দত্বাৎ। অমূর্ত্তানন্দস্ত তথা পূর্ণো ভবতি তদপেক্ষয়া শ্রীবিগ্রহস্যৈব প্রচুরানন্দত্বাৎ। তথাচ। সংক্ষোভমক্ষরজুষামপি চিত্তঃস্বোরিতি ব্রহ্মজ্ঞাননিপুণানামপি চিত্ততনুসংক্ষোভসূচনাৎ। পুনঃ কীদৃশস্তং। ব্রহ্ম পরমানন্দং পরম আনন্দো যস্মাৎ। অমূর্ত্তানন্দাৎ মূর্ত্তানন্দস্য পরমত্বং শ্রেষ্ঠত্বং উক্তপ্রকারসনকাদ্যাক্তেঃ। অতোঽত্র পূর্ণত্বঃ পরমানন্দত্বঞ্চ দ্বয়মেব মূর্ত্তানন্দবোধকং। অন্যথা ব্রহ্মেত্যনেনৈব তদুভয়মুপলভ্যেত কিমপরং তয়োর্নির্দ্দেশেনৈব ব্রহ্মণো বিশেষণদ্বয়মুক্তা মিত্রবিশেষণমাহ সনাতনমিতি কীদৃশং মিত্রং সনাতনং নিত্যং

ইহাদের পরাক্রম সামান্য নহে, ইহারা সর্ব্বদা আমার প্রিয় ও আমার তুল্য গুণশালী॥

শ্রীদশমে ১৪ অধ্যায়ে ৩০ শ্লোকে॥

অহো নন্দগোপ এবং ব্রজবাসিদিগের কি আশ্চর্য্য ভাগ্য পরমানন্দরূপী সনাতন পূর্ণব্রহ্ম তাঁহাদের মিত্র হইয়াছেন॥

দশমে ২৬ অধ্যায়ে ১০ শ্লোকে॥

শ্রীকৃষ্ণ গোবর্দ্ধনপর্ব্বত ধারণ করিলে গোপগণ বিস্ময়া-

নন্দ তে তনয়েঽস্মাসু তস্যাপ্যৌৎপত্তিকঃ কথং ॥ ১৫১ ॥
সনাতনং মিত্রমিতি তস্যাপ্যৌৎপত্তিকঃ কথং।
স্নেহোঽস্মাস্বিতি চৈতেষাং নিত্যপ্রেষ্ঠত্বমাগতং।
ইত্যতঃ কথিতা নিত্যপ্রিয়া যাদববল্লভাঃ।

ত্রৈকালিকমিতি যাবৎ যথা ত্বং ত্রিকালসিদ্ধস্তথা ব্রজলোকোঽপীতি ভাবঃ। যেন হি তেষাং সনাতনং মিত্রং ত্বমসি অত এষাং ভাগ্যং কিং বক্তব্যমিতি ভাবঃ ॥ ১৫১ ॥

সনাতনং মিত্রমিতীত্যেতাদৃশযোজনয়েত্যর্থঃ। অন্যথা সনাতনপদ-বৈয়র্থ্যং স্যাৎ। পূর্বত্বেনৈব তৎসিদ্ধেঃ। যদিচ ব্রহ্মণো বিশেষণং তৎ স্যাত্তথাপি মিত্রতা বৈশিষ্ট্যার্থমেব তদ্বিশিষ্যত ইতি সমানমেব। মনোরমং সুবর্ণমিদং কুণ্ডলং জাতমিত্যত্র যথা কুণ্ডলস্যৈব মনোরমত্বং সাধ্যং তদ্বত্তস্যাপীতি স্বভাব-সম্বন্ধসূচনান্নিত্যত্বমাক্ষিপ্যতে। তদেবমত্র তস্মান্মচ্ছরণং গোষ্ঠমিত্যাদাবপি

পন্ন হইয়া নন্দের নিকট আগমন করত জিজ্ঞাসা করিলেন, হে নন্দ! তোমার এই তনয়ের প্রতি আমাদের সকল ব্রজ-বাসির দুস্ত্যজ অনুরাগ এবং ইহাঁরও আমাদের প্রতি স্বাভাবিক স্নেহ কেন হইয়াছে, ইনি ত সকলের আত্মা নহেন? ॥ ১৫১ ॥

সনাতন মিত্র ও অস্মৎকুলে জন্ম এবং অস্মদাদি সকলে স্নেহ ইত্যাদি বিশেষণ দ্বারা যাদব ও ব্রজবাসিগণের নিত্য প্রেষ্ঠতার উপলব্ধি হইতেছে, এজন্য যাদব ও গোপসকল নিত্যসিদ্ধ বলিয়া কথিত হইয়াছেন, যেমন লীলাবশতঃ মুরারি জন্মাদি গ্রহণ করিয়া থাকেন; তদ্রূপ যাদব ও গোপ-

এষাং লৌকিকবচ্চেষ্টা লীলামুররিপোরিব ॥ ১৫২ ॥
তথাহি পাদ্মোত্তরখণ্ডে ॥
যথা সৌমিত্রিভরতৌ যথা সঙ্কর্ষণাদয়ঃ।
তথা তেনৈব জায়ন্তে নিজলোকাদযদৃচ্ছয়া।
পুনস্তেনৈব গচ্ছন্তি তৎপদং শাশ্বতং পরং।
ন কর্ম্মবন্ধনং জন্ম বৈষ্ণবানাঞ্চ বিদ্যতে ॥ ইতি ॥
যে প্রোক্তাঃ পঞ্চপঞ্চাশৎ ক্রমাৎ কংসহরেগুণাঃ।
তে চান্যে চাপি সিদ্ধেষু সিদ্ধিদত্বাদয়ো মতাঃ ॥ ১৫৩ ॥

এষাং। অত্র বিশেষজিজ্ঞাসা চেৎ কৃষ্ণসন্দর্ভো দৃশ্যঃ ১৫২ ॥

তেনৈব ভগবতা সহ জায়ন্তে যাদবাদ্য ইতি শেষঃ। যদৃচ্ছয়া বৈরিত্বেত্যা-ময়ঃ ॥ ১৫৩ ॥

দিগেরও লৌকি চেষ্টা জানিতে হইবে ॥ ১৫২ ॥

যথা পদ্মপুরাণে উত্তরখণ্ডে ॥

যেমন লক্ষণ, ভরত, ও সঙ্কর্ষণ প্রভৃতি ভগবানের সহিত জন্ম গ্রহণ করেন, তদ্রূপ যাদব ও গোপগণ লীলা বশতঃ ভগবানের সহিত জন্ম গ্রহণ করেন এবং পুনর্ব্বার ভগবানের সহিত নিত্যধামে গমন করিয়া থকেন, অতএব বৈষ্ণবদিগের জন্ম ও কর্ম্মবন্ধন নাই ॥

কংসরিপুর যে পঞ্চপঞ্চাশৎ গুণ ক্রমান্বয়ে কথিত হই-য়াছে সেই সকল গুণ ও অন্যান্য সিদ্ধিপ্রদত্বাদি গুণ সকলও সিদ্ধগণে বিদ্যমান আছে ॥ ১৫৩ ॥

ভক্তাস্তু কীর্ত্তিতাঃ শান্তাস্তথা দাসসুতাদয়ঃ।
সখায়ো গুরুবর্গাশ্চ প্রেয়স্যশ্চেতি পঞ্চধা॥

অথোদ্দীপনাঃ॥

উদ্দীপনাস্তু তে প্রোক্তা ভাবমুদ্দীপয়ন্তি যে।
তেতু শ্রীকৃষ্ণচন্দ্রস্য গুণাশ্চেষ্টা প্রসাধনং॥
স্মিতাঙ্গসৌরভে বংশ-শৃঙ্গ-নূপুর-কম্ববঃ॥
পদাঙ্ক-ক্ষেত্র-তুলসী-ভক্ত-তদ্বাসরাদয়ঃ॥

তত্র গুণাঃ॥

গুণাস্তু ত্রিবিধাঃ প্রোক্তাঃ কায় বাঙ্মানসাশ্রয়াঃ॥ ১৫৪॥

অথ ভাবভেদেন তেষামেব ভেদান্তরাণ্যাহ ভক্তাস্থিতি। অত্র দাসাদয়ো দ্বিধা ভাবময়াঃ সাক্ষাৎ প্রাপ্তদাস্যাদয়শ্চ। তত্রোত্তরেষামেব সম্যগালম্বনত্বমতি-প্রেতং॥ ১৫৪॥

শান্ত, দাসসুতাদি, সখা, গুরুবর্গ ও প্রেয়সীগণ এই পাঁচ প্রকার কৃষ্ণভক্ত বলিয়া কীর্ত্তিত হইয়াছেন॥

অথ উদ্দীপন॥

যাহারা ভাব প্রকাশ করে তাহাদিগকে উদ্দীপন কহে, তৎ সমুদায় যথা—শ্রীকৃষ্ণের গুণ, চেষ্টা ও প্রসাধন অর্থাৎ কঙ্কতিকা প্রভৃতি, তথা হাস্য, অঙ্গগন্ধ, বংশী, শৃঙ্গ, নূপুর, শঙ্খ, পদচিহ্ন, ক্ষেত্র, তুলসী, ভক্ত, তদ্বাসর অর্থাৎ একাদশী প্রভৃতি, উদ্দীপন বলিয়া কথিত হইয়াছে॥

তন্মধ্যে গুণ যথা॥

কায়িক, বাচিক ও মানসিক ভেদে গুণ তিন প্রকার হয়॥ ১৫৪॥

তত্র কায়িকাঃ ॥

বয়ঃসৌন্দর্য্যরূপাণি কায়িকা মৃদুতাদয়ঃ ॥ ১৫৫ ॥

গুণাঃ স্বরূপমেবাস্য কায়িকাদ্যা যদপ্যমী।
ভেদং স্বীকৃত্য বর্ণ্যন্তে তথাপ্যুদ্দীপনা ইতি ॥
অতস্তস্য স্বরূপস্য স্যাদালম্বনতৈব হি।
উদ্দীপনত্বমেব স্যাদ্ভূষণাদেস্তু কেবলং ॥ ১৫৬ ॥

এষামালম্বনত্বঞ্চ তথোদ্দীপনতাপি চ ॥

বয়ঃসৌন্দর্য্যরূপাণি কায়িকা গুণা মৃদুতাদয়শ্চ কায়িকা গুণা ইত্যর্থঃ ॥১৫৫॥ গুণাঃ স্বরূপমেবেতি স্বরূপধর্ম্মত্বাৎ স্বরূপান্তঃ প্রবিষ্টা ইত্যর্থঃ। ভেদং স্বরূপাদন্যত্বপৃথক্ত্বং স্বীকৃত্যোপচর্য্যেত্যর্থঃ। যদ্বা। শ্রীকৃষ্ণঃ সুরম্যাঙ্গ ইতি ভাব্যতে তদালম্বনকোটৌ প্রবেশঃ যদাতু কৃষ্ণস্য সুরম্যাঙ্গত্বমিতি ভাব্যতে তদোদ্দীপনকোটৌ প্রবেশ ইতি ভাবঃ। অত ইতি স্বরূপস্য শ্রীবিগ্রহ-রূপস্যেত্যর্থঃ ॥ ১৫৬ ॥

এষাং গুণানাং বিশিষ্টস্যালম্বনত্বাদ্বিশেষ্য রূপেষু গুণেষ্বপ্যংশেনালম্বনত্বং

তন্মধ্যে কায়িক যথা ॥

বয়স, সৌন্দর্য্য, রূপ এবং মৃদুতা প্রভৃতিকে কায়িক বলে ॥ ১৫৫ ॥

যদিচ শ্রীকৃষ্ণের কায়িক গুণ সকল স্বরূপই বটে, তথাপি ভেদ স্বীকার করিয়া উদ্দীপন রূপে কথিত হইয়াছে। অত-এব তদীয় স্বরূপের আলম্বনতাই সিদ্ধ হয়, কিন্তু ভূষণাদির কেবল উদ্দীপনত্ব রূপেই ব্যবহৃত হয় ॥ ১৫৬ ॥

পূর্ব্বোক্ত গুণসকল আলম্বন ও উদ্দীপনরূপে কথিত হয় ॥

তত্রৈব বয়ঃ ॥

বয়ঃ কৌমারপৌগণ্ডং কৈশোরমিতি তত্ত্রিধা ॥ ১৫৭ ॥
কৌমারং পঞ্চমাব্দান্তং পৌগণ্ডং দশমাবধি।
আ ষোড়শাচ্চ কৈশোরং যৌবনং স্যাত্ততঃ পরং ॥ ১৫৮ ॥
ঔচিত্যাত্তত্র কৌমারং বক্তব্যং বৎসলে রসে।
পৌগণ্ডং প্রেয়সি তথা তত্তৎখেলাদিযোগতঃ ॥
শ্রৈষ্ঠমুজ্জ্বল এবাস্য কৈশোরস্য তথাপ্যদঃ।
প্রায়ঃ সর্ব্বরসৌচিত্যাদত্রোদাহ্রিয়তে ক্রমাৎ ॥ ১৫৯ ॥

প্রবর্ত্ততে ইতি ভাবঃ ॥ ১৫৭ ॥

কৌমারমিত্যাদিকং দৃষ্টান্তমাত্রং শ্রীকৃষ্ণেতু বিশেষো জ্ঞেয়ঃ। যথা কালেনাল্পেন রাজর্ষে রামঃ কৃষ্ণশ্চ গোকুলে। অঘৃষ্টজানুভিঃ পদ্ভির্বিচক্রমতুরোজসেত্যাদিকং ॥ ১৫৮ ॥

তত্র তত্তৎখেলাদিযোগতো যদৌচিত্যং যোগ্যতাতিশয়স্তস্মাদিতি ত্রিষপি যোজনীয়ং। প্রায়ো বাহুল্যেন ॥ ১৫৯ ॥

তন্মধ্যে বয়স্ যথা ॥

বয়স্ তিনপ্রকার কৌমার, পৌগণ্ড ও কৈশোর ॥ ১৫৭ ॥ পাঁচ বৎসর পর্য্যন্ত বয়সের নাম কৌমার, দশ বৎসর পর্য্যন্ত পৌগণ্ড, পঞ্চদশ বৎসর পর্য্যন্ত কৈশোর, তৎপরে ষোড়শ বৎসর হইতে যৌবন ॥ ১৫৮ ॥

ক্রীড়াভেদে বৎসলরসে কৌমারবয়স্ ও সখ্যরসে পৌগণ্ড বয়স্ উচিত হয়, কিন্তু মধুররসে কৈশোর বয়সই শ্রেষ্ঠ। শ্রীকৃষ্ণ প্রায় সর্ব্বরসাশ্রয় বলিয়া ক্রমশঃ ঐ সকলের উদাহরণ করিতেছি ॥ ১৫৯ ॥

আদ্যং মধ্যং তথা শেষং কৈশোরং ত্রিবিধং ভবেৎ ॥

তত্রাদ্যং কৈশোরং ॥

বর্ণস্যোজ্জ্বলতা কাপি নেত্রান্তে চারুণচ্ছবিঃ।

রোমাবলিপ্রকটতা কৈশোরে প্রথমে সতি ॥ ১৬০ ॥

যথা ॥

হরতি শিতিমা কোঽপ্যঙ্গানাং মহেন্দ্রমণিশ্রিয়ং

প্রবিশতি দৃশোরন্তে কান্তির্মনাগিব লোহিনী।

সখি তনুরুহাং রাজিঃ সূক্ষ্মা দরাস্য বিরোচতে

শিষ্যতে নিত্যমেকরূপতয়া তিষ্ঠতীতি শেষং পরমপূর্ণাবস্থমিত্যর্থঃ। তদেবং নিরুক্তিবলাদ্বক্ষ্যমাণেন চরমশব্দেনাপি তাদৃগবস্থং বাচনীয়ং। চরতি স্বাবির্ভাবোত্তরং সর্ব্বকালং সঞ্চরতি নতু কৌমারাদিবদ্ব্যভিচরতি যা লক্ষ্মীর্যস্মিন্নিতি ॥ ১৬০ ॥

কৈশোর তিন প্রকার, আদি, মধ্য ও শেষ ॥

তন্মধ্যে আদিকৈশোর যথা ॥

প্রথম কৈশোরে বর্ণের অনির্ব্বচনীয় উজ্জ্বলতা, নেত্রান্তে অরুণবর্ণ কান্তি ও লোমাবলীর প্রকাশ ॥ ১৬০ ॥

যথা ॥

কুন্দলতা স্বীয় সখীকে কহিলেন হে সখি! সম্প্রতি বনমালির তনুতে আশ্চর্য্য শোভা স্ফূর্ত্তি পাইতেছে অবলোকন কর, আহা! তদীয় অঙ্গসকলের শ্যামলতা ইন্দ্রনীলমণির শোভা হরণ করিতেছে, নয়নদ্বয়ের অন্তে ঈষৎ লোহিতবর্ণ কান্তি প্রবেশ করিয়াছে এবং অল্প অল্প সূক্ষ্ম লোমরাজি

স্ফুরতি সুষমা নব্যেদানীং তনৌ বনমালিনঃ ॥
বৈজয়ন্তী শিখণ্ডাদি-নটপ্রবরবেশতা।
বংশীমধুরিমা বস্ত্রশোভা চাত্র পরিচ্ছদঃ ॥
যথা শ্রীদশমে ॥
বর্হাপীড়ং নটবরবপুঃ কর্ণয়োঃ কর্ণিকারং
বিভ্রদ্বাসঃ কনককপিশং বৈজয়ন্তীঞ্চ মালাং।
রন্ধ্রান্ বেণোরধরসুধয়া পূরয়ন্ গোপবৃন্দৈ-
র্বৃন্দারণ্যং স্বপদরমণং প্রাকিশদ্গীতকীর্ত্তিঃ ॥ ১৬১ ॥

শিতিমা শ্যামতাতিশয়ঃ। তালব্যাদিরয়ং। শিতী ধবলমেচকাবিত্যমরঃ। লোহিনী রক্তবর্ণা তদিদংতস্যাগ্রজভ্রাতৃজায়ায়া বচনং ॥ ১৬১ ॥

উদ্গত হওয়াতে অপূর্ব্ব সৌন্দর্য্য প্রকাশ পাইতেছে ॥

বৈজয়ন্তী, ময়ুরপুচ্ছাদি, নটবরবেশ, বংশীমাধুর্য্য, বস্ত্র-শোভা এবং পরিচ্ছদসকলও উদ্দীপনরূপে কথিত হয় ॥ ১৬১ ॥

যথা শ্রীদশমে ২১ অ, ৫ শ্লোকে।

শুকদেব কহিলেন হে রাজন্! কি প্রকারে শ্রীকৃষ্ণের স্মরণে ব্রজাঙ্গনাদিগের মনঃ রুদ্ধ হইল বলি শ্রবণ কর। গোপীগণ মনে করিলেন শ্রীকৃষ্ণ নটবর শরীর ধারণ করিয়া স্বীয় পদে অঙ্কিত রমণীয় বৃন্দারণ্যে প্রবেশ করিলেন। তাঁহার মস্তকে ময়ূরপুচ্ছময় মুকুট, কর্ণদ্বয়ে কর্ণিকার, পরিধানে কনকবৎ কপিশবর্ণ বসন, গলদেশে বৈজয়ন্তী মালা। তিনি স্বয়ং অধরসুধা দিয়া বেণুরন্ধ্র পূরণ করিতেছেন, আর গোপগণ চারিদিকে তদীয় কীর্ত্তি গান করিতেছে ॥ ১৬১ ॥

খরতাত্র নখাগ্রাণাং ধনুরান্দোলিতা ভ্রুবোঃ।
রদানাং রঞ্জনং রাগচূর্ণৈরিত্যাদি চেষ্টিতং ॥
যথা ॥
নবং ধনুরিবাতনের্নাটদঘদ্বিষো ভ্রূযুগং
শমালিরিব শাণিতা নখররাজিরগ্রে খরা।
বিরাজতি শরীরিণী রুচিরদন্তলেখারুণা
ন কা সখি সমীক্ষণাবদ্‌যুতিরস্য বিত্রস্যতি ॥ ১৬২ ॥
অস্য মোহনতা যথা ॥

নাখাগ্রাণাং খরতা রদানাং রঞ্জনমিতি তচ্ছোভাবিশেষজ্ঞাপনায় লোকরীতি-কথনমাত্রং। তত্র তু স্বভাবত এব তাদৃশনখসৌষ্ঠবং শিখরমণিলাবণ্য-তিরস্কারিদন্তলাবণ্যং চাবির্ভবতীতি জ্ঞেয়ং। অতএবৈতে পরিচ্ছদমধ্যে ন পঠিতে ধনুষী ইব আন্দোলিন্যৌ তয়োর্ভাবঃ ধনুরান্দোলিতা ॥ ১৬২ ॥

তীক্ষ্ণ নখাগ্র, চঞ্চল ভ্রূধনু ও চূর্ণ খদিরদ্বারা দন্ত রঞ্জিত। ইত্যাদি চেষ্টা সকলকেও উদ্দীপন বলে ॥

যথা ॥

হে সখি! অঘরিপুর আশ্চর্য্য মূর্ত্তি দর্শন কর, ইহাঁর ভ্রূযুগল তনুহীন কন্দর্পের নব ধনুর ন্যায় নৃত্য করিতেছে, নখশ্রেণীর অগ্রভাগ এরূপ খরতর যে, শাণিত শরসমূহের ন্যায় বোধ হইতেছে, দন্তসকল এরূপ অরুণবর্ণ দেখাইতেছে যে, ক্রোধই যেন শরীর ধারণ করিয়া বিরাজ করিতেছে, অতএব ইহাঁকে দেখিয়া কোন্ যুবতি না ত্রাসযুক্ত হয় ॥১৬২॥

শ্রীকৃষ্ণের মোহনতা যথা ॥

কর্ত্তুং মুগ্ধাঃ স্বয়মচটুলা ন ক্ষমন্তেঽভিযোগং
ন ব্যাদাতুং ক্বচিদপি জনে বক্ত্রমপ্যুৎসহন্তে।
দৃষ্ট্বা তাস্তে নবমধুরিমস্মেরতাং মাধবার্ত্তাঃ
স্বপ্রাণেভ্যস্ত্রয়মুদসৃজন্নদ্য তোয়াঞ্জলীনাং॥

অথ মধ্যং॥

উরুদ্বয়স্য বাহ্বোশ্চ কাপি শ্রীরুরসস্তথা।
মূর্ত্তের্ম্মধুরিমাদ্যঞ্চ কৈশোরে সতি মধ্যমে॥

কর্ত্তুমিতি বৃন্দায়া বচনং। তত্র প্রথমং তস্যা সন্দেহং বিরচয্যোৎকণ্ঠাং বদ্ধয়ন্ত-কারণং বনৈ কার্য্যমাহ পূর্ব্বার্দ্ধেন। ততশ্চ কুত ইতি তৎপ্রশ্নানন্তরং তমেব কারণত্বে বিন্যস্য সম্যগার্দ্রয়ন্ত্যাহ তৃতীয়েন চরণেন। পুনশ্চ তর্হি কিং কুর্ব্বন্তীতি সগদ্গদং তৎপ্রশ্নানন্তরং তমতিব্যাকুলয়ন্ত্যাহ চতুর্থেনেতি। যোজনীয়ং অভি-যোগং ভাবাভিব্যক্তিং॥ ১৬৩॥

বৃন্দা শ্রীকৃষ্ণকে কহিলেন হে মাধব! তোমার নব মাধুর্য্য-শালি হাস্য সন্দর্শন করিয়া মুগ্ধা গোপীগণ আপন মনোগত ভাব প্রকাশ করিতে স্বয়ং অক্ষম হইতেছেন, কোন ব্যক্তির সহিত আলাপ করিতেও সক্ষম হইতেছেন না। অধিক কি বলিব এরূপ পীড়িতা হইয়াছেন যে, স্বীয় প্রাণের প্রতি তিন অঞ্জলি জল প্রদান করিয়াছেন অর্থাৎ জীবিতাশা একে-বারেই বিসর্জন দিয়াছেন॥

অথ মধ্যকৈশোর॥

মধ্যকৈশোরে উরুদ্বয়, বাহুদ্বয় ও বক্ষঃস্থলের কোন অনি-র্ব্বচনীয় শোভা, তথা মূর্ত্তির মধুরিমাদি প্রকাশ পাইয়া থাকে॥

যথা ॥

স্পৃহয়তি করিশুণ্ডাদণ্ডনায়োরুযুগ্মং
গরুড়মণিকবাটীসখ্যমিচ্ছত্যুরশ্চ।
ভুজযুগমপি ধিৎসত্যর্গলাবর্গনিন্দা-
মভিনবতরুণিম্নঃ প্রক্রমে কেশবস্য।
মুখং স্মিতবিলাসাঢ্যং বিভ্রমোত্তরলে দৃশৌ।
ত্রিজগন্মোহনং গীতমিত্যাদিরিহ মাধুরী ॥
যথা ॥
অনঙ্গনয়চাতুরীপরিচয়োত্তরঙ্গে দৃশৌ
মুখাম্বুজমুদঞ্চিতস্মিতবিলারম্যাধরং।

যথা ॥

শ্রীকৃষ্ণের অভিনব তারুণ্যারম্ভে তদীয় উরুদ্বয় করিশুণ্ডকে দণ্ড দিবার নিমিত্ত স্পৃহা করিতেছে, বক্ষঃস্থল গরুড়মণি অর্থাৎ মরকতমণিনির্ম্মিত কবাটের সহিত সখ্য বিধান করিতে বাসনা করিতেছে এবং ভুজযুগল অর্গলাবর্গকে নিন্দা করিতেছে, অতএব কেশবের কি আশ্চর্য্য শোভা ॥

মন্দ হাস্যযুক্ত মুখ, বিলাসন্বিত চঞ্চল লোচন, তথা ত্রিজগন্মোহনকারী গীত। ইত্যাদি মধ্যকৈশোরের মাধুরী ॥

যথা ॥

আহা! শ্রীকৃষ্ণের প্রথম তারুণ্যাবস্থায় কি আশ্চর্য্য মাধুর্য্য প্রকাশ পাইতেছে, তদীয় লোচনদ্বয় চঞ্চল হইয়া

অচঞ্চলকুলাঙ্গনাব্রতবিড়ম্বিসঙ্গীতকং
হরেস্তরুণিমাঙ্কুরে স্ফুরতি মাধুরী কাপ্যভুৎ ॥
বৈদগ্ধীসারবিস্তারঃ কুঞ্জকেলিমহোৎসবঃ।
আরম্ভো রাসলীলাদেরিহ চেষ্টাদি সৌষ্ঠবং ॥
যথা ॥
ব্যক্তালক্তপদৈঃ ক্বচিৎ পরিলুঠৎ পিঞ্ছাবতংসৈঃ ক্বচি-
ত্তল্পৈর্বিচ্যুতকাঞ্চিভিঃ ক্বচিদসৌ ব্যাকীর্ণকুঞ্জোৎকরা।
প্রোদ্যন্মণ্ডলবন্ধতাণ্ডবঘটালক্ষ্মোল্লসৎসৈকতা
গোবিন্দস্য বিলাসবৃন্দমধিকং বৃন্দাটবী শংসতি ॥ ১৬৩ ॥

কন্দর্পকেলী চাতুর্য্যের পরিচয় প্রদান করিতেছে, হাস্যবিলাস-যুক্ত অধরপল্লবে বদনপদ্ম শোভিত হইয়া রহিয়াছে, তাঁহার সঙ্গীতের এ রূপ চমৎকার শক্তি যে, তদ্দ্বারা ধীর-স্বভাব কুলকামিনীগণের পাতিব্রত্য ব্রত বিনষ্ট হইতেছে ॥

মধ্যকৈশোরের চেষ্টা যথা— রসিকতার সার বিস্তার, কুঞ্জক্রীড়ামহোৎসব এবং রাসলীলাদির আরম্ভ ॥

যথা ॥

বৃন্দাবন কোন স্থানে সুস্পষ্ট যাবকযুক্ত পদ চিহ্নদ্বারা, কোন স্থানে লুণ্ঠিত ময়ূরপুচ্ছের শিরোভূষণ দ্বারা, কোন স্থানে স্খলিত ক্ষুদ্রঘণ্টিকান্বিত শয্যাশালি কুঞ্জগৃহ দ্বারা এবং কোথাও বা মণ্ডলীবন্ধ তাণ্ডবঘটায় উৎফুল্ল বালুকা-দ্বারা ভূষিত হইয়া গোবিন্দের বিলাসসকল সূচনা করিয়া দিতেছেন ॥ ১৬৩ ॥

তন্মোহনতা যথা ॥

বিদূরান্মারাগ্নিং হৃদয়-রবিকান্তে প্রকটয়-

ন্নুদস্যন্ ধর্ম্মেন্দুং বিদধদভিতো রাগপটলং।

কথং হা নস্ত্রাণং সখি মুকুলয়ন্ বোধকুমুদং

তরস্বী কৃষ্ণাভ্রে মধুরিমভরার্কোঽভ্যুদয়তে ॥

অথ শেষকৈশোরং ॥

পূর্ব্বতোঽপ্যধিকোৎকর্ষং বাঢ়মঙ্গানি বিভ্রতি।

ত্রিবলিব্যক্তিরিত্যাদ্যং কৈশোরে চরমে সতি ॥ ১৬৪ ॥

বিদূরাদিতি। অবভ্রং নভঃ। রাগোঽত্র মারাগ্নিকৃৎ তৃষ্ণাতিশয়ঃ ॥ ১৬৪ ॥

মধ্যকৈশোরের মোহনতা যথা ॥

হে সখি! অকস্মাৎ কৃষ্ণাকাশে এ কোন্ বেগবান্ মাধুর্য্যপূর্ণ সূর্য্যদেবের উদয় হইল, ইনি আমাদের ধর্ম্মরূপি চন্দ্রকে অস্তমিত করিয়া সর্ব্বতোভাবে রাগপটল অর্থাৎ অনুরাগসমূহ বিধান করিতে করিতে দূর হইতে হৃদয়রূপ সূর্য্যকান্ত মণিতে কামাগ্নি নিষেপপূর্ব্বক জ্ঞানকুমুদকে মুদ্রিত করিয়াদিলেন, অতএব হে সখি! আমাদের আর প্রাণের উপায় দেখিতেছি না ॥

অথ শেষকৈশোর ॥

চরম কৈশোর প্রবৃত্ত হইলে অঙ্গসকল পূর্ব্বাপেক্ষা অতিশয় উৎকর্ষ ধারণ করে এবং তাহাতে স্পষ্ট রূপে ত্রিবলি রেখা প্রকাশ পায় ॥ ১৬৪ ॥

যথা ॥

মরকতগিরের্গণ্ডগ্রাবপ্রভাহরবক্ষসং

তনুতরণিজাবীচিচ্ছায়াবিড়ম্বিবলিত্রয়ং
মদনকদলীসাধিষ্ঠোরুং স্মরাম্যসুরান্তকং
তন্মাধুর্য্যং যথা ॥
দশার্দ্ধশরমাধুরীদমনদক্ষয়াঙ্গশ্রিয়া
বিধূনিতবধূধৃতিং ধরকলাবিলাসাস্পদং।
দৃগঞ্চলচমৎকৃতিক্ষপিতখঞ্জরীট-দ্যুতিং

সাধিষ্ঠত্বং পরমাতিশায়িত্বং ॥ ১৬৫ ॥

যথা ॥

যাঁহার বক্ষঃস্থল মরকত পর্ব্বতীয় বৃহৎ পাষাণ খণ্ডের প্রভা হরণ করিতেছে, যাঁহার ভুজদ্বয় ইন্দ্রনীলমণির স্তম্ভকে ন্যকার করিতেছে, যাঁহার তনুত্রিবলি যমুনার তরঙ্গমালাকে বিড়ম্বিত করিতেছে, এবং যাঁহার উরু রামরম্ভা হইতেও পরম সুন্দর দেখাইতেছে, সেই অসুরান্তক শ্রীকৃষ্ণকে আমি চিন্তা করিতেছি ॥

অন্ত্য কৈশোরের মাধুর্য্য যথা ॥

হে তরুণি! পীতাম্বরকে সন্দর্শন কর, ইনি পঞ্চশরের (কন্দর্পের) মাধুরীদমনদক্ষ অঙ্গশ্রী-দ্বারা বধূ গণের ধৈর্য্য বিনষ্ট করিতেছেন, ইহাঁর অঙ্গ শিল্পনৈপুণ্যের ক্রীড়াস্থান হইয়াছে, নয়নাঞ্চলের চমৎকৃতি দ্বারা খঞ্জনের নৃত্যগর্ব্ব খর্ব্ব

স্ফ রত্তরুণিমোদ্গমং তরুণি পশ্য পীতাম্বরং ॥
ইদমেব হরেঃ প্রাজ্ঞৈর্নবযৌবনমুচ্যতে ॥ ১৬৫ ॥
তত্র গোকুলদেবীনাং ভাবসর্ব্বস্বশালিতা।
অভূতপূর্ব্বকন্দর্পতন্ত্রলীলোৎসবাদয়ঃ ॥ ১৬৬ ॥
যথা ॥
কান্তাভিঃ কলহায়তে ক্বচিদয়ং কন্দর্পলেখান্ ক্বচিৎ
কীরৈরর্পয়তি ক্বচিদ্বিতনুতে ক্রীড়াভিসারোদ্যমং।

ভাবস্য যৎ সর্ব্বস্বং সর্ব্বোহপার্থস্তেন প্রশংসাবত্তা ॥ ১৬৬ ॥

অত্র কৈশোরে ভেদাশ্চতুর্দ্ধা বর্ণ্যন্তে লক্ষণেন পরিচ্ছদেন চেষ্টিতেন মোহনতাবৈশিষ্ট্যেন চ। তত্র যদ্যপি পরিচ্ছদাদীন্যপি লক্ষণান্যেবে তথাপি বিশেষতস্তদ্বর্ণয়িতুমেব পৃথক্ নির্দ্দেশঃ। তদেবমাদ্যকৈশোরে তানি স্পষ্টান্যেব মধ্যশেষয়োস্ত পরিচ্ছদস্য প্রায়ঃ সর্ব্বত্র সমানত্বাৎ পৃথক্ নোক্তিঃ

হইতেছে অতএব ইহার সুন্দর তারুণ্যের কথা আর কি বলিব ॥

পণ্ডিতগণ ইহাকেই হরির নবযৌবন বলিয়া কীর্ত্তন করিয়াছে ॥ ১৬৫ ॥

এই অন্ত্য কৈশোরে ব্রজদেবী সকলের অপূর্ব্ব কন্দর্প-ক্রীড়ারূপ লীলানন্দ ভাবসমুদায় প্রকাশ পাইয়া থাকে ॥১৬৬

যথা ॥

এই কুঞ্জরাজ শ্রীকৃষ্ণ কামক্রীড়ায় ষড়্গুণ (সন্ধি, বিগ্রহ, গমনসাধন, আসন, ভেদ ও আশ্রয়) বিশিষ্ট হইয়া অত্যুৎকৃষ্ট শৃঙ্গাররাজ্য শাসন করিতেছেন, যথা—কোন স্থানে

সখ্যা ভেদয়তি ক্বচিৎ স্মরকলাষাড়্গুণ্যবানীহতে
সন্ধিঃ কাপ্যনুশাস্তি কৃষ্ণনৃপতিঃ শৃঙ্গাররাজ্যোত্তমং ॥ ১৬৭ ॥
তন্মোহনতা যথা ॥

মাধুরী চ মোহনতায়া এব কারণাবস্থা পৃথক্ দর্শিতা। সা চান্যেহপি ব্যক্তিতাস্তি। নবমধুরিমস্মেরতামিতানেন নবং ধনুরিবাতনোন টিদবদ্বিষো ভ্রূযুগমিত্যানেন রন্ধ্রান্ বেণোরধরসুধয়া পূরয়ন্নিত্যানেন চ। মধ্যে চেষ্টাদিসৌষ্ঠবমিতি চেষ্টায়া শ্রৈষ্ঠ্যং সৌষ্ঠবমিত্যর্থঃ। চরমেহপি চরমেহপি চাত্র গোকুলেতি মোহনতা। তস্মাৎ সৌষ্ঠবমাধুর্য্যমোহনতানাং ভেদেহপ্যভেদনির্দ্দেশঃ পরস্পরমব্যতিরেকিত্বয়াবগন্তব্যঃ। অত্র সৌষ্ঠবং তদ্দ্বয়োর্যোগ্যাঙ্গশোভাবিশেষঃ মাধুর্য্যং তেন রোচকতা। মোহনতাতু স্বয়ানুভবান্তরমাচ্ছিদ্যাকর্ষিতেতি জ্ঞেয়ং। তদেবং প্রকরণার্থো ব্যাখ্যাতঃ। অভূতপূর্ব্বেতি চেষ্টিতমুদ্দিষ্টং। তত্রচ সখি যথা কান্তাভিরিত্যাদিনা চেষ্টিতমুদাহরতি ষাড়্গুণ্য ইতি। ক্বচিৎ শৃঙ্গাররাজ্যোত্তমানুশাসনে ইত্যেব লভ্যতে। অত্র নীতিশাস্ত্রানুসারো জ্ঞেয়ঃ। যথোক্তং। সন্ধির্না বিগ্রহো যানমাসনং দ্বৈধমাশ্রয়ঃ ষড়্গুণা ইতি। অত্র কান্তাভিরিতি বিগ্রহঃ। কন্দর্পলেখানিতি দ্বৈধং। ক্রীড়েতি যানং। সখ্যেত্যাশ্রয়ঃ। সন্ধিমিতি সন্ধিঃ। কৃষ্ণনৃপতিরিত্যাসনমিতি ষট্কং ব্যক্তিতং ॥ ১৬৭ ॥

সুন্দরীসকলের সহিত কলহ উপস্থিত করিতেছেন, কোথাও শুকপক্ষি-দ্বারা নখচিহ্নরূপ দ্বৈধ বিধান করিতেছেন, কোথাও ক্রীড়ার নিমিত্ত গমনোদ্যত হইতেছেন এবং কোথাও বা সখার সহিত সন্ধি ও আশ্রয় বিধান করিতেছেন ॥ ১৬৭ ॥

শ্রীকৃষ্ণের মোহনতা যথা ॥

কর্ণাকর্ণি সখীজনেন বিজনে দূতীস্তুতিপ্রক্রিয়া
পত্যুর্বঞ্চনচাতুরী গুণনিকা কুঞ্জপ্রয়াণে নিশি।
বাধির্য্যং গুরুবাচি বেণুবিরুতাবুৎকর্ণতেতিব্রতান্
কৈশোরেণ তবাদ্য কৃষ্ণগুরুণা গৌরীগণঃ পাঠ্যতে ॥১৬৮॥
নেতুঃ স্বরূপমেবোক্তং কৈশোরমিহ যদ্যপি।
নানাকৃতিপ্রকটনাত্তথাপ্যুদ্দীপনং মতং ॥ ১৬৯ ॥

অথ মোহনতামুদাহরতি তন্মোহনতা যথেতি। তদেবং ত্রিষপি কৈশোরেষু সাম্যেনৈব বর্ণিতং জ্ঞেয়ং। কর্ণাকর্ণীতি প্রণয়েন বিসম্বাদপ্রায়ত্বাৎ। পরস্পরং কর্ণেন কর্ণেন যুদ্ধং বৃত্তমিত্যর্থঃ ॥ ১৬৮ ॥

পূর্ব্ব গুণাঃ স্বরূপসিত্যাদিনা যং ভেদমঙ্গীকৃত্য গুণানামুদ্দীপনত্বং দর্শিতং তমেব কৈশোরমুপলক্ষ্য স্থাপয়ংস্তেষাং স্বত উদ্দীপনত্বমেবেতি দ্রঢ়য়তি নেতুরিতি। স্বরূপধর্ম্মত্বাদ্যদাপি নেতুর্নায়কস্য স্বরূপমেব কৈশোরং তথাপি নানাকৃতীনাং কৌমারপৌগণ্ডকৈশোরাণাং যথাবসরমেব প্রকটনাৎ প্রাকট্যাৎ কৃষ্ণাখ্যধর্ম্মিণস্তু তত্র তত্রানুগতত্বাৎ কৈশোরমপ্যুদ্দীপনমেবেত্যর্থঃ। আলম্বনঃ খলু সর্ব্বদানুগত এব। উদ্দীপনাস্তু কাদাচিৎকা ইতি ॥ ১৬৯ ॥

হে কৃষ্ণ! অদ্য তোমার কৈশোরবয়স্ গোপীগণের গুরুপদবীতে আরোহণ করিয়া তাঁহাদিগকে সখীজনের সহিত কর্ণাকর্ণি, নির্জনে দূতীদিগকে স্তব করিবার রীতি, পতিবঞ্চনা বিষয়ে চাতুর্য্য, রজনীযোগে কুঞ্জগমনে অভ্যাস, গুরুবাক্যে বধিরতা ও বেণুধ্বনিতে উৎকর্ণতা, ইত্যাদি ব্রত সকল পাঠ করাইতেছে ॥ ১৬৮ ॥

যদিচ এস্থলে কৈশোর বয়স্‌কে নায়কের স্বরূপ বলিয়া উল্লেখ করা হইয়াছে তথাপি নানা রূপের প্রকটনবশত ঐ কৈশোর উদ্দীপনরূপে সম্মত হইয়া থাকে ॥ ১৬৯ ॥

বাল্যেঽপি নবতারুণ্যপ্রাকট্যং শ্রূয়তে ক্বচিৎ।
তস্যাতিরসবাহিত্বান্ন রসজ্ঞৈরুদাহৃতং ॥ ১৭০ ॥
অথ সৌন্দর্য্যং ॥
ভবেৎ সৌন্দর্য্যমঙ্গানাং সন্নিবেশো যথোচিতং ॥ ১৭১ ॥
যথা ॥
মুখং তে দীর্ঘাক্ষং মরকততটীপীবরমুরো
ভুজদ্বন্দ্বং স্তম্ভদ্যুতিসুবলিতং পার্শ্বযুগলং।
পরিক্ষীণো মধ্যঃ প্রথিমলহরীহারিজঘনং

শ্রূয়ত ইতি। বাল্যেঽপি ভগবান্ কৃষ্ণস্তরুণং রূপমাশ্রিতঃ। রেমে বিহারৈ-বিবিধৈঃ প্রিয়য়া সহ রাধয়েত্যাদি ব্রতরত্নাকরধৃতভবিষ্যপুরাণাদৌ। তস্যাতিরসবাহিত্বাদিতি। ক্রমযোগেনৈব রসাঃ সম্পদ্যন্তে নেত্থমিতি ভাবঃ ॥ ১৭০ ॥

তত্র সৌন্দর্য্যং সুরম্যাঙ্গত্বপর্য্যায়ঃ ॥ ১৭১ ॥

মুখমিতি লহর্য্যত্র উত্তরোত্তরমাধুর্য্যাবির্ভাবঃ। জঘনশব্দঃ পুংস্কট্যগ্র-ভাগেঽপি যুজ্যতে। মহীতলং তজ্জঘনমিতি দ্বিতীয়স্কন্ধে বিরাড়্বর্ণনাৎ।

কোন স্থানে বাল্যাবস্থাতেও শ্রীকৃষ্ণের নবতারুণ্য প্রকাশ হইয়াছে, শুনিতে পাওয়া যায় কিন্তু রসপোষক না হওয়াতে রসজ্ঞেরা তাহার উদাহরণ করেন নাই ॥ ১৭০ ॥

অথ সৌন্দর্য্য ॥

অঙ্গ সকলের যথাযোগ্য সন্নিবেশকে সৌন্দর্য্য বলে ॥১৭১॥

যথা ॥

হে কংসারে! তোমার দীর্ঘ নয়নযুক্ত বদনমণ্ডল, মরকতমণি কবাটাপেক্ষা স্থূল বক্ষঃ, স্তম্ভসদৃশ ভুজদ্বয়, সুন্দর

ন কস্যাঃ কংসারে হরতি হৃদয়ং পঙ্কজদৃশঃ ॥ ১৭২ ॥

অথ রূপং ॥

বিভূষণং বিভূষ্যং স্যাদ্যেন তদ্রূপমুচ্যতে ॥ ১৭৩ ॥

যথা ॥

কৃষ্ণস্য মণ্ডনততির্মণিকুণ্ডলাদ্যা

নীতাঙ্গসঙ্গতিমলঙ্কৃতয়ে বরাঙ্গি।

শক্তা বভূব ন মনাগপি তদ্বিধানে

সা প্রত্যুত স্বয়মনল্পমলঙ্কৃতাসীৎ ॥

প্রথিম ললিতং। শ্রোণিফলকমিতি পাঠান্তরং ॥ ১৭২ ॥

যেনেতি তত্তৎ পোষযোগ্যেন তাদৃশসৌন্দর্য্যকান্ত্যোঃ সমবায়বিশেষেণেত্যর্থঃ ॥ ১৭৩ ॥

কৃষ্ণস্যেতি পশ্চাত্ত্বলঙ্কৃতা সতী শক্তা বভূবেতি ভাবঃ। বক্ষ্যতে হি। অঙ্গৈরেবাভরণপটলী ভূষিতা যেঽগ্নি ভূষামিতি ॥ ১৭৪ ॥

পার্শ্বযুগল, ক্ষীণ মধ্যদেশ এবং আয়ত স্থূল জঘন কোন্ পঙ্কজাক্ষীর হৃদয় না হরণ করে ॥ ১৭২ ॥

অথ রূপ ॥

যাহার দ্বারা অলঙ্কার সকলের শোভা সমধিক রূপে প্রকাশ পায়, তাহাকে রূপ কহে ॥ ১৭৩ ॥

যথা ॥

হে শোভনাঙ্গি? মণিময় কুণ্ডলাদি ভূষণসকল শ্রীকৃষ্ণের অঙ্গে শোভার্থ নীত হইয়া কিঞ্চিন্মাত্র শোভা বৃদ্ধি করিতে সমর্থ হয় নাই, বরং আপনারাই অতিশয় রূপে শোভিত হইয়াছিল ॥

অথ মৃদুতা ॥

মৃদুতা কোমলস্যাপি সংস্পর্শাসহতোচ্যতে ॥ ১৭৪ ॥

যথা ॥

অহহ নবাম্বুদকান্তেরমুষ্য সুকুমারতা কুমারস্য।
অপি নবপল্লবসঙ্গাদঙ্গান্যপরজ্য শীর্য্যন্তি ॥ ১৭৫ ॥

যে নায়কপ্রকরণে বাচিকা মানসাস্তথা।
গুণাঃ প্রোক্তাস্তএবাত্র জ্ঞেয়া উদ্দীপনা বুধৈঃ ॥

অথ চেষ্টাঃ ॥

চেষ্টা রাসাদিলীলাঃ স্যুস্তথা দুষ্টবধাদয়ঃ ॥ ১৭৬ ॥

অপরজ্য নির্ব্বিদ্য দুঃখিতীভূয়েতি যাবৎ বিবর্ণীভূয়েতি বা ॥ ১৭৫
কিং বহুনেত্যাহ;যে নায়কেতি ॥১৭৬ ॥

অথ মৃদুতা ॥

কোমল বস্তুরও সংস্পর্শ অসহনকে মৃদুতা কহে ॥ ১৭৪ ॥

যথা ॥

আহা! নবঘনশ্যাম এই সুকুমার মশ্রীকৃষ্ণের অঙ্গসকল এ রূপ কোমল যে, নবপল্লবের সংস্পর্শমাত্রে ও বিবর্ণ হইয়া উঠিল ॥ ১৭৫ ॥

নায়ক প্রকরণে বাচিক ও মানসিক প্রভৃতি যে সকল গুণ উক্ত হইয়াছে, পণ্ডিতগণ এ স্থলে তাহাদিগকে উদ্দীপন বলিয়া কীর্ত্তন করিয়া থাকেন ॥

অথ চেষ্টা ॥

রাসাদিলীলা এবং দুষ্টবধাদিকে চেষ্টা কহে ॥ ১৭৬ ॥

তত্র রাসো যথা ॥

নৃত্যদ্গোপনিতম্বিনীকৃতপরীরম্ভস্য রম্ভাদিভি-
গীর্ব্বাণীভিরনঙ্গরঙ্গবিবশং সংদৃশ্যমানশ্রিয়ঃ।
ক্রীড়াতাণ্ডবপণ্ডিতস্য পরিতঃ শ্রীপুণ্ডরীকাক্ষ তে
রাসারম্ভরসার্থিনো মধুরিমা চেতাংসি নঃ কর্ষতি ॥ ১৭৭ ॥

দুষ্টবধো যথা ললিতমাধবে ॥

শম্ভুর্ব্বযং নয়তি মন্দরকন্দরান্ত-
র্ম্লানিঃ সলীলমপি যত্র শিরো ধুনানে।

নৃত্যদ্গোপনিতম্বিনীতি। শ্রীব্রজদেবীভির্ম্মথুরায়াং প্রেষিতা পত্রীয়ং ॥ ১৭৭
শম্ভুরিতি। আঃ ইতি কোপে। কোপশ্চায়মন্যচিত্তং শ্রোতারং প্রত্যেব। আস্ত

তন্মধ্যে রাস যথা ॥

শ্রীকৃষ্ণের মথুরায় অবস্থিতি কালে ব্রজদেবীগণ পত্রিকা প্রেরণ করিলেন, যথা—হে পুণ্ডরীকাক্ষ! তুমি নৃত্য ক্রীড়ায় সুপাণ্ডিত্য প্রকাশ পূর্ব্বক যে সময়ে রাসরসার্থী হইয়া নৃত্যশালিনী গোপনিতম্বিনীগণের সহিত আলিঙ্গন করিয়াছিলে, তৎকালে রম্ভা প্রভৃতি দেবীগণ অনঙ্গরঙ্গে বিবশা হইয়া তোমার শোভা দর্শন করিতেছিল। এক্ষণে সেই মধুরিমা আমাদের চিত্ত আকর্ষণ করিতেছে ॥ ১৭৭ ॥

দুষ্টবধ যথা ॥

ললিতমাধবে ॥

আঃ কি আশ্চর্য্য!, যে বৃষাসুর লীলাবশতঃ মস্তক কম্পিত করাতে দেবদেব শম্ভু ম্লান হইয়া বৃষকে মন্দরগিরির গুহা

আঃ কৌতুকং কলয় কেলিলবাদরিষ্টং
তং দুষ্টপুঙ্গবমসৌ হরিরুন্মমাথ ॥
অথ প্রসাধনং ॥
কথিতং বসনাকল্পমণ্ডনাদ্যং প্রসাধনং ॥ ১৭৮ ॥
তত্র বসনং ॥
নবার্করশ্মিকাশ্মিরহরিতালাদিসন্নিভং।
যুগং চতুষ্কং ভুয়িষ্ঠং বসনং ত্রিবিধং হরেঃ ॥
তত্র যুগং ॥
পরিধানং সসংব্যানং যুগরূপমুদীরিতং ॥ ১৭৯ ॥

স্যাৎ কোপং পীড়য়োরিতি কোষকারাঃ ॥ ১৭৮ ॥

চতুষ্কমিত্যত্রোত্তরীয়মপি কদাচিজ্জ্ঞেয়ং। বসনস্য যুগত্বাদিভেদাঃ সময়বিশেষোচিতত্বাৎ ॥ ১৭৯ ॥

মধ্যে স্থাপন করেন, কৌতুক দেখ, শ্রীকৃষ্ণ অবলীলাক্রমে সেই দুষ্ট অরিষ্টকে বিনষ্ট করিলেন ॥

অথ প্রসাধন ॥

বসন, সজ্জা ও ভূষণাদিকে প্রসাধন বলে ॥ ১৭৮ ॥

তন্মধ্যে বসন যথা ॥

অরুণ, কুঙ্কুম ও হরিতাল বর্ণ বিশিষ্ট যুগ, চতুষ্ক ও ভুয়িষ্ঠ ভেদে শ্রীকৃষ্ণের বসন তিন প্রকার হয় ॥

তন্মধ্যে যুগবসন যথা ॥

পরিধান ও উত্তরীয়কে যুগবসন বলে ॥ ১৭৯ ॥

যথা স্তবাবল্যাং মুকুন্দাষ্টকে ॥

কনকনিবহশোভানিন্দিপীতং নিতম্বে
তদুপরি নবরক্তং বস্ত্রমিত্থং দধানঃ।
প্রিয়মিব কিল বর্ণং রাগযুক্তং প্রিয়ায়াঃ ॥
প্রণয়তু মম নেত্রাভীষ্টপূর্ত্তিং মুকুন্দঃ ॥

চতুষ্কং ॥

যথা ॥

স্মেরাস্যঃ পরিহিতপাটলাম্বরশ্রী-

ইত্থং বস্ত্রং দধান ইতি যদুক্তং তৎ কথং তত্রাহ কনকেতি। কনকনিবহ-শোভানিন্দি বস্ত্রং নিতম্বে, পরিদধদুরিষ্টাম্বব্যবাহ্লীকবস্ত্র। তদুরুচিমনুরাগে-ণান্বিতাং বা প্রিয়ায়া ইতি বা পাঠান্তরং ॥ ১৮০ ॥

যথা স্তবাবলীরমুকুন্দাষ্টকে ॥

মুকুন্দ নিতম্বদেশে স্বর্ণরাশির শোভাহারি পীতবসন ও তদুপরি প্রিয়তমার অনুরাগযুক্ত দেহপ্রভার ন্যায় নূতন রক্তবস্ত্র পরিধান করিয়া আমার নয়নের অভীষ্ট পূর্ণ করি-তেছেন ॥

চতুষ্ক বসন যথা ॥

চঞ্চুক (জামা) উষ্ণীষ (পাগ) তুন্দবন্ধ (উদর বন্ধ) এবং অন্তরীয়ক অর্থাৎ পরিধেয়, ইহাকেই বসন চতুষ্ক কহে ॥

যথা ॥

শ্রীকৃষ্ণ পাটল অর্থাৎ ঈষৎ রক্তবর্ণ বসন পরিধানপূর্ব্বক

শ্ছন্নাঙ্গঃ পুরটরুচোরুকঞ্চুকেন।
উষ্ণীষং দধদরুণং ধটীঞ্চ চিত্রাং
কংসারির্বহতি মহোৎসবে মুদং নঃ॥

খণ্ডিতাখণ্ডিতং ভূরিনটবেশক্রিয়োচিতং।
অনেকবর্ণং বসনং ভূয়িষ্ঠং কথিতং বুধৈঃ॥ ১৮০॥
যথা॥
অখণ্ডিতবিখণ্ডিতৈঃ শিতপিশঙ্গনীলারুণৈঃ
পটৈঃ কৃতযথোচিতপ্রকটসন্নিবেশোজ্জ্বলঃ।
অয়ং করভরাট্প্রভঃ প্রচুররঙ্গশৃঙ্গারিতঃ

সন্নিবেশো রচনাকলভরাট্প্রভইতি কলভরাজইব প্রভা যস্য সঃ। অখণ্ডিতবিখণ্ডিতৈরিতি বস্ত্রময়তত্তদলঙ্কারভেদাৎ। যথা মথুরায়াং বায়কেন দত্তমাসীদিতি জ্ঞেয়ং। শৃঙ্গারশব্দোঽত্র কলভসাদৃশ্যে তত্রাপি বেশতয়া

অঙ্গে স্বর্ণবর্ণ উৎকৃষ্ট কঞ্চুক, মস্তকে অরুণবর্ণ উষ্ণীষ ও উদর মধ্যে বিচিত্র ধটী বন্ধন করিয়া হাস্য বদনে বিচরণ করত আমাদের হর্ষ বর্দ্ধন করিতেছেন॥

ভূয়িষ্ঠ যথা॥

নটবেশের উপযুক্ত খণ্ড ও অখণ্ড নানাবর্ণ বসন সকলকে পণ্ডিতগণ বসন ভূয়িষ্ঠ বলিয়া থাকেন॥ ১৮০॥

যথা॥

হে বিপুলনিতম্বে! মেঘকান্তি এই মাধব, খণ্ড ও অখণ্ড শুক্ল পিঙ্গল, নীল ও অরুণবর্ণ বস্ত্র সকল যথাযোগ্য স্থানে

করোতি করভোরু মে ঘনরুচির্মুদং মাধবঃ॥

অথকল্পঃ॥

কেশবন্ধনমালেপো মালাচিত্রং বিশেষকঃ।

তাম্বূলং কেলিপদ্মাদিরাকল্পঃ পরিকীর্ত্তিতঃ॥ ১৮১॥

স্যাজ্জূটঃ কবরী চূড়া বেণী চ কচবন্ধনং।

পাণ্ডুরঃ কর্ব্বুরঃ পীত ইত্যালেপস্ত্রিধা মতঃ॥ ১৮২॥

মালা ত্রিধা বৈজয়ন্তী রত্নমালা বনস্রজঃ।

লক্ষ্যতে॥ ১৮১॥

জূটো ঘাটোপরি ধম্মিল্লঃ। কবরী পুষ্পাদিনা কেশবেশঃ। চূড়া ঊর্দ্ধবদ্ধাঃ কচাঃ বেণী পৃষ্ঠভাগে দীর্ঘতয়া কেশগুম্ফনং॥ ১৮২॥

বৈজয়ন্তী পঞ্চবর্ণময়ী জানুপর্য্যন্তলম্বিতা চ বনমালা পত্রপুষ্পময়ী পাদ-

---

ধারণ পূর্ব্বক, শ্রেষ্ঠ করিশাবকসদৃশ বহুরঙ্গে সুশোভিত হইয়া আমার হর্ষ বিধান করিতেছেন॥

অথ আকল্প॥

কেশবন্ধন, আলেপ, মালা, চিত্র, তিলক, তাম্বূল ও ক্রীড়াপদ্ম এই সকলকে আকল্প বলে॥ ১৮১॥

জূট (গ্রীবার পশ্চাদ্দেশে কেশ বন্ধন) কবরী (পুষ্পাদি দ্বারা কেশ বন্ধন) চূড়া (ঊর্দ্ধবদ্ধ কেশ) বেণী (পৃষ্ঠভাগে লম্বিত কেশ বন্ধ) এই সকলকে কেশ বন্ধনবলে। শ্বেত, চিত্রবর্ণ এবং পীত, এই তিন প্রকার আলেপ হয়॥ ১৮২॥

মালা তিন প্রকার বৈজয়ন্তী অর্থাৎ পঞ্চবর্ণ পুষ্পনির্ম্মিত জানুপর্য্যন্ত লম্বিত মালা, রত্নমালা ও বনমালা অর্থাৎ পত্র

অস্যা বৈকক্ষকাপীড়প্রালম্বাদ্যা ভিদা মতাঃ ॥ ১৮৩ ॥
মকরীপত্রভঙ্গাঢ্যং চিত্রং পীতসিতারুণং।
তথা বিশেষকোঽপি স্যাদন্যাদূহ্যং স্বয়ং বুধৈঃ ॥ ১৮৪ ।
যথা ॥
তাম্বূলস্ফুরদাননেন্দুরমলং ধম্মিল্লমুল্লাসন্
ভক্তিচ্ছেদলসৎসুঘৃষ্টঘুসৃণালেপশ্রিয়া পেশলঃ।
তুঙ্গোরঃস্থলপিঙ্গলস্রগলিকভ্রাজিষ্ণুপত্রাঙ্গুলিঃ

পর্যান্তলম্বিতা চ। পুনর্মালাভেদানাহ অস্যা ইতি বৈকক্ষকস্তু তৎ[illegible]স্যাদবত্তির্যক্ক্ষিপ্তমুরসি মাল্যং চূড়াবেষ্টনমাল্যমাপীড়ং কণ্ঠাদৃজুলম্বি মাল্যং প্রালম্বং ॥ ১৮৩ ॥
তথেতি পীতশীতারুণ ইত্যর্থঃ। বিশেষকস্তিলকং ॥ ১৮৪ ॥
অলিকং ললাটং পত্রাঙ্গুলিঃ পত্রভঙ্গঃ অদ্য তাম্বূল ইত্যাদিবর্ণিতরূপঃ

পুষ্পময়ী পাদ পর্য্যন্ত লম্বিতা মালা। মালার বিশেষ বিশেষ নাম যথা —বৈকক্ষক অর্থাৎ বক্ষঃস্থলে বক্রভাবে নিক্ষিপ্ত মালা, আপীড় অর্থাৎ চূড়াবেষ্টন মাল্য,প্রালম্ব অর্থাৎ কণ্ঠদেশ হইতে সরলভাবে লম্বিত মালা ॥ ১৮৩ ॥

শ্বেত, পীত ও অরুণবর্ণ মকরী পত্র নির্ম্মাণাদি ও তিলকরচনাকে চিত্র কহে। পণ্ডিতগণ এতদ্ভিন্ন অন্যান্যও স্বয়ং উদাহরণ করিবেন ॥ ১৮৪ ॥

হে সখি! শ্যামাঙ্গ মাধব তাম্বূল রাগদ্বারা মুখচন্দ্রের শ্রী সম্পাদন পূর্ব্বক, নির্ম্মল সুপ্রকাশ কুঞ্চিত কেশ ও সুঘৃষ্ট কুঙ্কুম আলেপ শোভাদ্বারা তথা বিশাল বক্ষে রক্তবর্ণ মালা ধারণ এবং ললাটে পত্র ভঙ্গ অর্থাৎ তিলক দ্বারা রঞ্জিত

শ্যামাঙ্গদ্যুতিরদ্য মে সখি দৃশোর্দুগ্ধে মুদং মাধবঃ॥

অথ মণ্ডনং॥

কিরীটং কুণ্ডলে হারশ্চতুষ্কী বলয়োর্ম্ময়ঃ।
কেয়ূরনূপুরাদ্যঞ্চ রত্নমণ্ডনমুচ্যতে॥ ১৮৫॥

কাঞ্চী চিত্রা মুকুটমতুলং কুণ্ডলে হারিহীরে
হারস্তারো বলয়মমলং চন্দ্রচারুশ্চতুষ্কী।
রম্যাচোর্ম্মির্মধুরিমপুরে নূপুরে-চেত্যঘারে
রঙ্গৈরেবাভরণপটলী ভূষিতা দোগ্ধি ভূষাং॥

কুসুমাদিকৃতঞ্চেদং বন্যমণ্ডনমীরিতং।

সন্ দৃশোরাধারভূতয়োর্মুদং দুগ্ধে প্রপূরয়তি॥ ১৮৫॥

তারঃ শুদ্ধমুক্তাময়ঃ উর্ম্মিরঙ্গুরীয়কঃ নূপুরে চেত্যঘারেরিতি অত্র নূপুরেচেতি শৌরেরিতি বা পাঠঃ; বলয়মিত্যত্রোর্ম্মিরিত্যত্র চ বহুত্বেঽপ্যেকবচনং জাতি-বিবক্ষয়া সম্পন্নো যব ইতিবত্তথাপি বহুত্বং বোধয়ত্যেব। জাত্যা ব্যক্তীনাং

হইয়া আমার নয়নদ্বয়ের আনন্দ দোহন করিতেছেন॥

অথ মণ্ডন॥

কিরীট, কুণ্ডল, হার, চতুষ্কী অর্থাৎ তক্তি, বলয়, অঙ্গুরীয়ক, কেয়ূর ও নূপুরাদি এই সকলকে রত্নভূষণ বলে॥ ১৮৫॥

বিচিত্র ক্ষুদ্রঘণ্টিকা, তুলনা রহিতা মুকুট, হীরক নির্ম্মিত কুণ্ডলদ্বয়, শুদ্ধ মুক্তাহার, নির্ম্মল বলয়, মনোহর চন্দ্র বিশিষ্ট চতুষ্কী অর্থাৎ তক্তি, রমণীয় অঙ্গুরীয়ক ও মাধুর্য্যপূর্ণ নূপুরদ্বয় ইত্যাদি ভূষণ সকল অঘশত্রু শ্রীকৃষ্ণের অঙ্গ শোভা দ্বারা স্ব স্ব শোভা পূর্ণ করিতেছে॥

পুষ্পাদি দ্বারা কৃত ভূষণকে বন্য ভূষণ কহে। গৈরিকাদি

ধাতুক্লৃপ্তঞ্চ তিলকং পত্রভঙ্গলতাদিকং ॥ ১৮৬ ॥

অথ স্মিতং ॥

যথা কর্ণামৃতে ॥

অখণ্ডনির্ব্বাণরসপ্রবাহৈ-
র্বিখণ্ডিতাশেষরসান্তরাণি।
অযন্ত্রিতোদ্বান্তসুধার্ণবানি
জয়ন্তি শীতানি তব স্মিতানি ॥ ১৮৭ ॥

অথ সৌরভং যথা ॥

পরিমলসরিদেষা যদ্বহন্তী সমন্তাৎ
পুলকয়তি বপুর্নঃ কাপ্যপূর্ব্বা মুনীনাং।

ব্যঙ্গ্যত্বাৎ। অতএব জাত্যাখ্যায়ামেকস্মিন্ বহুবচনমন্যতরস্যামিতি পাণিনি-সূত্রং ॥ ১৮৬ ॥

নির্ব্বাণং পরমানন্দঃ শীতানি সর্ব্বতাপহারীণি ॥ ১৮৭ ॥

ধাতুনির্ম্মিত তিলককে পত্রভঙ্গ লতাদি কহা যায় ॥ ১৮৬ ॥

অথ স্মিত ॥

যথা কর্ণামৃতে ॥

হে কৃষ্ণ। তোমার সর্ব্বতাপহারি ঈষৎ হাস্য অখণ্ড পূর্ণানন্দ রসতরঙ্গ দ্বারা অন্য রসান্তর সকলকে দূর করিয়া অবাধে যেন সুধাসমুদ্র উদ্গিরণ করত বিরাজ করিতেছে ॥ ১৮৭ ॥

অঙ্গসৌরভ যথা ॥

সূর্য্যোপরাগ সময়ে শ্রীকৃষ্ণ কুরুক্ষেত্রে গমন করিলে তদীয় অঙ্গ হইতে কোন অপূর্ব্ব পরিমলবাহিনী সরিৎ চতু-

মধুরিপুরুপরাগৈ তদ্বিনোদায় মন্যে
কুরুভুবমনবদ্যামোদসিন্ধুর্ব্বিবেশ ॥

অথ বংশঃ ॥

ধ্যানং বলাৎ পরমহংসকুলস্য ভিন্দন্
নিন্দন্ সুধামধুরিমাণমধীরধর্ম্মা।
কন্দর্পশাসনধুরাং মুহুরেষ শংসন্
বংশীধ্বনির্জয়তি কংসনিসূদনস্য ॥

এষ ত্রিধা ভবেদ্বেণু-মুরলী-বংশিকেত্যপি ॥

তত্র বেণুঃ ॥

পারিকাখ্যো ভবেদ্বেণুর্দ্বাদশাঙ্গুলদৈর্ঘ্যভাক্।

কুরুভুবং কুরুক্ষেত্রং। বিনসনমিতি পাঠো নেষ্টঃ ॥ ১৮৮ ॥

দ্দিকে প্রবাহিত হইয়া অস্মদাদি মুনিগণের বপু পুলকিত করত আমোদ সমুদ্রে প্রবেশ করিল, অতএব বোধ হইল শ্রীকৃষ্ণ যেন মুনিবৃন্দকে আনন্দ প্রদানার্থই কুরুক্ষেত্রে গমন করিয়াছিলেন ॥

অথ বংশ ॥

রূপে সুখাদি স্ফূর্ত্তি প্রাপ্ত হয়, তাহা হইলে ঐ সুখাদি পরমানন্দের সন্দোহকে বর্দ্ধিত করে ॥ ৫৮ ॥

শ্রীকৃষ্ণলীলা পরিকর গত বিভাবাদির যদি কিঞ্চিন্মাত্রেরও সদ্ভাব সম্পন্ন হয় অর্থাৎ যদি আধুনিক তত্তদ্বাসনাযুক্ত ভক্তের হৃদয়ে সদ্ভাব আবির্ভাব হয়, তাহা হইলে তৎক্ষণাৎ বিভাব, অনুভাব, সাত্ত্বিক এবং সঞ্চারী এই চতুষ্টয়ের স্ফূর্ত্তি হেতু ঐ সদ্ভাব সিদ্ধ হইয়া থাকে ॥ ৫৯ ॥

লৌকিক হেতু প্রযুক্ত অনুকরণ কার্য্যে রতির স্থিতি হইলে

রসং স্যান্নেতি নাট্যজ্ঞা যদাহুর্যুক্তমেব তৎ ॥ ৬০ ॥
অলৌকিকীত্বিয়ং কৃষ্ণরতিঃ সর্ব্বাদ্ভুতাদ্ভুতা।
যোগে রসবিশেষত্বং গচ্ছত্যেব হরিপ্রিয়ে।

সম্ভাবাচ্চ। নচানুকর্ত্তৃবক্ত্রোর্জীবিকার্থং তত্তদনুকরণাৎ। কিন্তু দ্রষ্টৃশ্রোত্রো রসং মন্যন্তে তেষাং নিবন্ধচাতুর্য্যেণ তত্তচ্চরিতস্যালৌকিকত্বাদিপ্রাপ্তেঃ। তত্রচ সবাসনেষ্বেব। নচ জরন্মীমাংসকাদিষু। তদেতদভ্যুপগচ্ছন্নাহ যুক্তমেবেতি। কিন্তু লোকাতীনানন্তগুণাঃ শ্রীরামসীতাদয়োঽপি যন্নিজানুকার্য্যাদিষু প্রবেশ্যন্তে তত্ত্ব যুক্তমিতি ভাবঃ। তথানু কর্ত্তৃবক্ত্রোর্যদি সবাসনত্বং স্যাত্তদা তেষাংবা কথং ন স্যাদিতি চ ॥ ৬০ ॥

অথ তত্রৈব স্বমতানুকার্য্যাদিষপি রসনুপপাদয়তি অলৌকিকীত্বিতি মোক্ষানন্দস্যাপি তিরস্কারিত্বাৎ সর্ব্বানন্দমূলস্য শ্রীভগবতোঽপ্যানন্দকত্বাৎ সর্ব্বেতি শ্রীভগবৎপ্রাদুর্ভাবান্তরাণাং রতিতোঽপি পরমাধিক্যাৎ। তচ্চ স্বয়ং শ্রীকৃষ্ণন তদ্ভক্তবরেণচ যন্মর্ত্ত্যলীলোপয়িকমিত্যাদ্যনুভবাৎ। হরিপ্রিয়ে সাক্ষাত্তদনুভবিতরি তল্লীলাপরিকরে রতেঃ পরমাশ্রয়ে। নন্বু দুঃখময়বিয়োগে তেষাং কথং রসঃ স্যাৎ রসস্য পরমানন্দময়ত্বাৎ তত্রাহ বিয়োগেত্বিতি। অদ্ভুতানন্দবিবর্ত্তত্বং স্বতঃ পরমানন্দস্বরূপত্বাৎ সর্ব্বানন্দমূল শ্রীভগবদালম্বনত্বাচ্চ প্রগাঢ়ার্ত্তিভরাভাসত্বং বিয়োগে জ্ঞানপরিণামদুঃখস্য তস্যামধ্যাসাত্তস্যাস্ত তত্র নিমিত্তত্বাৎ অত্রতু দুঃখস্যাপি দৃঢ়প্রত্যাশয়া তিরস্কৃতত্বাদিতি ভাবঃ। বিবর্ত্তোঽত্র পরীপাকঃ

তাহাতে রস উৎপন্ন হয় না, নাট্যজ্ঞেরা এই যাহা বলিয়া থাকেন তাহা যুক্তিসঙ্গত বটে ॥ ৬০ ॥

এই কৃষ্ণরতি অলৌকিকী, সমুদায় অদ্ভুত হইতেও অদ্ভুত, ইহা হরিপ্রিয় ব্যক্তিতে যোগ হইলে রস বিশেষত্ব প্রাপ্ত হয় এবং বিয়োগ হইলে অতিশয় আনন্দের বিবর্ত্তত্ব অর্থাৎ

বিয়োগেত্বদ্ভুতানন্দবিবর্ত্তত্বং দধত্যপি।
তনোত্যেষা প্রগাঢ়ার্ত্তিভরাভাসত্বমূর্জ্জিতা ॥ ৬১ ॥
তত্রাপি বল্লবাধীশনন্দনালম্বনা রতিঃ।
সান্দ্রানন্দচমৎকার-পরমাবধিরিষ্যতে।
যৎসুখৌঘলবাগস্ত্যঃ পিবত্যেব স্বতেজসা।
রমেশমাধুরীসাক্ষাৎকারানন্দাব্ধিমপ্যলং ॥ ৬২ ॥

তস্যাঃ স্বরূপাননাথা ভাবে হেতুঃ। ঊর্জ্জিতেতি অনাথা ভাবে সা ত্যজ্যৈতৈব নতু ত্যক্তুং শক্যেতেতি। তদুক্তং শ্রীব্রজদেবীভিঃ স্বয়মেব। আশাহি পরমং দুঃখমিত্যাদ্যনন্তরং তজ্জানতীনাং নঃ কৃষ্ণে তথাপ্যাশা দুরত্যয়েতি ॥ ৬১ ॥

তদেবং সামান্যতঃ শ্রীকৃষ্ণরতেঃ সর্ব্বোৎকর্ষমুক্ত্বা শ্রীমদ্‌জগতায়াস্তু বৈশিষ্ট-মাহ তত্রাপীতি দ্বাভ্যাং যৎসুখৌঘলবেতি। রমেশোঽত্র শ্রীরুক্মিণীনাথস্বাবস্থঃ স এব। তদেতত্ হরিঃ পূর্ণতমেত্যাদৌ তত্রাপ্যেকান্তিনাং শ্রেষ্ঠা ইত্যাদৌচ সুষ্ঠু ব্যাখ্যাতমেব ॥ ৬২ ॥

পরিপাক ধারণ করিয়া এই রতি প্রগাঢ় দুঃখভরের আভা-সত্ব বিস্তার করে ॥ ৬১ ॥

তন্মধ্যে আবার নন্দনন্দনাশ্রিতা রতি নিবিড় আনন্দ চমৎকারের পরম সীমা পর্য্যন্ত আরোহণ করিয়া থাকে। কারণ যে বৃন্দাবনচন্দ্রের সুখসমূহের লেশরূপী অগস্ত্য স্বীয় তেজে রুক্মিণীনাথের মাধুরী সাক্ষাৎকার রূপ আনন্দ সমুদ্রকে তুচ্ছ জ্ঞান করিয়া পান করিয়াছেন অর্থাৎ নন্দনন্দনের মাধুর্য্য রুক্মিণীনাথের মাধুর্য্যকে তিরোহিত করিয়াছে ॥ ৬২ ॥

কিঞ্চ ॥

পরমানন্দ তাদাত্ম্যাদ্রত্যাদেরস্য বস্তুতঃ।
রসস্য স্বপ্রকাশত্বমখণ্ডত্বঞ্চ সিধ্যতি।
পূর্ব্বমুক্তাদ্দ্বিধা ভেদান্মুখ্যগৌণতয়া রতেঃ।
ভবেদ্ভক্তিরসোঽপ্যেষ মুখ্যগৌণতয়া দ্বিধা।
পঞ্চধাপি রতেরৈক্যান্মুখ্যস্ত্বেক ইহোদিতঃ।
সপ্তধাত্র তথা গৌণ ইতি ভক্তিরসোঽষ্টধা ॥ ৬৩ ॥

পরমানন্দতাদাত্ম্যাদিতি পরমানন্দোঽত্র হ্লাদিনীশক্তিঃ। তত্র রতিস্তন্মূলা। কৃষ্ণরূপো বিভাবস্তু শক্তিশক্তিমতোরেকাত্মকত্বাত্তচ্ছক্ত্যাত্মকঃ। ভক্তরূপো রত্যাবিষ্টঃ। অনুভাবা ব্যভিচারিণশ্চ তদুত্থা ইতি রত্যাদেস্তু তত্তদাত্ম্যপ্রাপ্তিঃ। তদেবং পরমানন্দতাদাত্ম্যাদ্ধেতোরিত্যর্থঃ। ততশ্চ পূর্ব্বদর্শিতমোক্ষানন্দতিরস্কারিশ্রীভগবদ্বশীকারিমহানন্দতয়া বস্তুতো মূলাংশবিচারে সতি স্বপ্রকাশত্বং মন আদ্যনধীনস্ব প্রকাশত্ব মখণ্ডত্বমনন্যস্ফূর্ত্তিময়ত্বঞ্চ সিধ্যতীতি বিবক্ষিতং ॥ ৬৩ ॥

আরও বলি ॥

বস্তুতঃ হ্লাদিনী শক্তির সহিত তাদাত্ম্য প্রযুক্ত রত্যাদি অর্থাৎ রতি প্রেম স্নেহাদি রসের স্বপ্রকাশত্ব এবং অখণ্ডত্ব সিদ্ধ হয় ॥

পূর্ব্বে মুখ্য গৌণ ভেদে রতির দুই প্রকার উল্লেখ করা হইয়াছে অতএব এই ভক্তিরসও মুখ্য ও গৌণ ভেদে দুই প্রকার হয় অর্থাৎ মুখ্য ভক্তিরস ও গৌণভক্তিরস। রতির ঐক্য প্রযুক্ত পাঁচপ্রকার ভেদ থাকিলেও মুখ্য এক এবং গৌণ সাত, এই উভয়ে মিলিত হইয়া ভক্তিরস আট প্রকার হয় ॥ ৬৩ ॥

তত্র মুখ্যঃ ॥

মুখ্যস্তু পঞ্চধা শান্তঃ প্রীতঃ প্রেয়াংশ্চ বৎসলঃ
মধুরশ্চেত্যমী জ্ঞেয়া যথাপূর্ব্বমনুত্তমাঃ ॥

অথ গৌণঃ ॥

হাস্যোঽদ্ভুতস্তথা বীরঃ করুণো রৌদ্র ইত্যপি।
ভয়ানক সবীভৎস ইতি গৌণশ্চ সপ্তধা ॥ ৬৪ ॥

এবং ভক্তিরসো ভেদাদ্দ্বয়োর্দ্বাদশধোচ্যতে।
বস্তুতস্তু পুরাণাদৌ পঞ্চধৈব বিলোক্যতে ॥ ৬৫ ॥

শ্বেতশ্চিত্রোঽরুণঃ শোণঃ শ্যামঃ পাণ্ডুরপিঙ্গলৌ।

অনুত্তমাঃ কনিষ্ঠাঃ ॥ ৬৪ ॥

পঞ্চধৈবেতি হাসাদীনাং ব্যভিচারিষু পর্য্যবসানাৎ ॥ ৬৫ ॥

যশসঃ শুক্লত্ববৎ কবিসময়ানুরূপ্যেণ মন আদীনাং চন্দ্রাদিবত্তত্তদধিষ্ঠাতৃ-

---

তন্মধ্যে মুখ্যভক্তিরস যথা ॥

মুখ্য ভক্তিরস পঞ্চ প্রকার। যথা শান্ত, প্রীত, প্রেয়, বৎসল ও মধুর, কিন্তু এই পাঁচের পূর্ব্ব পূর্ব্বকে কনিষ্ঠ জানিতে হইবে ॥

অথ গৌণ ॥

গৌণভক্তিরস সাত প্রকার যথা—হাস্য, অদ্ভুত, বীর, করুণ, রৌদ্র, ভয়ানক ও বীভৎস ॥ ৬৪ ॥

এইরূপ মুখ্য গৌণ ভেদে ভক্তিরস দ্বাদশ প্রকার হয়, কিন্তু পুরাণাদিতে পাঁচ প্রকারই দৃষ্ট হইয়া থাকে ॥ ৬৫ ॥

উক্ত দ্বাদশ রসের দ্বাদশ প্রকার বর্ণ যথা। শ্বেত, চিত্র,

গৌরো ধূম্রস্তথা রক্তঃ কালো নীলঃ ক্রমাদমী ॥ ৬৬ ॥
কপিলো মাধবোপেন্দ্রো নৃসিংহো নন্দনন্দনঃ।
বলঃ কূর্ম্মস্তথাকল্কী রাঘবো ভার্গবঃ কিরিঃ।
মীন ইত্যেষু কথিতাঃ ক্রমাদ্দ্বাদশ দেবতাঃ।
পূর্ত্তেবিকারবিস্তারবিক্ষেপক্ষোভতস্তথা।
সর্ব্বভক্তিরসাস্বাদঃ পঞ্চধা পরিকীর্ত্তিতঃ ॥ ৬৭ ॥
পূর্ত্তিঃ শান্তে বিকাশস্তু প্রীতাদিম্বপি পঞ্চসু।

মূর্ত্তিভেদেন বা তেষাং রূপকল্পনামাহ শ্বেত ইত্যাদি ॥ ৬৬ ॥

অত্র ভগবৎসম্বন্ধিনামেতেষাং রসানাং চন্দ্রাদীনামনিরুদ্ধাদিবদন্তর্যামিত্বেন ভগবদবতারা এব জ্ঞেয়া ইত্যাহ কপিলো মাধবোপেন্দ্রাবিতি কিরির্ব্বরাহঃ মীন-স্থানে বুদ্ধো বা পঠনীয়ঃ। তচ্চেষ্টায়া অরোচকত্বাৎ। মীনস্য সচ্চিদানন্দবিগ্রহ-ত্বাৎ ॥ ৬৭ ॥

পঞ্চস্বিতি হাস্যসাহিত্যাদ্ব্যক্তং। উগ্রো রৌদ্রঃ ॥ ৬৮ ॥

অরুণ, রক্ত, শ্যাম, পাণ্ডুর, পিঙ্গল, গৌর, ধূম্র, রক্ত, কাল এবং নীল ॥ ৬৬ ॥

দ্বাদশ রসের দ্বাদশ অধিষ্ঠাত্রীদেবতা যথা ॥

কপিল, মাধব, উপেন্দ্র, নৃসিংহ, নন্দনন্দন, বলরাম, কূর্ম্ম, কল্কি, রাঘব, ভার্গব, বরাহ এবং মীন ॥

পূর্ত্তি, বিকাশ, বিস্তার, বিক্ষেপ ও ক্ষোভ হেতু সকল ভক্তিরসের আস্বাদ পঞ্চধারূপে পরিকীর্ত্তিত হয় ॥ ৬৭ ॥

শান্তরসে পূর্ত্তি, প্রীতাদি হাস্য পর্য্যন্ত পঞ্চরসে বিকাশ, বীর ও অদ্ভুতরসে বিস্তার, করুণ ও উগ্ররসে বিক্ষেপ এবং

বীরেঽদ্ভুতেচ বিস্তারো বিক্ষেপঃ করুণোগ্রয়োঃ।
ভয়ানকোঽথ বীভৎসে ক্ষোভো ধীরৈরুদাহৃতঃ।
অথণ্ডসুখরূপত্বেঽপ্যেষামস্তি ক্বচিৎ ক্বচিৎ।
রসেষু গহনাস্বাদবিশেষঃ কোঽপ্যনুত্তমঃ॥ ৬৮॥
প্রতীয়মানা অপ্যজ্ঞৈর্গ্রাম্যৈঃ সপদি দুঃখবৎ।

তত্র তাবৎ পঞ্চবিধা জনাঃ পরামৃশ্যন্তে ভাব্যভক্তাঃ ভাবকভক্তাঃ প্রাজ্ঞা অজ্ঞা গ্রাম্যাশ্চেতি। তত্র কশ্চিদাশঙ্কতে। নন্বু, বিয়োগে যথা রসতা স্থাপিতা তথা প্রতীয়তে স্ম। কিন্তু ন করুণভয়ানকবীভৎসেষু পুনঃ প্রতীয়তে তত্র করুণে বিয়োগ ইব লীলাপরিকরলক্ষণভাব্যভক্তানাং তৎপ্রাপ্ত্যাশয়া ব্যত্যয়াৎ ভয়ানকে ভয়েনাচ্ছাদনাদ্বীভৎসে চাঙ্গদ্যস্ফূর্ত্ত্যা হৃদাকৃষ্ণাদিস্ফুরণাচ্ছাদনা-দানন্দস্বরূপরসপ্রতিযোগি দুঃখমেব স্ফুরতি। অতএব তদিতরেষাং ভাবক-ভক্তানাং নৈরসাপত্তিঃ স্যাদিতি তত্রাহ প্রতীয়মানা ইতি। অজ্ঞৈঃ শাস্ত্রান্তর-বিজ্ঞত্বেঽপি রসশাস্ত্রানভিজ্ঞত্বাত্তদ্ভাব্যভাবকভক্তানাং তত্তদ্রসাক্রান্তচিত্তানাং মর্ম্ম বোদ্ধুমসমর্থৈস্তথা গ্রাম্যৈঃ পশুনির্বিশেষৈঃ সপদি তাৎকালিকদৃষ্টিমাত্র-পারবশ্যাদ্দুঃখবৎ প্রতীয়মানা অপি ভাব্যভাবকভক্তাস্বাদ্যাঃ করুণাদ্যাঃ রসাঃ প্রাজ্ঞৈঃ রসচর্ব্বণায়ামসমর্থত্বেঽপি রসশাস্ত্রতাৎপর্য্যবিজ্ঞৈঃ প্রৌঢ়ানন্দময়া

ভয়ানক ও বীভৎসে ক্ষোভ, পণ্ডিতগণ এই রূপ বিধান করিয়া থাকেন।

শান্তাদি ভাব সকলের অখণ্ড সুখরূপত্ব হইলেও রস বিষয়ে কোন উত্তম নিবিড় আস্বাদ বিশেষ হইয়া থাকে॥৬৮॥

অজ্ঞ গ্রাম্য লোককর্ত্তৃক করুণাদি রসসকল আশু দুঃখ-রূপে প্রতীয়মান হইলেও প্রাজ্ঞব্যক্তিগণ তৎসমুদায়কে গাঢ়

করুণাদ্যা রসাঃ প্রাজ্ঞৈঃ প্রৌঢ়ানন্দময়া মতাঃ ॥ ৬৯ ॥
অলৌকিকবিভাবত্বং নীতেভ্যো রতিলীলয়া।
সদুক্ত্যাচ সুখং তেভ্যঃ স্যাৎ সুব্যক্তমিতি স্থিতিঃ ॥ ৭০ ॥

মতাঃ ॥ ৬৯ ॥

তদেবমজ্ঞান্ গ্রাম্যাশ্চ নিন্দিত্বা রসনিষ্পত্তৌ প্রাজ্ঞমতেন যুক্তিং দর্শয়তি। অলৌকিকেতি অত্র নীতেভ্যস্তেভ্য ইতি বহুবচনং স্পষ্টতার্থং ত্রিভিরেক বচনৈঃ পৃথক্‌কৃত্য ব্যাখ্যেয়ং। তত্র করুণেঽনিষ্টা শঙ্কাময়ত্বাদিযোগাদ্বিলক্ষণে· হ্যবলোক্য ফণীন্দ্রযন্ত্রিতমিত্যাদিভাব্য ভক্তানুভবেনাবিয়োগে বিয়োগজ্ঞানজমি· বাধ্যস্তং যদনিষ্টাশঙ্কাময়ং দুঃখং তন্ময়েঽপি রতিলীলয়া স্বতঃ পরমানন্দরূপয়া রতের্লীলয়া তত্তৎকাব্যপ্রশস্তভাব্যভক্তেষু সর্ব্বজ্ঞশতবাগ্মিশশ্তিতঃ পূর্ব্বপূর্ব্ববৎ প্রাপ্ত সম্ভাবনাতশ্চাশাময়া বৃত্ত্যা তথা সদুক্ত্যা ভাবকভক্তেষু প্রথমসূচিতাঽব· সান বিস্তৃতমঙ্গলময়া সদ্রচনারূপয়া সতাং বক্তৄণাং তাদৃগুক্ত্যা চালৌকিক- বিভাবত্বং লোকচমৎকারকারিবিভাবাদিস্ফূর্ত্তিশালিত্বং নীতাং করুণরসাং সুখং ব্যক্তং স্যাদিতি স্থিতিঃ রসবিদাং রসমর্য্যাদেত্যর্থঃ। অথ ভয়ানকে রতি- লীলয়া তদ্বদেবাশাময়্যা রতের্বৃত্ত্যা সদুক্ত্যাচ তাদৃশ্যেত্যর্থঃ। বীভৎসেঽপি রতি- লীলয়া বীভৎসস্ফূর্ত্তিমুপমর্দ্দ্য কৃষ্ণাদস্ফূর্ত্তিকারিণ্যা সদুক্ত্যাচ তাদৃশ্যেত্যর্থঃ। যথোক্তং শ্রীরুক্মিণীদেব্যা ত্বক্‌শ্মশ্রুরোম নখেত্যাদি ॥ ৭০ ॥

আনন্দময় বলিয়া বোধ করেন ॥ ৬৯ ॥

স্বতঃ পরমানন্দরূপা রতির লীলাবশতঃ করুণাদি রস অলৌকিক বিভাবত্ব প্রাপ্ত হইলে সৎসকলের উক্তি ক্রমে ঐ করুণাদি রস হইতে স্পষ্টরূপে সুখ উৎপন্ন হয়, রসবেত্তা দিগের এই মর্য্যাদা ॥ ৭০ ॥

তথাচ নাট্যাদৌ ॥

করুণাদাবপি রসে জায়তে যৎ পরং সুখং।
সুচেতসামনুভবঃ প্রমাণং তত্র কেবলং ॥ ৭১ ॥
সর্ব্বত্র করুণাখ্যস্য রসস্যৈবোপপাদনাৎ।
ভবেদ্রামায়ণাদীনামন্যথা দুঃখহেতুতা ইতি ॥ ৭২ ॥
তথাত্বে রামপাদাব্জপ্রেমকল্লোলবারিধিঃ।
প্রীত্যা রামায়ণং নিত্যং হনুমান্ শৃণুয়াৎ কথং ॥ ৭৩ ॥

অপিচ ॥ ৭৪ ॥

তত্রাত্ম্যঃ তারদম্মাকং সা কপেত্যাভিপ্রেত্যাহ তথাচেতি ॥ ৭১ ॥

অথ ব্যতিরেকেণ স্বমতং যোজয়তি সর্ব্বত্রেতি। প্রতিকূলাত্বং বহুত্রেত্যর্থঃ উপপাদনাদ্ব্যঞ্জনাৎ দুঃখহেতুত্বেত্যাত্র ভাবকভক্তেদ্বিতি শেষঃ ॥ ৭২ ॥

তত্র ভাবকেষু মুখ্যৈস্যকস্য প্রবৃত্তান্যথানুপপত্তিং প্রমাণয়তি তথাত্ব ইতি। দুঃখহেতুত্বে সতীত্যর্থঃ ॥ ৭৩ ॥

অপিচেতি তদেতৎ সমাপ্তং কিঞ্চিদনাদপ্যুচ্যত ইত্যর্থঃ ॥ ৭৪ ॥

নাট্যাদিতে যথা ॥

করুণাদি রসে যে পরমসুখের উৎপত্তি হয়, তাহাতে সহৃদয়দিগের অনুভবই কেবল প্রমাণ ॥ ৭১ ॥

রামায়ণাদির প্রতিকাণ্ডে করুণরসের প্রকাশ জন্য ভাবকভক্ত সকলে অন্য প্রকার দুঃখের হেতুতা হয় ॥ ৭২ ॥

যদি রামায়ণে প্রকৃত দুঃখই হইবে, তাহা হইলে রামপাদাব্জের প্রেমতরঙ্গের সমুদ্রস্বরূপ হনুমান্ প্রীতিপূর্ব্বক নিত্য কেন রামায়ণ শ্রবণ করিবেন? ॥ ৭৩ ॥

অপিচ অর্থাৎ আরও কিছু বলি ॥ ৭৪ ॥

সঞ্চারী স্যাৎ সমোনা বা কৃষ্ণরত্যাঃ সুহৃদ্রতিঃ।
অধিকা পুষ্যমাণা চেদ্ভাবোল্লাস ইতীর্য্যতে ॥ ৭৪ ॥
ফল্গুবৈরাগ্যনির্দ্দগ্ধাঃ শুষ্কজ্ঞানাশ্চ হৈতুকাঃ।

সঞ্চারী স্যাদিত্যস্যায়মর্থঃ। সুহৃদাং নিজাভীষ্টরসাশ্রয়ে ভক্তবিশেষে শ্রী-রাধিকাদৌ বিষয়ে সজাতীয়ভাবভক্তানাং পরস্পরং রত্যা বিষয়াশ্রয়রূপাণাং ললিতাদীনাং সখীমুখ্যানামেকতরাশ্রয়া যা রতিঃ সা যদি কৃষ্ণবিষয়ায়া রত্যাঃ সমা স্যাদূনা বা স্যাত্তদা কৃষ্ণবিষয়ায়া রতেঃ সঞ্চার্য্যাখ্যভাব এব স্যাৎ তন্মূল-ত্বাৎ তৎপোষণাচ্চ এবং মধুরাখ্যে রসে তু সা যদি কচিৎ কৃষ্ণবিষয়ায়া অপি রত্যা অধিকা তত্রাপি পুষ্যমাণা সততাভিনিবেশেন সম্বর্দ্ধমানা স্যাত্তদা সঞ্চা-রিত্বেঽপি বৈশিষ্ট্যাপেক্ষয়া ভাবোল্লাসাখ্যো ভাব ঈর্য্যত ইতি তদিদং ত্বত্রানুস্মৃত্য লিখিতমপি সঞ্চারিণামন্তে যোজনীয়ং তত্রৈব সজাতীয়ত্বাৎ ॥ ৭৫ ॥

অথ পূর্ব্বোক্তানজ্ঞাদীন্ রসানধিকারিণ আহ ফল্গুবৈরাগ্যেতি। ফল্গুবৈরাগ্যং ভক্ত্যুদাসীনাদি বৈরাগ্যং। শুষ্কজ্ঞানং ভক্ত্যুদাসীনাদিজ্ঞানং। হৈতুকাস্তর্কমাত্র-

সুহৃদ্ অর্থাৎ স্বীয় অভীষ্ট রসের আশ্রয়স্বরূপ ভক্ত বিশেষ শ্রীরাধাদিবিষযে সজাতীয় ভাবভক্তে পরস্পর রতির বিষয় আশ্রয়রূপ ললিতাদি মুখ্য সখীগণের একতরাশ্রয়া রতি, সে যদি কৃষ্ণবিষয়া রতির সম অথবা ঊন হয়, তাহা হইলে তাহার সঞ্চারী ভাব বলিয়া আখ্যা হয় এবং মধুরাখ্য রসে ঐ সুহৃদ্ রতি যদি কৃষ্ণবিষয়া রতি হইতে অধিকা এবং সতত অভি-নিবেশদ্বারা সম্বর্দ্ধমানা হয় তাহা হইলে সঞ্চারি সত্ত্বেও বৈশিষ্ট্য অপেক্ষায় ঐ রতির নাম ভাবোল্লাস হয় ॥ ৭৫ ॥

যাহারা ফল্গুবৈরাগ্যে দগ্ধ হইতেছে অর্থাৎ ভক্তিবিষয়ে আদর পরিত্যাগ করিয়া কেবল বৈরাগ্যমাত্র ধারণ করিয়াছে,

মীমাংসকা বিশেষেণ ভক্ত্যাস্বাদবহির্মুখাঃ ॥ ৭৬ ॥
ইত্যেষ ভক্তিরসিকৈশ্চৌরাদিব মহানিধিঃ।
জরন্মীমাংসকাদ্রক্ষ্যঃ কৃষ্ণভক্তিরসঃ সদা ॥ ৭৭ ॥

নিষ্ঠাঃ মীমাংসকাঃ কর্ম্মবাদিনঃ পূর্ব্বমীমাংসকাস্তথা দ্বৈতমাত্রমিথ্যাবাদিনঃ কেচিদুত্তরমীমাংসমন্যাঃ। এষামুত্তরোত্তরং পরিহার্য্যত্বাধিক্যং। তার্কিকাণাঞ্চ কেষাঞ্চিৎ কৌতুকেনাধীতালঙ্কারাদীনাং কিঞ্চিদত্র প্রবেশঃ স্যাদিতি মীমাংসকাৎ পূর্ব্বত্র পাঠঃ। অত্র গ্রাম্যাঃ ফল্গুবৈরাগ্যনির্দ্দিষ্টাঃ, অন্যে স্বয়ং জ্ঞেয়াঃ ॥ ৭৬ ॥

যস্মাৎ সর্ব্বেঽপি মীমাংসকা বিশেষেণ ভক্ত্যাস্বাদবহির্মুখা ইতি হেতোরেষ কৃষ্ণভক্তিরসো জরন্মীমাংসকাত্তু সদা বিশেষেণ রক্ষ্যো গোপ্য ইতি পূর্ব্বেণান্বয়াদন্যেভ্যোঽপি ফল্গুবৈরাগ্যনির্দ্দিষ্টাদিভ্যো যথাযথং রক্ষ্যত ইতি লভ্যতে। তত্র। চৌরাদিব মহানিধিরিতি দৃষ্টান্তস্তু তেন তদ্রিক্তীকরণমাত্রাপেক্ষয়া নতু তেনাপি তস্য লভ্যত্বমিত্যপেক্ষয়া বহ্নেরিবেতি তু পাঠান্তরং ॥৭৭॥

যাহাদের শুষ্ক জ্ঞান অর্থাৎ যাহারা ভক্তিকে অনাদর করিয়া হৈতুক অর্থাৎ কেবল তর্কমাত্রেই নিষ্ঠা ধারণ করিয়াছে এবং যাহারা মীমাংসক অর্থাৎ কর্ম্মকাণ্ডপরায়ণ ও নির্ব্বিশেষ ব্রহ্মানুসন্ধানকারী তাহারা ভক্তিরস আস্বাদনে বহির্মুখ ॥ ৭৬ ॥

অতএব চৌর হইতে যেমন মহানিধি রক্ষা করিতে হয় তাহার ন্যায় ভক্তিরসিকেরা পূর্ব্বমীমাংসক হইতে সর্ব্বদা কৃষ্ণভক্তিরসকে গোপন করিবেন অর্থাৎ পূর্ব্বোক্ত ফল্গু বৈরাগ্যাদিশালি ব্যক্তিগণের সমক্ষে কৃষ্ণভক্তিরস প্রকাশ করিবেন না ॥ ৭৭ ॥

সর্ব্বথৈব দুরূহোঽয়মভক্তৈর্ভগবদ্রসঃ।
তৎপাদাম্বুজসর্ব্বস্বৈর্ভক্তৈরেবানুরস্যতে ॥ ৭৮ ॥
ব্যতীত্য ভাবনাবর্ত্ম যশ্চমৎকারভারভূঃ।
হৃদি সত্ত্বোজ্জ্বলে বাঢ়ং স্বদতে স রসো মতঃ।
ভাবনায়াঃ পদে যস্তু বুধেনানন্যবুদ্ধিনা।
ভাব্যতে গাঢ়সংস্কারৈশ্চিত্তে ভাবঃ স কথ্যতে ॥ ৭৯ ॥
॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ দক্ষিণবিভাগে ভক্তি-

অস্য ভক্তিরসস্যাস্বাদস্তু ভাব্যভাবকভক্তৈরেবাস্বাদ্যঃ স্যাদিতু পূর্ব্বোক্ত-প্রাক্তৈরণীত্যাহ সর্ব্বথৈবেতি ॥ ৭৮ ॥

অথ কারণকার্য্যাদ্যন্তিত্বেন সাম্যেঽপি রসভাবয়োর্ভেদমাহ দ্বাভ্যাং ব্যতীত্যেতি। সত্ত্বং ভাবকারণত্বেন পূর্ব্বমুদ্দিষ্টং শুদ্ধসত্ত্ববিশেষঃ সমাধিধ্যানয়োরিবা-নয়োর্ভেদ ইতি ভাবঃ ॥ ৭৯ ॥

অভক্তগণ ভগবদ্ভক্তিরস আস্বাদন করিতে পারে না; তাহাদের নিকট ভক্তিরস সর্ব্ব প্রকারেই দুরূহ, কিন্তু ভগবচ্চরণারবিন্দই যাহাদের সর্ব্বস্ব সেই ভক্তগণই ভক্তিরস আস্বাদন করিতে পারেন ॥ ৭৮ ॥

ভাবনার পথ অতিক্রমপূর্ব্বক যে চমৎকারাতিশয়ের আধারস্বরূপ হইয়া সত্ত্বশোধিত উজ্জ্বল হৃদয়ে আস্বাদিত হয়; তাহাকে রস বলে ॥

ভাবনা বিষয়ে অনন্যবুদ্ধি হইয়া পণ্ডিতগণ হৃদয়মধ্যে দৃঢ় সংস্কারদ্বারা যাহাকে ভাবনা করেন তাহার নাম ভাব ॥ ৭৯ ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃত ব্যাখ্যায় ভক্তি-রসামৃতসিন্ধুর দক্ষিণবিভাগে ভক্তিরস সামান্য নিরূপণে স্থায়ি-

রসসামান্যনিরূপণে স্থায়িভাবলহরী পঞ্চমী ॥ * ॥

গোপালরূপশোভাং দধদপি রঘুনাথভাববিস্তারী।
তুষ্যতু সনাতনাত্মা দক্ষিণবিভাগে সুধাম্বুনিধেঃ ॥

॥ * ॥ ইতি দক্ষিণবিভাগঃ সমাপ্তঃ ॥ * ॥

॥ * ॥ ইতি পঞ্চলহর্য্যাত্মকে দক্ষিণবিভাগে স্থায়িভাব লহরী পঞ্চমী ॥ * ॥

॥ * ॥ ইতি দুর্গমসঙ্গমনীনাম্ন্যাং শ্রীভক্তিরসামৃতসিন্ধুটীকায়াং দক্ষিণবিভাগঃ সমাপ্তঃ ॥ * ॥

ভাব লহরী পঞ্চমী ॥ * ॥

যিনি গোপালরূপ শোভাকে ধারণ করিয়াও রঘুনাথের ভাব বিস্তার করিয়াছেন, সেই সনাতন স্বরূপ প্রভু সুধারস সমুদ্রের দক্ষিণ বিভাগে সন্তুষ্ট হউন ॥

॥ * ॥ ইতি দক্ষিণবিভাগ সমাপ্ত ॥ * ॥

অথ পশ্চিমবিভাগঃ ॥

প্রথমলহরী ॥

ধৃতমুগ্ধরূপভারো ভাগবতার্পিতপৃথুপ্রেমা।
স ময়ি সনাতনমূর্ত্তিস্তনোতু পুরুষোত্তমস্তুষ্টিং ॥
রসামৃতাব্ধের্ভাগেঽত্র তৃতীয়ে পশ্চিমাভিধে।
মুখ্যো ভক্তিরসঃ পঞ্চবিধঃ শান্তাদিরীর্য্যতে।
অতোঽত্র পাঞ্চবিধ্যেন লহর্য্যঃ পঞ্চ কীর্ত্তিতাঃ।
অথামী পঞ্চ লক্ষ্যন্তে রসাঃ শান্তাদয়ঃ ক্রমাৎ ॥ ১ ॥

তত্র শান্তভক্তিরসঃ ॥

বক্ষ্যমাণৈর্বিভাবাদ্যৈঃ শমিনাং স্বাদ্যতাং গতঃ।

ধৃতেতি পূর্ব্ববৎ শ্লিষ্টং মুগ্ধাদিশব্দানাং স্বার্থত্বাৎ ভাবোঽত্র সৌন্দর্য্যাং পক্ষে আধিক্যাৎ। স্বনামপক্ষে নিজোৎসঙ্গক্লেশরুদ্বোঢ়বা ইবেতার্থঃ। অথামীতি রস-রসবতোরভেদোপচারাদ্রসাশ্চ শান্তাদয় উচ্যন্তে ॥ ১ ॥

স্থায়ীতি স্থায়িভাবপর্য্যায়ঃ ভীমো ভীমসেন ইতিবৎ। ততঃ স্বলিঙ্গং ন

যিনি মনোহররূপের সৌন্দর্য্য ধারণ করিয়াছেন, যাঁহাতে ভক্তগণ অতিশয় প্রেম বিধান করিয়া থাকেন, সেই সনাতন মূর্ত্তি আমাতে তুষ্টি বিধান করুন ॥

রসামৃত-সমুদ্রের পশ্চিমনামক এই তৃতীয় বিভাগে শান্ত-প্রভৃতি মুখ্য পঞ্চ ভক্তিরসনিরূপণ হইবে ॥

অতএব এই বিভাগে ভক্তিরস পাঁচপ্রকার হওয়াতে পাঁচটী লহরী কীর্ত্তিত এবং ঐ পাঁচ লহরীতে ক্রমে শান্তাদি পাঁচটী রস দৃষ্ট হইবে ॥ ১ ॥

তন্মধ্যে শান্তভক্তিরস যথা ॥

বক্ষ্যমাণ বিভাবাদিদ্বারা শমতাসম্পন্ন ঋষিগণকর্ত্তৃক যে

স্থায়ী শান্তিরতির্ধীরৈঃ শান্তভক্তিরসঃ স্মৃতঃ ॥ ২ ॥
প্রায়ঃ স্বসুখজাতীয়ং সুখং স্যাদত্র যোগিনাং।
কিন্ত্বাত্মসৌখ্যমঘনং ঘনন্ত্বীশময়ং সুখং ॥ ৩ ॥
তত্রাপীশস্বরূপানুভবস্যৈবোরুহেতুতা।

আক্রতি। ততশ্চ শান্তিরতিরূপঃ স্থায়িভাবো বক্ষ্যমাণৈর্বিভাবাদ্যৈঃ সহ মিলিত্বা শমিনাং শমিভিঃ কর্তৃভির্গং স্বাদ্যং তদ্রূপতাং গতশ্চেচ্ছান্তভক্তিরসঃ কবিভিঃ স্মৃত ইত্যর্থঃ। যদ্যপি শুদ্ধায়াঃ সামান্যা স্বচ্ছা শান্তিরিতি ভেদত্রয়মুক্তং। তথাপি শান্তেরেব রসত্বপ্রতিপাদনং সামান্যায়া অস্ফুটত্বাৎ স্বচ্ছায়াশ্চ চঞ্চলত্বাদ্রসসামগ্রীপরিপোষো ন স্যাদিত্যভিপ্রায়েণ ॥ ২ ॥

স্বসুখজাতীয়ং সর্ব্বমূলস্বরূপনির্ব্বিশেষব্রহ্মানন্দপ্রকারং প্রায় ইতি গুণানামপি স্ফূর্ত্তিঃ সাচাত্মারামাশ্চ মুনয় ইত্যাদেঃ। ঈশময়ং সচ্চিদানন্দবিগ্রহভগবৎস্ফূর্ত্তিপ্রচুরঃ ॥ ৩ ॥

ঈশময়ত্বমেব বিশদয়তি তত্র তেষু স্বসুখজাতীয়ত্বাদিষ্বপি দাসাদীনামিব তেষামীশস্বরূপানুভবস্য শ্রীবিগ্রহরূপতৎসাক্ষাৎকারস্যৈব রসোৎপত্তাবত্যন্তমুরুহেতুতা স্যাৎ। যদ্যপ্যেবং তথাপি মনোজ্ঞত্বলীলাদের্গুণস্য তথা দাসাদ্যনুভবপ্রকারেণ নোরুহেতুতা, কিন্তু যথাকথঞ্চিদেবেত্যর্থঃ। তথোক্তং তৃতীয়ে।

স্থায়ি শান্তি রতি আস্বাদনীয় হয় পণ্ডিতগণ তাহাকে শান্তভক্তিরস বলিয়া বর্ণন করেন ॥ ২ ॥

যোগিগণের প্রায় ব্রহ্মানন্দরূপ সুখস্ফূর্ত্তি হইয়া থাকে, কিন্তু এই সুখ অতি অল্পতর, আর সচ্চিদানন্দ বিগ্রহ স্ফূর্ত্তিরূপ যে ঈশময় সুখ তাহাই প্রচুরতর ॥ ৩ ॥

এই ঈশময় সুখেতেও শ্রীবিগ্রহের সাক্ষাৎকারতাই গুরুতর হেতু, দাসাদির ন্যায় মনোজ্ঞত্ব লীলাদির সাক্ষাৎকারে

দাস্যাদিবন্মনোজ্ঞত্বলীলাদ্যৈর্ন তথা মতা ॥

তত্রালম্বনাঃ ॥ ৪ ॥

চতুর্ভুজশ্চ শান্তাশ্চ অস্মিন্নালম্বনা মতাঃ।

তত্র চতুর্ভুজঃ ॥

শ্যামাকৃতিঃ স্ফুরতি চারুচতুর্ভুজোঽয়-
মানন্দরাশিরখিলাত্মতরঙ্গসিন্ধুঃ।

এবং তদ্যেন ভগবানরবিন্দনাভঃ স্বানাং বিবুধা সদতি ক্রমমার্ঘ্যাদ্রদাঃ। তস্মিন্ রথৌ পরমহংসমহামুনীনামন্বেষণীয়চরণৌ চলয়ন্ সহশ্রীঃ। ত্বং ভাগবতং প্রতি-কৃতোপরিকং স্বপুংভিস্তে চক্ষতাক্ষবিষয়ং স্বসমাধিভাগামিত্যাদৌ স্বসমাধিভাগা-মিত্যানেন স্বপুংভিরিত্যত্র স্বশব্দেনোপহৃতছত্রচামরাদ্যোপরিকত্বেন ঃসহশ্রী-রিত্যানেনচ তানতিক্রমা দাস্যাদীনাং মনোজ্ঞত্বলীলাদ্যদ্ভুতত্বাধিকাং দর্শিতং ॥৪॥

শ্যামাকৃতিরিতি তাপসশান্তানাং বচনং। উদাহরণন্তু জ্ঞানিশান্তয়োস্তি উত্তরার্দ্ধে তয়োরেব প্রতিপাদ্যত্বাৎ। অত্র যদ্যপি বক্তৃত্বালীলৌপয়িকমিত্যাদি-

---

গুরুতর হেতু হয় না অর্থাৎ আত্মারাম মুনিগণ কেবল ভগবৎ সাক্ষাৎকারমাত্রেই কৃতার্থ হইয়া থাকেন, লীলাদিতে তাঁহা-দের দাস্যাদির ন্যায় রুচি উৎপন্ন হয় না ॥

শান্তরসে আলম্বন যথা ॥

চতুর্ভুজ এবং শান্তগণ এই শান্তরসে আলম্বন বলিয়া সম্মত ॥ ৪ ॥

তন্মধ্যে চতুর্ভুজ যথা ॥

তাপস শান্তগণ কহিলেন, এই যে মনোহর চতুর্ভুজ, আনন্দরাশি ও অখিল আত্মরূপ তরঙ্গের সাগরস্বরূপ শ্যামা-

যস্মিন্ গতে নয়নয়োঃ পথি নির্জ্জিহীতে
প্রত্যক্ পদাৎ পরমহংসমুনের্মনোঽপি ॥
সচ্চিদানন্দসান্দ্রাঙ্গ আত্মারামশিরোমণিঃ ।
পরমাত্মা পরংব্রহ্ম শমো দান্তঃ শুচির্বশী ।
সদা স্বরূপসংপ্রাপ্তো হতারিগতিদায়কঃ ।
বিভুরিত্যাদিগুণবানস্মিন্নালম্বনো হরিঃ ॥

বলাদ্দ্বিভুজস্যৈব তদাকর্ষণসামর্থ্যাধিক্যমিতি তস্যৈবালম্বনত্বে মুখ্যত্বং যুজ্যতে উদাহরিষ্যতে চ প্রবাসাতি মহস্তপ ইত্যাদিনা । তথাপি যূয়ং নৃলোকে বত ভূরিভাগা ইত্যাদ্যুক্তদিশা গূঢ়তয়া ন তে সর্ব্বদা তদনুভবন্তীতি চতুর্ভুজস্যৈব প্রাচুর্য্যেণানুভবাৎ প্রাধান্যং দর্শিতং তস্যৈবোদাহরতি শ্যামাকৃতিরিতি অত্র বর্ণস্য প্রথমতো নির্দ্দেশাচ্চার্ব্বিতি সৌন্দর্য্যস্য চ কথনাত্তত্র তচ্চমৎকারাতিশয়ো দর্শিতঃ । অত আলম্বনত্বনির্দ্দেশে সচ্চিদানন্দসান্দ্রাঙ্গ ইতি যদ্বক্ষ্যতে তদপোক্তং প্রাধান্যেনৈব জ্ঞেয়ং । অখিলা যে আত্মনো জীবাস্তেষাং তরঙ্গরূপাণাং সিন্ধুরূপ ইত্যাত্মপরমাত্মনোরংশাংশিতামাত্র তাৎপর্য্যকং । অখিলাত্মময়ূখসূর্য্য ইতি বা পঠনীয়ং । প্রত্যাক্পদাৎ নির্ব্বিশেষব্রহ্মানুসন্ধনাৎ নির্জিহীতে নির্গতং সত্তদ্গুণেষ্বেব বাবিষ্টং ভবতীত্যর্থঃ ॥ ৫ ॥

কৃতি প্রকাশ পাইতেছেন, ইনি যদি নয়নদ্বয়ের পথগত হয়েন তাহা হইলে সর্ব্বব্যাপক পরব্রহ্ম হইতে পরমহংস মুনিগণের মন মুগ্ধ হইয়া পড়ে ॥

এই শান্তরসে সচ্চিদানন্দঘনমূর্ত্তি, আত্মারামশিরোমণি, পরমাত্মা, পরমব্রহ্ম, শান্ত, দান্ত, শুচি, বশী, সদা স্বরূপ সং-প্রাপ্ত, হতারিগতিদায়ক ও বিভু ইত্যাদি গুণ সম্পন্ন হরিই আলম্বনস্বরূপ ॥

অথ শান্তাঃ ॥

শান্তাঃ স্যুঃ কৃষ্ণতৎপ্রেষ্ঠকারুণ্যেন রতিং গতাঃ।

আত্মারামাস্তদীয়াধ্ববদ্ধশ্রদ্ধাশ্চ তাপসাঃ ॥

তত্রাত্মারামাঃ ॥

আত্মারামাস্তু সনকসনন্দনমুখা মতাঃ।

প্রাধান্যাৎ সনকাদীনাং রূপং ভক্তিশ্চ কথ্যতে ॥

তত্র রূপং ॥

তে পঞ্চষাব্দবালাভাশ্চত্বারস্তেজসোজ্জ্বলাঃ।

গৌরাঙ্গা বাতবসনাঃ প্রায়েণ সহচারিণঃ ॥

তত্রচ ভক্তিঃ ॥

অথ শান্তগণ ॥

কৃষ্ণ এবং কৃষ্ণভক্তের করুণা বশতঃ যাঁহারা রতি লাভ করিয়াছেন এমত আত্মারাম ও ভগবন্মার্গে বদ্ধশ্রদ্ধা তাপস, ইহাঁরাই শান্ত ॥

তন্মধ্যে আত্মারাম যথা ॥

সনক সনন্দন প্রভৃতিকে আত্মারাম বলে। সনকাদির প্রাধান্য হেতু তাঁহাদের রূপ এবং ভক্তি বর্ণন করিতেছি ॥

তন্মধ্যে রূপ যথা ॥

সনকাদি চারিজন, তাঁহারা পাঁচ বা ছয় বৎসরের বালক-সদৃশ, তেজঃদ্বারা উজ্জ্বল গৌরবর্ণ, উলঙ্গ এবং প্রায় চারি-জনে একত্র বিচরণ করেন ॥

সনকাদির ভক্তি যথা ॥

সমস্তগুণবর্জ্জিতে করণতঃ প্রতীচীনতাং
গতে কিমপি বস্তুনি স্বয়মদীপি তাবৎ সুখং।
ন যাবদিয়মদ্ভুতা নব-তমাল-নীলদ্যুতে-
র্মুকুন্দসুখচিদ্ঘনা তব বভূব সাক্ষাৎকৃতিঃ॥
অথ তাপসাঃ॥
মুক্তির্ভক্ত্যৈব নির্বিঘ্নেত্যাত্তযুক্তবিরক্ততাঃ।
অনুজ্ঝিতমুমুক্ষা যে ভজন্তে তে তু তাপসাঃ॥ ৫॥
যথা॥
কদা শৈলদ্রোণ্যাং পৃথুলবিটপিক্রোড়বসতি-
র্বসানঃ কৌপীনং রচিতফলকন্দাশনরুচিঃ।

মুকুন্দাভিধমিতি। স্বভাবত এব সংসারহরণান্মুকুন্দাভিধং মুক্তিদাতারং।

হে মুকুন্দ! যাবৎ তোমার সুখময় জ্ঞানঘনস্বরূপ অদ্ভুত নবতমাল সদৃশ নীলদ্যুতি আকৃতি সাক্ষাৎকার না হয়, তাবৎ ইন্দ্রিয়াগোচর নির্ব্বিশেষ ব্রহ্মরূপ বস্তুতে স্বয়ং সুখ উদ্দীপিত হইয়া থাকে॥

অথ তাপসগণ॥

ভক্তিদ্বারা মুক্তি নির্বিঘ্না হয় এই হেতু যাঁহারা যুক্ত-বৈরাগ্য স্বীকার করেন ও যাঁহাদের মুক্তি বিষয়ে অভিলাষ আছে, তাঁহাদিগকেই তাপস বলে॥ ৫॥

যথা॥

কবে আমি পর্ব্বতগুহায় অথবা বিপুলবৃক্ষের ক্রোড়দেশে বসতি বিধান করিব, কবেই বা আমি কৌপীন পরিধান করিব

হৃদি ধ্যায়ং ধ্যায়ং মুহুরিহ মুকুন্দাভিধমহং
চিদানন্দং জ্যোতিঃ ক্ষণমিব বিনেষ্যামি রজনীঃ।
ভক্তাত্মরামকরুণাপ্রপঞ্চৈনৈব তাপসাঃ।
শান্তাখ্যভাবচন্দ্রস্য হৃদাকাশে কলাং শ্রিতাঃ॥ ৬॥
অথোদ্দীপনাঃ॥
শ্রুতির্মহোপনিষদাং বিবিক্তস্থানসেবনং।
অন্তর্বৃত্তিবিশেষস্য স্ফূর্ত্তিস্তত্ত্ববিবেচনং।
বিদ্যাশক্তিপ্রধানত্বং বিশ্বরূপপ্রদর্শনং।

রজনীরিত্যুপলক্ষণমহোরাত্রাণীত্যর্থঃ। ত্রিরাত্রমপি যে তত্র বসন্তীতিবৎ॥ ৬॥
তত্ত্ববিবেচনাদিত্রয়ং তাপসাদীনাং জ্ঞেয়ং। অন্যেতূভয়েষামেব। তত্র

কবেই বা আমার ফলমূল ভোজনে রুচি হইবে এবং কবেই বা আমি হৃদয়মধ্যে বারম্বার মুকুন্দনামক চিদানন্দজ্যোতিকে ধ্যান করিয়া ক্ষণকালের ন্যায় দিবারাত্রি যাপন করিব॥

ভক্ত, আত্মারাম ও করুণা-বিস্তারকারিকে তাপস বলে, এই তাপসেরা হৃদয়াকাশে শান্তনামক ভাবচন্দ্রের কলা আশ্রয় করিয়া থাকেন॥ ৬॥

অথ উদ্দীপন॥

মহৎ উপনিষদের শ্রবণ, নির্জনস্থান সেবন, অন্তর্বৃত্তি বিশেষে অর্থাৎ শুদ্ধ সত্ত্বময় চিত্তে শ্রীকৃষ্ণের স্ফূর্ত্তি, তত্ত্ব-বিচার, জ্ঞানশক্তির প্রধানতা, বিশ্বরূপ দর্শন, জ্ঞানিভক্তের সংসর্গ এবং ব্রহ্মসত্র অর্থাৎ সমবিদ্য ব্যক্তিদিগের পরস্পর

জ্ঞানিভক্তেন সংসর্গো ব্রহ্মসত্রোদয়স্তথা।
এম্বসাধারণা প্রোক্তা বুধৈরুদ্দীপনা অমী॥
তত্র মহোপনিষচ্ছ্রুতির্যথা॥
অক্লেশাং কমলভুবঃ প্রবিশ্য গোষ্ঠীং
কুর্ব্বন্তঃ শ্রুতিশিরসাং শ্রুতিং শ্রুতজ্ঞাঃ।
উত্তুঙ্গং যদুপুঙ্গবসঙ্গমায় রঙ্গং
যোগীন্দ্রাঃ পুলকভৃতো নবাপ্যবাপুঃ॥ ৭॥
পাদাব্জতুলসীগন্ধঃ শঙ্খনাদো মুরদ্বিষঃ।
পুণ্যশৈলঃ শুভারণ্যং সিদ্ধক্ষেত্রং স্বরাপগা।
বিষয়াদিক্ষয়িষ্ণুত্বং কালস্যাখিলহারিতা।

বিদ্যাশক্তিপ্রধানত্বাদিদ্বয়মীশ্বরগতং জ্ঞেয়ং। ব্রহ্মসত্রমন্যোন্যাং সমবিদ্যানামুপনিষদ্বিচারঃ"॥ ৭॥

পাদাব্জতুলসীগন্ধশঙ্খনাদস্বরাপগা উভয়েষাং অন্যে তাপসানাং আশ্রিতৈ-

---

উপনিষদ্ বিচার, পণ্ডিতগণ শান্তরসে এই সকলকে অসাধারণ উদ্দীপন কীর্ত্তন করিয়াছেন॥

তন্মধ্যে মহৎ উপনিষদের শ্রবণ যথা॥

কোন্ বেদজ্ঞ যোগীন্দ্রগণ কমলযোনি ব্রহ্মার ক্লেশরহিত সভায় প্রবিষ্ট হইয়া উপনিষদ্ শ্রবণ করত যদুপুঙ্গবের সঙ্গ নিমিত্ত পুলকাকুল কলেবরে অতিশয় রঙ্গ প্রাপ্ত না হইয়াছিলেন? ॥ ৭॥

ভগবৎ পাদপদ্মের তুলসীর সৌরভ, শঙ্খের ধ্বনি, পুণ্য পর্ব্বত, পবিত্র বন, সিদ্ধক্ষেত্র, গঙ্গা, বিষয়াদির ক্ষয়শীলত্ব,

ইত্যাদ্যুদ্দীপনাঃ সাধারণাস্তেষাং কিলাশ্রিতৈঃ ॥

তত্র পাদাব্জতুলসীগন্ধো যথা তৃতীয়ে ॥

তস্যারবিন্দনয়নস্য পদারবিন্দ-

কিঞ্জল্কমিশ্রতুলসীমকরন্দবায়ুঃ।

অন্তর্গতঃ স্ববিবরেণ চকার তেষাং

সঙ্ক্ষোভমক্ষরজুষামপি চিত্ততন্বোঃ ॥ ৮ ॥

অথানুভাবাঃ ॥

নাসাগ্রন্যস্তনেত্রত্বমবধূতবিচেষ্টিতং।

দাসবিশেষৈঃ সহ সাধারণাঃ তেষামপি ভবন্তীতার্থঃ। তত্র স্বরিতি স্বর্গসাপগা গঙ্গা ইত্যর্থঃ ॥ ৮ ॥

যুগং হলাদ্যঙ্গং তচ্চ চতুর্হস্তপ্রমাণং লক্ষ্যতে। যুগমাত্রে যদীক্ষিতমীক্ষণং

কালের সর্ব্বহারিত্ব, দাসবিশেষের সহিত আত্মারাম ও তাপস-দিগের এই সকল সাধারণ উদ্দীপন ॥

তন্মধ্যে পাদাব্জতুলসীগন্ধ যথা ॥

তৃতীয়স্কন্ধে ১৫ অধ্যায়ে ৪৩ শ্লোকে ॥

সনকাদি মুনিগণ প্রণাম করিলে অরবিন্দনয়ন ভগবানের পদারবিন্দের কেশরমিশ্রিতা তুলসীর মকরন্দযুক্ত বায়ু তাঁহা-দের নাসারন্ধ্রযোগে অন্তঃপ্রবিষ্ট হইল, তাহাতে যদিও তাঁহারা ব্রহ্মজ্ঞানদ্বারা নিরন্তর ব্রহ্মানন্দ অনুভব করিতেন, তথাপি তাঁহাদের চিত্তে হর্ষ এবং শরীরে রোমাঞ্চ হইল ॥৮॥

অথ অনুভব ॥

নাসাগ্রে দৃষ্টিনিক্ষেপ, অবধূতের ন্যায় চেষ্টা, যুগমাত্র

যুগমাত্রেক্ষিতগতির্জ্ঞানমুদ্রাপ্রদর্শনং।
হরের্দ্বিষ্যপি ন দ্বেষো নাতিভক্তিঃ প্রিয়েষ্বপি।
সিদ্ধতায়াস্তথা জীবন্মুক্তেশ্চ বহুমানিতা।
নৈরপেক্ষ্যং নির্ম্মমতা নিরহঙ্কারিতা তথা।
মৌনমিত্যাদয়ঃ শীতাঃ স্যুরসাধারণাঃ ক্রিয়াঃ ॥ ৯ ॥
তত্র নাসাগ্রনয়নত্বং যথা ॥
নাসিকাগ্রদৃগয়ং পুরো মুনিঃ, স্পন্দবন্ধুরশিরা বিরাজতে।
চিত্তকন্দরতটীমনাকুলামস্য নূনমবগাহতে হরিঃ।

তেনৈব গতিঃ। জ্ঞানমুদ্রা তর্জ্জন্যঙ্গুষ্ঠয়োর্যুতিঃ। সিদ্ধতা অত্যন্ত সংসারধ্বংসঃ। জীবন্মুক্তিঃ শরীরদ্বয়ানাবেশেন স্থিতিঃ। এতদ্দ্বয় বহুমানিতা তদ্ভক্ত্যা ভাগবতাং তাপসানাং জ্ঞেয়ং ॥ ৯ ॥

সাসিকাগ্রদৃগিতি মুনিরিতি চাস্য তস্যাত্মারামত্বং দ্যোত্যতে তত্রতু স্পন্দ

নিরীক্ষণ গতি অর্থাৎ চতুর্হস্ত পরিমিত স্থান অবলোকন করিয়া পশ্চাৎ পাদনিক্ষেপ, জ্ঞানমুদ্রা প্রদর্শন অর্থাৎ তর্জ্জনী ও অঙ্গুষ্ঠের যোগরূপ মুদ্রা ধারণ, হরিদ্বেষির প্রতি দ্বেষরহিত, ভগবৎপ্রিয়ভক্তের প্রতি ভক্তির অল্পতা, সংসারধ্বংস এবং জীবন্মুক্তির প্রতি বহু আদর, নিরপেক্ষ, নির্ম্মমতা, নিরহঙ্কারিতা তথা মৌন ইত্যাদি শীতা রতি এবং অসাধারণ ক্রিয়া ॥ ৯ ॥

নাসাগ্র নয়নত্ব যথা ॥

এই অগ্রবর্ত্তি মুনি নাসাগ্রে দৃষ্টি নিক্ষেপ করিয়া স্পন্দনদ্বারা উন্নতাবনত মস্তকে বিরাজিত হইতেছেন, অতএব বোধ হয় ইহাঁর অনাকুল চিত্তকন্দরতটে হরি বিরাজ করিতেছেন ॥

জৃম্ভাঙ্গমোটনং ভক্তেরূপদেশো হরের্নতিঃ।
স্তবাদয়শ্চ দাসাদ্যৈঃ শীতাঃ সাধারণাঃ ক্রিয়াঃ ॥

তত্র জৃম্ভা যথা ॥

হৃদয়াম্বরে ধ্রুবং তে ভাবাম্বরমণিরুদেতি যোগীন্দ্র।
যদিদং বদনাম্ভোজং জৃম্ভামবলম্বতে ভবতঃ ॥ ১০ ॥

অথ সাত্ত্বিকাঃ ॥

রোমাঞ্চস্বেদকম্পাদ্যাঃ সাত্ত্বিকাঃ প্রলয়ং বিনা ॥ ১১ ॥

বন্ধুরশিরা ইতি বিশেষানুভবঃ। সচ শ্রীহরিগুণাত্মক এব সম্ভবতি আত্মারামাশ্চ মুনয় ইত্যাদেরিতি ভাবঃ ॥ ১০ ॥

এষাং শ্রীভগবৎসমাধৌ চেষ্টায়া জ্ঞানান্তরসাচ নিরাকৃতৌ প্রলয়লক্ষণত্বে প্রাপ্তেঽপি ভূনিপতনাদ্যভাবাৎ প্রলয়ং বিনেত্যুক্তং ॥ ১১ ॥

জৃম্ভা অর্থাৎ হাঁই তোলা, অঙ্গমোটন ভক্তির উপদেশ, হরির প্রতি নতি এবং হরির স্তবাদি, দাসপ্রভৃতির এই সকল শীত ভাবরূপ সাধারণ ক্রিয়া ॥

তন্মধ্যে জৃম্ভা যথা ॥

হে যোগীন্দ্র! নিশ্চয় তোমার হৃদয়াকাশে ভাবসূর্য্য উদিত হইয়াছেন, যেহেতু তোমার বদনপদ্ম ক্রমশঃ জৃম্ভা অবলম্বন করিতেছে ॥ ১০ ॥

অথ সাত্ত্বিক ॥

শান্তরসে প্রলয় অর্থাৎ ভূপতনাদি ব্যতিরেকে রোমাঞ্চ, স্বেদ (ঘর্ম্ম) এবং কম্পপ্রভৃতি সাত্ত্বিক ভাবসকল প্রকাশ হইয়া থাকে ॥ ১১ ॥

তত্র রোমাঞ্চো যথা ॥

পাঞ্চজন্যজনিতো ধ্বনিরন্তঃ
ক্ষোভয়ন্ সপদি বিদ্ধসমাধিঃ।
যোগিনাং গিরিগুহা-নিলয়ানাং
পুদ্গলে পুলকপালিমনৈষীৎ ॥ ১২ ॥

এষাং নিরভিমানানাং শরীরাদিষু যোগিনাং।
সাত্ত্বিকাস্তু জ্বলন্ত্যেব নতু দীপ্তা ভবন্ত্যমী ॥

অথ সঞ্চারিণঃ ॥

সঞ্চারিণোঽত্র নির্ব্বেদো ধৃতিহর্ষো মতিঃ স্মৃতিঃ।
বিষাদোৎসুকতাবেগবিতর্কাদ্যাঃ প্রকীর্ত্তিতাঃ ॥

পুদ্গলে দেহে। কায়ো দেহঃ স্ত্রিয়াং মূর্ত্তিঃ পুদ্গলশ্চ পুমাংস্তনুরিত্যমরদত্তঃ ॥১২॥
এষামিতি তাবদপি শ্রীভগবৎসম্বন্ধপ্রভাবাদেব ভবতীতি ভাবঃ ॥ ১৩ ॥

তন্মধ্যে রোমাঞ্চ যথা ॥

পাঞ্চজন্য-শঙ্খজনিত ধ্বনি গিরিগুহাবাসি যোগিদের অন্তঃ-করণে ক্ষোভ প্রদান করত তৎক্ষণাৎ তাঁহাদের সমাধিভঙ্গ করিল, সুতরাং তখন তাঁহারা স্বীয় দেহে পুলকাবলী ধারণ করিয়াছিলেন ॥ ১২ ॥

এই সকল নিরভিমান যোগিদিগের শরীরে উক্ত ভাব-সকল জ্বলিত হয়, কিন্তু দীপ্ত হয় না ॥

শান্তরসে সঞ্চারী যথা ॥

নির্ব্বেদ, ধৈর্য্য, হর্ষ, মতি, স্মৃতি, ঔৎসুক, আবেগ ও বিতর্ক প্রভৃতি শান্তরসে সঞ্চারি বলিয়া কীর্ত্তিত হয় ॥

তত্র নির্ব্বেদো যথা ॥

অস্মিন্ সুখঘনমূর্ত্তৌ পরমাত্মনি বৃষ্ণিপত্তনে স্ফুরতি।
আত্মারামতয়া মে বৃথা গতো বত চিরং কালঃ ॥

অথ স্থায়ী ॥

অত্র শান্তিরতিঃ স্থায়ী সমা সান্দ্রাচ সা দ্বিধা ॥ ১৩ ॥

তত্রাদ্যা ॥

সমাধৌ যোগিনস্তস্মিন্নসম্প্রজ্ঞাতনামনি।
লীলয়া ময়ি লব্ধেঽস্য বভূবোৎকম্পিনী তনুঃ ॥ ১৪ ॥

সমাধাবিতি শ্রীভগবদ্বচনং। মনসো বৃত্তিশূন্যস্য ব্রহ্মাকারতয়া স্থিতিঃ। যা সম্প্রজ্ঞাতনামাসৌ সমাধিরভিধীয়তে ॥ ১৪ ॥

তন্মধ্যে নির্ব্বেদ যথা ॥

এই দ্বারকানগরীতে যখন সুখঘনমূর্ত্তি পরমাত্মা শ্রীকৃষ্ণ বিরাজ করিতেছেন, তখন হায়! আত্মারামত্ব প্রযুক্ত আমার চিরকাল বৃথা গত হইল ॥

অথ শান্তরসে স্থায়ী ভাব ॥

শান্তরসে শান্তিরতি স্থায়ী ভাব। এই শান্তিরতি সমা ও সান্দ্রা ভেদে দুই প্রকার হয় ॥ ১৩ ॥

তন্মধ্যে সমা যথা ॥

ভগবান্ কহিলেন এই যোগিব্যক্তির অসংপ্রজ্ঞাত নাম সমাধিতে আমি লীলাবশতঃ উপস্থিত হইলে ইহাঁর তনু কম্পে পরিপূর্ণ হইয়াছিল ॥ ১৫ ॥

সান্দ্রা যথা ॥

সর্ব্বাবিদ্যাধ্বংসতো যঃ সমস্তা-

দাবির্ভূতো নির্ব্বিকল্পে সমাধৌ।

জাতে সাক্ষাদ্যাদবেন্দ্রে স বিন্দন্

মষ্যানন্দঃ সান্দ্রতাং কোটিধাসীৎ।

শান্তো দ্বিধৈষ পারোক্ষ্য-সাক্ষাৎকারবিভেদতঃ ॥

তত্র পারোক্ষ্যং যথা ॥

প্রযাস্যতি মহত্তপঃ সফলতাং কিমষ্টাঙ্গিকা

মুনীশ্বর পুরাতনী পরমযোগচর্য্যাপ্যসৌ।

সর্ব্বেতি জ্ঞানিত্বাৎ পরমগম্ভীরস্যাপ্যস্য কণ্ঠোক্তীকৃতনিজানন্দতয়া চাপল্যা-ভিব্যক্তেঃ পূর্ব্বস্মাদাধিক্যমেব ব্যক্তং। জাত ইতি স এবানন্দঃ সাক্ষাজ্জাতে যাদবেন্দ্রেঽধিকরণে তদীয়রূপগুণলীলানুভবাস্মিন্ কোটিধা সান্দ্রতাং বিজ্ঞান-সান্দ্রতয়া প্রকাশ্যমান আসীদিত্যর্থঃ ॥ ১৫ ॥

সান্দ্রা যথা ॥

সর্ব্বপ্রকার অবিদ্যাধ্বংস হেতু নির্বিকল্প সমাধিতে যাদ-বেন্দ্র সাক্ষাৎকার হইলে সর্ব্বতোভাবে আমাতে যে আনন্দ আবির্ভূত হয়, তাহা কোটিসান্দ্রতা লাভ করত প্রকাশমান হইয়াছিল ॥

পারোক্ষ্য এবং সাক্ষাৎকার ভেদে শান্ত দুই প্রকার হয় ॥

তন্মধ্যে পারোক্ষ্য শান্ত যথা ॥

হে মুনীশ্বর! আপনি বলুন দেখি আমার মহৎ তপস্যা এবং পুরাতনী অষ্টাঙ্গ পরমযোগচর্য্যা সফলতা প্রাপ্ত হইলে

নরাকৃতি-নবাম্বুদদ্যুতিধরং পরং ব্রহ্ম মে
বিলোচনচমৎকৃতিং কথয় কিম্নু নির্ম্মাস্যতি ॥ ১৫ ॥
যথাবা ॥
ক্ষেত্রে কুরোঃ কিমপি চণ্ডকরোপরাগে
সান্দ্রং মহঃ পথি বিলোচনয়োর্যদাসীৎ।
তন্নীরদদ্যুতিজয়ি স্মরমুৎসুকং মে
ন প্রত্যগাত্মনি মনো রমতে পুরেব ॥ ১৬ ॥
সাক্ষাৎকারো যথা ॥
পরমাত্মতয়াতি মেদুরাৎ

সান্দ্রং মহঃ পথীতি যদাসীদিতি দ্যুতিজয়ীত্যেতএব পাঠাস্থিষ্টাঃ ॥ ১৬ ॥
হে ভগবন্ সর্ব্বাতীতানন্তগুণসম্পন্ন তব সাক্ষাৎকরণানন্দাদধিকং

নরাকৃতি নবজলধর দ্যুতিধারী পরমব্রহ্ম কি আমার লোচ-নের চমৎকৃতি বিধান করিবেন অর্থাৎ তাঁহার কি আমি দর্শন পাইব ॥ ১৫ ॥

যথাবা ॥

সূর্য্যগ্রহণ উপলক্ষে কুরুক্ষেত্রের পথে নীরদদ্যুতিজয়ী যে, নিবিড় তেজ লোচনদ্বয়ের প্রত্যক্ষ হইয়াছিল, তাহা স্মরণ করিয়া আমার মন উৎসুকান্বিত হইয়া আর পূর্ব্বের ন্যায় ব্রহ্মসুখে রমণ করিতেছে না ॥ ১৬ ॥

সাক্ষাৎকার যথা ॥

হে ভগবন্! আপনি সর্ব্বাতীত আনন্দগুণসম্পন্ন, দূর

তব সাক্ষাৎকরণপ্রমোদতঃ।
ভগবন্নধিকং প্রয়োজনং
কতরদ্ব্রহ্মবিদোঽপি বিদ্যতে ॥ ১৭ ॥

যথাবা ॥

হৃষ্টঃ কম্বুপতিস্বনৈর্ভুবি লুঠচ্চীরাঞ্চলঃ সঞ্চলন্-
মূর্দ্ধা রুদ্ধদৃগশ্রুভিঃ পুলকিতো দ্রাগেষ লীনব্রতঃ।
অক্ষ্ণোরঙ্গণগঞ্জনত্বিষি পরব্রহ্মণ্যবাপ্তে মুদা

প্রয়োজনং ব্রহ্মণঃ পরমবৃহন্নির্ব্বিশেষানন্দস্বরূপস্য যোঽনুভবী তস্যাপি কতরদ্বিদ্যতে। নন্বু, ব্রহ্ম তাবৎ সর্ব্বেষাং স্বরূপং, স্বরূপস্য চ সর্ব্বতঃ শ্রেষ্ঠত্বেন তৎসাক্ষাৎকারস্যৈব সর্ব্বতঃ প্রীত্যাস্পদত্বাৎ ব্যর্থং কৃতং গুণময়সাক্ষাৎকরণেন তত্রাহ। পরেতি আত্মা সর্ব্বেষাং স্বরূপং যদ্ব্রহ্ম ততোঽপি তব পরমত্বয়াতিমেদুরত্বাৎ, ব্রহ্মণোঽপি প্রতিষ্ঠাহমিতি শ্রীভগবদ্গীতোপনিষদ্ভ্যঃ কৃষ্ণমেনমবৈহিত্বমাত্মানমখিলাত্মনামিতি শ্রীশুকবাক্যাচ্চ ॥ ১৭ ॥

অশ্রুভিঃ রুদ্ধদৃগিতি যোজ্যং। লীনং নষ্টং ব্রতং তত্তন্নিয়মো যস্য ॥ ১৮ ॥

হইতে আপনার যে সাক্ষাৎকার লাভ করিয়াছি তজ্জনিত আনন্দ হইতে আমি যে ব্রহ্মজ্ঞ আমার অন্য প্রয়োজন কি আছে? ॥ ১৭ ॥

যথাবা ॥

কম্বুপতি পাঞ্চজন্যের ধ্বনিশ্রবণদ্বারা কোন যোগী চীরবস্ত্রের অঞ্চল সঞ্চালনপূর্ব্বক ভূমিতে মস্তক লুণ্ঠিত করত অশ্রুপূরিতলোচনে পুলকাকুল হইয়া আপনার নিয়ম বিনষ্ট করিয়াছিলেন এবং চক্ষুর অঙ্গণে অঞ্জনকান্তি পরব্রহ্ম সাক্ষাৎ-

মুদ্রাভিঃ প্রকটীকরোত্যবমতিং যোগীশ্বরূপস্থিতো ॥১৮॥
ভবেৎ কদাচিৎ কুত্রাপি নন্দসূনোঃ কৃপাভরঃ।
প্রথমং জ্ঞাননিষ্ঠোঽপি সোঽত্রৈব রতিমুদ্বহেৎ ॥ ১৯ ॥
যথা বিল্বমঙ্গলস্তবে ॥
অদ্বৈতবীথীপথিকৈরুপাস্যাঃ
স্বানন্দসিংহাসনলব্ধদীক্ষাঃ।
শঠেন কেনাপি বয়ং হঠেন
দাসীকৃতা গোপবধূবিটেন ॥ ২০ ॥

তত্র শ্রীমন্নন্দসূনুরূপস্য তস্য কৃপাতিশয়েতু পরমোৎকর্ষমাহ ভবেদিতি। অত্র শ্রীনন্দসূনাবেব রতিমুচ্চৈর্বহেত তদযোগ্যাং শান্তিমতিক্রম্য রতিবিশেষং বহতীত্যর্থঃ ॥ ১৯ ॥
অদ্বৈতেতি শান্তং জ্ঞানমুক্তং। স্বানন্দেতি অনুভবপর্য্যন্তং। স্বানন্দ এব সিংহাসনং তত্র লব্ধা দীক্ষা পূজা যৈরিত্যর্থঃ। দীক্ষ মৌণ্ড্যেত্যাদিধাতুগণাৎ। ব্যাজস্তুতিরিয়ং ॥ ২০ ॥

কার হওয়ায় যে আনন্দপরিপাটী উপস্থিত হইয়াছিল তদ্দ্বারা তিনি নির্বিশেষ ব্রহ্মে অবজ্ঞা করিয়াছিলেন ॥ ১৮ ॥

কখনও যদি কাহারও প্রতি নন্দনন্দের কৃপাতিশয় হয়, তাহা হইলে সে যদি প্রথমে জ্ঞাননিষ্ঠ থাকে তবে পরে তাহার রতি লাভ হয় ॥ ১৯ ॥

যথা বিল্বমঙ্গলস্তবে ॥

যাঁহারা অদ্বৈতমার্গের পথিক হইয়াছেন তাঁহারাই নির্ব্বিশেষ ব্রহ্মানুভবিদিগকে উপাসনা করুন, কিন্তু কোন গোপবধূলম্পট শঠ হঠপূর্ব্বক আমাদিগকে দাস করিয়াছেন ॥ ২০ ॥

তৎকারুণ্যশ্লথীভূতজ্ঞানসংস্কারসন্ততিঃ।
এষ ভক্তিরসানন্দনিপুণঃ স্যাদ্যথা শুকঃ॥ ২১॥
শমস্য নির্ব্বিকারত্বান্নাট্যজ্ঞৈর্নৈষ মন্যতে।
শান্ত্যাখ্যায়া রতেরত্র স্বীকারান্ন বিরুধ্যতে।
শমো মন্নিষ্ঠতা বুদ্ধেরিতি শ্রীভগবদ্বচঃ।
তন্নিষ্ঠা দুর্ঘটা বুদ্ধেরেতাং শান্তিরতিং বিনা॥ ২২॥

অত্রার্ষমপি প্রমাণমাহ তদিতি। শুকেন হি সর্ব্বোত্তমপ্রেমতয়া ব্রজবাসিমাত্রং নিরূপ্য তত্রাপি কুত্রচিৎ পরমোৎকর্ষো দর্শিতঃ॥ ২১॥

অত্রেতি কেবলঃ শান্তরসস্তৈর্বিরুধ্যতাং নাম অত্রাস্মন্মতেতু শান্তরসে তৈর্বিরোদ্ধুং ন শক্যত ইত্যর্থঃ। তত্র হেতুমাহ শান্ত্যেতি শ্রীভগবদ্রতিমাত্রস্য রসত্বং পূর্ব্বমেবেতি স্থাপিতমিতি ভাবঃ। তত্র হি কার্য্যদ্বারা রতিরূপং কারণং লক্ষ্যত ইত্যাহ তন্নিষ্ঠেতি। তথাপি সামান্যায়ামেব রতৌ লব্ধায়াং বিশেষেঽত্র প্রবৃত্তিঃ প্রসিদ্ধা শমপ্রাচুর্য্যাৎ পর্য্যবসীয়তে॥ ২২॥

যেমন শুকদেব ভগবৎকরুণায় জ্ঞানসংস্কার সমূহকে শ্লথ করিয়া ভক্তিরসানন্দে নিপুণ হইয়াছিলেন, তাহার ন্যায় এই বিল্বমঙ্গল ভগবৎকরুণায় ভক্তিরসানন্দে প্রবীণ হইয়াছিলেন॥ ২১॥

শমভাবের নির্ব্বিকারত্ব প্রযুক্ত নাট্যজ্ঞেরা ইহাকে রস বলিয়া স্বীকার করেন না, কিন্তু এ স্থলে শান্তিরতির স্বীকার করিলে কিছুই বিরুদ্ধ হয় না॥

ভগবান্ শ্রীকৃষ্ণ একাদশস্কন্ধে উদ্ধবকে বলিয়াছেন আমাতে নিষ্ঠাপ্রাপ্তবুদ্ধির নাম শম, অতএব এই শান্তিরতি ব্যতিরেকে ভগবানে বুদ্ধির নিষ্ঠা দুর্ঘট॥ ২২॥

কেবলশান্তোঽপি শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে যথা ॥

নাস্তি যত্র সুখং দুঃখং ন দ্বেষো নচ মৎসরঃ।
সমঃ সর্ব্বেষু ভূতেষু স শান্তঃ প্রথিতো রসঃ ॥ ২৩ ॥
সর্ব্বথৈবমহঙ্কাররহিতত্বং ব্রজন্তি চেৎ।
তত্রান্তর্ভাবমর্হন্তি ধর্ম্মবীরাদয়স্তদা।
ধৃতিস্থায়িনমেকেতু নির্ব্বেদস্থায়িনং পরে।
শান্তমেব রসং পূর্ব্বে প্রাহুরেকমনেকধা।
নির্ব্বেদো বিষয়ে স্থায়ী তত্ত্বজ্ঞানোদ্ভবঃ স চেৎ।

অথ কেবলশান্তাখ্যে রসে বিবদমানানাং মতনিরাসেন কৈমুত্যাদাত্মমতং স্থাপয়তি কেবলশান্তোঽপি শ্রীবিষ্ণুধর্ম্মোত্তরে যথেতি ॥ ২৩ ॥

ধর্ম্মবীরাদয়ো ধর্ম্মদয়াদানবীরাঃ ॥ ২৪ ॥

কেবল শান্তরস বিষ্ণুধর্ম্মোত্তরে যথা ॥

যাহাতে সুখ নাই, দুঃখ নাই, দ্বেষ নাই, মাৎসর্য্য নাই এবং সকলভূতে সমভাব তাহাকেই শান্তরস বলিয়া উল্লেখ করা যায় ॥ ২৩ ॥

যদি সর্ব্বপ্রকারে অহঙ্কার রাহিত্য হয়, তবেই ধর্ম্মবীর, দানবীর ও দয়াবীর শান্তরসে অন্তর্ভাব লাভ করিতে যোগ্য হইতে পারে ॥

কেহ ধৃতিকে স্থায়ি বলেন ও কেহ নির্ব্বেদকে স্থায়ি বলেন, কিন্তু পূর্ব্বপূর্ব্ব পণ্ডিতগণ একমাত্র শান্তরসকে অনেক প্রকারে বর্ণন করিয়াছেন ॥

নির্ব্বেদ যদি তত্ত্বজ্ঞান হইতে উৎপন্ন হয়, তাহা হইলে

ইষ্টানিষ্টবিয়োগাপ্তিকৃতস্তু ব্যভিচার্য্যসৌ ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধৌ পশ্চিমবিভাগে মুখ্য-ভক্তিরসপঞ্চকনিরূপণে শান্তভক্তিরসলহরী প্রথমা ॥*॥ ১ ॥

॥ * ॥ ইতি পঞ্চলহর্য্যাত্মকে পশ্চিমবিভাগে শান্তভক্তিরসলহরী প্রথমা ॥ * ॥

তাহাকে বিস্ময়ের মধ্যে স্থায়ী বলাযায়। আরযদি এই নির্ব্বেদ ইষ্টবিয়োগ ও অনিষ্টপ্রাপ্তির নিমিত্ত হয় তাতা হইলে ইহাকে ব্যভিচারী বলে ॥ ২৪ ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃত ব্যাখ্যায় ভক্তি-রসামৃতসিন্ধুর পশ্চিমবিভাগে শান্তভক্তিরস প্রথম লহরী সমাপ্তা ॥ * ॥ ১ ॥ * ॥

অথ প্রীতভক্তিরসঃ॥

শ্রীধরস্বামিভিঃ স্পষ্টময়মেব রসোত্তমঃ।
রঙ্গপ্রসঙ্গে সপ্রেমভক্তিকাখ্যঃ প্রকীর্ত্তিতঃ।
রতিস্থায়িতয়া নামকৌমুদীকৃদ্ভিরপ্যসৌ।
শান্তত্বেনায়মেবাদ্ধা সুদেবাদ্যৈশ্চ বর্ণিতঃ।
আত্মোচিতৈর্বিভাবাদ্যৈঃ প্রীতিরাস্বাদনীয়তাং।
নীতা চেতসি ভক্তানাং প্রীতভক্তিরসো মতঃ।
অনুগ্রাহ্যস্য দাসত্বাল্লাল্যত্বাদপ্যয়ং দ্বিধা।
ভিদ্যতে সম্ভ্রমপ্রীতো গৌরবপ্রীত ইত্যপি॥
তত্র সম্ভ্রম প্রীতঃ॥

অথপ্রীতভক্তিরস॥

শ্রীধরস্বামিপ্রভৃতি এই প্রীত রসকে স্পষ্ট রূপে উত্তম বলিয়া কীর্ত্তন করিয়াছেন এবং রঙ্গপ্রসঙ্গে অর্থাৎ নাট্যাদিতে এই প্রীতরস প্রেমভক্তিনামে উল্লিখিত হইয়াছে। নামকৌমুদী-কার ইহাকে স্থায়িরতি বলিয়া বর্ণন করিয়াছেন এবং সুদেবাদি কর্ত্তৃক এই প্রীতরস সাক্ষাৎ শান্ত নামে কথিত হইয়াছে। আত্মোচিত বিভাবদ্বারা ভক্তগণের চিত্তে প্রীতি আস্বাদনীয়ত্ব প্রাপ্ত হয়, এ কারণ ইহা প্রীত ভক্তিরস বলিয়া সম্মত॥

অনুগ্রহপাত্রের সম্বন্ধে দাসত্ব এবং লালনীয়ত্ব প্রযুক্ত এই প্রীতরস দুই প্রকারে ভিন্ন হয়, যথা—সম্ভ্রমপ্রীত ও গৌরব-প্রীত॥

তন্মধ্যে সম্ভ্রম প্রীত যথা॥

দাসাভিমানিনাং কৃষ্ণে স্যাৎ প্রীতিঃ সম্ভ্রমোত্তরা।
পূর্ব্ববৎ পুষ্যমাণেয়ং সম্ভ্রমপ্রীত উচ্যতে॥
তত্রালম্বনাঃ॥
হরিশ্চ তস্য দাসাশ্চ জ্ঞেয়া আলম্বনা ইহ॥
তত্র হরিঃ॥
আলম্বনোঽস্মিন্ দ্বিভুজঃ কৃষ্ণো গোকুলবাসিষু।
অন্যত্র দ্বিভুজঃ ক্বাপি কুত্রাপ্যেষ চতুর্ভুজঃ॥
তত্র ব্রজে যথা॥
নবাম্বুধরবন্ধুরঃ করযুগেন বক্ত্রাম্বুজে
নিধায় মুরলীং স্ফুরৎপুরটনিন্দিপট্টাম্বরঃ।

দাসাভিমানি ব্যক্তিদিগের শ্রীকৃষ্ণে সম্ভ্রমবিশিষ্টা প্রীতি উৎপন্ন হয়। এই সম্ভ্রমোত্তরা প্রীতি পূর্ব্ববৎ পুষ্ট হইলে ইহাকে সম্ভ্রমপ্রীত বলা যায়॥

উক্ত প্রীতরসে আলম্বন যথা॥

এই প্রীতরসে হরি এবং হরিদাস সকল আলম্বন হইয়া থাকেন॥

তন্মধ্যে আলম্বন রূপ হরি যথা॥

এই সম্ভ্রমপ্রীত রসে গোকুলবাসি সকলে শ্রীকৃষ্ণ দ্বিভুজ রূপে আলম্বন, অন্যত্র কোথাও দ্বিভুজ এবং কোথাও বা চতুর্ভুজ রূপে আলম্বন হয়েন॥

তন্মধ্যে ব্রজে আলম্বনরূপী হরি॥

নবজলধরকান্তি রূপে স্ফূর্ত্তিশীল প্রভু শ্রীকৃষ্ণ করযুগল-দ্বারা বদনপদ্মে মুরলী ধারণপূর্ব্বক স্বর্ণনিন্দি পীতবসন

শিখণ্ডকৃতশেখরঃ শিখরিণস্তটে পর্য্যটন্
প্রভুর্দিবি দিবৌকসো ভুবি ধিনোতি নঃ কিঙ্করান্ ॥

অন্যত্র দ্বিভুজো যথা ॥

প্রভুরয়মনিশং পিশঙ্গবাসাঃ
করযুগভাগরিকম্বুরম্বুদাভঃ।
নবঘন ইব চঞ্চলা পিনদ্ধো
রবিশশিমণ্ডলমণ্ডিতশ্চকাস্তি ॥ ১ ॥

তত্র চতুর্ভুজো যথা ললিতমাধবে ॥

চঞ্চৎকৌস্তুভকৌমুদীসমুদয়ঃ কৌমোদকীচক্রয়োঃ

চঞ্চদিতি শ্রীদারুকবাক্যং। এষ ইতি বৈকুণ্ঠনাথাদপি চমৎকারকরত্বেন ময়ান্ত

পরিধান এবং মস্তকে ময়ূরপুচ্ছের চূড়া ধারণ করত গিরিতটে পর্য্যটন করিতে করিতে স্বর্গে দেবগণ এবং পৃথিবীতে আমরা যে কিঙ্কর আমাদিগকে আনন্দ প্রদান করিতেছেন ॥

অন্যত্র দ্বিভুজ যথা ॥

এই মেঘকান্তি প্রভু নিরন্তর পীতবসন পরিধান এবং করযুগে শঙ্খ চক্র ধারণপূর্ব্বক নবজলধরে বিদ্যুৎ নিবদ্ধ হইলে যে রূপ শোভা দেখায় তাহার ন্যায় চন্দ্রকান্ত ও সূর্য্য-কান্তময় মণিভূষণ সকলে বিভূষিত হইয়া শোভা বিস্তার করি-তেছেন ॥ ১ ॥

তন্মধ্যে চতুর্ভুজ যথা ॥

ললিতমাধবে ॥

দারুক কহিলেন যাঁহার কণ্ঠে কৌস্তুভমণি শুভ্র তেজ

সখ্যেনোজ্জ্বলিতৈস্তথা জলজয়োরাচাশ্চতুর্ভির্ভুজৈঃ।
দিব্যালঙ্করণেন সঙ্কটতনুঃ সঙ্গী বিহঙ্গেশিতু-
র্মাং ব্যস্মারয়দেষ কংসবিজয়ী বৈকুণ্ঠগোষ্ঠীশ্রিয়ং ॥ ২ ॥
ব্রহ্মাণ্ডকোটিধামৈকরোমকূপঃ কৃপাম্বুধিঃ।
অবিচিন্ত্যমহাশক্তিঃ সর্ব্বসিদ্ধিনিষেবিতঃ।
অবতারাবলীবীজং সদাত্মারামহৃদ্‌গুণঃ।
ঈশ্বরঃ পরমারাধ্যঃ সর্ব্বজ্ঞঃ সুদৃঢ়ব্রতঃ।
সমৃদ্ধিমান্ ক্ষমাশীলঃ শরণাগতপালকঃ।

ভ্রমমান ইত্যর্থঃ। ব্যস্মারয়দিত্যনেনচ প্রস্তুতানাং সামগ্রীণাং বৈকুণ্ঠসামগ্রীতো বিলক্ষণত্বং ধ্বনিতং ॥ ১ ॥ ২ ॥

ব্রহ্মাণ্ডকোটিধামৈকরোমকূপ ইতি। নচাস্য নবহি যশোদ্যাদিপ্রমাণেন মধ্যমপরিমাণত্বেঽপি অচিন্ত্যশক্ত্যা পরমবিভুবিগ্রহ ইত্যর্থঃ। তৎসম্বন্ধস্তু তত্র নাস্তীতি স্বয়মেব গীতং। ময়া ততমিদং সর্ব্বং জগদব্যক্ত মূর্ত্তিনা। ইত্যাদিনা ব্যঞ্জিতমেব। সচ প্রকমেণৈব তৎসম্বন্ধাভাসো নতু স্বয়ংভগবত্তেতি। যথোক্তং

প্রকাশ করিতেছে, যিনি শঙ্খচক্র গদাপদ্মশালি ভুজচতুষ্টয়ে যুক্ত হইয়াছেন, যাঁহার অঙ্গে দিব্য দিব্য অলঙ্কার সকল সঙ্কুল হইয়া রহিয়াছে এবং যিনি খগেশ্বর গরুড়ের উপরি বিরাজ করিতেছেন, সেই কংসারি আজ আমাকে বৈকুণ্ঠের ঐশ্বর্য্য বিস্মরণ করাইয়া দিলেন ॥ ২ ॥

যাঁহার এক রোমকূপে কোটি কোটি ব্রহ্মাণ্ড অবস্থিতি করিতেছে, যিনি কৃপাসমুদ্র, অবিচিন্ত্যমহাশক্তি, সর্ব্বসিদ্ধি-নিষেবিত অবতারাবলীবীজ, আত্মারামগণাকর্ষী, ঈশ্বর, পরমারাধ্য, সর্ব্বজ্ঞ, সুদৃঢ়ব্রত, সমৃদ্ধিমান্, ক্ষমাশীল, শরণাগতপালক,

দক্ষিণঃ সত্যবচনো দক্ষঃ সর্ব্বশুভঙ্করঃ।
প্রতাপী ধার্ম্মিকঃ শাস্ত্রচক্ষুর্ভক্তসুহৃত্তমঃ।
বদান্যস্তেজসাযুক্তঃ কৃতজ্ঞঃ কীর্ত্তিসংশ্রয়ঃ।
বরীয়ান্ বলবান্ প্রেমবশ্য ইত্যাদিভির্গুণৈঃ।
যুতশ্চতুর্ব্বিধেষ্বেষ দাসেম্বালম্বনো হরিঃ ॥ ৩ ॥
অথ দাসাঃ ॥
দাসাস্তু প্রশ্রিতাস্তস্য নিদেশবশবর্ত্তিনঃ।
বিশ্বস্তাঃ প্রভূতাজ্ঞানবিনম্রিতধিয়শ্চ তে ॥

শ্রীদশমে। যস্যাংশাংশাংশভাগেন বিশ্বস্থিত্যাপ্যয়োদয়া ইতি। টীকাচ। যস্যাংশঃ পুরুষস্তস্যাংশো মায়েত্যাদিকা। তদেব মায়িকগুণবত্তা তস্য ন সর্ব্বত্র স্ফুরতি কিন্তু যথাবিভাগমেব। যথা প্রথমোঽয়ং গুণঃ অধিকারিবিশেষাশ্রিতস্তাপসে-ষ্বেবেতি ॥ ৩ ॥

প্রশ্রিতা নতদৃষ্টিত্বাদিনা স্থিতাঃ। নিদেশঃ স্বস্বযোগ্যকর্ম্মণি যা শ্রীকৃষ্ণস্যাজ্ঞা তত্র যো বশ ইচ্ছা স্বত এব রুচিস্তত্র বর্ত্তিতুং শীলং যেষাং তে তথা। বশঃ কান্তাবিত্যমরঃ। তদেতল্লক্ষণানুসারাৎ রূঢ়িবৃত্ত্যা দাসত্বেনাশঙ্ক্যমানা শ্রীকৃষ্ণ-

গতপালক, দক্ষিণ, সত্যবচন, দক্ষ, সর্ব্বশুভঙ্কর, প্রতাপী, ধার্ম্মিক, শাস্ত্রচক্ষু, ভক্তসুহৃৎ, বদান্য, তেজীয়ান্, কৃতজ্ঞ, কীর্ত্তিমান্ বরীয়ান্ বলবান্ এবং প্রেমবশ্য, ইত্যাদি গুণযুক্ত হরি চতুর্ব্বিধ দাসভক্তে আলম্বন স্বরূপ ॥ ৩ ॥

অথ দাস ॥

প্রশ্রিত অর্থাৎ সর্ব্বদা নতদৃষ্টিতে অবস্থিত আজ্ঞাবর্ত্তী, বিশ্বস্ত এবং প্রভুজ্ঞানে নম্রবুদ্ধি ইত্যাদিভেদে দাস চারি প্রকার হয় ॥

যথা ॥

প্রভুরয়মখিলৈর্গুণৈর্গরীয়া-

নিহ তুলনামপরঃ প্রয়াতি নাস্য।

ইতি পরিগতনির্ণয়েন নম্রান্

হিতচরিতান্ হরিসেবকান্ ভজধ্বং ॥

চতুর্দ্ধামী অধিকৃতাশ্রিতপারিষদানুগাঃ ॥

তত্রাধিকৃতাঃ ॥

ব্রহ্মশঙ্করশক্রাদ্যাঃ প্রোক্তা অধিকৃতা বুধৈঃ।

রূপং প্রসিদ্ধমেবৈষাং তেন ভক্তিরুদীর্য্যতে ॥ ৪ ॥

গৌরববিষয়া বিপ্রাদয়োঽপি যোগবৃত্ত্যা গণয়িষ্যন্তে দাসাতে দীয়তে কৃপয়া তত্ত্বদ্বাঞ্ছিতং সম্পাদ্যতে যেভ্য ইতি নিরুক্তেঃ। দাস্ দানে। যথা চাত্র প্রমাণীকৃতং ভাষাবৃত্তৌ। গুণিনাং ব্রাহ্মণো দাস ইতি। কিন্ত্বেতে নিত্যসিদ্ধাঃ সাধনসিদ্ধাশ্চেতুভয়ে লীলাপরিকরা স্তাদৃশতা ভাববাঞ্ছকাশ্চেতি ভেদেন তত্র তত্র জ্ঞেয়াঃ ॥ ৪ ॥

যথা ॥

এই প্রভু নিখিল গুণদ্বারা সকলের গুরু, এ জগতে ইহাঁর সহিত কে তুল্যত্ব লাভ করিতে পারে, এইরূপ নিশ্চয় জ্ঞানে নত ও সর্ব্ব হিতকারি হরিদাস সকলকে ভজনা কর ॥

উক্ত চারি প্রকার দাসের নাম অধিকৃত, আশ্রিত, পারিষদ্ ও অনুগ ॥

তন্মধ্যে অধিকৃত দাসযথা ॥

ব্রহ্মা, শিব এবং ইন্দ্র ইত্যাদিকে পণ্ডিতগণ অধিকৃত দাস বলিয়া কীর্ত্তন করেন, ইহাঁদের রূপ প্রসিদ্ধই, আছে, একারণ এই সকলের ভক্তি বলিতেছি ॥ ৪ ॥

যথা।

কা পর্য্যেত্যম্বিকেয়ং হরিমবকলয়ন্ কম্পতে কঃ শিবোঽসৌ
তং কঃ স্তৌত্যেষ ধাতা প্রণমতি বিলুঠন্ কঃ ক্ষিতৌ বাসবোঽয়ং।
কঃ স্তব্ধো হস্যতেঽদ্ধা দনুজভিদনুজৈঃ পূর্ব্বজোঽয়ং যমেত্থং
কালিন্দী জাম্ববত্যাং ত্রিদশপরিচয়ং জালরন্ধ্রাদ্ব্যতানীৎ ॥

অথাশ্রিতাঃ ॥

অধিকৃতা ইতি শ্রীকৃষ্ণেনাধিকৃতা স্থাপিতা ইত্যর্থঃ। উদাহরণেতু কা পর্য্যেতি প্রদক্ষিণীকরোতি। স্তব্ধঃ স্তম্ভাখ্যসাত্ত্বিকেন যুক্ত ইত্যর্থঃ। পূর্ব্বজ ইতি তদানীং মন্বন্তরস্থায়িযমশরীরপ্রবিষ্টস্যার্য্যম্নোঽপি তদ্রূপত্বেনৈব ব্যবহারাৎ ॥ ৫ ॥

যথা।

জাম্ববতী কালিন্দীকে জিজ্ঞাসা করিলেন হরিকে প্রদক্ষিণ করিতেছেন ইনি কে? কালিন্দী কহিলেন ইনি অম্বিকা, জাম্ববতী, হরিদর্শন করিয়া কাঁপিতেছেন ইনি কে? কালিন্দী, ইনি শিব, জাম্ববতী, স্তব করিতেছেন ইনি কে? কালিন্দী ইনি বিধাতা, জাম্ববতী, ক্ষিতিতলে লুণ্ঠিত হইয়া প্রণাম, করিতেছেন ইনি কে?। কালিন্দী, ইনি ইন্দ্র। জাম্ববতী, দেবগণের সহিত স্তব্ধ হইয়া হাস্য করিতেছেন ইনি কে? কালিন্দী, ইনি আমার জ্যেষ্ঠ ভ্রাতা যম, এইরূপে গবাক্ষ দিয়া কালিন্দী জাম্ববতীকে দেবগণের পরিচয় প্রদান করিতে লাগিলেন ॥

অথ আশ্রিত ॥

তে শরণ্যা জ্ঞানিচরাঃ সেবানিষ্ঠাস্ত্রিধাশ্রিতাঃ ॥ ৫ ॥

যথা ॥

কেচিদ্ভীতাঃ শরণমভিতঃ সংশ্রয়ন্তে ভবন্তং
বিজ্ঞাতার্থাস্তদনুভবতঃ প্রাস্য কেচিন্মুমুক্ষাং।
শ্রাবং শ্রাবং নবনবনবাং মাধুরীং সাধুবৃন্দা-
দ্বৃন্দারণ্যোৎসব কিল বয়ং দেব সেবেমহি ত্বাং।

কেচিদ্ভীতা ইত্যাদৌ ভূতএব নিষ্ঠা নতু বর্ত্তমানে। সম্প্রতি শ্রেষ্ঠাসক্তিলাষিতাশূন্যত্বমেব বক্তব্যং শুদ্ধভক্তেষু গণনাৎ। মুমুক্ষামিত্যুপলক্ষণত্বেন শান্তিরতিহেতুজ্ঞানত্যাগোঽপি লভ্যতে অতএব জ্ঞানিচরা ইতি ভূতপূর্ব্বত্বং জ্ঞানস্যাপি দর্শিতং। অত্রচ মধ্যমাস্থিগাধিকারিণামননাভেদ ঐশ্বর্য্যমাধুর্য্যানুভবাভ্যাং জ্ঞেয়ঃ। ভীতা ইতি ত্বদ্ভক্তিব্যতিরিক্তাৎ সর্ব্বস্মাদপি ভয়যুক্তা ইত্যর্থঃ। তদনুভবতো বিজ্ঞাতার্থা ইতি ব্রহ্মানুভব ত্বদনুভবয়োস্তারতম্যা ইত্যর্থঃ। তদিদং সহজশুদ্ধাস্যারতেঃ সাধকভক্তস্য বচনমাত্মনঃ সার্ব্বদিকানন্যগতিত্ব-নিবেদনায় ॥ ৬ ॥

শরণাগত, জ্ঞানী ও সেবানিষ্ঠ এই তিনকে আশ্রিত বলে ॥ ৫ ॥

যথা ॥

হে বৃন্দাবনানন্দ! হে দেব! কোন কোন ব্যক্তি ভীত হইয়া সর্ব্বতোভাবে রক্ষকজ্ঞানে তোমাকে আশ্রয় করিয়াছেন, কোন কোন ব্যক্তি তোমার প্রভাব অবগত হইয়া মুক্তি-বিষয়ক ইচ্ছা পরিত্যাগপূর্ব্বক তোমাকে আশ্রয় করিয়াছেন এবং আমরা সাধুমুখে তোমার নবনব মাধুরী বারবার শ্রবণ করিয়া ত্বদীয় সেবাকার্য্যে নিযুক্ত হইয়াছি ॥

তত্র শরণ্যাঃ ॥

শরণ্যাঃ কালিয়জরাসন্ধবন্ধনৃপাদয়ঃ ॥

যথা ॥

অপি গহনাগসি নাগে, প্রভুবর ময্যদ্ভুতাস্য তে করুণা।
ভক্তৈরপি সুদুর্লভয়া, যদহং পদমুদ্রয়োজ্জ্বলিতঃ ॥

যথাপরাধভঞ্জনে ॥

কামাদীনাং কতি ন কতিধা পালিতা দুর্নিদেশা
জাতা তেষাং ময়ি ন করুণা ন ত্রপা নোপশান্তিঃ।
উৎসৃজ্যৈতানথ যদুপতে সাম্প্রতং লব্ধবুদ্ধি-

তন্মধ্যে শরণ্য যথা ॥

কালিয়নাগ এবং জরাসন্ধের কারাগারে আবদ্ধ নৃপতিগণকে শরণাগত বলা যায় ॥

যথা ॥

হে প্রভুশ্রেষ্ঠ! আমি কালিয়নাগ, অতিশয় অপরাধ করিলেও আমার প্রতি আপনার অদ্ভুত করুণা, যে হেতু ভক্তগণেরও সুদুর্লভ পদচিহ্নদ্বারা আজ আমি উজ্জ্বলিত হইলাম ॥

যথা বা অপরাধভঞ্জনে ॥

প্রভো! আমি কামক্রোধাদি রিপুবর্গের কত কত না দুষ্ট আদেশসকল প্রতিপালন করিয়াছি, তথাপি তাহারা আমার প্রতি দয়া করিল না, না তাহাদের লজ্জা বা উপশমই হইল। অতএব হে যদুপতে! সম্প্রতি আমি জ্ঞানপ্রাপ্ত হইয়া অভয়স্বরূপ আপনার শরণাগত হইলাম, আপনি আমাকে

স্বামায়াতঃ শরণমভয়ং মাং নিযুঙ্ক্ষ্বাত্মদাস্যে ॥

অথ জ্ঞানিচরাঃ ॥

যে মুমুক্ষাং পরিত্যজ্য হরিমেব সমাশ্রিতাঃ।

শৌনকপ্রমুখাস্তেতু প্রোক্তা জ্ঞানিচরা বুধৈঃ ॥

যথা হরিভক্তিসুধোদয়ে ॥

অহো মহাত্মন্ বহুদোষদুষ্টো-

ঽপ্যেকেন ভাত্যেষ ভবো গুণেন

সৎসঙ্গমাখ্যেন সুখাবহেন

কৃতাদ্য নো যেন কৃশা মুমুক্ষা ॥ ৬ ॥

যথা বা পদ্যাবল্যাং ॥

স্বীয় দাস্যে নিযুক্ত করুন ॥

অথ জ্ঞাননিষ্ঠ ॥

যাঁহারা মুক্তি-ইচ্ছা পরিত্যাগপূর্ব্বক কেবল হরিকেই আশ্রয় করিয়াছেন, তাঁহারাই শৌনকাদি ঋষি, পণ্ডিতগণ তাঁহাদিগকেই জ্ঞাননিষ্ঠ বলিয়া কীর্ত্তন করিয়াছেন ॥

যথা হরিভক্তিসুধোদয়ে ॥

শৌনকাদি ঋষিগণ সূতকে কহিলেন, হে মহাত্মন্! কি আশ্চর্য্য! এই মনুষ্যজন্ম বহুদোষে দুষ্ট ইহলেও এক সুখ-জনক সৎসঙ্গরূপ গুণদ্বারা শোভা পাইতেছে, দেখ তদ্দ্বারা আমাদের মুক্তির ইচ্ছাও ক্ষীণ হইয়া গেল ॥ ৬ ॥

যথাবা পদ্যাবলীতে ॥

ধ্যানাতীতং কিমপি পরমং যেতু জানন্তি তত্ত্বং
তেষামাস্তাং হৃদয়কুহরে শুদ্ধচিন্মাত্র আত্মা।
অস্মাকন্তু প্রকৃতিমধুরঃ স্মেরবক্ত্রারবিন্দো
মেঘশ্যামঃ কনকপরিধিঃ পঙ্কজাক্ষোঽয়মাত্মা ॥

অথ সেবানিষ্ঠাঃ ॥

মূলতো ভজনাসক্তাঃ সেবানিষ্ঠা ইতীরিতাঃ।
চন্দ্রধ্বজো হরিহয়ো বহুলাশ্বস্তথা নৃপঃ ॥
যথা।
ইক্ষ্বাকুঃ শ্রুতদেবশ্চ পুণ্ডরীকাদয়শ্চ তে ॥ ৭ ॥
আত্মারামানপি গময়তি ত্বদগুণো গানগোষ্ঠীং

ধ্যানাতীতমিতি। পূর্ব্বার্দ্ধে হেয়ত্ববিবক্ষয়া জ্ঞাতস্যাপ্যজ্ঞাতবন্নির্দ্দেশাৎ। পঙ্কজাক্ষোঽয়মাত্মেতি পরমেশিতৃত্বাৎ পরমপ্রিয়ত্বাচ্চ ॥ ৭ ॥

শূন্যে নির্জনে উদ্যানে বর্ত্তমানান্ বিহগসদৃশাংস্তপস্বিনোঽপি ভিক্ষুচর্য্যাং

যাঁহারা ধ্যানাতীত কোন এক পরমতত্ত্ব বলিয়া নিশ্চয় করিয়াছেন, তাঁহাদের হৃদয়ে শুদ্ধসত্ত্ব জ্ঞানময় আত্মা অবস্থিতি করুন, কিন্তু আমাদের হৃদয়ে স্বভাবসিদ্ধ মাধুর্য্যময়, হাস্যবদন, মেঘকান্তি, পীতবসন ও পদ্মনেত্র এই আত্মা বিরাজ করুন ॥

অথ সেবানিষ্ঠ ॥

যাঁহারা প্রথমাবধিই ভজনবিষয়ে আসক্ত, তাঁহাদিগকেই সেবানিষ্ঠ বলা যায়। শিব, ইন্দ্র, বহুলাশ্ব রাজা, ঈক্ষাকু, শ্রুতদেব ও পুণ্ডরীক, ইহাঁরা সকল সেবানিষ্ঠ ॥ ৭ ॥

যথা ॥

কৃষ্ণ! তোমার গুণ আত্মারামগণকেও আকর্ষণ করিয়া

শূন্যোদ্যানে নয়তি বিহগানপ্যলং ভিক্ষুচর্য্যাং।
ইত্যুৎকর্ষং কমপি সচমৎকারমাকর্ণ্য চিত্রং
সেবায়াঞ্চ স্ফুটমঘহর শ্রদ্ধয়া গর্দ্ধিতোঽস্মি॥ ৮॥

অথ পারিষদাঃ॥

উদ্ধবো দারুকো জৈত্রঃ শ্রুতদেবশ্চ শত্রুজিৎ।
নন্দোপনন্দভদ্রাদ্যাঃ পার্ষদা যদুপত্তনে।
নিযুক্তাঃ সন্ত্যমী মন্ত্রসারথ্যাদিষু কর্ম্মসু।
তথাপি ক্বাপ্যবসরে পরিচর্য্যাঞ্চ কুর্ব্বতে।

ত্বদ্‌গুণগানশ্রবণেচ্ছয়া তদ্গানসভায়াং ভিক্ষোরিব চর্য্যাং নয়তি। যথা। শূন্যোদ্যানে ইত্যাবেশাৎ প্রৌঢ়িবচনং। (ক) জনস্থানে শূন্যে কঙ্কণকঙ্কণৈরার্য্যচরিতৈরপি গ্রাবা রোদিত্যপি দলতি বজ্রস্য হৃদয়ংতিবৎ॥৮॥

শ্রুতদেবশত্রুজিতাবপি প্রথমস্কন্ধে প্রোক্তাবত্র জ্ঞেয়ৌ। পরিচর্য্যাত্র স্বয়ং

ত্বদীয় গানসভায় লইয়া যায় এবং নির্জনবাসি তপস্বিদিগকেও তোমার গুণগান শ্রবণেচ্ছায় ত্বদীয় গানসভায় ভিক্ষুচর্য্যা প্রাপ্ত করায়, হে অঘনাশন! এই রূপে তোমার কোন অনির্ব্বচনীয় আশ্চর্য্য উৎকর্ষ দর্শন করিয়া আমি স্পষ্টরূপে ত্বদীয় সেবায় শ্রদ্ধান্বিত হইয়াছি॥ ৮॥

অথ পারিষদ॥

দ্বারকানগরীতে উদ্ধব, দারুক, সাত্যকি, শ্রুতদেব, শত্রুজিৎ, নন্দ, উপনন্দ ও ভদ্র প্রভৃতি পার্ষদ, ইঁহারা মন্ত্রণা ও সারথ্যাদি কার্য্যে নিযুক্ত থাকিলেও কোন কোন সময়ে পরিচর্য্যাদি কার্য্যে প্রবৃত্ত হয়েন। কুরুবংশের মধ্যে

(ক) কঙ্কণকঙ্কণৈরিত্যত্র বিকলকরণৈরিত্যপি পাঠঃ। শ্লোকোঽয়ং ভবভূতেরুত্তরচরিতস্য।

কৌরবেষু তথা ভীষ্মপরীক্ষিদ্বিদুরাদয়ঃ ॥

তেষাং রূপং যথা ॥

সরসাঃ সরসীরুহাক্ষবেশা

স্ত্রিদিবেশা বলিজৈত্রকান্তিলেশাঃ।

যদুবীরসভাসদঃ সদামী

প্রচুরালঙ্করণোজ্জ্বলা জয়ন্তি ॥ ৯ ॥

ভক্তির্যথা ॥

শংসন্ ধূর্জটিনির্জয়াদিবিরুদং সাক্ষাবরুদ্ধাক্ষরং

শঙ্কাপঙ্কলবং মদাদগণয়ন্ কালাগ্নিরুদ্রাদপি।

যোগানুগতিঃ ॥ ৯ ॥

শংসন্নিতি ইন্দ্রপ্রস্থগতং শ্রীকৃষ্ণং প্রতি কস্যচিদ্বচনং। শংসন্ প্রশংসন্। শঙ্কৈব পঙ্ক উদ্বেগদায়িত্বাত্তস্য লবমপ্যগণয়ন্ সোঽপি নাস্তীতি নিশ্চিন্বন্নিত্যর্থঃ। যদ্বা শঙ্কৈব পঙ্কলবো যস্মিন্ স শঙ্কাপঙ্কলবঃ ঈষচ্ছঙ্কমান ইত্যর্থঃ। ততশ্চ। সমস্তস্যাসমস্তেন নিত্যাপেক্ষেণ সঙ্গতিরিতি ন্যায়েন কালাগ্নি-

ভীষ্ম, পরীক্ষিৎ ও বিদুর প্রভৃতিকে পার্ষদ বলে ॥

ঐ সকল পার্ষদের রূপ যথা ॥

যদুবীরের সভাসদ সকল রসময় মুর্ত্তি, পদ্মনেত্র, দেবপরাজয়কারি কান্তিশালী এবং সর্ব্বদা প্রচুর অলঙ্কারে উজ্জ্বল হইয়া বিরাজ করিতেছেন ॥ ৬ ॥

ভক্তি যথা ॥

ইন্দ্রপ্রস্থগত শ্রীকৃষ্ণকে কোন ব্যক্তি কহিল, প্রভো! উদ্ধবাদি ত্বদীয় পার্ষদগণ গলদশ্রু গদ্গদ বাক্যে তোমার রুদ্র--

স্বয্যোবার্পিতবুদ্ধিরুদ্ধবমুখস্ত্বৎপার্ষদানাং গণো
দ্বারি দ্বারবতীপুরস্য পুরতঃ সেবোৎসুকস্তিষ্ঠতি ॥১০॥
এতেষাং প্রবরঃ শ্রীমানুদ্ধবঃ প্রেমবিক্লবঃ ॥
তস্য রূপং যথা ॥
কালিন্দীমধুরত্বিষং মধুপতের্মাল্যেন নির্ম্মাল্যতাং
লদ্ধেনাঞ্চিতমম্বরেণ চ লসদ্গোরোচনারোচিষা।

রুদ্রাদপি শঙ্কাপঙ্কলবো যো ভগবদ্ভক্তজনস্তমপি মদাদ্ভগবদাশ্রয়মাহাত্ম্যগর্ব্বাদগণয়ন্ ভগবদাশ্রয়ে সতি তদাভাসোঽপি নোচিত ইত্যতো ন বহু মন্বান ইত্যর্থঃ। তদেবমেব পূর্ব্বেভ্যো জগতাধিকৃতেভ্য এষাং বিশেষো দর্শিতঃ। পুরতঃ দ্বারবতীপুরস্য পুরতো দ্বারে সর্ব্বাগ্রিমদ্বারে ॥ ১০ ॥

প্রেমবিক্লবঃ প্রেমপরবশঃ। ক্লব ভয় ইতি ঘটাদ্যাত্মনেপদিত্বেন বোপদেবঃ পঠতি। বিক্লবো বিহ্বল ইতি বিশেষ্যানিঘ্নবর্গঃ। তত্র বিক্লবতে কাতরো ভবতীতি ক্ষীরস্বামী। ভয়াদ্যভিভূতে দ্বয়মিতি টীকান্তরাণি। ততশ্চ ভয়েনাত্র

জয়াদি কার্য্য কীর্ত্তন করিতে করিতে মত্ততাবশতঃ প্রলয়কর্ত্তা কালাগ্নি রুদ্র হইতে শঙ্কারূপ পঙ্কলেশকেও গণ্য করেন না, কেবল তোমাতে চিত্ত সমর্পণপূর্ব্বক সেবাবিষয়ে উৎসুক হইয়া দ্বারাবতীপুরীর অগ্রে দণ্ডায়মান হইয়া রহিয়াছেন ॥১০॥

এই সকল পার্ষদগণের মধ্যে প্রেমবিহ্বল শ্রীমান্ উদ্ধবই সর্ব্বশ্রেষ্ঠ ॥

উদ্ধবের রূপ যথা ॥

যাঁহার শরীর কালিন্দীতুল্য স্নিগ্ধ শ্যামবর্ণ, যিনি কৃষ্ণ নির্ম্মাল্য মাল্য ও পীতবসনে বিভূষিত, যিনি অর্গল সদৃশ

ছন্দেনার্গলসুন্দরেণ ভুজয়োর্ভ্রাজিষ্ণুমজেক্ষণং
মুখ্যং পারিষদেষু ভক্তিলহরীরুদ্ধং ভজাম্যুদ্ধবং ॥ ১১ ॥
ভক্তির্যথা ॥
মূর্দ্ধন্যাহুকশাসনং প্রণয়তে ব্রহ্মেশয়োঃ শাসিতা
সিন্ধুং প্রার্থয়তে ভুবং তদনুতরাং ব্রহ্মাণ্ডকোটীশ্বরঃ।
মন্ত্রং পৃচ্ছতি মামপেশলধিয়ং বিজ্ঞানবারাংনিধি-
র্বিক্রীড়ত্যসকৃদ্বিচিত্রচরিতঃ সোঽয়ং প্রভুর্মাদৃশাং ॥
অথানুগাঃ ॥

পারবশ্যাং লক্ষ্যত ইতি। এবমেব। ইতি বিক্লবিতং তাসামিত্যত্র স্বামিভিঃ পারবশ্যপ্রলপিতমিতি ব্যাখ্যাতং (ভা। ১০। ২৯।৩৯) ॥ ১১ঃ ॥
বিক্রীড়তীতি ব্যাজেন তস্য বিনয়মেব ব্যনক্তি স্ম ॥ ১২ ॥

সুন্দর ভুজযুগে বিরাজমান এবং পদ্মনেত্র তথা পারিষদগণের মধ্যে মুখ্য ও ভক্তিশালি, সেই উদ্ধবকে ভজনা করি ॥ ১১ ॥

উদ্ধবের ভক্তি যথা ॥

যিনি শিব ও ব্রহ্মার শাসন কর্ত্তা হইয়াও মস্তকে উগ্রসেনের শাসন বহন করেন, যিনি কোটি ব্রহ্মাণ্ডের অধীশ্বর হইয়াও সমুদ্রের নিকট যৎকিঞ্চিৎ ভূমি প্রার্থনা করিয়াছেন এবং যিনি বিজ্ঞানসমুদ্র হইয়াও অল্পবুদ্ধি আমি যে উদ্ধব আমাকে মন্ত্রনা জিজ্ঞাসা করেন, সেই এই প্রভু শ্রীকৃষ্ণ আমাদের মত নানাকার্য্য করিয়া নিরন্তর ক্রীড়া করিতেছেন ॥

অথ অনুগ ॥

সর্ব্বদা পরিচর্য্যাসু প্রভোরাসক্তচেতসঃ।
পুরস্থাশ্চ ব্রজস্থাশ্চেত্যুচ্যতে অনুগা দ্বিধা ॥
তত্র পুরস্থাঃ ॥
সুচন্দ্রো মণ্ডনঃ স্তম্ভঃ সুতম্বাদ্যাঃ পুরানুগাঃ।
এষাং পার্ষদবৎ প্রায়ো রূপালঙ্করণাদয়ঃ ॥
সেবা যথা ॥
উপরি কনকদণ্ডং মণ্ডনো বিস্তৃণীতে।
ধুবতি কিল সুচন্দ্রশ্চামরং চন্দ্রচারু।
উপহরতি সুতম্বঃ সুষ্ঠু তাম্বূলবীটিং
বিদধতি পরিচর্য্যাং সাধবো মাধবস্য ॥

যাহারা সর্ব্বদা প্রভুর সেবাকার্য্যে আসক্তচিত্ত, তাহাদিগকে অনুগ বলে, এই অনুগ পুরস্থ ও ব্রজস্থ ভেদে দুই প্রকার হয় ॥

তন্মধ্যে পুরস্থ অর্থাৎ দ্বারকাস্থ অনুগ যথা ॥

সুচন্দ্র, মণ্ডন, স্তম্ব ও সুতম্ব প্রভৃতিকে দ্বারকাস্থ অনুগ বলে, ইহাঁদের পার্ষদতুল্য রূপ ও অলঙ্কারাদি ধারণ ॥

অনুগদিগের সেবা যথা ॥

মণ্ডন শ্রীকৃষ্ণের মস্তকোপরি কনকদণ্ড ছত্র ধারণ করেন, সুচন্দ্র শ্বেতচামর ব্যজন করেন এবং সুতম্ব তাম্বূলবীটিকা সমর্পণ করেন, এইরূপে সাধুগণ মাধবের পরিচর্য্যা সকল বিধান করিয়া থাকেন ॥

অথ ব্রজস্থাঃ ॥

রক্তকঃ পত্রকঃ পত্রী মধুকণ্ঠো মধুব্রতঃ।
রসালঃ সুবিলাসশ্চ প্রেমকন্দো মরন্দকঃ।
আনন্দশ্চন্দ্রহাসশ্চ পয়োদো বকুলস্তথা।
রসদঃ শারদাদ্যাশ্চ ব্রজস্থা অনুগা মতাঃ ॥

এষাং রূপং যথা ॥

মণিময়বরমণ্ডনোজ্জ্বলাঙ্গান্
পুরটজবামধুলিট্পটীরভাসঃ।
নিজবপুরনুরূপদিব্যবস্ত্রান্
ব্রজপতিনন্দনকিঙ্করান্নমামি ॥

সেবা যথা ॥

ব্রজস্থ অনুগ যথা ॥

রক্তক, পত্রক, পত্রী, মধুকণ্ঠ, মধুব্রত, রসাল, সুবিলাস, প্রেমকন্দ, মরন্দক, আনন্দ, চন্দ্রহাস, পয়োদ, বকুল, রসদ, এবং শারদ প্রভৃতি। এই সকল ব্রজস্থ অনুগ বলিয়া পরিগণিত ॥

ব্রজস্থ অনুগদিগের রূপ যথা ॥

যে সকল ব্রজস্থ অনুগ উৎকৃষ্ট মণিময় ভূষণে উজ্জ্বলাঙ্গ, স্বর্ণ, জবা, ভ্রমর ও চন্দ্র তুল্য বর্ণশালী ও যাঁহাদের নিজ নিজ দেহানুরূপ বসন পরিধান সেই ব্রজপতিনন্দনের কিঙ্করগণকে প্রণাম করি ॥

ব্রজস্থ অনুগের সেবা যথা ॥

দ্রুতং কুরু পরিষ্কৃতং বকুল পীতপট্টাংশুকং
বরৈরগুরুভির্জ্জলং রচয় বাসিতং বারিদ।
রসাল পরিকল্পয়োরগলতাদলৈর্বীটিকাঃ
পরাগপটলী গবাং দিশমরুদ্ধ পৌরন্দরীং॥
ব্রজানুগেষু সর্ব্বেষু বরীয়ান্ রক্তকো মতঃ॥ ১২॥
অস্য রূপং যথা॥
রম্যপিঙ্গপট্টমঙ্গ রোচিষা
খর্ব্বিতোরুশতপর্ব্বিকারুচং।
সুষ্ঠু গোষ্ঠযুবরাজসেবিনং
রক্তকণ্ঠমনুযামি রক্তকং॥ ১৩॥

শতপর্ব্বিকা দূর্ব্বা। রক্তঃ রাগবিদ্যানিপুণঃ কণ্ঠো যস্য তং অনুযামি অনুগতো ভবামি॥ ১৩॥

যশোদা কহিলেন, বকুল! শীঘ্র পীতবর্ণ পট্টবস্ত্র পরিষ্কার কর, বারিদ! তুমি ভাল ভাল অগুরুদ্বারা জল সুবাসিত কর, রসাল! তুমি পর্ণদ্বারা বীটিকা প্রস্তুত কর, ঐ দেখ পূর্ব্বদিক্ গোধূলিতে আচ্ছন্ন হইয়া আসিতেছে॥ (উরগলতা নাগবল্লী-পান)

বৃন্দাবনে যে সমস্ত অনুগ আছেন তাঁহাদের মধ্যে রক্তক সর্ব্বাপেক্ষা প্রধান॥ ১২॥

রক্তকের রূপ যথা॥

যাঁহার পীতাম্বর পরিধান, যিনি অঙ্গকান্তিদ্বারা উৎকৃষ্ট দূর্ব্বাকে পরাজয় করিয়াছেন, যাঁহার নন্দনন্দনের সেবাতেই অনুরাগ ও সঙ্গীতে কণ্ঠ সুরঞ্জিত, সেই রক্তক অনুগের অনুগামী হই॥ ১৩॥

ভক্তির্যথা ॥

গিরিবর ভৃতিভর্ত্তৃদারকেঽস্মিন্

ব্রজযুবরাজতয়া গতে প্রসিদ্ধিং।

শৃণু রসদ সদা পদাভিসেবা

পটিমরতা রতিরুত্তমা মমাস্তু ॥ ১৪ ॥

ধূর্য্যো ধীরশ্চ বীরশ্চ ত্রিধা পারিষদাদিকঃ ॥

তত্র ধূর্য্যঃ ॥

কৃষ্ণেঽস্য প্রেয়সীবর্গে দাসাদৌচ যথাযথং।

যঃ প্রীতিং তনুতে ভক্তঃ স ধূর্য্য ইহ কীর্ত্ত্যতে ॥

নিজেশিত্রা কদাপি সখীবদ্ব্যবহ্রিয়মাণং স্বং সঙ্কুচন্তাবং বীক্ষ্য বিজনে পৃচ্ছন্তং রসদং প্রতি স্বয়মেবাহ গিরীতি। রতা আবিষ্টা ॥ ১৪ ॥

পারিষদাদিক ইতি পারিষদা অনুগাশ্চেত্যুভয়োর্গণঃ ॥ ১৫ ॥

রক্তকের ভক্তি যথা ॥

রক্তক কহিলেন অহে রসদ! শ্রবণ কর, এই গিরিধারি ব্রজরাজনন্দন যিনি ব্রজযুবরাজ বলিয়া প্রসিদ্ধ খ্যাতি লাভ করিয়াছেন তাঁহার পাদপদ্ম সেবা বিষয়ে আমার পটীয়সী উত্তমা রতি সর্ব্বদা হউক ॥ ১৪ ॥

ধূর্য্য, ধীর ও বীর ভেদে পারিষদ তিন প্রকার ॥

তন্মধ্যে ধূর্য্য পারিষদ যথা ॥

যে ভক্ত কৃষ্ণে, কৃষ্ণপ্রেয়সীবর্গে ও দাসাদিতে যথাযোগ্য প্রীতি বিস্তার করেন। তাঁহাকে ধূর্য্য পারিষদ বলিয়া কীর্ত্তন করা যায় ॥

যথা ॥

দেবঃ সেব্যতয়া যথা স্ফুরতি মে দেব্যস্তথাস্য প্রিয়াঃ
সর্ব্বঃ প্রাণসমানতাং প্রচিনুতে তদ্ভক্তিভাজাং গণঃ।
স্মৃত্বা সাহসিকং বিভেমি তমহং ভক্তাভিমানোন্নতং
প্রীতিং তং প্রণতে খরেঽপ্যবিদধদ্ যঃ স্বাস্থ্যমালম্বতে ॥

অথ ধীরঃ ॥

আশ্রিত্য প্রেয়সীমস্য নাতিসেবাপরোঽপি যঃ।
তস্য প্রসাদপাত্রং স্যান্মুখ্যং ধীরঃ স উচ্যতে ॥ ১৫ ॥

যথা ॥

শ্রীকৃষ্ণ যেমন আমার সম্বন্ধে সেব্যত্ব রূপে স্ফূর্ত্তি পাই-তেছেন, তদ্রূপ তদীয় প্রেয়সীবর্গ দেবীগণও আমার সম্বন্ধে স্ফূর্ত্তি প্রাপ্ত হইতেছেন, তথা সমুদায় কৃষ্ণভক্তিভাজি ভক্ত-গণও আমার প্রাণসদৃশরূপে পরিগণিত হইয়াছেন, কিন্তু আমি ভক্ত এইরূপ অভিমানে উচ্চ সাহসিক ব্যক্তিকে স্মরণ করিয়া আমি ভীত হইতেছি, যেহেতু কৃষ্ণভক্ত গর্দ্দভের যে ব্যক্তি প্রীতি বিধান করেন তিনিও পরমসুখে কালযাপন করিতে পারেন ॥

অথ ধীর পারিষদ ॥

যিনি শ্রীকৃষ্ণের প্রেয়সীকে আশ্রয় করিয়া থাকেন, সেবা-বিষয়ে অতিশয় পরায়ণ হয়েন না, তিনিও শ্রীকৃষ্ণের মুখ্য অনুগ্রহপাত্র এবং তাঁহাকেই ধীর বলাযায় ॥ ১৫ ॥

যথা ॥

কমপি পৃথগনুচ্চৈর্নাচরামি প্রযত্নং
যদুকুল-কমলার্ক ত্বৎপ্রসাদশ্রিয়েঽপি।
সমজনি ননু দেব্যাঃ পারিজাতার্চ্চিতায়াঃ
পরিজননিখিলান্তঃপাতিনী মে যদাখ্যা ॥

কমপীতি সত্যভামায়াঃ পিত্রা তদনুগততয়া দত্তস্য তদ্ধাত্রীপুত্রস্য অতএব শ্রীকৃষ্ণমনু স্নিগ্ধশ্যালায়মানস্য নর্ম্মপ্রায়য়া সেবয়া তং সুখয়তঃ কস্যচিদ্বচনং। অতএব রসাবহমিদং স্যাৎ। কমপি কঞ্চিদপি অনুচ্চৈরল্পমপি ॥ ১৬ ॥

যথা ॥

যৎকালে শ্রীকৃষ্ণের সহিত সত্যভামার পাণিগ্রহণ হয়, সেই সময় সত্যভামার ধাত্রীপুত্র যিনি সত্যভামার অতিশয় প্রীতিপাত্র ছিলেন, সত্যভামার পিতা ঐ ধাত্রীপুত্রকে সত্য-ভামার সহিত দ্বারকানগরীতে প্রেরণ করেন, এই নিমিত্ত ঐ ধাত্রীপুত্র শ্রীকৃষ্ণের শ্যালক তুল্য হইয়া সর্ব্বদা পরিহাস সেবা দ্বারা শ্রীকৃষ্ণকে সুখী করিতেন, সেই ব্যক্তি কহিলেন, হে যদুকুলকমলপ্রভাকর! তোমার অনুগ্রহলক্ষ্মী লাভনিমিত্ত আমি পৃথক্‌রূপে কিঞ্চিন্মাত্রও যত্ন করি নাই, তথাপি পারি-জাতপূজিতা দেবী সত্যভামার পরিজনবর্গের মধ্যে প্রধান বলিয়া আমার আখ্যা হইয়াছে ॥

অথ বীরপারিষদ ॥

কৃপাং তস্য সমাশ্রিত্য প্রৌঢ়াং নান্যমপেক্ষতে।
অতুলাং যো বহন্ কৃষ্ণে প্রীতিং বীরঃ স উচ্যতে ॥ ১৬ ॥
যথা ॥
প্রলম্বরিপুরীশ্বরো ভবতু কা কৃতিস্তেন মে
কুমারমকরধ্বজাদপি ন কিঞ্চিদাস্তে ফলং ॥
কিমন্যদহমুদ্ধতঃ প্রভুকৃপাকটাক্ষশ্রিয়া
প্রিয়াপরিষদগ্রিমাং ন গণয়ামি ভামামপি ॥
চতুর্থে চ ॥

প্রলম্ব ইতি অস্য তত্র তত্রান্তঃসরসত্বেঽপি প্রণয়কৌতুকবিশেষেণৈব বহির্গর্ব্বস্য ব্যঞ্জনা জ্ঞেয়া। সর্ব্বথা তদ্ভাবত্বেনৈ বৈরস্যাপত্তেঃ। এবমুত্তরত্র জগজ্জনন্যামিত্যাদাবপি জ্ঞেয়ং। বক্ষ্যতে চ। ঈর্ষালবেনেত্যাদি। তদেতচ্চ সত্যভামায়াঃ কঞ্চিদন্তরঙ্গং প্রতি রহসি বীরভক্তস্য বচনং। স্পষ্টবচনত্বে প্রলম্বরিপুমতিক্রম্য সত্যভামাধিকাব্যঞ্জনায়াং শ্রীকৃষ্ণস্য লজ্জা স্যাদিতি ॥ ১৭ ॥

যিনি শ্রীকৃষ্ণের কৃপাতিশয় আশ্রয় করিয়া অন্যাকে অপেক্ষা করেন না, কিন্তু শ্রীকৃষ্ণের অতুল প্রীতি বিধান করেন তাঁহাকেই বীরপার্ষদ বলা যায় ॥ ১৬ ॥

যথা ॥

প্রলম্বশত্রু বলদেব ঈশ্বর হউন, তাঁহাতে আমার কোন প্রয়োজন নাই, প্রদ্যুম্ন বালক, তাঁহা হইতেও আমার কোন ফল নাই, অতএব অন্য আর কি বলিব, শ্রীকৃষ্ণের কৃপা-কটাক্ষপাতে আমি উদ্ধত হইয়া প্রিয়াগ্রগণ্যা সত্যভামাকেও গণনা করি না ॥

চতুর্থস্কন্ধে ২০ অধ্যায়ে ২৫ শ্লোকে ॥

জগজ্জনন্যাং জগদীশ বৈশসং
স্যাদেব যৎ কর্ম্মণি নঃ সমীহিতং।
করোষি ফল্গ্বপ্যুরু দীনবৎসলঃ
স এব ধিষ্ণ্যেঽভিরতস্য কিং তয়া॥ ১৭॥
এতেষু তস্য দাসেষু ত্রিবিধেষ্বাশ্রিতাদিষু।
নিত্যসিদ্ধাশ্চ সিদ্ধাশ্চ সাধকাঃ পরিকীর্ত্তিতাঃ॥ ১৮॥
অথোদ্দীপনাঃ॥
অনুগ্রহস্য সংপ্রাপ্তিস্তস্যাঙ্ঘ্রি রজসাং তথা।

এতেষ্বিতি তদ্বদধিকৃতেষ্বপি ভেদা ইমে জ্ঞেয়াঃ। তথা শান্তাদিষ্বপি॥ ১৮॥
অনুগ্রহসংপ্রাপ্ত্যাদীনামুদ্দীপনত্বং বৎসলেষু ন সম্ভবত্যেব সময়ভেদেন

পৃথুরাজ কহিলেন, হে জগদীশ! লক্ষ্মীর কর্ম্মনিমিত্ত আমার যত্ন হইতেছে, ইহাতে তাঁহার সহিত যদি আমার বিবাদ হয় হউক, তাহাতে ক্ষতি নাই, আপনি দীনবৎসল, দীনের প্রতি দয়া করিয়া তুচ্ছ কার্য্যও বহু করিয়া থাকেন, আমার কার্য্য অবশ্য গণ্য করিবেন। প্রভো! আপনি স্বরূপেই সদা অবস্থিত আছেন, লক্ষ্মীতে আপনার প্রয়োজনই বা কি॥ ১৭॥

শ্রীকৃষ্ণের পূর্ব্বোক্ত শরণ্য, জ্ঞানিচর ও সেবানিষ্ঠ এই তিন আশ্রিত দাসসকলে নিত্যসিদ্ধ, সিদ্ধ এবং সাধক এই তিন প্রকার ভেদ কীর্ত্তিত হয়॥ ১৮॥

অথ উদ্দীপন॥

শ্রীকৃষ্ণের অনুগ্রহ, শ্রীকৃষ্ণের চরণধূলি, শ্রীকৃষ্ণের ভুক্তাব

ভুক্তাবশিষ্টভক্তাদেরপি তদ্ভক্তসঙ্গতিঃ।
ইত্যাদয়ো বিভাবাঃ স্যুরেষ্বসাধারণা মতাঃ ॥ ১৯ ॥
তত্রানুগ্রহসংপ্রাপ্তির্যথা ॥
কৃষ্ণস্যাত কৃপাং কৃপাদ্যাঃ কৃপণে ময়ি।
ধ্যেয়োঽসৌ নিধনে হন্ত দৃশোরধ্বানমভ্যগাৎ ॥ ২০ ॥
মুরলীশৃঙ্গয়োঃ স্বানঃ স্মিতপূর্ব্বাবলোকনং।
গুণোৎকর্ষশ্রুতিঃ পদ্ম পদাঙ্ক নবনীরদাঃ।
তদঙ্গসৌরভাদ্যাস্তু সর্ব্বৈঃ সাধারণা মতাঃ ॥ ২১ ॥

কুত্রচিদন্যত্রাপীত্যসাধরাণত্বং জ্ঞেয়ং। তদ্ভক্তসঙ্গতিস্তু বিশেষবিবক্ষয়ৈব গণিতা ॥ ১৯ ॥

কৃষ্ণস্যেতি ভীষ্মবচনং ॥ ২০ ॥

স্মিতেত্যত্র গুণেত্যত্র পদাঙ্কেত্যত্র চ স্বদীয়ত্বং গম্যং ॥ ২১ ॥

শিষ্ট অন্নাদির প্রাপ্তি এবং শ্রীকৃষ্ণের ভক্তসঙ্গ, দাসপ্রভৃতি এই সকল অসাধারণ বিভাব হয় ॥ ১৯ ॥

তন্মধ্যে অনুগ্রহ সংপ্রাপ্তি যথা ॥

ভীষ্ম মহাশয় কহিলেন, অহে কৃপাচার্য্য প্রভৃতি দ্বিজগণ! শ্রীকৃষ্ণের আশ্চর্য্য কৃপা সন্দর্শন করুন, আমি অতি দীন-ব্যক্তি হইলেও এই ধ্যেয় পদার্থ অন্তকালে আমার লোচনের পথে সমাগত হইলেন ॥ ২০ ॥

উক্ত প্রীতরসে শ্রীকৃষ্ণের মুরলীর শব্দ, শৃঙ্গধ্বনি, সহাস্যাবলোকন গুণোৎকর্ষ শ্রবণ, পদ্ম, পদচিহ্ন নূতন মেঘ এবং অঙ্গসৌরভ, ইত্যাদি সকল সাধারণ উদ্দীপন ॥ ২১ ॥

তত্র মুরলীস্বনো যথা বিদগ্ধমাধবে ॥

সোৎকণ্ঠং মুরলীকলা পরিমলানাকর্ণ্য ঘূর্ণত্তনো-
রেতস্যাক্ষি সহস্রতঃ সুরপতে রশ্রূণি সস্রুর্ভুবি।
চিত্রং বারিধরান্ বিনাপি তরসা যৈরদ্য ধারাময়ৈ-
র্দূরাৎ পশ্যত দেবমাতৃকমভূদ্বৃন্দাটবীমণ্ডলং ॥ ২২ ॥

অথানুভবাঃ ॥

সর্ব্বতঃ স্বনিয়োগানামাধিক্যেন পরিগ্রহঃ।
ঈর্ষালবেন চাস্পৃষ্টা মৈত্রী তৎ প্রণতে জনে।

দেবমাতৃকং বৃষ্ট্যম্বুপালিতং ॥ ২২ ॥
তন্নিষ্ঠতা প্রীতিমাত্রনিষ্ঠতা ॥ ২৩ ॥

তন্মধ্যে মুরলীশব্দো যথা ॥

বিদগ্ধমাধবে ॥

বলদেব উৎকণ্ঠান্বিত হইয়া কহিলেন, দূর হইতে আশ্চর্য্য দেখ, মুরলীর অমৃতময় ধ্বনিসমূহ শ্রবণ করিয়া ঘূর্ণিত তনু ইন্দ্রের সহস্র নেত্র হইতে অশ্রু নিসৃত হইয়া ভূতলে পতিত হইতে লাগিল এবং মেঘ ব্যতিরেকেও ঐ ধারাময় অশ্রুসমূহ দ্বারা বৃন্দাবনমণ্ডল বৃষ্টিপালিত হইয়া সদ্যঃ দেবমাতৃক-ভূমি তুল্য হইল ॥ ২২ ॥

অথ অনুভাব ॥

সর্ব্বতোভাবে স্বনিয়োগ অর্থাৎ ভগবৎ আজ্ঞার প্রতিপালন, ভগবৎ পরিচর্য্যায় ঈর্ষাশূন্যতা, কৃষ্ণদাসের সহিত মিত্রতা এবং প্রীতিমাত্র নিষ্ঠতা প্রীতরতি, এই সকল অসাধারণ

তন্নিষ্ঠতাদ্যাঃ শীতাঃ স্যুরেষ্বসাধারণাঃ ক্রিয়াঃ ॥ ২৩ ॥
অত্র স্বনিয়োগস্য সর্ব্বত আধিক্যং যথা ॥
অঙ্গস্তম্ভারম্ভমুত্তুঙ্গয়ন্তং
প্রেমানন্দং দারুকো নাভ্যনন্দৎ।
কংসারাতের্বীজনে যেন সাক্ষা-
দক্ষোদীয়ানন্তরায়ো ব্যধায়ি ॥
উদ্ভাস্বরাঃ পুরোক্তা যে তথাস্য সুহৃদাদরঃ।

অঙ্গস্তম্ভেতি প্রেমানন্দং স্তম্ভারম্ভমুত্তুঙ্গয়ন্তং সন্তং নাভ্যনন্দদিত্যন্বয়ঃ। অয়-মর্থঃ। প্রেমা তাবদ্দ্বিধা বিশেষণ ভাক্ স্তম্ভাদিনা আনুকূল্যোচ্ছয়াচ। তত্র দাসা-দীনামানুকূল্যোচ্ছয়ৈবাতিহৃদ্যা। সেবারূপাস্বপুরুষার্থসম্পাদকত্বাৎ স্তম্ভাদিকং স্বহৃদ্যমেব তদ্বিঘাতকত্বাৎ। তস্মাৎ স্তম্ভকরত্বাংশেনৈব তং নাভ্যনন্দৎ। কিন্ত্বা-নুকূল্যাকরত্বেনৈবাভ্যনন্দদিতি সবিশেষণ বিধিনিষেধৌ বিশেষণমুপসংক্রামতঃ সতি বিশেষ্যে বাধে ইতি ন্যায়েন আরম্ভ আটোপঃ অঙ্গ স্তম্ভাসঙ্গমিতি বা

কার্য্যকে অনুভাব বলে ॥ ২৩ ॥

অন্মধ্যে স্বনিয়োগকার্য্যের সর্ব্বতোভাবে আধিক্য যথা ॥

দারুক শ্রীকৃষ্ণের চামর বীজন কার্য্যে নিযুক্ত ছিলেন এমত সময়ে প্রেমানন্দ উপস্থিত হইয়া তদীয় অঙ্গ সকলে স্তম্ভাতিশয় বিস্তার করিতেছিল, কিন্তু দারুক ঐ প্রেমানন্দকে সাক্ষাৎ কৃষ্ণসেবার অন্তরায় (বিঘ্ন) বলিয়া অবধারণ করত তাহার প্রতি আর আদর প্রকাশ করেন নাই ॥

পূর্ব্বোক্ত যে সকল উদ্ভাস্বর তথা শ্রীকৃষ্ণের সুহৃদ্বর্গের প্রতি আদর এবং বিরাগ প্রভৃতি যে সকল শীতভাব তৎসমু-

বিরাগাদ্যাশ্চ যে শীতাঃ প্রোক্তাঃ সাধারণস্তু তে ॥

তত্র নৃত্যং যথা শ্রীদশমে ॥

শ্রুতদেবোঽচ্যুতং প্রাপ্তং স্বগৃহান্ জনকো যথা।

নত্বা মুনীংশ্চ সংহৃষ্টো ধুন্বন্ বাসো ননর্ত্ত হ ॥ ২৪ ॥

যথাবা ॥

ত্বং কলাসু বিমুখোঽপি নর্ত্তনং

প্রেমনাট্য গুরুণাসি পাঠিতঃ।

যদ্বিচিত্র গতিচর্য্যয়াঞ্চিত-

পাঠঃ ॥ ২৪ ॥

ত্বং কলাসু বিমুখোঽপি যদ্বিচিত্রগতিচর্যায়াঞ্চিতঃ সন্নহহ চারণামপি চিত্র-য়সি তৎ প্রেমনাট্যগুরুণৈব নর্ত্তনং পাঠিত ইত্যর্থঃ। চারণাশ্চ নর্ত্তক সদৃশা ইতি তদভেদেনোক্তিঃ ॥ ২৫ ॥

দায়কে সাধারণ বলিয়া কীর্ত্তন করা যায় ॥

তন্মধ্যে নৃত্য যথা ॥

শ্রীদশমে ৮৬ অধ্যায়ে ২৭ শ্লোকে ॥

মিথিলাবাসী শ্রুতদেব ব্রাহ্মণ স্বীয় গৃহে মুনিগণ সহ শ্রী-কৃষ্ণকে সমাগত দেখিয়া হৃষ্টচিত্তে তাঁহাদিগকে প্রণামপূর্ব্বক হস্ত উত্তোলন করিয়া নৃত্য করিতে লাগিলেন ॥ ২৪ ॥

যথাবা ॥

অহো! তুমি নৃত্যকলায় বিমুখ হইয়াও যখন আশ্চর্য্যগতি দ্বারা শোভিত হইয়া আমরা যে নর্ত্তক আমাদিগকে চমৎকৃত করিলা তখন নিশ্চয় বোধ হইল, তুমি নাট্যগুরু, প্রেমের

শ্চিত্রাগস্যহহ চারণানপি ॥

অথ সাত্ত্বিকাঃ ॥

স্তম্ভাদ্যাঃ সাত্ত্বিকাঃ সর্ব্বে প্রীতাদিত্রিতয়ে মতাঃ।

যথা ॥

গোকুলেন্দ্রগুণগানরসেন

স্তম্ভমদ্ভুতমসৌ ভজমানঃ।

পশ্য ভক্তিরসমণ্ডপমূল

স্তম্ভতাং বহতি বৈষ্ণববর্য্যঃ ॥ ২৫ ॥

শ্রীদশমে ॥

স ইন্দ্রসেনো ভগবৎপদাম্বুজং

বিভ্রম্মুহুঃ প্রেমবিভিন্নয়া ধিয়া।

ইন্দ্রসেনো বলিঃ ॥ ২৬ ॥

নিকট এই নৃত্যবিদ্যা পাঠ করিয়াছ ॥

অথ সাত্ত্বিক ॥

প্রীতাদি রসত্রয়ে স্তম্ভপ্রভৃতি সমুদায় সাত্ত্বিকভাব প্রকাশ পায় ॥

যথা ॥

দেখ এই বৈষ্ণবশ্রেষ্ঠ শ্রীকৃষ্ণের গুণগান রসে অপূর্ব্ব স্তম্ভ ভজন করত ভক্তিরসমণ্ডপের মূলে স্তম্ভতা বহন করিতেছেন ॥ ২৫ ॥

শ্রীদশমে ৮৫ অধ্যায় ৩০ শ্লোকে ॥

শুকদেব কহিলেন মহারাজ! পরে অসুররাজ বলি ভগ-

উবাচ হানন্দজলাকুলেক্ষণঃ
প্রহৃষ্টরোমা নৃপ গদ্গদাক্ষরং ॥

অথ ব্যভিচারিণঃ ॥

হর্ষোগর্ব্বো ধৃতিশ্চাত্র নির্ব্বেদোঽথ বিষণ্ণতা।
দৈন্যং চিন্তা স্মৃতিঃ শঙ্কা মতিরৌৎসুক্যচাপলে।
বিতর্কাবেগ হ্রী জাড্য মোহোন্মাদাবহিত্থকাঃ।
বোধঃ স্বপ্নঃ ক্লমো ব্যাধির্ম্মৃতিশ্চ ব্যভিচারিণঃ ॥ ২৬ ॥
ইতরেষাং মদাদীনাং নাতিপোষকতা ভবেৎ ॥
যোগে ত্রয়ঃ স্যুর্ধৃত্যন্তা অযোগেতু ক্লমাদয়ঃ।

মদাদীনাং মদ শ্রম ত্রাসাপস্মারালস্যৌগ্র্যামর্ষাসূয়া নিদ্রাণাং। তত্র মদস্য পোষকতা নাস্ত্যেব মধুপানানঙ্গ বিকারজতয়া দ্বিবিধত্বেনাপ্যযোগ্যত্বাৎ। শ্রমস্যাতু কথঞ্চিজ্জাতস্য সেবোৎকণ্ঠাপোষকত্বাং কদাচিদ্ভবতাপি ন পুনরালস্য

বৎপদাম্বুজ হৃদয়ে ধারণপূর্ব্বক প্রেমে বিহ্বল চিত্ত হইয়া রোমাঞ্চিত-কলেবরে ও আনন্দ-জলাকুল-নয়নে গদ্গদ-স্বরে কহিতে লাগিলেন ॥

প্রীতরসে ব্যভিচারি ভাব যথা ॥

হর্ষ, গর্ব্ব, ধৃতি, নির্ব্বেদ, বিষণ্ণতা, দৈন্য, চিন্তা, স্মৃতি, শঙ্কা, মতি, ঔৎসুক্য, চপলতা, বিতর্ক, আবেগ, লজ্জা, জড়তা, মোহ, উন্মাদ, অবহিত্থা, বোধ, স্বপ্ন, ব্যাধি এবং মৃতি এই চব্বিশটী প্রীতরসে ব্যভিচারি ভাব ॥ ২৬ ॥

ইহা ভিন্ন মদ, শ্রম, ত্রাস, অপস্মার, আলস্য, উগ্রতা, ক্রোধ, অসূয়া ও নিদ্রা এই নয়টীর অতিশয় পোষকতা নাই, মিলনে হর্ষ, গর্ব্ব ও ধৈর্য্য এই তিন, অমিলনে গ্লানি, ব্যাধি ও

উভয়ত্র পরে শেষা নির্ব্বেদাদ্যাঃ সতাং মতাঃ ॥

তত্র হর্ষো যথা প্রথমে ॥

প্রীত্যুৎফুল্লমুখাঃ প্রোচুর্হর্ষ গদ্গদয়া গিরা।

পিতরং সর্ব্বসুহৃদমবিতারমিবার্ভকাঃ ॥

যথাবা ॥

হরিমবলোক্য পুরো ভুবি

পতিতো দণ্ডপ্রণামশতকামঃ।

জন্মাপি স্যাৎ। অত্র ত্রাসাদয়স্তৈর্দ্বিরি যোগাজ্জাতাশ্চেত্তর্হি পোষকাশ্চ ভবন্তীতি মনসি কৃত্বাহ নাতীতি এবং প্রিয়তাদিষপি বিবেচনীয়ং ॥ ২৭ ॥

স্মৃতি এই তিন ব্যভিচারি ভাব হয়। তৎপরে নির্ব্বেদপ্রভৃতি অষ্টাদশ ব্যভিচারি ভাব মিলন ও অমিলনে সকল কালেই হইয়া থাকে, পণ্ডিতগণ এইরূপ নিশ্চয় করিয়াছেন ॥

তন্মধ্যে হর্ষ যথা ॥

প্রথমস্কন্ধে ১১ অধ্যায়ে ৪ শ্লোকে ॥

শ্রীকৃষ্ণ হস্তিনাপুর হইতে দ্বারকায় আগমন করিলে দ্বারবাসি প্রজাসকল বালকেরা যেমন পিতার সহিত কথা কহে তদ্বৎ উৎফুল্ল বদন হইয়া হর্ষগদ্গাদ বচনে সর্ব্বলোকের সুহৃৎ এবং রক্ষক সেই ভগবানকে কহিতে লাগিল ॥

যথা বা ॥

মিথিলাধিপতি রাজা বহুলাশ্ব শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া শতবার দণ্ডবৎ প্রণাম করিব, এই মানসে ভূমিতে পতিত হইয়াছিলেন, কিন্তু আনন্দে অতিশয় বিহ্বলতা প্রযুক্ত পুনরু-

প্রমদবিমুগ্ধো নৃপতিঃ
পুনরুত্থানং বিসস্মার ॥
ক্লমো যথা স্কান্দে ॥
অশোষয়ন্মনস্তস্য ম্লাপয়ন্মুখপঙ্কজং।
আধিস্তদ্বিরহে দেব গ্রীষ্মে সর ইবাংশুমান্ ॥ ২৭ ॥
নির্ব্বেদো যথা ॥
ধন্যাঃ স্ফুরন্তি তব সূর্য্যকরাঃ সহস্রং
যে সর্ব্বদা যদুপতেঃ পদয়োঃ পতন্তি।
বন্ধ্যা দৃশাঃ দশশতী ধ্রিয়তে মমাসৌ

ধ্রিয়তে অবতিষ্ঠতে দূরেঽপি মুহূর্ত্তমপি ইত্যুভয়ত্রান্বয়ঃ ॥ ২৮ ॥

থান করিতে আর তাঁহার স্মরণ ছিল না ॥

ক্লম অর্থাৎ গ্লানি যথা ॥

স্কন্দপুরাণে ॥

হে দেব! যদ্রূপ সূর্য্য গ্রীষ্মকালে সরোবর শুষ্ক করিয়া থাকেন, তাহার ন্যায় তোমার বিরহে আধি অর্থাৎ মনঃপীড়া তাঁহার মন মুখপদ্ম ম্লান করিয়াছিল ॥ ২৭ ॥

নির্ব্বেদ যথা ॥

ইন্দ্র কহিলেন, হে সূর্য্য! আপনার যে সহস্র কিরণ স্ফূর্ত্তি পাইতেছে, ইহাদিগকে ধন্য বলিতে হয়, যেহেতু ইহারা গিয়া যদুপতির চরণারবিন্দে পতিত হইতেছে, কিন্তু দুঃখের বিষয় এই যে, আমি দশশত লোচন ধারণ করিয়াছি, এ সকলই বন্ধ্যা হইল, কারণ ক্ষণকালের নিমিত্ত দূর হইতে ঐ

দূরে মুহূর্তমপি যা ন বিলোকতে তং ॥ ২৮ ॥

অথ স্থায়ী ॥

সংভ্রমঃ প্রভুতা জ্ঞানাৎ কম্পশ্চেতসি সাদরঃ।

অনেনৈক্যং গতা প্রীতিঃ সংভ্রমপ্রীতিরুচ্যতে।

এষা রসেঽত্র কথিতা স্থায়িভাবতয়া বুধৈঃ ॥ ২৯ ॥

আশ্রিতাদেঃ পুর্বৈবোক্তঃ প্রকারো রতিজন্মনি।

তত্র পারিষদাদেস্তু হেতুঃ সংস্কার এব হি।

সংস্কারোদ্বোধকাস্তস্য দর্শনশ্রবণাদয়ঃ।

এষাতু সংভ্রমপ্রীতিঃ প্রাপ্নুবত্যুত্তরোত্তরাং।

বৃদ্ধিং প্রেমা ততঃ স্নেহস্ততো রাগ ইতি ত্রিধা ॥

কম্পোঽত্র কেন কথং কুর্য্যামিত্যাস্থৈর্য্যং ॥ ২৯ ॥

পুর্ব্বৈবেতি ভাবসামান্যপ্রকরণে সাধনাভিনিবেশেনেত্যাদিনা ॥

যদুপতিকে দর্শন করিল না। ॥ ২৮ ॥

অথ প্রীতরসে স্থায়ী ভাব ॥

প্রভুতা-জ্ঞান-নিমিত্ত সম্ভ্রম, কম্প ও চিত্তমধ্যে আদর এই সকলের সহিত ঐক্যগত প্রীতিকে সম্ভ্রমপ্রীতি কহে, পণ্ডিত-গণ প্রীতরসে এই সম্ভ্রমপ্রীতিকে স্থায়ী ভাব বলেন ॥ ২৯ ॥

আশ্রিতাদির রতি উৎপন্ন হইবার প্রকার পুর্ব্বে ভাব সামান্য প্রকরণে উক্ত হইয়াছে, তন্মধ্যে পারিষদাদির রতি উৎপন্ন বিষয়ে সংস্কার কারণ। সংস্কারের উদ্বোধক (প্রকাশক) শ্রীকৃষ্ণের দর্শন ও শ্রবণাদি ॥

এই সম্ভ্রমপ্রীতি উত্তরোত্তর বৃদ্ধি প্রাপ্ত হইয়া প্রথমে প্রেম, তৎপরে স্নেহ ও তাহার পর রাগ এই তিন প্রকার হয় ॥

তত্র সংভ্রমপ্রীতির্যথা শ্রীদশমে ॥

মমাদ্যামঙ্গলং নষ্টং ফলবাংশ্চৈব মে ভবঃ।

যন্নমস্যে ভগবতো যোগিধ্যেয়াঙ্ঘ্রিপঙ্কজং ॥

যথাবা ॥

কলিন্দনন্দিনীকূল-কদম্ববনবল্লভং।

কদা নমস্করিষ্যামি গোপরূপং তমীশ্বরং ॥ ৩০ ॥

অথ প্রেমা ॥

হ্রাসশঙ্কাচ্যুতা বদ্ধমূলা প্রেমেয়মুচ্যতে।

হ্রাসেতি ইয়ং সংভ্রমপ্রীতিঃ বদ্ধমূলা অতএব হ্রাসশঙ্কাচ্যুতা ॥ ৩১ ॥

তন্মধ্যে সম্ভ্রমপ্রীতি যথা ॥

শ্রীদশমে ৩৮ অধ্যায়ে ৫ শ্লোকে ॥

অক্রূর মহাশয় কহিলেন, আমি যখন ভগবদ্দর্শনে গমন করিতেছি, তখন আজ আমার অমঙ্গল সকল বিনষ্ট হইয়াছে এবং এ জন্মও সফল হইল, যেহেতু যোগিধ্যেয় ভগবচ্চরণারবিন্দে আমি প্রণাম করিব ॥

যথাবা ॥

আমার ভাগ্যে এমন দিন কবে হইবে যে, সেই কালিন্দীকূলবর্ত্তি কদম্ববনস্বামী গোপরূপি ঈশ্বর শ্রীকৃষ্ণকে নমস্কার করিব ॥ ৩০ ॥

অথ প্রেম ॥

এই সম্ভ্রমপ্রীতি হ্রাস শঙ্কা শূন্য হইয়া বদ্ধমূল হইলে ইহাকে প্রেম বলা যায়। ইহাতে যে সকল দুঃখাদি প্রকাশ

অস্যানুভাবাঃ কথিতাস্তত্র ব্যসনিতাদয়ঃ ॥ ৩১ ॥

যথা ॥

অণিমাদিসৌখ্যবীচীমবীচিদুঃখপ্রবাহংবা।

নয় মাং বিকৃতির্নহি মে, ত্বৎপদকলাবলম্বস্য ॥ ৩২ ॥

যথাবা ॥

রুষা জ্বলিতবুদ্ধিনা ভৃগুসুতেন শপ্তোঽপ্যলং

ময়া কৃতজগত্ত্রয়োঽপ্যতনু কৈতবং তম্বতা।

অণিমাদিতি দণ্ডপ্রসাদয়োরনন্তরং শ্রীবলিবচনং অবীচির্নরকবিশেষঃ ॥ ৩২॥

রুষেতি। বলিসদনাগমনানন্তমুদ্ধবং প্রতি শ্রীকৃষ্ণবচনং ॥ ৩৩ ॥

হয়, তাহাকেই অনুভাব বলে ॥ ৩১ ॥

যথা ॥

দণ্ড এবং অনুগ্রহের পর বলিরাজ ভগবান্‌কে কহিলেন, প্রভো! আমি যখন আপনার চরণকমল অবলম্বন করিয়াছি, তখন আপনি আমাকে হয় অণিমাদি সুখসমূহের তরঙ্গে নিক্ষেপ করুন, না হয় অবীচিনামক নরকবিশেষেই ফেলাইয়া দিউন, তাহাতে আমার কোন বিকার হইবে না ॥ ৩২ ॥

যথাবা ॥

শ্রীকৃষ্ণ বলিরাজের গৃহ হইতে দ্বারকায় আগমন করিয়া উদ্ধবকে কহিলেন, সখে! বিরোচননন্দন বলির আশ্চর্য্য গুণ কি বর্ণন করিব, ঐ অসুররাজ ক্রোধজ্বলিতবুদ্ধি ভৃগুনন্দনকর্ত্তৃক অভিশপ্ত হইয়াও এবং আমি বামনাবতারে প্রবল ছল বিস্তারপূর্ব্বক ত্রিজগৎ হরণ ও প্রতিশ্রুত প্রদান করিতে

বিনিন্দ্য কৃতবন্ধনোঽপ্যুরগরাজপাশৈর্বলা-
দরজ্যত স ময্যহো দ্বিগুণমেব বৈরোচনিঃ॥

অথ স্নেহঃ॥

সান্দ্রশ্চিত্তদ্রবং কুর্ব্বন্ প্রেমা স্নেহ ইতীর্য্যতে।
ক্ষণিকস্যাপি নেহ স্যাদ্বিশ্লেষস্য সহিষ্ণুতা॥

যথা॥

দস্তেন বাষ্পাম্বুঝরস্য কেশবং
বীক্ষ্য দ্রবচ্চিত্তমসুস্রুবত্তব।
ইত্যুচ্চকৈর্ধারয়তো বিচিত্রতাং
চিত্রা ন তে দারুক দারুকল্পতা॥ ৩৩॥

পারিল না বলিয়া নিন্দা করত বল প্রকাশ করিয়া নাগপাশে বন্ধন করিলেও তিনি আমার প্রতি দ্বিগুণতর অনুরাগ প্রকাশ করিয়াছিলেন॥

অথ প্রীতরসে স্নেহ॥

প্রেম গাঢ় হইয়া চিত্তকে দ্রবীভূত করিলে তাহাকে স্নেহ বলে। এই স্নেহে ক্ষণকাল বিচ্ছেদও সহ্য হয় না॥

যথা॥

হে দারুক! কোন ছলে শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া নয়ন জলে পরিপূর্ণ তোমার মন দ্রবীভূত হইয়া যায়, এরূপ কৃষ্ণে সমর্পিতচিত্ত তোমার তদ্বিরহে কাষ্ঠপুত্তলিকাতুল্য হওয়া বিচিত্র নহে॥ ৩৩॥

যথা বা ॥

পত্নীং রত্ননিধেঃ পরামুপহরন্ পূরেণ বাষ্পাম্ভসাং
রজ্যন্মঞ্জুলকণ্ঠগর্ভলুঠিতস্তোত্রাক্ষরোপক্রমঃ।
চুম্বন্ ফুল্লকদম্বডম্বরতুলামঙ্গৈঃ সমীক্ষ্যাচ্যুতং
স্তব্ধোঽপ্যভ্যধিকাং শ্রিয়ং প্রণমতাং বৃন্দাদধাদুদ্ধবঃ ॥৩৪

অথ রাগঃ ॥

স্নেহঃ স রাগো যেন স্যাৎ সুখং দুঃখমপি স্ফুটং।

রজ্যন্ স্নেহজনিতস্বরবিশেষমাধুর্য্যং বিভ্রৎ তথা স্বভাবত এব মঞ্জুলস্তদ্ধ্বনি-মাধুরী মনোহরস্তাদৃশো যঃ কণ্ঠঃ তস্য যো গর্ভো মধ্যভাগস্তত্রৈব লুঠিত ইতস্ততঃ স্খলন্নিব ভ্রমন্ স্তোত্রাক্ষরাণামুপক্রমো যস্য সঃ ॥ ৩৪ ॥

স্নেহএব রাগঃ স্যাৎ কীদৃশঃ সন্। তস্য শ্রীকৃষ্ণস্য সাক্ষাৎকারেণ বা তত্তুল্য স্ফুরণেন বা কৃপালাভেন বা যঃ সম্বন্ধবিশেষস্তদস্তরঙ্গতালাভস্তস্য লেশেঽপি জাতে যেন স্নেহেন দুঃখমপি সুখং স্ফুটং স্যাৎ সুখতয়া প্রতিভাতীত্যর্থঃ।

যথা বা ॥

উদ্ধব শ্রীকৃষ্ণকে সন্দর্শন করিয়া অশ্রুজলে নদী নির্ম্মাণ-পূর্ব্বক রত্নাকরকে পত্নীরূপে উপহার প্রদান, রাগযুক্ত মনোহর কণ্ঠমধ্যে গদ্গদ স্বরে স্তব করিতে আরম্ভ এবং সর্ব্বাঙ্গ দ্বারা কদম্বকুসুমসমূহে সাদৃশ্যবিধান করত স্তব্ধ হইয়াও ভক্তবৃন্দ হইতে অধিক শোভা ধারণ করিয়াছিলেন ॥ ৩৪ ॥

অথ প্রীতভক্তিতে রাগ ॥

যে স্নেহে স্পষ্টরূপে দুঃখও সুখ বলিয়া প্রতীত হয়, তাহাকে রাগ বলে, ইহাতে শ্রীকৃষ্ণের সম্বন্ধলেশমাত্রে প্রাণ

তৎসম্বন্ধলবেহপ্যত্র প্রীতিঃ প্রাণব্যয়ৈরপি॥ ৩৫ ॥

যথা ॥

গুরুরপি ভুজগাদ্ভীস্তক্ষকাৎ প্রাজ্যরাজ্য-
চ্যুতিরতিশয়িনীচ প্রায়চর্য্যাচ গুর্ব্বী।
অতনুত মুদমুচ্চৈঃ কৃষ্ণলীলাসুধান্ত-
র্বিহরণসচিবত্বাদৌত্তরেয়স্য রাজ্ঞঃ ॥ ৩৬ ॥

যথা বা ॥

কেশবস্য করুণালবোহপি চে-

তত্রচ সতি। যেন প্রাণব্যয়ৈঃ নাশপর্য্যন্তৈরপি প্রাণস্য ক্ষয়ৈঃ প্রীতিস্তদানু-কুল্যং ক্রিয়ত ইত্যর্থঃ। তৎসম্বন্ধাভাবেতু সুখমপি দুঃখং স্যাদিতি বিশেষঃ তদেবং তাদৃশঃ সন্ ইত্যর্থঃ ॥ ৩৫ ॥

অত্র তাদৃশস্ফুরণেনোদাহরন্ সাক্ষাৎকারেণ কৈমুত্যং ব্যঞ্জয়তি গুরুরিতি। প্রাজ্যং প্রচুরং। প্রায়চর্য্যা প্রাণান্তমনশনব্রতং ঔত্তরেয়স্য শ্রীপরীক্ষিতঃ ॥৩৬॥

অত্র তৎসম্বন্ধাভাবেতূদাহরণং জ্ঞেয়ং। অথ কৃপালাভালাভাভ্যামুদাহরতি

নাশপর্য্যন্তও প্রীতি প্রদান করে অর্থাৎ প্রাণনাশ করিয়াও শ্রীকৃষ্ণের প্রীতি সাধনে প্রবৃত্ত হয় ॥ ৩৫ ॥

যথা ॥

তক্ষক নাগ হইতে গুরুতর ভয়, সসাগরা ধরার সর্ব্বতো-ভাবে রাজ্যচ্যুতি এবং মরণপর্য্যন্ত অনশন ব্রত, ইহারা সকল কৃষ্ণলীলামৃত শ্রবণের সাহায্য বশতঃ রাজা পরীক্ষিতের দুঃখ-প্রদ না হইয়া অতিশয়রূপে আনন্দ বিস্তার করিয়াছিল ॥ ৩৬॥

যথা বা ॥

আমার প্রতি যদি কেশবের করুণালেশও হয়, তাহা

দ্বাড়বোঽপি কিল ষাড়বো মম।
অস্য যদ্যদয়তা কুশস্থলী
পূর্ণসিদ্ধিরপি মে কুশস্থলী ॥ ৩৭ ॥
প্রায় আদ্যদ্বয়ে প্রেমা স্নেহঃ পারিষদেষ্বসৌ।
পরীক্ষিতি ভবেদ্রাগো দারুকেচ তথোদ্ধবে।
ব্রজানুগেষ্বনেকেষু রক্তকপ্রমুখেষুচ ॥ ৩৮ ॥
অস্মিন্নভ্যুদিতে ভাবঃ প্রায়ঃ স্যাৎ সখ্যলেশভাক্ ॥ ৩৯ ॥

কেশবস্যেতি। ষাড়বঃ পানকবিশেষঃ। কুশস্থলী দ্বারকা ॥ ৩৭ ॥

তত্রাধিকৃতাশ্রিতপার্ষদানুগেষু ব্যবস্থামাহ প্রায় আদ্যদ্বয় ইতি, প্রায়োগ্রহণং যর্হ্যম্বুজাক্ষাপসসার ভো ভবানিত্যাদিদ্বারকাবাসিবচনে রাগস্যাপি স্পর্শদর্শনাৎ। পরীক্ষিতীতি, নৈষাতি দুঃসহা ক্ষুন্মামিত্যাদি তদ্বাক্যাৎ। দারুকেচ যথা অপশ্যতস্তে চরণাম্বুজং প্রভো দৃষ্টিঃ প্রণষ্টেত্যাদি তদ্বাক্যাৎ। উদ্ধবেচ যথা, সুহৃস্ত্যাজস্নেহবিয়োগকাতর ইত্যাদেঃ সাধারণেষ্বপ্যনুগেষু প্রায় ঈদৃশ এবেত্যভিপ্রেত্য তদ্বিশেষেষু বিশেষমাহ ব্রজানুগেষ্বিতি ॥ ৩৮ ॥

অস্মিন্নভ্যুদিতে ভাবঃ। প্রীত্যাখ্যোঽপি প্রায়ঃ স্যাদিতি প্রণয়াংশময়ত্বে

হইলে আমার সম্বন্ধে বাড়বাগ্নিও পানকদ্রব্য বিশেষ হইবে, আর যদি তাঁহার অকরুণত্ব প্রকাশ পায় তবে আমার সম্বন্ধে ঐশ্বর্য্যপূর্ণ কুশস্থলী অর্থাৎ দ্বারকাও কুশভূমি সদৃশী হইয়া উঠিবে ॥ ৩৭ ॥

প্রায় অধিকৃত এবং আশ্রিত দাসে প্রেম, পারিষদসকলে স্নেহ, তথা পরীক্ষিৎ, দারুক, উদ্ধব এবং বহু বহু ব্রজানুগ রক্তক প্রভৃতিতে রাগ উৎপন্ন হইয়া থাকে ॥

এই রাগ উদিত হইলে প্রায় ইহাতে সখ্যাংশ মিশ্রিত

যথা ॥

শুদ্ধান্তান্মিলিতং বাষ্পারুদ্ধবাগুদ্ধবো হরিং।
কিঞ্চিৎ কুঞ্চিতনেত্রান্তঃ স্বান্তেন পরিষস্বজে ॥ ৪০ ॥

অযোগযোগাবেতস্য প্রভেদৌ কথিতাবুভৌ ॥

তত্রাযোগঃ ॥

সঙ্গাভাবো হরের্ধীরৈরযোগ ইতি কথ্যতে।
অযোগে তন্মনস্কত্বং তদ্‌গুণাদ্যনুসন্ধয়ঃ।

সতীতার্থঃ ॥ ৩৯ ॥

অত্র কেষুচিদ্ভক্তানুগেষু সম্ভবতাপি প্রণয়াংশে ত্বং মে ভৃত্যঃ সুহৃৎ সখেতি প্রসিদ্ধিমুপলক্ষ্য শ্রীমদুদ্ধবমুদাহরতি শুদ্ধান্তাদিতি। শুদ্ধান্তাদন্তঃপুরাৎ ॥ ৪০ ॥

এতস্য প্রীতিভক্তিরস্য ॥ ৪১ ॥

ভাব প্রকাশ পায় ॥ ৩৯ ॥

যথা ॥

উদ্ধব শুদ্ধান্তঃকরণপ্রযুক্ত সমাগত হরিকে অবলোকন করিয়া বাষ্পবারিতে কণ্ঠ অবরুদ্ধ হওয়ায় আর কথা কহিতে পারিলেন না, কিন্তু কিঞ্চিৎ নয়নাঞ্চল কুঞ্চিত করিয়া অন্তঃকরণ দ্বারা ঐ হরিকে আলিঙ্গন করিলেন ॥ ৪০ ॥

পণ্ডিতগণ এই প্রীত ভক্তিরসে অযোগ ও যোগ এই দুই প্রকার প্রভেদ করিয়াছেন ॥

তন্মধ্যে অযোগ যথা ॥

পণ্ডিতেরা হরির সহিত সঙ্গাভাবকে অযোগ কহেন, এই অযোগে হরির প্রতি মন সমর্পণ এবং তদ্‌গুণাদির অনুসন্ধান

তৎপ্রাপ্ত্যুপায়চিন্তাদ্যাঃ সর্ব্বেষাং কথিতাঃ ক্রিয়াঃ।
উৎকণ্ঠিত্বং বিয়োগশ্চেত্যযোগোঽপি দ্বিধোচ্যতে॥
তত্রোৎকণ্ঠিতং॥
অদৃষ্টপূর্ব্বস্য হরের্দিদৃক্ষোৎকণ্ঠিতং মতং॥ ৪১॥
যথা নারসিংহপুরাণে॥
চকার মেঘে তদ্বর্ণে বহুমানরতিং নৃপঃ।
পক্ষপাতেন তন্নাম্নি মৃগে পদ্মে চ তদ্দৃশি॥ ৪২॥
যথা বা শ্রীদশমে॥
অপ্যদ্য বিষ্ণোর্ম্মনুজত্বমীয়ুষো

নৃপ ইক্ষ্বাকুঃ। পক্ষপাতেনাত্যাসক্ত্যা তন্নাম্নি তস্য নাম যত্র তাদৃশে কৃষ্ণ-সারাখ্যে। তদ্দৃশি তস্য দৃক্ তুল্য ইত্যর্থঃ॥ ৪২॥
মনুজত্বং মনুজজাতিত্বমীয়ুষঃ প্রাপ্তবতস্তত্র প্রকাশমানস্যেত্যর্থঃ॥ ৪৩॥

করা হয়। সকল দাসভক্তের ভগবৎপ্রাপ্তি বিষয়ক চিন্তাদি ক্রিয়া কথিত হইয়াছে॥

উৎকণ্ঠিত ও বিয়োগ ভেদে অযোগ দুই প্রকার হয়॥

তন্মধ্যে উৎকণ্ঠিত যথা॥

অদৃষ্টপূর্ব্ব হরির দর্শনেচ্ছাকেই উৎকণ্ঠিত বলে॥ ৪১॥

যথা নারসিংহপুরাণে॥

ইক্ষ্বাকু রাজা অতিশয় আসক্তি বশতঃ কৃষ্ণবর্ণ মেঘে, কৃষ্ণনামশালি কৃষ্ণসারমৃগে ও কৃষ্ণনয়নতুল্য পদ্মে বহুমান পুরঃসর রতি বিধান করিয়াছিলেন॥ ৪২॥

যথা বা শ্রীদশমে ৩৮ অধ্যায়ে ৯ শ্লোকে॥

অক্রূর মহাশয় পুনরায় অন্যবিধ চিন্তা করত কহিতে

ভারাবতারায় ভুবো নিজেচ্ছয়া।
লাবণ্যধাম্নো ভবিতোপলম্ভনং
মহ্যং ন ন স্যাৎ ফলমঞ্জসা দৃশঃ॥ ৪৩॥
অত্রাযোগপ্রসক্তানাং সর্ব্বেষামপি সম্ভবে।
ঔৎসুক্য-দৈন্য-নির্ব্বেদ-চিন্তানাং চাপলস্যচ।
জড়তোন্মাদমোহানামপি স্যাদতিরিক্ততা॥ ৪৪॥
তত্রৌৎসুক্যং যথা কর্ণামৃতে॥
অমূন্যধন্যানি দিনান্তরাণি
হরে ত্বদালোকনমন্তরেণ।
অনাথবন্ধো করুণৈকসিন্ধো

সর্ব্বেষাং ব্যভিচারিণাং সম্ভবে সত্যপি অতিরিক্ততা উদ্রেকঃ॥ ৪৪॥
ন বিদ্যতে নাথো নাথান্তরং যস্য তস্য বন্ধো প্রতিপালক॥ ৪৫॥

লাগিলেন, পৃথিবীর ভারাবতরণ নিমিত্ত আপন ইচ্ছায় মনুষ্য-মধ্যে প্রকাশমান ভগবান্ হরির লাবণ্যযুক্ত কলেবর দর্শন হইতে পারে, যদি সাক্ষাৎ লাভ হয় তাহা হইলে কি যথার্থতঃ আমার লোচনের ফল হইবে না? অবশ্যই হইবে॥ ৪৩॥

এই প্রীত ভক্তিরসে অযোগ সম্বন্ধীয় সমুদায় ব্যভিচারির সম্ভব হইলে ঔৎসুক্য, দৈন্য, নির্ব্বেদ, চিন্তা, চপলতা, জড়তা, উন্মাদ ও মোহ এই সকলের আধিক্য হয়॥ ৪৪॥

তন্মধ্যে ঔৎসুক্য যথা কর্ণামৃতে॥

হা কষ্ট হা কষ্ট! হে হরে! হে অনাথবন্ধো! হে করুণা-সিন্ধো! আপনার দর্শন ব্যতিরেকে এই অধন্য দিন সকল

হা হন্ত হা হন্ত কথং নয়ামি ॥ ৪৫ ॥

যথাবা ॥

বিলোচনসুধাম্বুধিস্তব পদারবিন্দদ্বয়ী
বিলোচনরসচ্ছটামনুপলভ্য বিক্ষুভ্যতঃ।
মনো মম মনাগপি ক্বচিদনাপ্নুবন্নির্বৃতিং
ক্ষণার্দ্ধমপি মন্যতে ব্রজমহেন্দ্রবর্ষব্রজং ॥

দৈন্যং যথা তত্রৈব ॥

নিবদ্ধমূর্দ্ধাঞ্জলিরেষ যাচে
নীরন্ধ্রদৈন্যোন্নতিমুক্তকণ্ঠং।
দয়াম্বুধে দেব ভবৎকটাক্ষ-

বিলোচনেতি মথুরাতঃ শ্রীমদুদ্ধবস্য গুপ্তপত্রিকা। বিক্ষুভ্যত ইত্যত্র বিক্ষোভভৃদিতি পাঠান্তরং ॥ ৪৬ ॥

কিরূপে যাপন করিব ॥ ৪৫ ॥

যথাবা ॥

মথুরানগরী হইতে উদ্ধব পত্র লিখিলেন, হে ব্রজমহেন্দ্র! আপনি লোচনের অমৃতসমুদ্র, আপনার চরণারবিন্দদ্বয়ের দর্শনচ্ছটা প্রাপ্ত না হইয়া, ক্ষোভযুক্ত আমার মন কোনস্থানে কিঞ্চিৎ সুখ প্রাপ্ত হইতেছে না, অধিকন্তু ক্ষণার্দ্ধকালকেও বহু বহু বৎসর করিয়া মানিতেছে ॥

দৈন্য যথা কর্ণামৃতে ॥

হে দেব! আপনি কৃপাসাগর, আমি মস্তকে অঞ্জলি-বন্ধনপূর্ব্বক অতিশয় দৈন্যসহকারে মুক্তকণ্ঠে প্রার্থনা করি-

দাক্ষিণ্যলেশেন সকৃন্নিষিঞ্চ ॥ ৪৬ ॥

যথাবা ॥

অসি শশিমুকুটাদ্যৈরপ্যলভ্যেক্ষণস্ত্বং
লঘুরঘহর কীটাদপ্যহং কূটকর্ম্মা।
ইতি বিসদৃশতাপি প্রার্থনে প্রার্থয়ামি
স্নপয় কৃপণবন্ধো মামপাঙ্গচ্ছটাভিঃ ॥ ৪৭ ॥

নির্ব্বেদো যথা ॥

স্ফুটং শ্রিতবতোরপি শ্রুতিনিষেবয়া শ্লাঘ্যতাং

কূটকর্ম্মাহং কীটাদপি লঘুরিতি প্রার্থনে বিসদৃশতাপি প্রার্থয়াম্যপীত্যন্বয়ঃ। প্রার্থয়েঽপীতি বা পাঠঃ। যদ্যপ্যযোগ্যা তথাপি প্রার্থয় ইত্যর্থঃ ॥ ৪৭ ॥

স্ফুটমিতিচ পূর্ব্ববদেবোদ্ধবস্য সন্দেশঃ। পদাম্বুজস্য নখরূপঃ অঙ্কুরোঽগ্র-

---

তেছি আপনি স্বীয় অনুগ্রহসূচক কটাক্ষলেশদ্বারা এক বার আমাকে সেচন করুন ॥ ৪৬ ॥

যথাবা ॥

হে অঘনাশন! শশিশেখর শঙ্করপ্রভৃতিও আপনার দর্শন প্রাপ্ত হইতে পারেন না, আমি কীট অপেক্ষাও মন্দকর্ম্মা, সুতরাং প্রার্থনা বিষয়ে অযোগ্য হইলেও প্রার্থনা করিতেছি, হে দীনবন্ধো! আপনি স্বীয় নেত্রকোণের ছটাদ্বারা আমাকে স্নান করান্ অর্থাৎ আমার প্রতি ঈষৎ করুণাদৃষ্টি নিক্ষেপ করুন ॥

নির্ব্বেদ যথা ॥

উদ্ধব শ্রীকৃষ্ণকে বলিয়া পাঠাইলেন, কৃষ্ণ! বহুতর শ্রুতি

মমাভবনিরেতয়োর্ভবতু নেত্রয়োর্মন্দয়োঃ।
ভবেন্নহি যয়োঃ পদং মধুরিমশ্রিয়ামাস্পদং
পদাম্বুজনখাঙ্কুরাদপি বিসারি রোচিস্তব ॥ ৪৮ ॥

চিন্তা যথা ॥

হরিপদকমলাবলোকতৃষ্ণা
তরলমতেরপি যোগ্যতামবীক্ষ্য।
অবনতবদনস্য চিন্তয়া মে

ভাগঃ। শ্রুতিনিষেবয়েতি দীর্ঘয়োরপীত্যর্থঃ। বহুতরশ্রৌতগ্রন্থদর্শিনোরিতি বা। অভবনিঃ নাশঃ ॥ ৪৮ ॥

হরিপদেতি কস্যাচিদ্ভক্তস্য নির্জনবিলাপঃ। হরি হরি খেদে। মে মম যোগ্যতামবীক্ষ্য সোঽহমযোগ্যো দুঃখিতো ভবতু নামেতীব বিভাব্য নিশাঃ প্রযান্তীত্যর্থঃ। কীদৃশস্যাপি মম হরিপদেত্যাদিলক্ষণস্য। অতএব চিন্তয়াবনতবদন-

গ্রন্থ দর্শন করিয়া আমার নয়নদ্বয় অতিশয় প্রতিষ্ঠা লাভ করিলেও ইহাদিগকে মন্দ বলিতে হয়, যেহেতু ইহারা তোমার পাদপদ্মের নখাঙ্কুর হইতে প্রসরণ শীল মাধুর্য্য সম্পদের আস্পদস্বরূপ কান্তি সন্দর্শন করিতে পারিল না অতএব ইহাদের বিনাশ হওয়াই ভাল ॥ ৪৮ ॥

চিন্তা যথা ॥

কোন ভক্ত নির্জনে বিলাপ করিতে করিতে কহিলেন, হরি হরি! চঞ্চলমতি আমার হরিপদকমল অবলোকন অযোগ্যতা দেখিয়া অবনতবদন যে আমি আমার সম্বন্ধে দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিতে করিতে এই সকল নিশা অতি-

হরি হরি নিশ্বসতো নিশাঃ প্রয়ান্তি ॥ ৪৯ ॥

চাপলং যথা কর্ণামৃতে ॥

ত্বচ্ছৈশবং ত্রিভুবনাদ্ভুতমিত্যবেহি

মচ্চাপলঞ্চ তব বা মম বাধিগম্যং।

তৎ কিং করোমি বিরলং মুরলীবিলাসি

মুগ্ধং মুখাম্বুজমুদীক্ষিতুমীক্ষণাভ্যাং ॥ ৫০ ॥

যথাবা ॥

হ্রিয়মঘহর মুক্ত্বা দৃক্‌পতঙ্গী মমাসৌ

ভয়মপি দময়িত্বা ভক্তবৃন্দাত্তৃষার্ত্তা।

সোঽতি ষষ্ঠী চেয়মনাদরে ॥ ৪৯ ॥

বিরলং কচিৎ ভাগ্যাবদ্ভিরেব উপলভ্যং ॥ ৫০ ॥

দৃক্‌পতঙ্গীতি লুপ্তোপমা কণ্ডুর্থকিবন্তাৎ পুনঃ কর্ত্তরি ক্বিবিহিতঃ ক্বিবিত্যা-

---

বাহিত হইতেছে ॥ ৪৯ ॥

চাপল যথা ॥

কর্ণামৃতে ॥

হে কৃষ্ণ! তোমার শৈশবচাপল্য ত্রিভুবনমধ্যে অতি-শয় অদ্ভুত, তাহা তুমিই অবগত আছ এবং আমার চপলতা আমি জানি এবং তুমিও জান, নির্জনে লোচনদ্বয় দ্বারা ত্বদীয় মুখপদ্ম দর্শন করিবার নিমিত্ত কি করিব ॥ ৫০ ॥

যথাবা ॥

হে অঘহর! হে ঈশ! আমার নয়নভ্রমরী লজ্জা বিসর্জন-পূর্ব্বক ভক্তবৃন্দের অভয়দানে ভয়কে দমন এবং নিরন্তর

নিরবধিমবিচার্য্য স্বস্যচ ক্ষোদিমানং
তব চরণসরোজং লেঢ়ুমন্বিচ্ছতীশ ॥ ৫১ ॥
জড়তা যথা সপ্তমস্কন্ধে ॥
ন্যস্তক্রীড়নকো বালো জড়বত্তন্মনস্তয়া।

পমাবাচকস্য পূর্ব্বস্য ক্বিপো লোপাৎ। রূপকন্তু নাত্রেষ্যতে তৎপুরুষস্যোত্তরপদ-প্রধানত্বাৎ প্রধানভূতায়া পতঙ্গ্যা হ্রীর্ন সম্ভবতি গুণীভূতায়াং দৃশি যোজয়িতুং ন শক্যত ইত্যভবন্মতযোগাখ্যদোষঃ স্যাৎ। ততশ্চ দৃক্ কর্ত্রী হ্রিয়ং মুক্ত্বা ভয়-মপি দময়িত্বা স্বস্যচ ক্ষোদিমানমবিচার্য্য পতঙ্গীবাচরন্তী সতী তব চরণসরোজং লেঢ়ুমন্বিচ্ছতীতি যোগ্যং। দৃক্ তপস্বিন্যসৌ মে ইতি বা পাঠঃ। অন্বিচ্ছতীতি ইষু গমি যমাং ছ ইতি বিধানাৎ ॥ ৫১ ॥

ন্যস্তেতি। তন্মনস্তয়া কৃষ্ণমনস্তয়া ন্যস্তক্রীড়নকঃ তদনন্তরং তয়ৈবজড়বৎ-তত্তুল্যঃ তৎপশ্চাৎ কৃষ্ণগ্রহগৃহীতাত্মা গ্রহেণৈব কৃষ্ণেনাবিষ্টঃ সন্ জগদীদৃশং ন বেদ ন দদর্শ যথা লোকাঃ পশ্যন্তি তথা ন কিন্তু তৎস্ফূর্ত্তিকরত্বেনৈব দদর্শ

আপনার লঘুতা বিচার না করিয়া অতিশয় তৃষ্ণাকুল চিত্তে তোমার চরণকমল আস্বাদন করিতে ইচ্ছা করিতেছে ॥ ৫১ ॥

জড়তা যথা ॥

সপ্তমস্কন্ধে ৪ অধ্যায়ে ২৭ শ্লোকে ॥

নারদ কহিলেন, হে যুধিষ্ঠির! প্রহ্লাদের ভগবদ্বিষয়া রতি স্বাভাবিকী ছিল, তাহার নিদর্শন এই যে, তিনি বালককালেই ক্রীড়া পরিত্যাগ পূর্ব্বক ভগবানের প্রতি একচিত্ত হইয়া জড় হইয়াছিলেন, আর ভগবান্ শ্রীকৃষ্ণের অনুধ্যানেই তাঁহার আত্মা আগ্রহান্বিত ছিল, অতএব জগৎ কীদৃশ, তিনি তাহা

কৃষ্ণগ্রহগৃহীতাত্মা ন বেদ জগদীদৃশং ॥ ৫২ ॥

যথাবা ॥

নিমেষোন্মুক্তাক্ষঃ কথমিহ পরিস্পান্দবিধুরাং

তনুং বিভ্রন্তব্যঃ প্রতিকৃতিরিবাস্তে দ্বিজপতিঃ।

অয়ে জ্ঞাতং বংশীরসিক নবরাগব্যসনিনা

পুরঃ শ্যামাম্ভোদে বত বিনিহিতা দৃষ্টিরমুনা ॥

উন্মাদো যথা তত্রৈব ॥

নদতি ক্বচিদুৎকণ্ঠো বিলজ্জো নৃত্যতি ক্বচিৎ।

ইত্যর্থঃ ॥ ৫২ ॥

ভবাঃ সর্ব্বত্র যোগাঃ ভবাং সত্যে শুভে চাথ ভেদাবদেযাগ্যভাবিনোরিতি বিশ্বপ্রকাশাৎ ॥ ৫৩ ॥

কিছুই জানিতেন না ॥ ৫২ ॥

যথাবা ॥

সর্ব্বকার্য্যনিপুণ এই ব্রাহ্মণ কেন আজ অনিমিষলোচনে স্পন্দনরহিত কলেবর ধারণ করত প্রতিমার ন্যায় স্তব্ধভাবে অবস্থিত আছেন, তবে বোধ হয় ইনি বংশীরসিকের নবানুরাগে বিপদান্বিত হইয়া অগ্রবর্ত্তি শ্যামমেঘে দৃষ্টিনিক্ষেপ করিয়া রহিয়াছেন ॥

উন্মাদ যথা ॥

সপ্তমস্কন্ধে ৪ অধ্যায়ে ৩০ শ্লোকে ॥

ঐ প্রহ্লাদ কখন ঊর্দ্ধকণ্ঠ হইয়া শব্দ করিতেন, কখন নির্লজ্জ হইয়া নৃত্য করিতেন, কখন বা ভগবদ্ভাবনায় অভিনি-

ক্বচিত্তদ্ভাবনাযুক্তস্তন্ময়োঽনুচকার হ ॥ ৫৩ ॥

যথাবা ॥

ক্বচিন্নটতি নিষ্পটং ক্বচিদসম্ভবং স্তম্ভতে

ক্বচিদ্বিহসতি স্ফুটং ক্বচিদমন্দমাক্রন্দতি।

লসত্যনলসং ক্বচিৎ ক্বচিদপার্থগার্ত্তায়তে

হরেরভিনবোদ্ধুরপ্রণয়সীধুমত্তো মুনিঃ ॥ ৫৪ ॥

মোহো যথা হরিভক্তিসুধোদয়ে ॥

অযোগ্যমাত্মানমিতীশদর্শনে

স মন্যমানস্তদনাপ্তিকাতরঃ।

লসতি ক্রীড়তি। অপার্থং দৃষ্টার্ত্তিসামগ্রীং বিনেত্যর্থঃ। মুনির্নারদঃ ॥ ৫৪ ॥
স শ্রীপ্রহ্লাদঃ ॥ ৫৫ ॥

বিষ্ট হওয়াতে তন্ময় হইয়া তদীয় চেষ্টা অর্থাৎ ভগবল্লীলার অনুকরণ করিতেন ॥ ৫৩ ॥

যথাবা ॥

দেবর্ষি নারদ ভগবান্ হরির অতিশয় প্রণয়সুধায় মত্ত হইয়া কখন বিবসনে নৃত্য, কখন অসম্ভব স্তম্ভ অবলম্বন, কখন স্পষ্টরূপে উচ্চ হাস্য, কখন ক্রন্দন, কখন অনলস ভাব প্রকাশ এবং কখন বা পীড়া অভাবেও পীড়িতের আচরণ করিতেছেন ॥ ৫৪ ॥

মোহ যথা ॥

হরিভক্তিসুধোদয়ে ॥

হে দ্বিজ! প্রহ্লাদ ভগবৎ সন্দর্শনে আপনাকে অযোগ্য বিবেচনা করিয়া তাঁহার অপ্রাপ্তি নিমিত্ত কাতর ও বিপুল

উদ্বেলদুঃখার্ণবমগ্নমানসঃ
স্রুতাশ্রুধারো দ্বিজ মূর্চ্ছিতোঽপতৎ ॥ ৫৫ ॥

যথাবা ॥

হরিচরণবিলোকালব্ধিতাপাবলীভি-
র্বত বিধুতচিদম্ভস্যত্র নস্তীর্থবর্য্যে।
শ্রুতিপুটপরিবাহেনেশনামামৃতানি
ক্ষিপত নমু সতীর্থাশ্চেষ্টতাং প্রাণহংসঃ ॥

অথ বিয়োগঃ ॥

বিয়োগো লব্ধসঙ্গেন বিচ্ছেদো দনুজদ্বিষা ॥ ৫৬ ॥

চিৎ চৈতন্যং। তীর্থমত্র গুরুঃ। পক্ষে ঋষিজুষ্টজলং ॥ ৫৬ ॥

দুঃখসাগরে চিত্ত নিমগ্ন করত অশ্রুধারা বিসর্জন করিতে করিতে ভূমিতলে মূর্চ্ছিত হইয়া পতিত হইতেন ॥ ৫৫ ॥

যথাবা ॥

অহে সতীর্থ্যগণ! অর্থাৎ আমরা সকলে এক গুরুর শিষ্য, আমাদের গুরুদেব হরিচরণারবিন্দ সন্দর্শন করিয়া তাপ-রাশিতে পতিত হইয়াছেন, এ কারণ ইহাঁর চৈতন্যজল শুষ্ক হইয়া গিয়াছে, অতএব এক্ষণে কর্ণবিবরদ্বারা হরিনামামৃত নিক্ষেপ কর, তাহা হইলে ইহাঁর প্রাণহংস চেষ্টান্বিত হইবে ॥

অথ বিয়োগ ॥

হরির সহিত সঙ্গলাভ করিয়া পুনরায় তাঁহার বিচ্ছেদ ঘটিলে তাহাকে বিয়োগ বলে ॥ ৫৬ ॥

যথা ॥

বলিসুত-ভুজষণ্ড-খণ্ডনায়

ক্ষতজপুরং পুরুষোত্তমে প্রযাতে।

বিধুতবিধুরবুদ্ধিরুদ্ধবোঽয়ং

বিরহনিরুদ্ধমনা নিরুদ্ধবোঽভূৎ ॥

অঙ্গেষু তাপকৃশতা জাগর্য্যালম্বশূন্যতা।

অধৃতির্জ্জড়তা ব্যাধিরুন্মাদো মূর্চ্ছিতং মৃতিঃ।

বিয়োগে সংভ্রমপ্রীতের্দশাবস্থাঃ প্রকীর্ত্তিতাঃ।

অনবস্থিতিরাখ্যাতা চিত্তস্যালম্বশূন্যতা।

অরাগিতাতু সর্ব্বস্মিন্নধৃতিঃ কথিতা বুধৈঃ।

ক্ষতজপুরং শোণিতপুরং বিধুতা কম্পিতা যতো বিধুরা দুঃখিতাচ বা তাদৃশী বুদ্ধির্যস্য স বিধুরঃ। বিধুতেতি বা পাঠঃ। বিধুরং তু প্রবিশ্লেষ ইত্যমরঃ ॥ ৫৭ ॥

শ্রীকৃষ্ণ বলিনন্দন বাণের বাহুসকল ছেদন করিবার নিমিত্ত শোণিতপুরে গমন করিলে, বিরহকাতর উদ্ধব হতবুদ্ধি ও নিরানন্দ হইয়াছিলেন ॥

বিয়োগ অবস্থায় সম্ভ্রম প্রীতির দশটী অবস্থা হয়। যথা—

অঙ্গসকলে তাপ, কৃশতা, জাগরণ, আলম্বশূন্যতা, অধৃতি, জড়তা, ব্যাধি, উন্মাদ, মূর্চ্ছা ও মৃতি ॥

চিত্তের অনবস্থিতির নাম আলম্বশূন্যতা এবং সকল বিষয়ে অনুরাগশূন্যের নাম অধৃতি, পণ্ডিতগণ এইরূপ উল্লেখ করিয়াছেন, অন্য আট্‌টীর অর্থ স্পষ্ট বলিয়া পৃথক্ রূপে লক্ষণ

অন্যেঽষ্টৌ প্রকটার্থত্বাত্তাপাদ্যা নহি লক্ষিতাঃ ॥ ৫৭ ॥

তত্র তাপো যথা ॥

অস্মান্ দুনোতু কমলং তপনস্য মিত্রং
রত্নাকরশ্চ বড়বানলগূঢ়মূর্ত্তিঃ।
ইন্দীবরং বিধুসুহৃৎ কথমীশ্বরং বা
তং স্মারয়ন্মুনিপতে দহতীহ সভ্যান্ ॥ ৫৮ ॥

কৃশতা যথা ॥

অস্মান্নিত্যাদিকং নারদং প্রত্যুদ্ধববাক্যং। বাড়বানলেন গূঢ়াচ্ছাদিতা মূর্ত্তিস্তন্মধ্যভাগো যস্য সঃ। অত্র তাপার্থং তপনমিত্রত্বাদিদ্বয়স্য হেতোরাভাসত্বং ব্যঞ্জ্য বিধুসুহৃত্ত্বস্যাতু বিরুদ্ধত্বং ব্যঞ্জ্য বিয়োগস্যৈব দুরন্তত্বেয়ং যৎকমলাদিকমপি তাপকত্বেন সম্পাদয়তীতি ব্যঞ্জিতং। তং স্মারয়ন্দহতি পারিষদাম্মুনীন্দ্রেতি বা পাঠে স্মারয়দিত্যত্র লিঙ্গবিপরিণামঃ কর্ত্তব্যঃ। তং স্মারয়ন্মুনিপতে দহতীহ সভ্যানিতি পাঠেতু সন্ধিবিশ্লেষাৎ সর্ব্বত্রাপ্যন্বয়ঃ ॥ ৫৮ ॥

করেন নাই ॥ ৫৭ ॥

তন্মধ্যে তাপ যথা ॥

নারদের প্রতি উদ্ধব কহিলেন, হে মুনিবর! সূর্য্যবন্ধু পদ্ম, আমরা যে সভ্যগণ, আমাদিগকে দুঃখ প্রদান করে করুক, বাড়বানলে আচ্ছাদিতমূর্ত্তি জলনিধি আমাদিগকে দগ্ধ করেন করুন এবং চন্দ্রসুহৃদ্ ইন্দীবর আমাদিগকে সন্তপ্ত করে করুক, কিন্তু কি জন্য ইহারা সেই ঈশ্বর শ্রীকৃষ্ণকে স্মরণ করাইয়া আমাদিগকে ক্লিষ্ট করিতেছে ॥ ৫৮ ॥

কৃশতা যথা ॥

দধতি তব তথাদ্য সেবকানাং
ভুজপরিঘাঃ কৃশতাঞ্চ পাণ্ডুতাঞ্চ।
পততি বত যথা মৃণালবুদ্ধ্যা
স্ফুটমিহ পাণ্ডবমিত্র পাণ্ডুপক্ষঃ ॥ ৫৯ ॥
জাগর্য্যা যথা ॥
বিরহাম্বুরবিদ্বিষশ্চিরং, বিধুরাঙ্গে পরিখিন্নচেতসি।
ক্ষণদাঃ ক্ষণদায়িতোজ্‌ঝিতা, বহুলাশ্বে বহুলাস্তদাভবন্‌ ॥৬০
আলস্যশূন্যতা যথা ॥

সেবকানাং কেষাঞ্চিদাবশ্যককার্য্যার্থং দ্বারকাস্থিতানামিত্যর্থঃ। স্ফুটমিত্যুৎপ্রেক্ষায়াং। সা চাত্রোদাত্তনামালঙ্কারং ব্যঞ্জয়তীতি বিরহাতিশয়ং বর্ণয়তি। পাণ্ডুপক্ষো হংসঃ ॥ ৫৯ ॥

ক্ষণদা রাত্র্যস্তদুপলক্ষণত্বাদ্দিনান্যপি। যদ্বা, ক্ষণদায়িতৃপদার্থাঃ। উৎসবদাত্রোঽপীতি তু শ্লেষঃ ক্ষণদায়িতয়া উৎসবদায়িত্বেনোজ্‌ঝিতা বভূবুঃ ॥ ৬০ ॥

হে পাণ্ডবমিত্র কৃষ্ণ! ইহ লোকে যেমন মৃণালবুদ্ধিতে হংস পতিত হয়, তাহার ন্যায় আজ আমরা যে তোমার সেবক আমাদের ভুজলগুড় সকল কৃশতা এবং পাণ্ডুতা ধারণ করিল ॥ ৫৯ ॥

জাগর্য্যা যথা ॥

শ্রীকৃষ্ণের চিরবিরহে অবসন্ন দেহ, ক্ষীণচিত্ত, রাজা বহুলাশ্বের সুখপ্রদা যামিনী সকল দুঃখপ্রদা হইয়া বহুতরা হইয়াছিল ॥ ৬০ ॥

অথ আলস্যশূন্যতা ॥

বিজয়রথ কুটুম্বিনা বিনান্য-
ন্ন কিল কুটুম্বমিহাস্তি নস্ত্রিলোক্যাং।
ভ্রমদিদমনবেক্ষ্য যৎপদাব্জং
ক্বচিদপি ন ব্যক্তিষ্ঠতেহদ্য চেতঃ॥ ৬১॥
অথাধৃতির্যথা॥
প্রেক্ষ্য পিঞ্ছকুলমক্ষি পিধত্তে
নৈচিকীনিচয়মুজ্‌ঝতি দূরে।
বষ্টি যষ্টিমপি নাদ্য মুরারে

বিজয়রথেতি সমরবিশেষে শ্রীযুধিষ্ঠিরবাক্যং। বিজয়োঽর্জ্জুনঃ রথকুটম্বী সারথিঃ॥ ৬১॥
প্রেক্ষেত্যানুসারেণ পূর্ব্বমরাগিতেতি লক্ষণেন নঞ্‌ বিরোধ এব জ্ঞেয়ঃ।

যুধিষ্ঠির কহিলেন, অর্জ্জুনসারথি শ্রীকৃষ্ণ ব্যতিরেকে এই ত্রিভুবনে আমার অন্য কোন কুটুম্ব নাই, যেহেতু আজ তদীয় চরণারবিন্দ অবলোকন করিতে না পাইয়া আমার মন ভ্রান্ত হইয়াছে, কোনস্থানে স্থিরভাবে অবস্থিতি করিতে পারিতেছি না॥ ৬১॥

অথ অধৃতি যথা॥

হে মুরারে! তোমার বিরহে ত্বদীয় চরণানুরক্ত রক্তক-নামা ভৃত্য, ময়ূরপুচ্ছ অবলোকন করিয়া চক্ষু মুদ্রিত করিতে-ছেন, উত্তম গো-সকলের প্রতি আর দৃষ্টি নাই, তাহাদিগকে দূরে পরিত্যাগ করিতেছেন, অধিক কি বলিব যষ্টি পর্য্যন্তও

রক্তক স্তব পদাম্বুজরক্তঃ ॥ ৬২ ॥

জড়তা যথা ॥

যৌধিষ্ঠিরং পুরমুপেয়ুষি পদ্মনাভে
খেদানলব্যতিকরৈরতিবিক্লবস্য।
স্বেদাশ্রুভির্নহি পরং জলতামবাপু-
রঙ্গানি নিষ্ক্রিয়তয়াচ কিলোদ্ধবস্য ॥ ৬৩ ॥

ব্যাধির্যথা ॥

চিরয়ন্তি মণিমন্বেষ্টুং চলিতে
মুরভিদি কুশস্থলীপুরতঃ।

রাগপ্রাতিকূল্যমিত্যর্থঃ ॥ ৬২ ॥

জলতাং দ্রবত্বং। পক্ষে জাড্যং ॥ ৬৩ ॥

পবনব্যাধিরুদ্ধবঃ। বাল্যাদেব ভগবৎপ্রেমোন্মত্তত্বেন তস্য তথা লোকভানা-

---

গ্রহণ করিতে ইচ্ছা করিতেছেন না ॥ ৬২ ॥

জড়তা যথা ॥

পদ্মনাভ শ্রীকৃষ্ণ যুধিষ্ঠিরের রাজধানীতে গমন করিলে খেদাগ্নিদ্বারা অতিশয় কাতর উদ্ধবের ঘর্ম্মবারি ও অশ্রুধারা দ্বারা অঙ্গসকল দ্রবীভূত ও নিষ্ক্রিয় হইয়াছিল ॥ ৬৩ ॥

ব্যাধি যথা ॥

দ্বারকানগরী হইতে শ্রীকৃষ্ণ স্যমন্তকমণি অন্বেষণ করিতে গমন করিয়াছিলেন, তাহাতে তাঁহার অধিক কাল বিলম্ব হওয়ায় উদ্ধব কৃষ্ণবিরহে নূতন আর একটী ব্যাধিগ্রস্ত হইলেন, তিনি যে বাল্যাবধি কৃষ্ণপ্রেমোন্মত্ত থাকায় লোকসমাজে

সমজনি ধৃতনবব্যাধিঃ
পবনব্যাধির্যথার্থাখ্যঃ ॥
উন্মাদো যথা ॥
প্রোষিতে বত নিজাধিদৈবতে
রৈবতে নবমবেক্ষ্য নীরদং।

পশ্য নৌতি রমতে নমস্যতি ॥ ৬৪ ॥
মূর্চ্ছিতং যথা ॥
সমজনি দশা বিশ্লেষাত্তে পদাম্বুজসেবিনাং
ব্রজভুবি তথা নাসীন্নিদ্রালবোঽপি যথা পুরা।

স্তথা খ্যাতেঃ ॥ ৬৩ ॥

তথা দশা সমজনি যথা পুরা প্রথমং নিদ্রালবোঽপি নাসীৎ। অধুনাতু

বায়ুরোগগ্রস্ত বলিয়া বিখ্যাত ছিলেন কিন্তু সেই দিন ঐ নামটী সার্থক হইয়াছিল ॥

উন্মাদ যথা ॥

স্বীয় অধিদেব শ্রীকৃষ্ণ বিদেশ গমন করিলে ভ্রান্ত বুদ্ধি উদ্ধব রৈবতক পর্ব্বতে নবমেঘ নিরীক্ষণ করিয়া চঞ্চলচিত্তে স্তব, আনন্দ প্রকাশ এবং নমস্কার করিতে লাগিলেন ॥ ৬৪ ॥

মূর্চ্ছিত যথা ॥

হে যদুবর! বৃন্দাবন ভূমিতে তোমার পাদপদ্মসেবি দাসগণের যেমন পূর্ব্বে নিদ্রালেশ উপস্থিত হয় নাই, তদ্রূপ এখন ঈষৎ নিশ্বাসদ্বারা জীবন আছে কি না এইরূপে বিত-

যদুবর দরশ্বাসেনামী বিতর্কিতজীবিতাঃ
সততমধুনা নিশ্চেষ্টাঙ্গাস্তটান্যধিশেরতে ॥ ৬৫ ॥
মৃতির্যথা ॥
দনুজদমন যাতে জীবনে ত্বয্যকস্মাৎ
প্রচুরবিরহতাপৈধ্বস্তহৃৎপঙ্কজায়াং।
ব্রজমভিপরিতস্তে দাসকাসারপঙ্‌ক্তৌ
ন কিল বসতিমার্ত্তাঃ কর্ত্তুমিচ্ছন্তি হংসাঃ ॥ ৬৬ ॥
অশিবত্বান্ন ঘটতে ভক্তে কুত্রাপ্যসৌ মৃতিঃ।

সততং নিশ্চেষ্টাঙ্গাঃ সন্তস্তটান্যধিশেরত ইতি যোজ্যং ॥ ৬৫ ॥

কাসারঃ সরঃ। পক্ষে। হংসাঃ প্রাণাঃ ॥ ৬৬ ॥

ন কুত্রাপীতি কুত্রচিদেব ভক্তে সিদ্ধলক্ষণ এবেত্যর্থঃ। তত্র মৃতির্ন ঘটত ইত্যত্র হেতুঃ অশিবত্বাদিতি তত্রামঙ্গলমাত্রং হি ন সম্ভবতীত্যর্থঃ। সাধকভক্তে মৃতিরপি বর্ণিতা। প্রাণান্ জহতি মথুরায়াং সুকৃতিন ইতি ততশ্চ সিদ্ধভক্তে

র্কিত হইয়া যমুনাতীরে নিশ্চেষ্টাঙ্গে পতিত হইয়া রহিয়াছে ॥ ৬৫ ॥

মৃতি যথা ॥

হে অসুরনাশন কৃষ্ণ! জীবনস্বরূপ তুমি গমন করায় ব্রজভূমির চতুর্দ্দিক্‌স্থ তোমার দাসরূপ-সরোবর-শ্রেণীর অকস্মাৎ প্রবল-বিরহানলদ্বারা হৃৎপদ্ম শুষ্ক হইয়া গিয়াছে, প্রাণহংসসকল আর্ত্ত হইয়া আর তাহাতে বাস করিতে ইচ্ছা করিতেছে না ॥ ৬৬ ॥

অমঙ্গলপ্রযুক্ত কখনও ভক্তজনে মৃত্যু সম্ভব হয় না, বিরো-

ক্ষোভকত্বাদ্বিয়োগস্য জাতপ্রায়েতি কথ্যতে ॥

অথ যোগঃ ॥

কৃষ্ণেন সঙ্গমো যস্তু স যোগ ইতি কীর্ত্ত্যতে।

যোগোঽপি কথিতঃ সিদ্ধিস্তুষ্টিঃ স্থিতিরিতি ত্রিধা ॥

তত্র সিদ্ধিঃ ॥

উৎকণ্ঠিতে হরেঃ প্রাপ্তিঃ সিদ্ধিরিত্যভিধীয়তে ॥ ৬৭ ॥

যথা কর্ণামৃতে ॥

মৌলিশ্চন্দ্রকভূষণো মরকতস্তম্ভাভিরামং বপু-

বিয়োগস্য ক্ষোভকত্বং ক্ষোভকত্বমুদ্দিশ্যৈব জাতপ্রায়া মৃতিরিতি কথ্যত ইত্যর্থঃ ॥ ৬৭ ॥

যস্য মৌল্যাদয় ঈদৃশাঃ স এব ইত্যধ্যাহারেণান্বয়ঃ। বালে কোমলে। শৈশ-

---

বিয়োগের ক্ষোভকারিত্ব হেতু ঐ মৃত্যু জাতপ্রায় বলিয়া কথিত হয় ॥

অথ যোগ ॥

শ্রীকৃষ্ণের সহিত মিলনকে যোগ বলা যায়। ঐ যোগ, সিদ্ধি, তুষ্টি ও স্থিতি ভেদে তিন প্রকার হয় ॥

তন্মধ্যে সিদ্ধি যথা ॥

উৎকণ্ঠিত অবস্থায় হরির যে প্রাপ্তি তাহাকে সিদ্ধি বলা যায় ॥ ৬৭ ॥

যথা কর্ণামৃতে ॥

কি আশ্চর্য্য মস্তকে ময়ূরপুচ্ছের চূড়া, মরকত স্তম্ভ বিনিন্দি বপুঃ, আশ্চর্য্য মনোহর হাস্যে মুখকমল সুন্দর, নয়নদ্বয়

র্বক্ত্রং চিত্রবিমুগ্ধহাসমধুরং বালে বিলোলে দৃশৌ।
বাচঃ শৈশবশীতলা মদগজশ্লাঘ্যা বিলাসস্থিতি-
র্মন্দং মন্দময়ে ক এষ মথুরাবীথীং মিথো গাহতে ॥
যথা বা শ্রীদশমে ॥
রথাত্তূর্ণমবপ্লুত্য সোঽক্রূরঃ প্রেমবিহ্বলঃ।
পপাত চরণোপান্তে দণ্ডবদ্রামকৃষ্ণয়োঃ ॥
তুষ্টিঃ ॥
জাতে বিয়োগে কংসারেঃ সংপ্রাপ্তিস্তুষ্টিরুচ্যতে ॥ ৬৮ ॥
যথা প্রথমস্কন্ধে ॥

বেন তদংশেন শীতলাস্তাপহরেত্যর্থঃ। মথুরায়া বীথীং নিকটভূমিং বৃন্দাবনমিতি যাবৎ। মিথোঽন্যোন্যাং রহস্যপীত্যমরঃ ॥ ৬৮ ॥

চঞ্চল ও সুকোমল, শৈশবপ্রযুক্ত বাক্য অতি মধুর এবং মত্ত গজেন্দ্র হইতেও শ্লাঘ্য ক্রীড়াশালী হইয়া ধীরে ধীরে রহস্য করিতে করিতে বৃন্দাবনের পথে গমন করিতেছেন ইনি কে ॥

যথা বা শ্রীদশমে ৩৮ অধ্যায়ে ৩১ শ্লোকে ॥

হে মহারাজ! রামকৃষ্ণকে দেখিবামাত্র অক্রূর সত্বর রথ হইতে অবতীর্ণ হইয়া স্নেহবিহ্বলচিত্তে তাঁহাদের চরণোপান্তে দণ্ডবৎ পতিত হইলেন ॥

তুষ্টি যথা ॥

বিচ্ছেদের পর শ্রীকৃষ্ণের প্রাপ্তির নাম তুষ্টি ॥ ৬৮ ॥

যথা প্রথমস্কন্ধে ১১ অধ্যায়ে ৯ শ্লোকে ॥

কথং বয়ং নাথ চিরোষিতে ত্বয়ি
প্রসন্নদৃষ্ট্যাখিলতাপশোষণং।
জীবাম তে সুন্দরহাসশোভিত-
মপশ্যমানা বদনং মনোহরং ॥ ৬৯ ॥
যথা বা ॥
সমক্ষমক্ষমঃ প্রেক্ষ্য হরিমঞ্জলিবন্ধনে।

কথং বয়মিতি প্রথমস্য যহ্র্স্মুজাক্ষেত্যানন্তরং পদ্যং ক্বাচিৎকমেব ॥ ৬৯ ॥

তত্রোপলক্ষণত্বেন কাঞ্চিৎ স্থিতিমাহ পুরস্তাদিতি। গুরোর্বৃহস্পতেঃ শিষ্যঃ শ্রীমদুদ্ধবঃ। অত্র শ্রীমদ্ব্রজসেবকানামপি তন্মহাবিরহানন্তরং নিত্যা স্থিতির্বক্ষ্যমাণস্য প্রেয়সো বংসলস্য চান্তিমটীকানুসারেণ জ্ঞেয়া। তেষাং দিগ্দর্শনন্তু গণোদ্দেশদীপিকাদৃষ্ট্যা ক্রিয়তে। অঙ্গাভাঙ্গকরঃ সুবন্ধমুপরি স্নানপ্রদং বারিদং বস্ত্রপ্রাপণশর্ম্মধামবকুলং গন্ধার্পণং পুষ্পকং। মিষ্টদ্রব্যসমর্পকং মধুকরং তাম্বূ-

দ্বারকাবাসী প্রজাগণ কহিলেন, হে নাথ! তুমি যদি চির-কাল প্রবাসে থাক, তাহা হইলে তোমার এই মনোহর বদন যাহাকে প্রসন্ন দর্শন করিলে সমস্ত সন্তাপ নিবারিত হয় এবং যাহা সুন্দরহাস্য দ্বারা সর্ব্বদাই শোভা পায়, আমরা ইহা দেখিতে পাইব না। ইহা না দেখিলে কি আমাদের জীবন ধারণ হইতে পারে? ॥ ৬৯ ॥

যথা বা ॥

দারুক শ্রীকৃষ্ণকে দর্শন করিয়া সাক্ষাতে অঞ্জলিবন্ধন করিতে অক্ষম হওত দ্বারকার দ্বারে অবস্থিতিপূর্ব্বক বিচিত্র

দারুকো দ্বারকাদ্বারি তত্র চিত্রদশাং যযৌ ॥

স্থিতিঃ ॥

সহবাসো মুকুন্দেন স্থিতির্নিগদিতা বুধৈঃ ॥

যথা হংসদূতে ॥

পুরস্তাদাভীরীগণভয়দনাম্না স কঠিনো

মণিস্তম্ভালম্বী কুরু কুলকথাং সংকথয়িতা।

স জানুভ্যামষ্টাপদভুবমবষ্টভ্য ভবিতা

গুরোঃ শিষ্যো নূনং পদকমলসম্বাহনরতঃ ॥

নিজাবসরশুশ্রূষাবিধানে সাবধানতা।

পুরস্তস্যা নিবেশাদ্যা যোগেহমীষাং ক্রিয়া মতাঃ

লদং জম্বূলং, নিত্যং গোষ্ঠসুধাংশু কান্তিসুধয়া পুষ্টং দিদৃক্ষামহে ॥ ১০ ॥

দশা প্রাপ্ত হইয়াছিলেন ॥

স্থিতি ॥

শ্রীকৃষ্ণের সহিত একত্র বাস করাকে পণ্ডিতগণ স্থিতি করিয়া থাকেন ॥

যথা হংসদূতে ॥

গোপীগণের ভয়দনামা কঠিন অক্রূর শ্রীকৃষ্ণের সম্মুখে মণিস্তম্ভ অবলম্বন করিয়া কুরুকুলের কথা কহিতেছেন এবং বৃহস্পতির শিষ্য উদ্ধব জানুদ্বয় দ্বারা স্বর্ণভূমি আক্রমণপূর্ব্বক শ্রীকৃষ্ণের পাদপদ্ম সম্বাহন করিতেছেন ॥

যোগ অর্থাৎ শ্রীকৃষ্ণের সহিত মিলনকালীন দাসভক্ত-গণের আপন আপন অবসরে সেবাকার্য্যে সাবধানতা এবং

কেচিদস্যা রতেঃ কৃষ্ণভক্ত্যাস্বাদবহির্ম্মুখাঃ।
ভাবত্বমেব নিশ্চিত্য ন রসাবস্থতাং জগুঃ ॥ ৭০ ॥
ইতি তাবদসাধীয়ো যৎ পুরাণেষু কেষুচিৎ।
শ্রীমদ্ভাগবতে চৈষ প্রকটো দৃশ্যতে রসঃ ॥ ৭১ ॥
তথাহি ॥
ক্বচিদ্রুদন্ত্যচ্যুতচিন্তয়া ক্বচি-

নন্থ, ভবন্তু তে তদ্বহির্ম্মুখাঃ। তেষাং পূর্ব্বনির্দ্দিষ্টং তন্মতন্তু দৃঢ়মেব রস-শাস্ত্রকৃন্মুনিসম্মতত্বাৎ। তত্রাহ ইতীতি। তাবৎ পদং বাক্যোপন্যাসেঽব্যয়ং। ইতি। এতন্মতমসাধীয়ঃ। শ্রীভাগবতং রসং ব্যাপ্তুমসমর্থত্বান্নাতিদৃঢ়মিত্যর্থঃ। কুতস্তত্রাহ যদিতি। মতেঽপীতি শব্দ ইতি ক্ষীরস্বামী। তত্র যদ্দর্শিতমিত্যাপি-শলিরিতি তত্রাপি আপিশলি রিদং মতং স্বীকৃতবানিত্যর্থঃ ॥ ৭১ ॥

ক্বচিদ্রুদন্তীত্যাদিকং সামান্য ভক্তিরসপরমপি বিশেষে পর্য্যবস্যেদিতি ভাবঃ

শ্রীকৃষ্ণের অগ্রে উপবেশনাদি হইয়া থাকে। কৃষ্ণভক্তির আস্বাদবহির্ম্মুখ কোন কোন জন এই দাস্যরতির ভাবত্ব নিশ্চয় করিয়া রসাবস্থা উল্লেখ করেন নাই ॥ ৭০ ॥

যদিচ অন্যান্য পুরাণে উক্তপ্রকার মত দেখা যায়, কিন্তু তাহা প্রশস্ত নহে, যেহেতু শ্রীমদ্ভাগবতে এই দাস্যভক্তিরস স্পষ্টই দৃষ্ট হইতেছে ॥ ৭১ ॥

যথা একাদশস্কন্ধে ৩ অধ্যায়ে ৩১ শ্লোকে ॥

ভক্তগণ ভক্তিযোগ সাধন করিতে করিতে কথন কৃষ্ণ চিন্তায় রোদন, কথন হাস্য কথন, আহ্লাদ, কথন অলৌকিক

ক্কসন্তি নন্দন্তি বদন্ত্যলৌকিকাঃ।
নৃত্যন্তি গায়ন্ত্যনুশীলয়ন্ত্যজং
ভবন্তি তূষ্ণীং পরমেত্য নির্বৃতাঃ।
নিশম্য কর্ম্মাণি গুণানতুল্যান্
বীর্য্যাণি লীলাতনুভিঃ কৃতানি।
যদাতিহর্ষোৎপুলকাশ্রুগদ্গদঃ
প্রোৎকণ্ঠ উদ্গায়তি রৌতি নৃত্যতি॥ ইতি॥
এষাত্র ভক্তভাবানাং প্রায়িকী প্রক্রিয়োদিতা।
কিন্তু কালাদিবৈশিষ্ট্যাৎ ক্বচিৎ স্যাৎ সীমলঙ্ঘনং॥৭২॥

তত্র ক্বচিদ্রুদন্তীত্যাদিকমেকাদশস্কন্ধস্থং পদ্যং, নিশম্যেতিতু সপ্তমস্কন্ধস্থং জ্ঞেয়ং॥ ৭২॥

বাক্য কথন, কখন নৃত্য, কখন গীত, কখন কৃষ্ণানুশীলন এবং কখন বা নির্বৃত হইয়া তূষ্ণীম্ভাব অবলম্বন করেন॥

সপ্তমস্কন্ধে ৭ অধ্যায়ে ২৮ শ্লোকে যথা—

প্রহ্লাদ কহিলেন, অহে বয়স্যগণ! শ্রীকৃষ্ণের লীলামূর্ত্তি দ্বারা যে সকল লোকাতীত কর্ম্ম, গুণ ও বীর্য্য প্রকাশ করিয়াছেন ভক্তব্যক্তি তাহা যখন শ্রবণ করেন, তৎকালে তাঁহার অতিশয় হর্ষোদয় হওয়াতে পুলকোদ্গম, অশ্রুপাত ও গদগদ বাক্য সহকারে ঊর্দ্ধকণ্ঠে গান, উচ্চশব্দ এবং নৃত্য করিতে থাকেন॥

এস্থলে এই ভক্তভাবের প্রক্রিয়া প্রায় স্বাভাবিকী, কিন্তু কালাদির বৈশিষ্ট্য হেতু কখন কখন সীমা উল্লঙ্ঘন করে॥৭২॥

অথ গৌরবপ্রীতিঃ ॥

লাল্যাভিমানিনাং কৃষ্ণে স্যাৎ প্রীতির্গৌরবোত্তরা।

সা বিভাবাদিভিঃ পুষ্টা গৌরবপ্রীতিরুচ্যতে ॥

তত্রালম্বনাঃ ॥

হরিশ্চ তস্য লাল্যাশ্চ ভবন্ত্যালম্বনা ইহ ॥ ৭৩ ॥

তত্র হরির্যথা ॥

অয়মুপহিতকর্ণঃ প্রস্তুতে বৃষ্ণিবৃদ্ধৈ-

র্যদুপতিরিতি হাসে মন্দহাসোজ্জ্বলাস্যঃ।

গৌরবং শ্রীকৃষ্ণরূপগুরুনিষ্ঠত্বং গুরুত্বমেবোত্তরং প্রৌঢ়ত্বে পর্য্যবসিতং। যস্যাং ॥ ৭৩ ॥

অয়মিতি। চেষ্টয়া উপহিতকর্ণ ইত্যাদিলক্ষণয়া হিতং এবমেব পূর্ব্বেষাং

অথ গৌরবপ্রীতি ॥

আমি শ্রীকৃষ্ণের লালনীয় এইরূপ অভিমানি ব্যক্তিদিগের শ্রীকৃষ্ণবিষয়ে গৌরবোত্তরা অর্থাৎ উত্তরোত্তর গুরুত্ব জ্ঞানময় প্রীতি হয়, এই প্রীতি বিভাবাদিদ্বারা পুষ্ট হইলে ইহাকে গৌরবপ্রীতি বলা যায় ॥

গৌরবপ্রীতিতে আলম্বন যথা ॥

হরি এবং হরির লালনীয় ব্যক্তিগণ এই গৌরবপ্রীতিতে আলম্বনস্বরূপ ॥ ৭৩ ॥

তন্মধ্যে হরি যথা ॥

যদুবৃদ্ধগণ কোন প্রস্তাব উপস্থিত করিলে যদুপতি কৃষ্ণ ঊর্দ্ধকর্ণ হইয়া শ্রবণ করেন, কোন হাস্য কথা উপস্থিত

উপদিশতি সুধর্ম্মামধ্যমধ্যাস্য দীব্যন্
হিতমিহ নিজয়াগ্রে চেষ্টয়ৈবাত্মজান্নঃ ॥
মহাগুরুর্ম্মহাকীর্ত্তির্ম্মহাবুদ্ধির্ম্মহাবলঃ।
রক্ষী লালক ইত্যাদ্যৈর্গুণৈরালম্বনো হরিঃ ॥
অথ লাল্যাঃ ॥
লাল্যাঃ কিল কনিষ্ঠত্বপুত্রত্বাদ্যভিমানিনঃ।
কনিষ্ঠাঃ সারণ-গদ-সুভদ্র-প্রমুখাঃ স্মৃতাঃ।
প্রদ্যুম্নচারুদেষ্ণাদ্যাঃ সাম্বাদ্যাশ্চ কুমারকাঃ ॥
এষাং রূপং যথা ॥

মহতাং বৃত্তমনুসরণীয়মিত্যর্থঃ ॥ ৭৪ ॥

হইলে শ্রীকৃষ্ণ হাস্যবদন হয়েন এবং সুধর্ম্মা সভা মধ্যে উপবিষ্ট হইয়া ক্রীড়া করিতে করিতে স্বীয় উত্তম চেষ্টাদ্বারা আমরা যে আত্মজ আমাদিগকে হিত উপদেশ করেন ॥

এই গৌরবোত্তরা প্রীতিতে মহাগুরু, মহাকীর্ত্তি, মহাবুদ্ধি মহাবল, রক্ষক ও লালক ইত্যাদি গুণদ্বারা শ্রীকৃষ্ণ আলম্বন হয়েন ॥

অথ লাল্য ॥

কনিষ্ঠত্ব অভিমান এবং পুত্রত্ব অভিমান ভেদে লাল্য দুই প্রকার হয়। তন্মধ্যে সারণ, গদ ও সুভদ্রপ্রভৃতি কনিষ্ঠত্ব অভিমানী আর প্রদ্যুম্ন চারুদেষ্ণ ও সাম্বপ্রভৃতি যদুকুমারগণ পুত্রত্বাভিমানী ॥

যদুকুমারদিগের রূপ যথা ॥

অপি মুরান্তক পার্ষদমণ্ডলা-
দধিকমণ্ডনবেশগুণশ্রিয়ঃ।
অসিতপীতশিতদ্যুতিভির্যুতা
যদুকুমারগণাঃ পুরি রেমিরে॥ ৭৪॥
ভক্তিঃ॥
সগ্ধিং ভজন্তি হরিণা মুখমুন্নময্য
তাম্বূলচর্ব্বিতমদন্তি চ দীয়মানং।
ঘ্রাতাশ্চ মূর্দ্ধ্নি পরিরভ্য ভবন্ত্যদস্রাঃ
সাম্বাদয়ঃ কতি পুরা বিদধুস্তপাংসি।
রুক্মিণীনন্দনস্তেষু লাল্যেষু প্রবরো মতঃ॥

সগ্ধিং সহভোজনং॥ ৭৫॥

যদুকুমারগণ শ্রীকৃষ্ণের পার্ষদসকল হইতে অধিক বেশ, ভূষণ, গুণ ও শোভাশালী হইয়া কৃষ্ণ ও শুক্লবর্ণ মূর্ত্তিতে দ্বারকানগরে বিহার করিতেছেন॥ ৭৪॥

যদুকুমারদিগের ভক্তি যথা॥

সাম্বাদি পুত্রগণ মুখ উত্তোলন করিয়া শ্রীকৃষ্ণের সহিত ভোজন, শ্রীকৃষ্ণকর্ত্তৃক প্রদত্ত উচ্ছিষ্ট তাম্বূলচর্ব্বণ এবং শ্রীকৃষ্ণ ক্রোড়ে লইয়া মস্তকের আঘ্রাণ লইলে চক্ষু দিয়া অশ্রুমোচন করিয়া থাকেন, অতএব ইহাঁরা সকল পূর্ব্বজন্মে কত কত না পুণ্য করিয়াছিলেন॥

লাল্য সকলের মধ্যে রুক্মিনীনন্দন প্রদ্যুম্নই সর্ব্বপ্রধান॥

তস্য রূপং ॥

স জয়তি শম্বরদমনঃ, সুকুমারো যদুকুমারকুলমৌলিঃ।
জনয়তি জনেষু জনক,-ভ্রান্তিং যঃ সুষ্ঠু রূপেণ ॥ ৭৫ ॥

ভক্তিঃ ॥

প্রভাবতি সমীক্ষ্যতাং দিবি কৃপাম্বুধির্মাদৃশাং
স এষ পরমো গুরুর্গরুড়গো যদূনাং পতিঃ।
যতঃ কিমপি লালনং বয়মবাপ্য দর্পোদ্ধুরাঃ
পুরারিমপি সঙ্গরে গুরুরুষং তিরস্কুর্ম্মহে।

প্রভাবতীতি শ্রীহরিবংশোক্তপ্রভাবতীহরণে তৎসমীপস্থস্য শ্রীপ্রদ্যুম্নস্য বাক্যং ॥ ৭৬ ॥

প্রদ্যুম্নের রূপ যথা ॥

যিনি আপনার মাধুর্য্যময় রূপদ্বারা জনমাত্রেরই কৃষ্ণ বলিয়া ভ্রান্তি উৎপাদন করেন, সেই যদুকুমার চূড়ামণি সুকুমার শম্বরারি প্রদ্যুম্ন জয়যুক্ত হউন ॥ ৭৫ ॥

প্রদ্যুম্নের ভক্তি যথা ॥

হরিবংশোক্ত প্রভাবতীহরণে ॥

প্রদ্যুম্ন কহিলেন, অহে প্রভাবতি! স্বর্গে কৃপাসার গরুড়ারূঢ় যদুপতিকে সন্দর্শন কর, ইনি আমাদের পরম গুরু, ইহাঁর সমীপে আমরা কোন অনির্ব্বচনীয় লালন প্রাপ্ত হইয়া দর্পোদ্ধত হওত যুদ্ধক্ষেত্রে গুরুতর ক্রোধশালি ত্রিপুরারিকেও তিরস্কার করিয়াছি ॥

উভয়েষাং সদারাধ্য ধিয়ৈব ভজতামপি।
সেবকানামিহৈশ্বর্য্যজ্ঞানস্যৈব প্রধানতা।
লাল্যানাস্তু স্বসম্বন্ধস্ফূর্ত্তেরেব সমন্ততঃ ॥ ৭৬ ॥
ব্রজস্থানাং পরৈশ্বর্য্যজ্ঞানশূন্যধিয়ামপি।
অস্ত্যেব বল্লবাধীশপুত্রত্বৈশ্বর্য্যবেদনং ॥
অথোদ্দীপনাঃ ॥
উদ্দীপনাস্তু বাৎসল্যস্মিতপ্রেক্ষাদয়ো হরেঃ ॥
যথা ॥

বল্লবাধীশপুত্রত্বেনৈব যদৈশ্বর্য্যমিন্দ্রজয়াদিপ্রভাবস্তস্য বেদনমনুভবঃ ॥ ৭৭ ॥

উভয় অর্থাৎ সম্ভ্রমপ্রীতি ও গৌরবপ্রীতিশালি ভক্তসকলের মধ্যে দ্বারকাস্থ সেবকগণ যাঁহারা নিরন্তর আরাধ্য বুদ্ধিতে শ্রীকৃষ্ণকে ভজন করিয়া থাকেন, তাঁহাদের ঐশ্বর্য্য জ্ঞানের প্রধানতা, আর যাঁহারা লাল্য তাঁহাদিগের সর্ব্বতোভাবে শ্রীকৃষ্ণের সহিত স্বীয় সম্বন্ধ স্ফূর্ত্তি পাইয়া থাকে ॥ ৭৬ ॥

ব্রজস্থ সম্ভ্রমপ্রীতি ও গৌরবপ্রীতি নিষ্ঠ ভক্তগণের পরম ঐশ্বর্য্য জ্ঞান না থাকিলেও গোপরাজনন্দন বলিয়া ইন্দ্রজয়াদি ঐশ্বর্য্য জ্ঞান আছে ॥

অথ উদ্দীপন সকল ॥

শ্রীকৃষ্ণের বাৎসল্য ও ঈষৎ হাস্যাদি এই সকলকে উদ্দীপন বলে ॥

যথা ॥

অগ্রে সানুগ্রহং পশ্যন্নগ্রজং ব্যগ্রমানসঃ।
গদঃ পদারবিন্দেঽস্য বিদধে দণ্ডবন্নতিং।

অথানুভাবাঃ॥

অনুভাবাস্তু তস্যাগ্রে নীচাসননিবেশনং।
গুরোর্বর্ত্মানুসারিত্বং ধুরস্তস্য পরিগ্রহঃ।
স্বৈরাচারবিমোক্ষাদ্যাঃ শীতা লাল্যেষু কীর্ত্তিতাঃ॥ ৭৭॥

তত্র নীচাসননিবেশনং যথা॥

যদুসদসি সুরেন্দ্রৈর্দ্রাগুপব্রজ্যমানঃ
সুখদ-করক-বার্ভির্ব্রহ্মণাভ্যুক্ষিতাঙ্গঃ।

উপব্রজ্যমানঃ পুরো গত্বা সমানীয়মানঃ পাঠান্তরন্ত ত্যক্তং রঙ্কুর্মৃগ-বিশেষঃ॥ ৭৮॥

শ্রীকৃষ্ণ যখন অগ্রে অনুগ্রহ দৃষ্টি নিক্ষেপকারি অগ্রজ বলদেবকে অবলোকন করিয়া ব্যস্তচিত্ত হইয়াছেন, এমত সময়ে গদ তাঁহার চরণারবিন্দে পতিত হইয়া নতি বিধান করিতে লাগিলেন॥

অথ অনুভাব॥

লাল্য সকলে শ্রীকৃষ্ণাগ্রে নীচাসনে উপবেশন, গুরুপথের অনুগমন এবং স্বেচ্ছাচারের পরিত্যাগ এই সকল শীতভাব বলিয়া কীর্ত্তিত হয়॥ ৭৭॥

তন্মধ্যে নীচাসনে উপবেশন যথা॥

দেবেন্দ্রপ্রভৃতি অমরবৃন্দকর্ত্তৃক অনুব্রজ্যমান ও ব্রহ্মার কমণ্ডলু জলদ্বারা সর্ব্বাঙ্গ অভ্যুক্ষিত হইয়া প্রদ্যুম্ন যদুসভায়

মধুরিপুমভিবন্দ্য স্বর্ণপীঠানি মুঞ্চন্
ভুবমভিমকরাঙ্কো রাঙ্কবং স্বীচকার ॥ ৭৮ ॥
দাসৈঃ সাধারণাশ্চান্যে প্রোচ্যন্তেঽমীষু কেচন।
প্রণামো মৌনবাহুল্যং সঙ্কোচঃ প্রশ্রয়াঢ্যতা।
নিজপ্রাণব্যয়েনাপি তদাজ্ঞাপরিপালনং।
অধোবদনতা স্থৈর্য্যং কাসহাসাদিবর্জনং।
তদীয়াতিরহঃকেলিবার্ত্তাদ্যুপরমাদয়ঃ ॥
অথ সাত্ত্বিকাঃ ॥
কন্দর্প বিন্দতি মুকুন্দপদারবিন্দ-

দাসৈরিত্যাদৌ তদীয়াতিরহঃকেলীতি যদ্যপি তেষত্যন্তাসম্ভবান্নিষেধোঽপি ন প্রসজ্জেত তথাপ্যাধুনিকতদ্ভাবানাং বোধনার্থমেব নিষিদ্ধমিতি জ্ঞেয়ং ॥ ৭৯ ॥

গমনপূর্ব্বক শ্রীকৃষ্ণকে প্রণাম করিয়া স্বর্ণ পীঠ পরিত্যাগ করত ভূমির উপরে মৃগরোমজ আসনে গিয়া উপবেশন করিলেন ॥ ৭৮ ॥

এই সকল পুত্রাদিতে দাসের সহিত কতক গুলি সাধারণ অনুভাব কীর্ত্তন করা হইয়াছে, যথা প্রণাম, অধিকতর মৌন, সঙ্কোচ, বিনয়শীলত্ব, স্বীয়প্রাণ পরিত্যাগপূর্ব্বক তদাজ্ঞা প্রতিপালন, অধোবদনতা, স্থৈর্য্য, কাস ও হাস্যাদি বর্জন এবং তদীয় নির্জন কেলিরহস্য বার্ত্তাদি হইতে উপরম ॥

অথ সাত্ত্বিক ॥

দ্বন্দ্বে দৃশোঃ পদমসৌ কিল নিষ্প্রকম্পা।
প্রালেয়বিন্দুনিচিতং ধৃতকণ্টকা তে
স্বিন্নাদ্য কণ্টকিফলং তনুরন্বকার্ষীৎ ॥

অথ ব্যভিচারিণঃ ॥

অনন্তরোক্তা সর্ব্বেহত্র ভবন্তি ব্যভিচারিণঃ ॥

তত্র হর্ষো যথা ॥

দূরে দরেন্দ্রস্য নভস্যুদীর্ণে
ধ্বনৌ স্থিতানাং যদুরাজধান্যাং।
তনূরুহৈস্তত্র কুমারকাণাং
নটৈশ্চ হৃষ্যাস্তিরকারি নৃত্যং ॥ ৭৯ ॥

নির্ব্বেদো যথা ॥

হে কন্দর্প! শ্রীকৃষ্ণপদারবিন্দদ্বন্দ্বে চক্ষুর্দ্বয়ের স্থান লাভ হওয়াতে তোমার এই তনু অদ্য ঘর্ম্মবিন্দুসমূহে কণ্টকাকুল হইয়া হিমবিন্দুসমূহে আকীর্ণ কণ্টকিফলের অনুকরণ করিতেছে ॥

অথ ব্যভিচারী ॥

এইস্থলে সম্ভ্রমপ্রীতোক্ত ব্যভিচারি সমুদায় হইয়া থাকে ॥

তন্মধ্যে হর্ষ যথা ॥

দূর হইতে পাঞ্চজন্য শঙ্খের ধ্বনি গগণমণ্ডলে উদগত হইলে যদুরাজধানীতে অবস্থিত কুমারগণের অঙ্গলোমসকল হৃষ্ট নটের সহিত নৃত্য করিতে আরম্ভ করে ॥ ৭৯ ॥

নির্ব্বেদ যথা ॥

ধন্য সাম্ব ভবান্ সরিঙ্গণময়ন্ পার্শ্বে রজঃ কুর্ব্বুরো
যস্তাতেন বিকৃষ্য বৎসলতয়া স্বোৎসঙ্গমারোপিতঃ।
ধিঙ্মাং দুর্ভগমত্র শম্বরময়ৈর্দুর্দ্দৈববিস্ফূর্জ্জিতৈঃ
প্রাপ্তা ন ক্ষণিকাপি লালনরতিঃ সা যেন বাল্যে পিতুঃ ॥৮০

অথ স্থায়ী ॥

দেহসম্বন্ধিতামানাদ্গুরুধীরত্র গৌরবং ॥

শম্বরময়ৈরিত্যাবয়বার্থে ময়ট্ ॥ ৮০ ॥

দেহসম্বন্ধিতেতি অত্র গুরুধীরিতি গুরুরয়মিতি বুদ্ধিরিত্যর্থঃ। সা গৌরিয়মিতি সম্বন্ধিলক্ষণয়া গম্যঃ। অত্র নানাস্থানপতিতানাং সামান্যবিশেষপ্রীতিনিরূপিকাণাং কারিকাণাং সমন্বয়ঃ ক্রিয়তে। স্বস্মাদ্ভবন্তি যে ন্যূনাস্তেঽনুগ্রাহ্যা হরের্মতাঃ। আরাধ্যত্বাত্মিকা তেষাং রতিঃ প্রীতিরিতীরিতা। যে ন্যূনা ন্যূনা বয়মিতি স্বাভিমানময়রতিমন্তস্তেঽনুগ্রাহ্যতয়া হরের্মতাঃ। তেষাত্বারাধ্যোঽয়মিতি জ্ঞানাত্মিকা রতিঃ প্রীত্যভিধয়া প্রোক্তেত্যর্থঃ। অথ তস্যা রসভেদদ্বারা

প্রদ্যুম্ন কহিলেন, অহে সাম্ব! তোমাকে ধন্য বলিতে হয়, যেহেতু জানুদ্বয়দ্বারা ইতস্তত ভ্রমণ করিতে করিতে তোমার অঙ্গে যখন ধূলাসকল লিপ্ত হইয়া কর্ব্বুর বর্ণ হইত, তৎকালীন পিতা বাৎসল্যপ্রযুক্ত আকর্ষণপূর্ব্বক তোমাকে ক্রোড়ে করিতেন, অতএব আমি অতি দুর্ভগ, আমাকে ধিক্ শম্বরময় প্রবল দুর্দ্দৈবকর্ত্তৃক আমি বিড়ম্বিত হইয়া বাল্যকালে পিতার নিকট কোন লালন রতি প্রাপ্ত হই নাই ॥ ৮০ ॥

অথ স্থায়ী ॥

দেহ সম্বন্ধাভিমানপ্রযুক্ত ইনি আমার গুরু এইরূপ যে

তন্ময়ী লালকে প্রীতির্গৌরবপ্রীতিরুচ্যতে ॥ ৮১ ॥
স্থায়ী ভাবোঽত্র সাচৈষামা মূলাৎ স্বয়মুচ্ছ্রিতা।
কিঞ্চিদ্বিশেষমাপন্না প্রেমেতি স্নেহ ইত্যপি।

গর্ব্বাবেগ ধৃতি ব্রীড়া মতিহর্ষাবহিত্থকাঃ।
অমর্ষোৎসুকতাসূয়া স্মৃত্যাদ্যা ব্যভিচারিণঃ।
যুদ্ধোৎসাহরতিস্তস্মিন্ স্থায়িভাবতয়োদিতা।
যা স্বশক্তি সহায়াদ্যৈরাহার্য্যা সহজাপি বা ॥ ৭ ॥
জিগীষা স্থেয়সী যুদ্ধোৎসাহ ঈর্য্যতে ॥
তত্র স্বশক্ত্যা আহার্য্যোৎসাহরতির্যথা ॥ ৮ ॥
স্বতাতশিষ্ট্যা স্ফুটমপ্যনিচ্ছ-

যদত্র জিগীষোপাদিতি যুদ্ধোৎসাহাদয়ো লক্ষ্যন্তে তচ্চ সত্বরা মানসাশক্তি-কৃৎসাহ ইতি পূর্ব্বোক্তসামান্যলক্ষণান্তর্গতমেব। তত্রাপি গাঢ়েচ্ছামাত্রস্য বিবক্ষিতত্বাৎ ॥ ৮ ॥

স্বস্য তাতস্য শিষ্ট্যা চন্দ্র সঞ্জীবনেন যুদ্ধাসে দিক্ষামিতি শাসনেন

অর্থাৎ অহঙ্কার জয়যুক্ত হউক ॥

যুদ্ধ, দান, দয়া ও ধর্ম্ম এই চারি প্রকার বীরে সমুদায় সাত্ত্বিক। তথা গর্ব্ব, আবেগ, ধৃতি, লজ্জা মতি, হর্ষ, অবহিত্থা, অমর্ষ, উৎসুকতা, অসূয়া এবং স্মৃতিপ্রভৃতি ব্যভিচারী সকল প্রকাশ পায় ॥

এই বীররসে যুদ্ধোৎসাহ রতিই স্থায়ীভাব, যাহা স্বশক্তি ও সহায়াদিদ্বারা আহার্য্যা এবং সহজা হইয়া থাকে ॥ ৭ ॥

যুদ্ধবিষয়ে স্থিরতর যে জিগীষা তাহাকে যুদ্ধোৎসাহ বলে ॥ ৮ ॥

তন্মধ্যে স্বশক্তিদ্বারা আহার্য্য উৎসাহ রতি যথা ॥

স্মাহূয়মানঃ পুরুষোত্তমেন।
স স্তোককৃষ্ণো ধৃতযুদ্ধতৃষ্ণঃ
প্রোদ্যম্য দণ্ডং ভ্রময়াঞ্চকার ॥ ৯ ॥
স্বশক্ত্যা সহজোৎসাহরতির্যথা।
শুণ্ডাকারং প্রেক্ষ্য মে বাহুদণ্ডং
মা ত্বং ভৈষীঃ ক্ষুদ্র রে ভদ্রসেন।
হেলারম্ভেণাদ্য নির্জিত্য রামং
শ্রীদামাহং কৃষ্ণমেবাহ্বয়েয় ॥ ১০ ॥
যথাবা ॥

স্ফুটমনিচ্ছন্নিত্যর্থঃ পাঠান্তরং ত্যক্তং ॥ ৯ ॥
আহ্বয়েয়েতি স্পর্দ্ধায়ামাত্মনে পদং ॥ ১০ ॥

সর্ব্ব জীবন শ্রীকৃষ্ণের সহিত যুদ্ধ করিতেছিস্ ধিক্ তোকে এই বলিয়া পিতা শাসন করিলে স্তোককৃষ্ণ যুদ্ধে পরাঙ্মুখ হইয়াছিলেন কিন্তু শ্রীকৃষ্ণকর্ত্তৃক আহূত হইয়া ঐ স্তোকে-কৃষ্ণ পুনরায় যুদ্ধোৎসাহ ধারণ করত দণ্ড উত্তোলনপূর্ব্বক ঘুরাইতে লাগিলেন ॥ ৯ ॥

স্বশক্তিদ্বারা সহজোৎসাহ রতিযথা ॥

হে ক্ষুদ্র ভদ্রসেন ! আমি শ্রীদাম, আমার ভুজদণ্ড দেখিয়া তুমি ভীত হইও না, আজ হেলায় বলরামকে জয় করিয়া পরে শ্রীকৃষ্ণকে আহ্বান করিব ॥ ১০ ॥

যথাবা ॥

বলস্য বলিনো বলাৎ সুহৃদনীকমালোড়য়ন্
পয়োধিমিব মন্দরঃ কৃতমুকুন্দপক্ষগ্রহঃ।
জনং বিকটগর্জ্জিতৈর্ব্বধিরয়ন্ স ধীরস্বরো
হরেঃ প্রমদমেককঃ সমিতি ভদ্রসেনো ব্যধাৎ ॥
সহায়েনাহার্য্যোৎসাহরতির্যথা ॥
ময়ি বল্গতি ভীমবিক্রমে ত্যজ ভঙ্গং নহি সঙ্গরাদিতঃ।
ইতি মিত্রগিরা বরূথপঃ স বিরূপং রুবন্ হরিং যযৌ ॥১১
সহায়েন সহজোৎসাহ রতির্যথা ॥

একক একাকী। একাদাকিন্ চাসহায়ে ইতি পাণিনিসূত্রাৎ। একাকীত্বেক একক ইত্যময়ঃ একল ইতি লেখক প্রমাদাৎ ॥ ১১ ॥

বলবান্ বলদেবের বল হইতে ধীরস্বর ভদ্রসেন কৃষ্ণপক্ষ অবলম্বনপূর্ব্বক মন্দরপর্ব্বত যেমন সমুদ্রকে বিলোড়ন করিয়াছিল, তাহার ন্যায় সুহৃদ্গণকে বিলোড়ন করত বিকট গর্জনদ্বারা জন সকলকে বধির করিয়া একাকী যুদ্ধে শ্রীকৃষ্ণের প্রমোদ বিধান করিয়াছিলেন ॥

সহায়দ্বারা আহার্য্য উৎসাহ রতি যথা

অহে আমি ভয়ানক পরাক্রমে যুদ্ধক্ষেত্রে লম্ফ প্রদান করিতেছি, তুমি যুদ্ধ হইতে ভঙ্গ দিও না, এইরূপ মিত্রবাক্য শ্রবণ করিয়া বরূথপ বিরূপ শব্দ করিতে করিতে হরির নিকট গমন করিলেন ॥ ১১ ॥

সহায়দ্বারা সহজোৎসাহ রতি যথা ॥

সংগ্রামকার্মুকভুজঃ স্বয়মেব কামং
দামোদরস্য বিজয়ায় কৃতী সুদামা।
সাহায্যমেত্র সুবলঃ কুরুতে বলী চে
জ্জাতোমণিঃ সুজটিতো বরহাটকেন।
সুহৃদেব প্রতিভটো বীরে কৃষ্ণস্য ন ত্বরিঃ।
স ভক্তক্ষোভকারিত্বাদ্রৌদ্রেত্বালম্বনো রসে।
রাগাভাবো দৃগাদীনাং রৌদ্রাদস্য বিভেদকঃ॥
অথ দানবীরঃ॥
দ্বিবিধো দানবীরঃ স্যাদেকস্তত্র বহুপ্রদঃ।

সুজটিত ইতি জট ঝট সংঘাত ইত্যস্য ক্তান্ত প্রত্যয় রূপং। জটিলিত ইতি পাঠস্ত নেষ্টঃ জটিলোহি পিচ্ছাদিত্বাদিলশ্চ জটাবানেবাভিধীয়তে॥ ১২॥

দামোদরের বিজয় নিমিত্ত সংগ্রাম কার্মুক ভুজশালী সুদক্ষ সুদাম স্বয়ংই চেষ্টা করিতেছেন, ইহাতে যদি আবার বলবান্ সুবল সাহায্য করেন, তাহা হইলে যেমন উৎকৃষ্ট স্বর্ণদ্বারা মণিমণ্ডিত হয়, তাহার ন্যায় শোভা পায়॥

বীররসে শ্রীকৃষ্ণের সুহৃদই প্রতিযোদ্ধা হইয়া থাকে, শত্রু কখন প্রতিযোদ্ধা হইতে পারে না, যে হেতু ভক্তক্ষোভ-কারিত্বপ্রযুক্ত শত্রুর বীররসেই আলম্বনত্ব হয়॥

রৌদ্ররস এবং বীররস এতদুভয়ে এই মাত্র প্রভেদ যে রৌদ্ররসে চক্ষু রক্তবর্ণ হয়, বীররসে তদ্রূপ হয় না॥

অথ দানবীর॥

দানবীর দুই প্রকার হয়, তন্মধ্যে এক বহুপ্রদ, দ্বিতীয়

উপস্থিতদুরাপার্থত্যাগী চাপর উচ্যতে ॥

তত্র বহুপ্রদঃ ॥

সহসা দীয়তে যেন সর্ব্বস্বমপ্যুতে।
দামোদরস্য সৌখ্যায় প্রোচ্যতে স বহুপ্রদঃ ॥
সম্প্রদানস্য বীক্ষাদ্যা অস্মিন্নুদ্দীপনা মতাঃ।
বাঞ্ছিতাধিকদাতৃত্বং স্মিতপূর্ব্বাভিভাষণং।
স্থৈর্য্য দাক্ষিণ্য ধৈর্য্যাদ্যা অনুভবা ইহোদিতাঃ।
বিতর্কৌৎসুক্যহর্ষাদ্যা বিজ্ঞেয়া ব্যভিচারিণঃ।
দানোৎসাহ রতি স্তত্র স্থায়িভাবতয়োদিতাঃ।
প্রগাঢা স্থেয়সী দিৎসা দানোৎসাহ ইতীর্য্যতে।
দ্বিধা বহুপ্রদোপ্যেষ বিদ্বদ্ভিরিহ কথ্যতে।

উপস্থিত দুর্ল্লভ অর্থ পরিত্যাগী ॥

তন্মধ্যে বহুপ্রদ যথা ॥

যে ব্যক্তি কৃষ্ণসন্তোষার্থ হঠাৎ সর্ব্বস্ব পর্য্যন্তও দান করিতে পারেন, তাঁহাকে বহুপ্রদ বলে ॥

ইহাতে সম্প্রদানের প্রতি নিরীক্ষণাদি উদ্দীপন। আর বাঞ্ছিত হইতে অধিক দাতৃত্ব, হাস্যপূর্ব্বক সম্ভাষণ, স্থৈর্য্য, দাক্ষিণ্য ও ধৈর্য্যপ্রভৃতি অনুভাব, তথা বিতর্ক, ঔৎসুক্য এবং হর্ষাদি সকল ব্যভিচারী হয়। অপর এস্থলে দানোৎসাহ রতিই স্থায়ীভাব বলিয়া কথিত। আর প্রগাঢ়রূপে স্থিরতর যে দানেচ্ছা তাহাকে দানোৎসাহ বলে ॥

পণ্ডিতগণ বলিয়াছেন, বহুপ্রদও দুই প্রকার হয়, তন্মধ্যে

স্যাদাভ্যুদয়িকস্ত্বেকঃ পরস্তৎসম্প্রদানকঃ ॥

তত্রাভ্যুদয়িকঃ ॥

কৃষ্ণস্যাভ্যুদয়ার্থং তু যেন সর্ব্বস্বমর্প্যতে।

অর্থিভ্যো ব্রাহ্মণাদিভ্যঃ স আভ্যুদয়িকো ভবেৎ ॥ ১২ ॥

যথা ॥

ব্রজপতিরিহসূনোর্জাতকার্থং তথাসৌ

ব্যতরদমলচেতাঃ সঞ্চয়ং নৈচিকীনাং।

পৃথুরপি নৃগকীর্ত্তিঃ সাম্প্রতং সংবৃতাসী-

দিতি নিজগদুরুচ্চৈর্ভূসুরা যেন তৃপ্তাঃ ॥

নৃগকীর্ত্তেঃ সংবৃতত্বে হেতুঃ অমলচেতাঃ পুত্ররূপ শ্রীকৃষ্ণস্যোদয়মাত্র তৎপরতয়া ন তদ্বল্লোকদ্বয়গতলাভ প্রতিষ্ঠা কামনা দোষযুক্ত ইত্যর্থঃ ॥ ১৩ ॥

এক আভ্যুদয়িক, দ্বিতীয় সম্প্রদানক ॥

তম্মধ্যে আভ্যুদয়িক যথা ॥

যে ব্যক্তি শ্রীকৃষ্ণের কল্যাণার্থ ভিক্ষুক ব্রাহ্মণাদিকে সর্ব্বস্ব পর্য্যন্তও দান করেন, তাঁহাকে আভ্যুদয়িক বলা যায় ॥ ১২ ॥

যথা ॥

ব্রজরাজ নন্দ শ্রীকৃষ্ণ জন্ম গ্রহণ করিলে পর, বিশুদ্ধ চিত্ত হইয়া অর্থাৎ কেবল তদীয় কল্যাণ মাত্র কামনা করিয়া জাতকার্থ উত্তম উত্তম ধেনুসকল দান করিয়াছিলেন, সেই দান এমন কি যদ্দ্বারা ব্রাহ্মণগণ পরিতৃপ্ত হইয়া বলিয়াছিলেন, সম্প্রতি নন্দরাজের এই দানদ্বারা নৃগরাজের বিস্তৃত কীর্ত্তি বিলুপ্ত হইল ॥

অথ তৎসম্প্রদানকঃ ॥

জ্ঞাতায় হরয়ে স্বীয়মহন্তা মমতাস্পদং।
সর্ব্বস্বং দীয়তে যেন স স্যাত্তৎসম্প্রদানকঃ।
তদ্দানং প্রীতিপূজাভ্যাং ভবেদিত্যুদিতং দ্বিধা ॥

তত্র প্রীতিদানং ॥

প্রীতিদানং তু তস্মৈ সদ্দদ্যাদ্বন্ধ্বাদিরূপিণে ॥ ১৩ ॥

যথা ॥

চার্চ্চিক্যং বৈজয়ন্তীং পটমুরুপুরটোস্তাম্বরং ভূষণানাং
শ্রেণিং মাণিক্যভাজং গজরথতুরগান্ কর্ব্বুরান্ কর্ব্বুরেণ।

অথ তৎসম্প্রদানক ॥

যে ব্যক্তি হরিমাহাত্ম্য অবগত হইয়া হরিকে অহন্তা মমতাস্পদ অর্থাৎ আমি আমার ইত্যাদির আধারস্বরূপ সর্ব্বস্ব প্রদান করেন, তাঁহাকেই তাহার সম্প্রদানক বলা যায় ॥

সেই দান প্রীতি ও পূজা ভেদে দুই প্রকার হয়। বন্ধুরূপি হরিকে যাহা দান করা যায়, তাহার নাম প্রীতিদান ॥ ১৩ ॥

যথা ॥

মহারাজ যুধিষ্ঠির রাজসূয় যজ্ঞসভায় শ্রীকৃষ্ণকে চন্দন বিলেপন, বৈজয়ন্তী অর্থাৎ পঞ্চবর্ণ পুষ্পনির্ম্মিত জানু পর্য্যন্ত লম্বিত মালা, স্বর্ণখচিত উৎকৃষ্ট বস্ত্র, মাণিক্যশালী ভূষণশ্রেণী, তথা কনকালঙ্কৃত গজ, রথ, তুরগ ইত্যাদি সকল প্রদান করিয়া রাজ্য, কুটুম্ব ও আত্মপর্য্যন্ত দান করিতে ইচ্ছা করিয়া যখন তদ্ভিন্ন অন্য কিছু আর দেয়বস্তু কোথাও দেখিতে পাইলেন

দত্বা রাজ্যং কুটুম্বং স্বমপি ভগবতে দিৎসুরপ্যন্যচ্ছৈ-
র্দেয়ং কুত্রাপি দৃষ্ট্বা মথসদসি তদা ব্যাকুলঃ পাণ্ডবোঽভূৎ ॥

পূজাদানং তু তস্মৈ যদ্বিপ্ররূপায় দীয়তে ॥

যথাষ্টমে ॥

যজন্তি যজ্ঞং ক্রতুভির্যমাদৃতা
ভবন্ত আম্নায়বিধানকোবিদাঃ।
স এষ বিষ্ণুর্বরদোঽস্তু বা পরো
দাস্যাম্যমুষ্মৈ ক্ষিতিমীপ্সিতাং মুনে ॥ ১৪ ॥

কর্প্পূরেণ সুবর্ণেন মিশ্রান্ মথসসদি তদেতাগ্রা পূজাবসর ইতি ন ব্যাখ্যেয়ং। কিন্তু সর্ব্ববিধি পূর্ত্তানন্তর ইত্যেব পূর্ব্বস্য পূজান্তর্গতত্বাৎ। উত্তরত্র বিপ্ররূপা-য়েত্যুপলক্ষণং বিপ্রদেব ভগবদ্রূপায়েতস্য বিবক্ষিতত্বাৎ ॥ ১৪ ॥

না, তখন ঐ রাজা অতিশয় ব্যাকুল হইয়া পড়িলেন ॥

পূজাদান ॥

বিপ্ররূপি ভগবান্‌কে যাহা কিছু দেওয়া যায়, তাহাকে পূজাদান বলে ॥

অষ্টমস্কন্ধে ২০ অধ্যায়ে ১০ শ্লোকে ॥

বলিরাজ শুক্রাচার্য্যকে কহিলেন, হে মুনে! আপনারা বেদ-বিদ্যায় দক্ষ, আপনারা আদরপূর্ব্বক যাগ যজ্ঞদ্বারা যাঁহার অর্চ্চনা করিয়া থাকেন, এই বটু সেই বরদ বিষ্ণুই হউন অথবা আমার শত্রুই হউন, ইহাঁর প্রার্থিত ভূমি দান করিব ॥ ১৪ ॥

যথাবা দশরূপকে ॥

লক্ষ্মীপয়োধরোৎসঙ্গ কুঙ্কুমারুণিতো হরেঃ।
বলিনৈব স যেনাস্য ভিক্ষাপাত্রী কৃতঃ করঃ॥ ১৫ ॥

অথোপস্থিত দুরাপার্থত্যাগী ॥

উপস্থিত দুরাপার্থত্যাগ্যসৌ যেন নেষ্যতে।
হরিণা দীয়মানোঽপি সার্ষ্ট্যাদিস্তস্ত্বযন্যতা বরঃ॥ ১৬ ॥
পূর্ব্বতোঽত্র বিপর্য্যস্তকারকত্বং দ্বয়োর্ভবেৎ।

যেন বলিনেত্যস্য পূরকস্তুচ্ছন্দস্ত তৎপ্রকরণ এব লভ্যঃ ॥ ১৫ ॥

উপস্থিতেতি যদ্যপি সিদ্ধসাধকভেদেন দ্বিবিধোঽয়ং সম্ভবতি তথাপি যৎ কিঞ্চিজ্জাত রুচিদৃঢ়াগ্রহঃ সাধক এবাত্র লক্ষ্যতে নতু সম্যগ্ ভগবন্মাধুর্য্যানুভবসিদ্ধঃ। নহ্যমৃতাস্বাদে লব্ধে গুড়াদিত্যাগী তথা প্রশস্যতে। তস্য তস্যাপি ভক্তৌবাগ্রহ দৃষ্ট্বা তুষ্টঃ শ্রীহরিঃ তদাগ্রহব্যক্ত্যর্থং কদাচিত্তং দাতুমিব প্রোৎসাহয়তীতি। বর ইত্যনৈত্রিয়মনোঽপীত্যর্থঃ ॥ ১৬ ॥

বিপর্য্যস্তকারকত্বং হরেরপাদানত্বং ভক্তস্যাতু সংপ্রদানত্বমিত্যেবং জ্ঞেয়া অতি-

যথাবা দশরূপকে ॥

ভগবান্ হরির যে হস্ত লক্ষ্মীর পয়োধর লিপ্ত কুঙ্কুমদ্বারা অরুণবর্ণ, বলিরাজ সেই হস্তকে ভিক্ষাপাত্র করিয়াছিলেন ॥১৫

অথ উপস্থিত দুরাপার্থত্যাগী ॥

ভগবান্ হরি সার্ষ্টি প্রভৃতি মুক্তি অথবা অন্য কোন বর দিতে ইচ্ছা করিলেও যিনি তাহা গ্রহণ না করেন, তাঁহাকে উপস্থিত দুরাপার্থত্যাগী বলে ॥ ১৬ ॥

পূর্ব্ব অপেক্ষা এস্থলে কারকের বিপর্য্যয় অর্থাৎ পূর্ব্বে

অস্মিন্নুদ্দীপনাঃ কৃষ্ণ কৃপালাপস্মিতাদয়ঃ।
অনুভাবাস্তদুৎকর্ষ বর্ণন দ্রঢ়িমাদয়েঃ।
অত্র সঞ্চারিতা ভূম্না ধৃতেরেব সমীক্ষ্যতে ॥ ১৭ ॥
ত্যাগোৎসাহ রতির্ধীরৈঃ স্থায়ীভাব ইহোদিতঃ।
ত্যাগেচ্ছা তাদৃশী প্রৌঢ়া ত্যাগোৎসাহ ইতীর্য্যতে ॥ ১৮ ॥
যথা হরিভক্তিসুধোদয়ে ॥
স্থানাভিকামস্তপসি স্থিতোহহং
ত্বাং দৃষ্টবান্ সাধুমুনীন্দ্রগুহ্যং।

পদ্মেন সমীক্ষ্যতে ॥ ১৭ ॥
তাদৃশী সার্ষ্ট্যাদ্যানিচ্ছাময়ী ॥ ১৮ ॥
স্থানেতি শ্রীধ্রুববাক্যং তদিদমপি ন সম্যঙ্মার্যামুভবময়ং। শ্রীভাগবতেহি

যে হরি সম্প্রদান ছিলেন, তিনি এখানে অপাদান এবং যে ভক্ত অপাদান ছিলেন তিনি এখানে সম্প্রদান হইলেন ॥

এ স্থলে কৃষ্ণের কৃপা, আলাপ ও হাস্য প্রভৃতি উদ্দীপন এবং কৃষ্ণের দৃঢ়রূপে উৎকর্ষ বর্ণনই অনুভাব। আর অতিশয় ধৃতিকেই সঞ্চারিত ভাব বলে ॥ ১৭ ॥

অপর পণ্ডিতগণ বলিয়াছেন, দানবিষয়ে উৎসাহ রতিই স্থায়ীভাব, আর দানবিষয়ক ইচ্ছা বৃদ্ধিশীল হইলে তাহাকে দানোৎসাহ বলে ॥ ১৮॥

যথা হরিভক্তিসুধোদয়ে ॥

ধ্রুব বলিলেন, হে দেব! আমি স্থান কামনা করিয়া তপস্যায় প্রবৃত্ত হইলে যেমন কাচ অন্বেষণ করিতে করিতে

কাচং বিচিম্বন্নিব দিব্যরত্নং
স্বামিন্ কৃতার্থোঽস্মি বরং ন যাচে ॥ ১৯ ॥
যথা তৃতীয়ে ॥
নাত্যন্তিকং বিগণয়ন্ত্যপি তে প্রসাদং
কিম্বন্যদর্পিতভয়ং ভ্রুব উন্নয়ৈস্তে।
যেঽঙ্গ ত্বদঙ্ঘ্রিশরণা ভবতঃ কথায়াঃ

পাকৃজন্যস্য স্পর্শাদেব তেন তত্ত্বজ্ঞং কিন্তু ক্রমাদেবানুভূতমিতি ব্যক্তং ॥ ১৯ ॥
নাত্যন্তিকমিত্যাদিনাপি তাদৃশ সাধকা এব বিবক্ষিতাঃ। কুশলা ইত্যনেনোক্তানাং ভক্তিরসশাস্ত্রানুসারেণ বিবেকিনামেবাত্যোদাহ্রিয়মাণত্বং নতু কৈমুত্যেনোত্তরপ্রোক্তানাং রসজ্ঞানামিতি। তে তব ভ্রুব উন্নয়ৈর্বিক্ষেপকল্পৈঃ

রত্ন পায় তদ্রূপ আপনাকে প্রাপ্ত হইলাম, অতএব হে স্বামিন্! আর বর প্রার্থনা করি না ॥ ১৯ ॥

যথাবা তৃতীয়ে ১৫ অধ্যায়ে ৪৮ শ্লোকে ॥

সনকাদি মুনিগণ কহিলেন, হে ভগবন্! তোমার যশ পরম রমণীয় ও অতিশয় পবিত্র সুতরাং কীর্ত্তনার্হ ও তীর্থ স্বরূপ, যে সকল কুশল ব্যক্তি তোমার কথার রসজ্ঞ, তাঁহারা তোমার আত্যন্তিক প্রসাদরূপ যে মোক্ষপদ, তাহাকেও গণ্য করেন না, অন্য ইন্দ্রাদি পদের কথা কি? ফলতঃ ইন্দ্রাদিপদেও তোমার ভ্রূভঙ্গ মাত্রে ভয় অর্পিত হয়, তোমার কথারসজ্ঞজনেরা সতত নিরতিশয় সুখসম্ভোগ করেন,

কীর্ত্তন্যতীর্থযশসঃ কুশলা রসজ্ঞাঃ ॥ ২০ ॥
অয়মেব ভবন্নুচ্চৈ প্রৌঢ়ভাববিশেষভাক্।
ধুর্য্যাদীনাং তৃতীয়স্য বীরস্য পদবীং ব্রজেৎ ॥
অথ দয়াবীরঃ ॥
কৃপার্দ্র হৃদয়ত্বেন খণ্ডশো দেহমর্পয়ন্।
কৃষ্ণায়াচ্ছন্নরূপায় দয়াবীর ইহোচ্যতে।
উদ্দীপনা ইহ প্রোক্তাস্তাদার্ত্তিব্যঞ্জনাদয়ঃ।
নিজপ্রাণব্যয়েনাপি বিপন্নত্রাণশীলতা।
আশ্বাসনোক্তয়ঃ স্থৈর্য্যমিত্যাদ্যাস্তত্রবিক্রিয়াঃ।

কালৈঃ ॥ ২০ ॥

প্রৌঢ়ভাববিশেষভাক্ কশ্চিদেবেত্যর্থঃ। বিশেষ শব্দোহত্র তাদৃশ দাস্য-পর্য্যবসানার্থঃ। অন্যাভিলাষিতাশূন্যমিত্যাদিভিবসক্রদেব সর্ব্বস্যাপি ভক্তস্য

তাহাতে ঐ পদে তাঁহাদের কেন প্রবৃত্তি হইবে? ॥ ২০ ॥

এই উপস্থিত দুর্ল্লভ অর্থ পরিত্যাগী অতিশয়রূপে ধুর্য্যাদির প্রৌঢ়ভাববিশেষ লাভ করিলে তৃতীয় দয়াবীরের স্থান প্রাপ্ত হয়েন ॥

অথ দয়াবীর ॥

যিনি দয়ায় আর্দ্রচিত্ত হইয়া আচ্ছন্নরূপি হরিকে খণ্ড খণ্ড দেহ অর্পণ করেন, তাঁহাকে দয়াবীর বলে ॥

পণ্ডিতগণ এই দয়াবীরে শ্রীকৃষ্ণের পীড়া প্রকাশক সকলকে উদ্দীপন। স্বীয় প্রাণ দিয়া বিপন্ন ব্যক্তির ত্রাণকারিতা, আশ্বাস বাক্য ও স্থৈর্য্য ইত্যাদি সকলকে বিকার তথা

ঔৎসুক্যমতিহর্ষাদ্যাঃ জ্ঞেয়াঃ সঞ্চারিণো বুধৈঃ।
দয়োৎসাহরতিস্তত্র স্থায়িভাব উদীর্য্যতে।
দয়োদ্রেকভৃদুৎসাহো দয়োৎসাহ ইহোদিতঃ ॥ ২১ ॥

যথা ॥

বন্দে কুট্মলিতাঞ্জলির্ম্মুহুরহং বীরং ময়ূরধ্বজং
যেনার্দ্ধং কপটদ্বিজায় বপুষঃ কংসদ্বিষে দিৎসতা।
কষ্টং গদ্গদিকাকুলোঽস্মি কথনারম্ভাদহো ধীমতা
সোল্লাসং ক্রকচেন দারিতমভূৎ পত্নীসুতাভ্যাং শিরঃ ॥২২

তাদৃশত্বয়া প্রাপ্তত্বাৎ ॥ ২১ ॥

বন্দ ইত্যাদৌ কষ্টমিত্যাদিগর্ভিতদোষোঽপি চমৎকারপোষকত্বাদ্গুণঃ। যথা সাহিত্যদর্পনাদৌ দিঙ্নাতঙ্গঘটেত্যাদিপদ্যানি দর্শিতানি। গর্ভিতত্বঞ্চ যদ্বাক্যান্তরমধ্যে বাক্যান্তরং প্রবিশতীতি। এবমন্যত্রাপি সমাধেয়ং ॥ ২২ ॥

ঔৎসুক্য, মতি ও হর্ষাদিকে সঞ্চারি স্থায়ী ভাব। আর উৎসাহ যদি দয়ার উদ্রেক ধারণ করে, তাহা হইলে তাহাকে দয়োৎসাহ বলেন ॥ ২১ ॥

যথা ॥

হায়! যাঁহার কথা আরম্ভ করিতে আমার অতিকষ্টেও বাক্য নিঃসৃত হইতেছে না, সেই ময়ূরধ্বজকে কৃতাঞ্জলিপুটে বারম্বার বন্দনা করি। এই বুদ্ধিমান্ ব্রাহ্মণ রূপধারি কংসারিকে অর্দ্ধশরীর দান করিতে ইচ্ছা করিয়া উল্লাস সহকারে পত্নী পুত্রকর্ত্তৃক করাতদ্বারা আপনার মস্তক বিদীর্ণ করিয়াছিলেন ॥ ২২ ॥

হরেশ্চেত্তত্ত্ববিজ্ঞানং নৈবাস্য ঘটতে দয়া।
তদভাবেত্বসৌ দানবীরেঽন্তর্ভবতি স্ফুটং ॥ ২৩ ॥
বৈষ্ণবত্বাদ্রতিঃ কৃষ্ণে ক্রিয়তেনেন সর্ব্বদা।
কৃতাত্র দ্বিজরূপে চ ভক্তিস্তেনাস্য ভক্ততা।
অন্তর্ভাবং বদন্তোঽস্য দানবীরে দয়াত্মনঃ।
বোপদেবাদয়ো ধীরা বীরমাচক্ষতে ত্রিধা ॥
ধর্ম্মবীরঃ ॥
কৃষ্ণৈকতোষণে ধর্ম্মে যঃ সদা পরিনিষ্ঠিতঃ।
প্রায়েণ ধীরশান্তস্তু ধর্ম্মবীরঃ স উচ্যতে ॥

হরেরিতি। তত্ত্বশ্চ তদভাবে তস্যা দয়ায়া অভাব ইত্যর্থঃ ॥ ২৩ ॥
বৈষ্ণবত্বাদিতি বিষ্ণুর্ভক্তির্ভজনীয়ো যস্যাসৌ হি বৈষ্ণবঃ। স চ ভক্তিরিত্যনেন

ইহাঁর যদি ভগবান্ হরির তত্ত্ব জ্ঞান না থাকে, তাহা হইলে দয়া ঘটে না, দয়ার অভাব হইলে ইনি স্পষ্টরূপে দানবীরের অন্তর্ভূত হইবেন ॥ ২৩ ॥

বৈষ্ণবতা প্রযুক্ত এই ময়ূরধ্বজ সর্ব্বদা কৃষ্ণে ভক্তি করিতেন, এ স্থলে ব্রাহ্মণ মূর্ত্তিতে ভক্তি করাতে ইহাঁর ভক্তত্ব সিদ্ধি হইল। এই দয়ার্দ্রচিত্তকে দানবীরের অন্তর্ভাব বলিয়া বোপদেবপ্রভৃতি ধীর ব্যক্তিসকল তিন প্রকার বীর বর্ণন করিয়াছেন ॥

অথ ধর্ম্মবীর ॥

যে ব্যক্তি শ্রীকৃষ্ণের পরিতোষণ রূপ ধর্ম্ম বিষয়ে সর্ব্বদা তৎপর, তাঁহাকে ধর্ম্মবীর বলিয়া বর্ণন করা যায়, কিন্তু প্রায় ধীরশান্ত পুরুষই ধর্ম্মবীর হইয়া থাকেন ॥

উদ্দীপনা ইহ প্রোক্তাঃ সচ্ছাস্ত্র শ্রবণাদয়ঃ।
অনুভাবা নয়াস্তিক্য সহিষ্ণুত্ব যমাদয়ঃ।
মতি স্মৃতি প্রভৃতয়ো বিজ্ঞেয়া ব্যভিচারিণঃ।
ধর্ম্মোৎসাহরতির্ধীরৈঃ স্থায়ীভাব ইহোচ্যতে।
ধর্ম্মৈকাভিনিবেশস্তু ধর্ম্মোৎসাহো মতঃ সতাং ॥ ২৪ ॥

যথা ॥

ভবদভিরতিহেতূন্ কুর্ব্বতা সপ্ততন্তূন্
পুরমভিপুরুহূতে নিত্যমেবোপহূতে।
দনুজদমন তস্যাঃ পাণ্ডুপুত্রেণ গণ্ডঃ

স্বত্রেণালৌকিকাভিধানাৎ। ততশ্চ বৈষ্ণবত্বাদিষু ভক্তিযুক্তত্বাদিতার্থঃ॥ ২৪ ॥
সপ্ততন্তুর্যজ্ঞঃ ॥ ২৫ ॥

এই ধর্ম্মবীরে সৎশাস্ত্র শ্রবণপ্রভৃতি উদ্দীপন। নীতি, আস্তিক্য, সহিষ্ণুত্ব এবং ইন্দ্রিয়নিগ্রহপ্রভৃতি অনুভাব। আর মতি স্মৃতিপ্রভৃতি ব্যভিচারী হইয়া থাকে ॥

ধীরগণ এ স্থলে ধর্ম্মোৎসাহ রতিকেই স্থায়ীভাব, আর কেবল ধর্ম্মবিষয়ে অভিনিবেশকেই ধর্ম্মোৎসাহ বলেন ॥ ২৪ ॥

যথা ॥

হে অসুরনাশন কৃষ্ণ! পাণ্ডুপুত্র যুধিষ্ঠির তোমাতে রতি উৎপাদন করিবে এই উদ্দেশে যজ্ঞসকল করিয়া নিত্যই ইন্দ্রকে স্বীয় পুরে আহ্বান করিতেন, তাহাতে সুদীর্ঘ কালের জন্য তদীয় পত্নী শচীর গণ্ডদেশকে বাম হস্তরূপ শয্যায় শয়ন করাইয়াছিলেন অর্থাৎ ইন্দ্রবিরহে শচী বামহস্তে গণ্ডদেশ

সুচিরমরচি শচ্যাঃ সব্যহস্তাঙ্কশায়ী ॥
যজ্ঞঃ পূজাবিশেষোঽস্য ভুজাদ্যঙ্গানি বৈষ্ণবৈঃ।
ধ্যাত্বেন্দ্রাদ্যাশ্রয়ত্বেন যদেম্বাহুতিরর্প্যতে
অয়ং তু সাক্ষাত্তস্যৈব নিদেশাৎ কুরুতে মখান্।
যুধিষ্ঠিরোঽম্বুধিঃ প্রেম্নাং মহাভাগবতোত্তমঃ।
দানাদি ত্রিবিধং বীরং বর্ণয়ন্তঃ পরিস্ফুটং।
ধর্ম্মবীরং ন মন্যন্তে কতিচিদ্ধনিকাদয়ঃ ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধাবুত্তরবিভাগে গৌণভক্তি-রসনিরূপণে বীরভক্তিরসলহরী তৃতীয়া ॥ * ॥ ৩ ॥ * ॥

॥ • ॥ ইতি নবলহর্য্যাত্মকে উত্তরবিভাগে বীরভক্তিরসলহরী তৃতীয়া ॥০॥৩॥

অর্পণ করিয়া বহুকাল যাবৎ অবস্থিত ছিলেন ॥

পূজা বিশেষকে যজ্ঞ বলে, বৈষ্ণবগণ শ্রীকৃষ্ণের ভুজপ্রভৃতি অঙ্গসকলের আশ্রয়ত্বরূপে ইন্দ্রাদিকে ধ্যান করিয়া ঐ সকল আহুতি প্রদান করিয়া থাকেন, কিন্তু এই পাণ্ডুনন্দন যুধিষ্ঠির প্রেমের সমুদ্র এবং মহাভাগবতোত্তম, ইনি সাক্ষাৎ শ্রীকৃষ্ণের নির্দ্দেশ হেতু যজ্ঞ সকল করিতেন ॥

ধ্বনিকাদি কতকগুলি পণ্ডিত ধর্ম্মবীর স্বীকার না করিয়া কেবল যুদ্ধবীর, দানবীর ও দয়াবীর এই তিন বীর স্পষ্টরূপে বর্ণন করেন ॥ ২৫ ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃতব্যাখ্যায় ভক্তি-রসামৃতসিন্ধুর উত্তর বিভাগে বীরভক্তিরসলহরী তৃতীয়া ॥ * ॥

অথ করুণভক্তিরসঃ ॥

আত্মোচিতৈর্বিভাবাদ্যৈর্নীতা পুষ্টিং সতাং হৃদি।
ভবেচ্ছোকরতির্ভক্তিরসোহি করুণাভিধঃ।
অব্যুচ্ছিন্নমহানন্দোঽপ্যেষ প্রেমবিশেষতঃ।
অনিষ্টাপ্তেঃ পদতয়া বেদ্যঃ কৃষ্ণোঽস্যচ প্রিয়ঃ ॥
তথানবাপ্ততদ্ভক্তিসৌখ্যশ্চ স্বপ্রিয়ো জনঃ।
ইত্যস্য বিষয়ত্বেন জ্ঞেয়া আলম্বনাস্ত্রিধা ॥ ১ ॥
তত্তদ্বেদীচ তদ্ভক্ত আশ্রয়ত্বেন চ ত্রিধা।
সোঽপ্যোচিত্যেন বিজ্ঞেয়ঃ প্রায়ঃ শাস্তাদিবর্জিতঃ।

তত্তদ্বেদী তাদৃশকৃষ্ণাদিত্রয়ানুভাবিতা ॥

অথ করুণভক্তিরস ॥

সৎসকলের হৃদয়ে আত্মোচিত বিভাবাদিদ্বারা শোক রতি প্রাপ্ত হইলে তাহাকে করুণাখ্য ভক্তিরস বলে।

এই করুণরস প্রেম বিশেষ হেতু অব্যুচ্ছিন্ন মহানন্দ হইলেও অনিষ্ট প্রাপ্তির স্থান বলিয়া কৃষ্ণ এবং কৃষ্ণপ্রিয় তথা কৃষ্ণভক্তিসুখ অপ্রাপ্ত স্বপ্রিয়জন ইহারা জ্ঞেয়স্বরূপ হয়েন ॥ উক্ত কৃষ্ণাদি ত্রয় করুণরসের বিষয় প্রযুক্ত আলম্বন তিন প্রকার হয় ॥ ১ ॥

এই করুণরসের আশ্রয় হেতু কৃষ্ণাদি ত্রয় অনুভবকারী ভক্তও তিন প্রকার হয়।

উপযুক্ত বলিয়া ঐ করুণ-ভক্তিরস প্রায় শাস্তাদিরস বর্জিত জানিতে হইবে ॥

তৎকর্ম্মগুণরূপাদ্যা ভবস্ত্যুদ্দীপনা ইহ ॥ ২ ॥
অনুভাবা মুখে শোষো বিলাপঃ শ্রস্তগাত্রতা।
শ্বাসক্রোশনভূপাতঘাতোরস্তাড়নাদয়ঃ।
অত্রাষ্টৌ সাত্ত্বিকা জাড্যনির্ব্বেদগ্লানিদীনতা।
চিন্তা বিষাদ ঔৎসুক্যচাপলোন্মাদমৃত্যবঃ।
আলস্যাপস্মৃতিব্যাধিমোহাদ্যা ব্যভিচারিণঃ ॥ ৩ ॥
হৃদি শোকতয়াংশেন গত্বা পরিণতিং রতিঃ।
উক্তা শোকরতিঃ সৈব স্থায়ী ভাব ইহোচ্যতে ॥ ৪ ॥
তত্র কৃষ্ণো যথা শ্রীদশমে ॥

ভুবিপাতঃ ভুবিঘাতশ্চ হস্তেন ভূতাড়নমিতি দ্বয়ং জ্ঞেয়ং ॥ ৩ ॥
অংশেন অনিষ্টাপ্তিপ্রতীতিরূপেণ নিজবিশেষণেন ॥ ৪ ॥

এই রসে কৃষ্ণের গুণ, রূপ ও কর্ম্ম উদ্দীপন ॥ ২ ॥

আর মুখশোষ, বিলাপ, অঙ্গস্খলন, শ্বাস, চিৎকার, ভূমি-পতন, ভূমি আঘাত ও বক্ষঃতাড়না প্রভৃতি অনুভাব হয়। অপর ইহাতে পূর্ব্বোক্ত আট প্রকার সাত্ত্বিক তথা জাড্য, নির্ব্বেদ, গ্লানি, দীনতা, চিন্তা, বিষাদ, ঔৎসুক্য, চাপল, উন্মাদ মৃত্যু, আলস্য, অপস্মৃতি, ব্যাধি ও মোহ প্রভৃতি ব্যভিচারী হইয়া থাকে ॥ ৩ ॥

রতি হৃদয়মধ্যে অনিষ্ট প্রাপ্তির প্রতীতিরূপে পরিণত হইলে তাহাকে শোকরতি বলা যায়, এস্থলে এই শোকরতিই স্থায়ী ভাব ॥ ৪ ॥

আলম্বনরূপী কৃষ্ণ যথা ॥

শ্রীদশমে ১৬ অধ্যায়ে ১৩ শ্লোকে ॥

তং নাগভোগপরিবীতমদৃষ্টচেষ্ট-
মালোক্য তৎপ্রিয়সখাঃ পশুপা ভৃশার্ত্তাঃ।
কৃষ্ণেঽর্পিতাত্মসুহৃদর্থকলত্রকামা-
দুঃখাভিশোকভয়মূঢ়ধিয়ো নিপেতুঃ ॥ ৫ ॥
যথাবা ॥
ফণিহ্রদমবগাঢে দারুণং পিঞ্ছচূড়ে
স্খলদশিশিরবাষ্পস্তোমধৌতোত্তরীয়া।
নিখিলকরণবৃত্তিস্তম্ভিনীমাললম্বে
বিষমগতিমবস্থাং গোষ্ঠরাজস্য রাজ্ঞী ॥

তৎপ্রিয়সখাশ্চ পশুপাশ্চান্যে গোপাঃ ॥ ৫ ॥
ফণিহ্রদমিতি। গোষ্ঠরাজস্য পত্নীতি পাঠান্তরং ॥ ৬।

সর্পশরীরে পরিবেষ্টিত হওয়াতে শ্রীকৃষ্ণের চেষ্টা দৃষ্ট হইল না, তাঁহাকে তদবস্থ নিরীক্ষণ করিয়া তদীয় প্রিয়সখা গোপসকল অতিশয় আর্ত্ত হইলেন এবং দুঃখ, শোক ও ভয় প্রযুক্ত হতবুদ্ধি হইয়া ভূতলে পড়িতে লাগিলেন। হে রাজন্! শ্রীকৃষ্ণের অনিষ্ট দর্শনে গোপদিগের এরূপ মোহ হওয়া বিচিত্র নহে, তাঁহারা আপনাদের আত্ম, সুহৃৎ, অর্থ, কলত্র এবং কাম সকলই তাঁহার প্রতি সমর্পণ করিয়াছিলেন ॥ ৪ ॥

যথাবা ॥

শ্রীকৃষ্ণ দারুণ কালিয়হ্রদে অবগাহন করিলে গোষ্ঠরাজ রাজ্ঞী যশোদা গলিত উষ্ণ বাষ্পসমূহে উত্তরীয় বসন আর্দ্র করিয়া নিখিল ইন্দ্রিয়বৃত্তি স্তম্ভনকারিণী বিষম গতিরূপ অবস্থা অবলম্বন করিয়াছিলেন ॥

তস্য প্রিয়জনো যথা ॥

কৃষ্ণপ্রিয়াণামাকর্ষে শঙ্খচূড়েন নির্ম্মিতে।
নীলাম্বরস্য বক্ত্রেন্দুর্নীলিমানং মুহুর্দধে ॥ ৬ ॥

স্বপ্রিয়ো যথা হংসদূতে ॥

বিরাজন্তে যস্য ব্রজশিশুকুলস্তেয়বিকল-
স্বয়ম্ভূচূড়াগ্রৈর্লুলিতশিখরাঃ পাদনখরাঃ।
ক্ষণং যানালোক্য প্রকটপরমানন্দবিবশঃ
স দেবর্ষির্মুক্তানপি মুনিগণান্ শোচতি ভৃশং ॥

বিরাজন্ত ইতি। লুলিত ইতি লু'লতত্বং বিমর্দ্দিতত্বং। লুল বিমর্দ্দন ইত্যস্য নিষ্ঠায়াং প্রয়োগাৎ। অত্রস্বত্যস্ত সংস্পর্শতাৎপর্য্যকত্বেন অর্থান্তর·

আলম্বন রূপী কৃষ্ণের প্রিয়জন যথা ॥

শঙ্খচূড় শ্রীকৃষ্ণের প্রেয়সীবর্গকে আকর্ষণ করিতেলাগিলে, নীলাম্বর বলদেবের বদনচন্দ্র মুহুর্মুহুঃ নীলিমা ধারণ করিয়াছিল ॥ ৬ ॥

স্বপ্রিয় যথা হংসদূতে ॥

গোপীগণ কহিলেন, হংস! যাঁহার চরণনখর সকল ব্রজশিশুকুল অপহরণ করায় ব্যাকুলচিত্তে ব্রহ্মার লুলিত চূড়াগ্রচিহ্নে শোভা পাইতেছে এবং ক্ষণকাল যে সকল চরণচিহ্ন দেখিয়া দেবর্ষি নারদ পরমানন্দে বিবশ হওত সংসার নির্মুক্তমুনিগণের নিমিত্ত অতিশয় শোক করিয়াছিলেন তুমি সেই সকল চরণচিহ্ন অবলোকন করিয়া গমন করিও ॥

যথাবা ॥

মাতর্মাদ্রি গতা কুতস্ত্বমধুনা হা কাসি পাণ্ডো পিতঃ
সান্দ্রানন্দসুধাব্ধিরেষ যুবয়োর্নাভূদ্দৃশাং গোচরঃ।
ইত্যুচ্চৈর্নকুলানুজো বিলপতি প্রেক্ষ্য প্রমোদাকুলো
গোবিন্দস্য পদারবিন্দযুগলপ্রোদ্দামকান্তিচ্ছটাং ॥
রতিং বিনাপি ঘটতে হাস্যাদেরুদ্গমঃ কচিৎ।
কদাচিদপি শোকস্য নাস্য সম্ভাবনা ভবেৎ।
রতের্ভূম্না কৃশিম্না চ শোকো ভূয়ান্ কৃশশ্চ সঃ।
রত্যা সহাবিনাভাবাৎ কাপ্যেতস্য বিশিষ্টতা ॥ ৭ ॥

সংক্রমিতত্বমেব জ্ঞেয়ং। তন্মুভূত ইত্যত্র মুনিগণানিতি পাঠঃ। স্বপ্রিয়বিস্ময়ত্বেন যুক্তঃ ॥ ৭ ॥

যথাবা ॥

নকুলানুজ সহদেব গোবিন্দের চরণারবিন্দের অসীমকান্তিচ্ছটা অবলোকন করিয়া আনন্দাকুলচিত্তে কহিলেন, হে মাতঃ মাদ্রি! সম্প্রতি আপনি কোথায় গমন করিলেন, হে পিতঃ পাণ্ডো! আপনি কোথায় আছেন, আপনাদের এই নিবিড় আনন্দসমুদ্র নয়নগোচর হইল না, এই বলিয়া উচ্চরূপে বিলাপ করিতে লাগিলেন ॥

রতি ব্যতিরেকেও কোন কোন স্থানে হাস্যাদির উদ্গম হয়, কিন্তু কদাচ শোকের সম্ভাবনা হয় না ॥

রতির বাহুল্য ও লঘুত্বে শোকের বিপুলত্ব ও ন্যূনত্ব সম্ভব হয়। রতির সহিত অবিনাভাবপ্রযুক্ত কোন স্থলে এই শোকরতির বিশিষ্টতা হইয়া থাকে ॥

অপিচ ॥

কৃষ্ণৈশ্বর্য্যাদ্যবিজ্ঞানং কৃতং নৈষামবিদ্যয়া।
কিন্তু প্রেমোত্তররসবিশেষেণৈব তৎ কৃতং।

কৃষ্ণৈশ্বর্য্যাদীতি। এতদুক্তং ভবতি। ভগবন্নাম স্বরূপভূতভগবত্তাবিশিষ্টঃ পরমানন্দস্বরূপঃ। তদুক্তং চতুর্থে। ত্বং প্রত্যগাত্মনি তদা ভগবত্যনন্ত আনন্দমাত্র উপপন্নসমস্তশক্তাবিতি। বিষ্ণুপুরাণে। জ্ঞানশক্তিবলৈশ্বর্য্যবীর্য্যতেজাংস্যশেষতঃ। ভগবচ্ছব্দবাচ্যানি বিনা হেয়ৈর্গুণাদিভিরিতি। ভগবত্তা তু ষড়্বিধত্বেহপি সামান্যতো দ্বিবিধা। পরমৈশ্বর্য্যরূপা পরমমাধুর্য্যরূপা চেতি। তত্রৈশ্বর্য্যং নাম প্রভাবেন বশীকর্তৃত্বং। যদনুভবেন তস্মাদ্ভয়সংভ্রমাদি স্যাৎ। মাধুর্য্যন্তু রূপগুণলীলানাং রোচকত্বং। যদনুভবেন তস্মিন্ প্রেম স্যাৎ। কেবলং স্বরূপং তু স্বানন্দমাত্রসমর্পকং। তত্র মাধুর্য্যানুভবস্তু তদ্দ্বয়স্যাপ্যনুভবমাবৃণোতি। যথা তস্যারবিন্দনয়নস্যেত্যত্র সংক্ষোভমক্ষরজুষামপি চিত্ততন্বোরিতি শ্রীসনকাদিভিস্তদ্দর্শনে। যথা চ। জন্ম তে ময্যসৌ পাপো মা বিদ্যান্মধুসূদন। সমুদ্বিজে ভবদ্ধেতোঃ কংসাদহমধীরধীরিত্যত্র শ্রীদেবক্যাদিবাক্যে। সচ মাধুর্য্যানুভবো মাধুর্য্যভাবনাত্মকসাধনোৎপন্নপ্রেমবিশেষলব্ধরসপর্য্যায়াস্বাদবিশেষঃ। তস্মাত্তেন যদৈশ্বর্য্যাদ্যানুভবাবরণং তৎ সর্ব্বোত্তমবিদ্যাময়মেব ইতি ব্রহ্মজ্ঞানাদর্ব্বাচীনত্বেহবিদ্যা কথং তত্রাবকাশং লভতাং। যথা শ্রীবলদেবস্যাপি তন্মঙ্গলার্থঃ প্রযত্নঃ শ্রূয়তে। শ্রুত্বৈতদ্ভগবান্রামো বিপক্ষীয়বলোদ্যমং। কৃষ্ণঞ্চৈকং গতং হর্ত্তুং কন্যাং কলহশঙ্কিতঃ। বলেন মহতা সার্দ্ধং ভ্রাতৃস্নেহপরিপ্লুতঃ। ত্বরিতঃ কুণ্ডিনং প্রাগাদ্গজাশ্বরথপত্তিভিরিতি। শ্রীযুধিষ্ঠিরস্যাপি যথা। অজাতশত্রুঃ পৃতনাং গোপীথায় মধুদ্বিষঃ। পরেভ্যঃ শঙ্কিতঃ স্নেহাদ্প্রাযুঙ্ক্ত চতুরঙ্গিনীমিতি। যস্মাদেবমতস্তদানীমপি প্রেমানন্দময়কৃষ্ণানন্দস্ফুরণাৎ। তদুপলক্ষিতাৎ তাদৃশ-

---

বলদেব ও যুধিষ্ঠির প্রভৃতির ঐশ্বর্য্যাদির অবিজ্ঞান অবিদ্যাদ্বারা কৃত হয় না, কিন্তু গাঢ় প্রেমবিশেষদ্বারাই ঘটিয়া থাকে,

অতঃ প্রাদুর্ভবন্ শোকো লব্ধোঽপ্যুল্লুটতাং মুহুঃ।
দুরূহামেব তনুতে গতিং সৌখ্যস্য কামপি ॥ ৮ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধাবুত্তরবিভাগে গৌণভক্তি-রসনিরূপণে করুণভক্তিরসলহরী চতুর্থী ॥ * ॥ ৪ ॥ * ॥

অথ রৌদ্রভক্তিরসঃ ॥

নীতা ক্রোধরতিঃ পুষ্টিং বিভাবাদ্যৈর্নিজোচিতৈঃ।
হৃদি ভক্তজনস্যাসৌ রৌদ্রভক্তিরসো ভবেৎ ॥ ১ ॥
কৃষ্ণো হিতোঽহিতশ্চেতি ক্রোধস্য বিষয়স্ত্রিধা।

প্রেমস্বভাবেন কথঞ্চিৎ সম্ভাবনেন বা প্রত্যাশানুগমাৎ পর্য্যবসানেঽপি তৎসুখ-সৈবাভ্যুদয়াদপ্যসৌ সৌখ্যগতিমেব তনুতে। কিন্তু দুরূহাং আগন্তুকদুঃখানু-ভবেনাবৃতাং। অতএব কামপি অনির্ব্বচনীয়ামিত্যর্থঃ। তস্মাদত্রৈব করুণেঽপি সুখময়ত্বমিতি ভাবঃ ॥ ৮ ॥

॥ ০ ॥ ইতি দুর্গমসঙ্গমন্যাম্নি টীকায়াং উত্তরবিভাগে করুণভক্তিরসলহরী চতুর্থী ॥০॥৪॥০॥

অথ ক্রোধরতিঃ যথাভীতিঃ। কৃষ্ণাদিতাপাদানংভীত্যার্থানাং ভয়হেতুমিতি

অতএব শোক প্রাদুর্ভূত হওত মুহুর্মুহুঃ বৃদ্ধিশীল হইয়া সুখের কোন দুরূহ গতি বিস্তার করে ॥ ৮ ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃত ব্যাখ্যায় ভক্তি-রসামৃতসিন্ধুর উত্তরবিভাগে করুণভক্তিরসলহরী ॥ * ॥

অথ রৌদ্রভক্তিরস ॥

ক্রোধরতি নিজোচিত বিভাবাদিদ্বারা পুষ্টিপ্রাপ্ত হইলে তাহাকে রৌদ্র ভক্তিরস বলে ॥ ১ ॥

কৃষ্ণ, হিত ও অহিত ভেদে ক্রোধের বিষয় তিন প্রকার

কৃষ্ণে সখীজরত্যাদ্যাঃ ক্রোধস্যাশ্রয়তাং গতাঃ।
ভক্তাঃ সর্ব্ববিধা এব হিতে চৈবাহিতে তথা ॥
তত্র কৃষ্ণে সখ্যাঃ ক্রোধঃ ॥
সখীক্রোধো ভবেৎ সখ্যাঃ কৃষ্ণাদত্যাহিতে সতি ॥ ২ ॥
যথা বিদগ্ধমাধবে ॥
অন্তঃ ক্লেশকলঙ্কিতাঃ কিল বয়ং যামোঽদ্য যাম্যাং পুরং
নায়ং বঞ্চনসঞ্চয়প্রণয়িনং হাসং তথাপ্যুজ্ঝতি।
অস্মিন্ সংপুটিতে গভীরকপটৈরাভীরপল্লীবিটে

স্মরণাৎ ॥ ২ ॥
অন্তঃক্লেশকলঙ্কিতা ইত্যস্য প্রকারপরীক্ষার্থং কৃতৌদাসীন্যপ্রায়াং

হয়। কৃষ্ণবিষয়ে সখী এবং জরতীপ্রভৃতি তথা হিত ও অহি-তাদি বিষয়ে সর্ব্বপ্রকার ভক্ত ক্রোধে আশ্রয় হইয়া থাকেন ॥

তন্মধ্যে কৃষ্ণের প্রতি সখীর ক্রোধ যথা ॥

কৃষ্ণ হইতে মহাভয় সম্ভাবনা হইলে সখীর প্রতি সখীর ক্রোধ প্রকাশ পায় ॥ ২ ॥

যথা বিদগ্ধমাধবে ২ অঙ্কে ৫৩ শ্লোকে ॥

ললিতা ক্রোধ প্রকাশপূর্ব্বক কহিলেন, রাধে! আমরা আন্তরিক ক্লেশে কলঙ্কিত হইয়াছি, একারণ আজ যমপুরে গমন করিব, তথাপি ইনি বঞ্চনা রূপ হাস্য পরিত্যাগ করি-লেন না, হে বুদ্ধিমতি! কি প্রকারে এই আভীরপল্লীকামুকে

হা মেধাবিনি রাধিকে তব কথং প্রেমা গরীয়ানভূৎ ॥ ৩ ॥

অথ তত্র জরত্যাঃ ক্রোধঃ ॥

ক্রোধো জরত্যা বধ্বাদিসম্বন্ধে প্রেক্ষিতে হরৌ ॥

যথা ॥

অরে যুবতিতস্কর প্রকটমেব বধ্বাঃ পট-
স্তবোরসি নিরীক্ষ্যতে বত ননেতি কিং জল্পসি ।
অহো ব্রজনিবাসিনঃ শৃণুত কিং ন নিক্রোশনং
ব্রজেশ্বরসুতেন মে সুতগৃহেঽগ্নিরুত্থাপিতঃ ॥

শ্রীকৃষ্ণাৎ শ্রীরাধায়া অত্যাধিক্যং জাতমিতি ॥ ৩ ॥

নন্বু জরত্যাঃ ক্রোধঃ কৃষ্ণে কথং স্যাৎ। অহো ভাগ্যমহো ভাগ্যমিত্যাদি শ্রীভাগবতনির্ণয়শতশ্রীতাঃ ব্রজবাসিজীবনাত্রাণাং সর্ব্বাতিক্রমেণ সর্ব্বসমর্প্যেনচ তদেকজীবানাং নাসৌ স্বার্থঃ সম্ভবতীতি তত্রাহ গোবর্দ্ধনমিতি সোঽয়ং চন্দ্রাবল্যাঃ অভিমন্যুঃ কংসস্য কশ্চিৎগোপঃ আপাদ্ধকতয়া কৃতব্রজবাস ইতি ক্বচিৎ প্রসিদ্ধিঃ। তস্মাৎ তং বিনানোর্থমিত্যাদি যোজ্যং। তদেবমপি তস্মি-

তোমার প্রেম গরীয়ান্ হইল ॥

অথ জরতীর ক্রোধ যথা ॥

বধূ সম্বন্ধীয় বস্ত্র হরিতে দৃষ্ট হইলে তাহাকে জরতীর ক্রোধ হয় ॥

যথা ॥

ক্রোধ প্রকাশপূর্ব্বক জরতী কহিল, অরে যুবতিতস্কর! স্পষ্টই তোর বক্ষে আমার বধূর বস্ত্র দেখিতেছি, হা কষ্ট না না একথা বলিতেছিস্ কেন, অহে ব্রজবাসী সকল!

গোবর্দ্ধনং মহামল্লং বিনান্যেষাং ব্রজৌকসাং।
সর্ব্বেষামেব গোবিন্দে রতিঃ প্রৌঢ়া বিরাজতে ॥

অথ হিতঃ ॥

হিতস্ত্রিধানবহিতঃ সাহসী চেষ্যু্রিত্যপি ॥ ৪ ॥

তত্রানবহিতঃ ॥

কৃষ্ণপালনকর্ত্তাপি তৎকর্ম্মাভিনিবেশতঃ ॥
ক্বচিত্তত্র প্রমত্তো যঃ প্রোক্তোঽনবহিতোঽত্র সঃ ॥ ৫ ॥

স্বস্যাঃ ক্রোধস্তন্মঙ্গলেচ্ছয়ৈব মুখ্যমুদ্যমমাবহতি নতু রত্যভাবেন ইতি পূর্ব্ব দর্শিতমস্তি তথা জনেষ্বপ্যুৎস্বেব তথা ক্রোশনং নতু শৃণ্বৎস্বপীতি ভাবঃ ॥ ৪ ॥

তত্র কৃষ্ণপালনে ক্বচিত্তৎসম্বন্ধিভাবান্তরেণ বৈচিত্তে সতি প্রমত্তঃ তস্য পরমহানিকরীমপি তদবস্থানবধাতুমসমর্থো যঃ সোঽনবহিতঃ প্রোক্তঃ ॥ ৫ ॥

তোমরা কি চিৎকার শুনিতেছ না, ব্রজেশ্বরনন্দন আমার পুত্রের গৃহে অগ্নি উত্থাপন করিয়াছে ॥ ৩ ॥

গোবর্দ্ধন মল্ল ব্যতিরেকে সমুদায় ব্রজবাসিরই গোবিন্দ বিষয়ে বৃদ্ধিশীলা রতি বিরাজ করিতেছে ॥

অথ হিত ॥

হিত তিন প্রকার হয় অনবহিত, সাহসী ও ঈর্ষ্যু ॥ ৪ ॥

তন্মধ্যে অনবহিত যথা ॥

শ্রীকৃষ্ণের পালনকর্ত্তা হইয়াও কৃষ্ণসম্বন্ধি কর্ম্মান্তরে অভিনিবেশবশতঃ তদীয় পরম হানিজনক অবস্থাসমাধান করিতে যে ব্যক্তি অসমর্থ হয় তাহাকে অনবহিত বলে ॥ ৫ ॥

যথা ॥

উত্তিষ্ঠ মূঢ়ে কুরু মা বিলম্বং
বৃথৈব ধিক্ পণ্ডিতমানিনী ত্বং।
ক্রুট্যৎপলাশিদ্বয়মন্তরা তে
বদ্ধঃ সুতোঽসৌ সখি বংভ্রমীতি ॥

অথ সহায়ী

পণ্ডিতমানিনী পুত্রশিক্ষাবিজ্ঞমানিনী। ক্রুট্যদিতি ভূতেঽপি বর্ত্তমান-সামীপ্যে বর্ত্তমানবদ্বা। তদিদং প্রায়স্তস্মিন্ দিনেত্বুপনন্দাদ্যেকতরগৃহে নিমন্ত্রণয়া সপুত্রং গতায়াস্ত্রুটাদ্বৃক্ষগর্জিতাদাগতায়াঃ শ্রীদামোদরনিকটে শ্রীব্রজেশ্বর্য্যাগমনং বীক্ষ্য গৃহ এব গতায়াঃ শ্রীরোহিণ্যাস্তচ্ছব্দকৃতভয় মূর্চ্ছাত

যথা ॥

এক দিবস উপনন্দ প্রভৃতি কোন এক গোপগৃহে নিমন্ত্রিত হইয়া শ্রীরোহিণীদেবী সপুত্রে গমন করিয়াছিলেন এমত সময়ে যমলার্জ্জুন বৃক্ষ ভগ্ন হওয়াতে প্রচণ্ড শব্দ হইয়াছিল, তচ্ছ্রবণে দামোদরের নিকট নন্দাদিকে যাইতে দেখিয়া শব্দশঙ্কিতমনা শ্রীরোহিণীদেবী গৃহে প্রত্যাবর্ত্তনপূর্ব্বক মূর্চ্ছা হইতে উত্থিত প্রায় শ্রীযশোদাকে কহিলেন, হে মূঢ়ে! উঠ উঠ, বিলম্ব করিও না, তুমি বৃথা আপনাকে পুত্রশিক্ষা বিষয়ে পণ্ডিত বলিয়া অভিমান করিয়া থাক, হে সখি! তোমার রজ্জুবদ্ধ পুত্র ভগ্ন বৃক্ষদ্বয়ের মধ্যে ইতস্ততঃ ঘুরিয়া বেড়াইতেছে ॥

অথ সাহসী ॥

যঃ প্রেরয়েৎ ভয়স্থানে সাহসী স নিগদ্যতে ॥ ৬ ॥

যথা ॥

গোবিন্দঃ প্রিয়সুহৃদাং গিরৈব যাত-
স্তালানাং বিপিনমিতি স্ফুটং নিশম্য।
ভ্রূভেদস্থপুটিতদৃষ্টিরাস্যমেষাং
ডিম্ভানাং ব্রজপতিগেহিনী দদর্শ ॥

অথের্ষ্যুঃ ॥

ঈর্ষ্যুর্মানধনা প্রোক্তা প্রৌঢ়ের্ষ্যাক্রান্তমানসা ॥

যথা ॥

দুর্মানমন্থমথিতে কথয়ামি কিং তে

উত্থিতপ্রায়ং শ্রীব্রজেশ্বরীং প্রতি বাক্যং ॥ ৮ ॥

স্থপুটিত বিষমীকৃতং। স্থপুটং বিষমমিতি ত্রিকাণ্ডশেষঃ। বিষমস্তু নতোন্নত

যে ভয়স্থানে প্রেরণ করে তাহাকে সাহসী বলে ॥ ৬ ॥

যথা ॥

প্রিয়সুহৃদ্গণের বাক্যে শ্রীকৃষ্ণ তালবনে গমন করিয়াছেন এই কথা স্পষ্টরূপে শ্রবণ করিয়া ব্রজপতিগৃহিণী যশোদা বিষম দৃষ্টিদ্বারা বালক সকলের বদন অবলোকন করিতে লাগিলেন ॥

অথ ঈর্ষ্যু ॥

যাহার কেবল মানমাত্রই ধন ও প্রবল ঈর্ষ্যায় মন আক্রান্ত, তাহাকে ঈর্ষ্যু বলা যায় ॥

যথা ॥

হে সখি! তুমি দুর্মানরূপ মন্থনদণ্ডে মথিত হইয়েছ, অত-

দূরং প্রযাহি সবিধে তব জাজ্বলীমি ।
হা ধিক্ প্রিয়েণ চিকুরাঞ্চিতপিঞ্ছকোট্যা ।
নির্ম্মার্জ্জিতাগ্রচরণাপ্যরুণাননাসি ॥
অথাহিতঃ ॥
আহিতঃ স্যাদ্দ্বিধা স্বস্য হরেশ্চেতি প্রভেদতঃ ॥
তত্র স্বস্যাহিতঃ ॥
অহিতঃ স্বস্য স স্যাদ্যঃ কৃষ্ণসম্বন্ধবাধকঃ ॥
যথা উদ্ধবসন্দেশে ॥
কৃষ্ণং মুষ্ণন্নকরুণবলাদ্গোষ্ঠতো নিষ্ঠুরস্ত্বং

ইতি [illegible] ॥

এর তোমাকে আর কি বলিব দূরে গমন কর, আমি তোমার নিকট অতিশয় দগ্ধ হইতেছি, হা কষ্ট! ধিক্ তোমাকে প্রিয়তম শ্রীকৃষ্ণ স্বীয় চূড়াস্থ ময়ূরপুচ্ছের অগ্রভাগ দ্বারা তোমার চরণাগ্র মার্জ্জন করিয়াছেন, তথাপি তুমি রক্তমুখী হইয়া রহিয়াছ ॥

অথ অহিত ॥

আপনার এবং হরির এই উভয় ভেদে অহিত দুই প্রকার হয়, অর্থাৎ আপনার অহিত ও হরির অহিত ॥

তন্মধ্যে আত্ম অহিত যথা ॥

যে ব্যক্তি কৃষ্ণসম্বন্ধের বাধাকারী তাহাকে আত্ম অহিত বলা যায় ॥

যথা উদ্ধবসন্দেশে ॥

মামর্য্যাদাং যদুকুলভুবং ভিন্ধি রে গান্দিনেয়
পশ্যাভ্যর্ণে ত্বয়ি রথমধিষ্ঠায় যাত্রাং বিধিৎসৌ
স্ত্রীণাং প্রাণৈরপি নিযুতশো হন্ত যাত্রা ব্যধায়ি॥
অহ হরেরহিতঃ॥
অহিতস্তু হরেস্তস্য বৈরিপক্ষো নিগদ্যতে॥
যথা॥
হরৌ শ্রুতিশিরঃশিখামণিমরীচিনীরাজিত
স্ফুরচ্চরণপঙ্কজেঽপ্যবগতিং ব্যনক্ত্যত্র যঃ।
অয়ং ক্ষিপতি পাণ্ডবঃ শমনদণ্ডঘোরং হঠা-
ত্রিরস্য মুকুটোপরি স্ফুটমুদীর্য্য সব্যং পদং॥

অরে অকরুণ গান্দিনীতনয়! তুই অতিশয় নিষ্ঠুর, যদুকুলের মর্যাদা ভেদ করিস্ না, দেখ্ তুই রথে আরোহণ করিয়া যাত্রা বিধান করিতে ইচ্ছা করায়, স্ত্রীগণের নিযুত নিযুত প্রাণসকল অগ্রে যাত্রা বিধান করিল॥

অথ হরির অহিত॥

হরির বৈরিপক্ষকে হরির অহিত বলা যায়॥

যথা॥

শ্রুতিশির উপনিষৎ সকলের মুকুট মণির মরীচিকায় যাঁহার সুব্যক্ত চরণপঙ্কজ নির্ম্মঞ্ছিত হইতেছে, সেই শ্রীকৃষ্ণের প্রতি যে ব্যক্তি অবজ্ঞা করে, এই পাণ্ডব স্পষ্টাক্ষরে বলিয়া তাহার মুকুটোপরি তিন বার বামপদ নিক্ষেপ করত ঘোর যমদণ্ডরূপ অস্ত্র নিক্ষেপ করিতেছে॥

সোল্লুণ্ঠহাসবক্রোক্তিকটাক্ষানাদরাদয়ঃ
কৃষ্ণাহিতহিতস্থাঃ স্যুরমী উদ্দীপনা ইহ।
হস্তনিষ্পেষণং দন্তঘট্টনং রক্তনেত্রতা।
দষ্টৌষ্ঠতা তত্র ভ্রূকুটীভুজাস্ফালনতাড়নাঃ।
তূষ্ণীকতা নতাস্যত্বং নিশ্বাসো ভুগ্নদৃষ্টিতা।
ভর্ৎসনং মূর্দ্ধবিধূতির্দৃগন্তে পাটলচ্ছবিঃ।
ভ্রূভেদাধরকম্পাদ্যা অনুভাবা ইহোদিতাঃ।
অত্র স্তম্ভাদয়ঃ সর্ব্বে প্রাকট্যং যান্তি সাত্ত্বিকাঃ॥ ৭॥
আবেগো জড়তা গর্ব্বো নির্ব্বেদো মোহচাপলে।
অসূয়ৌগ্র্যং তথামর্ষশ্রমাদ্যা ব্যভিচারিণঃ॥
অত্র ক্রোধরতিঃ স্থায়ী স তু ক্রোধস্ত্রিধা মতঃ॥

এই রৌদ্ররসে সোল্লুণ্ঠহাস, বক্রোক্তি, কটাক্ষ ও অনাদর, তথা কৃষ্ণের অহিত ও হিতস্থ ব্যক্তিসকল উদ্দীপন, অপর হস্তমর্দ্দন দন্তঘট্টন অর্থাৎ দন্তের শব্দ রক্তনেত্রতা, ওষ্ঠ দংশন, ভ্রূকুটী, ভুজাস্ফালন, তাড়ন, তূষ্ণীকতা, নতবদন, নিশ্বাস, বক্রদৃষ্টি, ভর্ৎসন, শিরশ্চালন, নেত্রান্তে পাটলবর্ণ, ভ্রূভেদ এবং অধরকম্পন, ইত্যাদি সকল রৌদ্ররসে অনুভাব॥

আর ইহাতে স্তম্ভাদি সমুদায় সাত্ত্বিক প্রকট হইয়া থাকে॥

তথা আবেগ, জড়তা, গর্ব্ব, নির্ব্বেদ, মোহ, চাপল, অসূয়া উগ্রতা, অমর্ষ ও শ্রমাদি ব্যভিচারী সকল প্রকাশ পায়॥

এই রৌদ্ররসে ক্রোধরতি স্থায়ীভাব। কোপ মন্যু ও রোষভেদে ক্রোধ তিন প্রকার হয়, তন্মধ্যে শত্রুপক্ষে কোপ,

কোপো মন্যুস্তথা রোষ স্তত্র কোপস্তু শত্রুগঃ।
মন্যুর্বন্ধুষু তে পূজ্য-সম-ন্যূনা-স্ত্রিধোদিতাঃ।
রোষস্তু দয়িতে স্ত্রীণামতো ব্যভিচরত্যসৌ।
হস্তপেষাদয়ঃ কোপে মন্যৌ তূষ্ণীকতাদয়ঃ।
দৃগন্তপাটলত্বাদ্যা রোষেতু কথিতাঃ ক্রিয়াঃ॥ ৮॥
তত্র বৈরিণি যথা॥
নিরুধ্য পুরমুন্মদে হরিমগাধসত্ত্বাশ্রয়ং
মৃধে মগধভূপতৌ কমপি বক্রমাক্রোশতি।

ব্যভিচরতি আদ্যে রসে ব্যভিচারিতাং প্রাপ্নোতি। জরতীসখ্যাদীনাং কোপমন্যুবন্নামুষাং রোষঃ স্থায়িতামাগতীতার্থঃ। তদেবং পূর্ব্বমুক্তা আবেগাদয়শ্চ ব্যভিচারিণঃ ঔগ্র্যপ্রধানাঃ শত্রুবিষয়াঃ অমর্ষপ্রধানা বন্ধুবিষয়াঃ। অসূয়া প্রধানাদয়িতবিষয়া জ্ঞেয়াঃ॥ ৮॥

বিষদ্বিসরজাঙ্গলং শত্রুসমূহমাংসং। উষ্ণলোহঙ্কারঃ॥ ৯॥

বন্ধুবর্গে মন্যু। কিন্তু এই মন্যু, পূজ্য, সম ও ন্যূন বন্ধুভেদে তিন প্রকার হইয়া থাকে॥

অপর প্রিয় ব্যক্তিতে স্ত্রীগণের রোষ প্রকাশ পায় কিন্তু এই রোষ কখন কখন ব্যভিচারীও হইয়া থাকে॥

আর কোপে হস্ত মর্দ্দনাদি, মন্যুতে তূষ্ণী প্রভৃতি এবং রোষে নেত্রান্তপাটলাদি ক্রিয়া সকল কথিত হয়॥ ৮॥

তন্মধ্যে শত্রুর প্রতি কোপ যথা॥

উন্মত্ত জরাসন্ধ মথুরা পুরী অবরোধপূর্ব্বক যুদ্ধক্ষেত্রে অগাধ সত্ত্বাশ্রয় হরির প্রতি কোন বক্র আক্রোশ করিতে

দৃশং কবলিতদ্বিষদ্বিসরজাঙ্গলে লাঙ্গলে
মুমোদ দহদিঙ্গলপ্রবলপিঙ্গলাং লাঙ্গলী ॥ ৯ ॥

পূজ্যে যথা বিদগ্ধমাধবে ॥

ক্রোশন্ত্যাং করপল্লবেন বলবান্ সদ্যঃ পিধত্তে মুখং
ধাবন্ত্যাং ভয়ভাজি বিস্তৃতভুজো রুন্ধে পুরঃ পদ্ধতিং।
পাদান্তে বিলুঠত্যসৌ ময়ি মুহুর্দষ্টাধরায়াং রুষা
মাতশ্চণ্ডি ময়া মুকুটাদস্মাদ্ভিরক্ষ্যঃ কথং ॥ ১০ ॥

ক্রোশন্ত্যামিতি ভাবশবলীমাণায়াং পৌর্ণমাস্যাঃ কৃষ্ণস্ফূর্তিময়ং চরিতং সাক্ষাদ্রূপমিব শ্রীরাধয়া কথিতং ॥ ১০ ॥

থাকিলে হলধর সমস্ত শত্রুমাংসগ্রাসকারী লাঙ্গলের প্রতি জলদঙ্গার তুল্য পিঙ্গলনেত্র নিক্ষেপ করিলেন ॥ ৯ ॥

পূজ্যে মন্যু যথা বিদগ্ধমাধবে ২ অঙ্কে ৩১ শ্লোকে ॥

শ্রীরাধা রোষের সহিত পৌর্ণমাসকে কহিলেন, মাতঃ! আপনাকে আর কি বলিব, আমি যদি উচ্চরব করিতে আরম্ভ করি, তাহা হইলে বলবান্ শিখণ্ডচূড় অমনি করপল্লবদ্বারা আমার বদন আচ্ছাদন করেন, আর যদি ভীত হইয়া পলায়ন করিতে ইচ্ছা করি, তাহা হইলে তখনি বাহু প্রসারণপূর্ব্বক আমার অগ্রে আসিয়া পথ রোধ করেন এবং আমি যদি তাঁহার পদতলে লুণ্ঠিত হই, তাহা হইলে ঐ মধুরিপু ক্রোধভরে বারম্বার আমার অধরে দংশন করেন অতএব হে কোপনে! আপনি অকারণে আমার প্রতি ক্রোধ করিতেছেন কেন? আপনিই বলুন কি প্রকারে শিখণ্ডচূড়, কৃষ্ণ হইতে আত্মরক্ষা করিব ॥ ১০ ॥

সমে যথা ॥

জ্বলতি দুর্ম্মুখি মর্ম্মণি মুর্ম্মুর-
স্তব গিরা জটিলে নিটিলে চ মে।
গিরিধরঃ স্পৃশতিস্ম কদা মদা-
দ্দুহিতরং দুহিতুর্মম পামরি ॥ ১১ ॥

ন্যূনে যথা ॥

হন্ত স্বকীয়কুচমূর্দ্ধ্নি মনোহরোহয়ং
হারশ্চকাস্তি হরিকণ্ঠতটীচরিষ্ণুঃ।

জ্বলতীতি জটিলামুখরয়োর্নিভৃতকলহঃ। মুর্ম্মুরস্তুষাগ্নিঃ। নিটিলে শিরসি ॥ ১১
কদাচিন্নিজাঙ্গাজ্ঝটিতি শ্রীরাধিকয়াহবতারিতং হরিহারং বীক্ষ্য তস্যাঃ সখীঃ

সমান সমান ব্যক্তিতে মন্যু যথা ॥

জটিলা কহিল হে দুর্ম্মুখি মুখরে! তোমার কথায় আমার হৃদয়ে তুষানল জ্বলিতেছে, মুখরা কহিল হে পামরি জটিলে! তোমার কথায় আমার মস্তক দগ্ধ হইতেছে, বল দেখি গিরিধর গর্ব্বসহকারে কবে আমার কন্যার কন্যা কীর্ত্তিদানন্দিনী শ্রীরাধাকে স্পর্শ করিয়াছে ॥ ১১ ॥

ন্যূন ব্যক্তিতে মন্যু যথা ॥

কোন এক দিবস শ্রীরাধা নিজাঙ্গ হইতে শীঘ্র শ্রীকৃষ্ণের হার অবতরণ করিলে তদ্দর্শনে জটিলা তদীয় সখীগণের প্রতি কহিল, অহে সখীসকল! তোমরা দেখ যে মনোহর হার হরিকণ্ঠে আন্দোলিত হইতেছিল। সেই হার এই বধূটীর

ভোঃ পশ্যাত্র স্বকুলকজ্জলমঞ্জরীয়ং
কূটেন মাং তদপি বঞ্চয়তে বধূটী ॥ ১২ ॥

অস্মিন্ন তাদৃশো মন্যো বর্ত্ততে রত্যনুগ্রহঃ।
উদাহরণমাত্রায় তথাপ্যেষ নিদর্শিতঃ।
ক্রোধাশ্রয়াণাং শত্রূণাং চৈদ্যাদীনাং স্বভাবতঃ।
ক্রোধো রতিং বিনা ভাবান্ন ভক্তিরসতাং ব্রজেৎ ॥ ১৩ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধাবুত্তরবিভাগে গৌণ-ভক্তিরসনিরূপণে রৌদ্রভক্তিরসলহরী পঞ্চমী ॥ * ॥ ৫ * ॥

প্রতি জটিলা বচনং হসন্তীতি ॥ ১২ ॥

ন তাদৃশ ইতি ন স্পষ্ট ইত্যর্থঃ। ক্রোধকৰ্ত্তৃং বিনা মন্যমিত্যাদ্যেকস্বরং ॥ ১৩ ॥

॥ * ॥ ইতি দুর্গমসঙ্গমাখ্যে উত্তরবিভাগে রৌদ্রভক্তিরসলহরী পঞ্চমী ॥ * ॥

কৃষ্ণমস্তকে শোভা পাইতেছে, হা কষ্ট তথাপি এই স্বকুল-কজ্জলমঞ্জরী ছলপূর্ব্বক আমাকে বঞ্চনা করিতেছে ॥ ১২ ॥

যদিচ এই মন্যুতে রতির অনুগ্রহ স্পষ্ট বোধ হইতেছে না, তথাপি ইহা কেবল উদাহরণ নিমিত্ত প্রদর্শিত হইল ॥

ক্রোধের আশ্রয় স্বরূপ শিশুপাল প্রভৃতি শত্রুগণের স্বভাবসিদ্ধ ক্রোধ রতি ব্যতিরেকে কখন ভক্তিরসতা প্রাপ্ত হয় না ॥ ১৩ ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃত ব্যাখ্যায় ভক্তিরসামৃতসিন্ধুর উত্তরবিভাগে রৌদ্রভক্তিরস লহরী পঞ্চমী ॥ * ॥ ৫ ॥ *

অথ ভয়ানকভক্তিরসঃ ॥

বক্ষ্যমাণৈর্বিভাবাদ্যৈঃ পুষ্টিং ভয়রতির্গতা

ভয়ানকাভিধো ভক্তিরসো ধীরৈরুদীর্য্যতে ॥ ১ ॥

কৃষ্ণশ্চ দারুণাশ্চাপি তস্মিন্নালম্বনা দ্বিধা।

অনুকম্প্যেষু সাগস্সু কৃষ্ণস্তস্য চ বন্ধুষু।

দারুণাঃ স্নেহতঃ শশ্বত্তদনিষ্টাপ্তিদর্শিষু।

দর্শনাচ্ছ্রবণাচ্চেতি স্মরণাচ্চ প্রকীর্ত্তিতাঃ ॥ ২ ॥

তদুক্তাশ্চেতি বক্তব্যে দারুণাশ্চেত্যুক্তিঃ প্রাকৃতরসবিস্মৃতানুসারেণ। স্বমতানুসারেণ তু পঞ্চম্যর্থানাং তেষামালম্বনত্বং ন সম্ভবতি সামান্যে বিশেষেষু চ সপ্তম্যর্থস্যৈবালম্বনত্বেন স্বীকৃতত্বাৎ প্রাকৃতরসবিস্মৃতানুবাদময়মেতৎপ্রকরণমিতি স্বয়ং লিখিষ্যতে। হাস্যাদীনাং রসত্বং তৎপোষকত্বেনাপি কীর্ত্তিতং। প্রাচ্যমতানুসারেণ তদ্বিজ্ঞেয়ং মনীষিভিরিতি। স্বমতে তু প্রথমপক্ষেঽনুকম্প্যা এব ভয়স্য বিষয়ত্বেনাশ্রয়ত্বেন চালম্বনাঃ কৃষ্ণস্তু হেতুমাত্রং। তদ্দ্বিতীয়পক্ষে কৃষ্ণো বিষয়ত্বেন বন্ধব আশ্রয়ত্বেনালম্বনাঃ দারুণাস্তু হেতুমাত্রমিতি জ্ঞেয়ং। রতিস্তু যথাযথমস্ত্যেব ॥ ২ ॥

অথ ভয়ানক ভক্তিরস ॥

বক্ষ্যমাণ বিভাবাদির দ্বারা ভয়রতি পুষ্টি প্রাপ্ত হইলে পণ্ডিতগণ তাহাকে ভয়ানক ভক্তিরস বলেন ॥ ১ ॥

ভয়ানক রসে শ্রীকৃষ্ণ এবং দারুণ এই দুইটী আলম্বন। তন্মধ্যে ভক্ত সকল অপরাধী হইলে তাহাতে কৃষ্ণ আলম্বন অর্থাৎ কৃষ্ণ হইতে ভয়, আর যাঁহারা স্নেহ বশতঃ নিরন্তর শ্রীকৃষ্ণের অনিষ্ট প্রাপ্তি দর্শন করিয়া থাকেন এমত কৃষ্ণবন্ধু সকলে দর্শন, শ্রবণ কিম্বা স্মরণ হেতু দারুণ সকল ভয় রতির আশ্রয় হইয়া থাকে ॥ ২ ॥

তত্রানুকম্প্যেষু কৃষ্ণো যথা ॥

কিং শুষ্যদ্বদনোহসি মুঞ্চ পচিতং চিত্তে পৃথুং বেপথুং

বিশ্বস্য প্রকৃতিং ভজস্ব ন মনাগপ্যাস্তি মন্যুস্তব।

উদ্যত্র্যক্ষতমুক্ষরাজরভস বিস্তীর্য্য বীর্য্যং ত্বয়া

পৃথ্বী প্রত্যুতযুদ্ধকৌতুকময়ী সেবৈব মে নির্ম্মিতা ॥ ৩ ॥

যথা বা ॥

মুরমথন পুরস্তে কো ভুজঙ্গস্তপস্বী

লঘুরহমিতি ক ঈর্য্যাস্য দীনায় মন্যুং।

উষ্মা ক্রোধসন্তাপঃ পৃথ্বী পৃথুতরা ॥ ৩ ॥

কালিয়স্য বাক্যং। তপস্বী বরাকঃ। মন্যুঃ ক্রোধঃ ॥ ৪ ॥

ঐ দুইয়ের মধ্যে ভক্তসকলে কৃষ্ণ আলম্বন যথা ॥

শ্রীকৃষ্ণ কহিলেন, হে ঋক্ষরাজ! তুমি কেন শুষ্কবদন হইলা, চিত্তস্থিত বিপুল কম্প পরিত্যাগপূর্ব্বক বিশ্বস্ত হইয়া স্বীয় স্বভাবের অনুগামী হও, তোমার প্রতি আমার কিঞ্চিন্মাত্র কোপ নাই, তুমি শীঘ্র ক্রোধ সন্তপ্তবীর্য্য বিস্তার করিয়া প্রত্যুত যুদ্ধ কৌতুকময়ী সেবাই আমার সম্বন্ধে নির্ম্মাণ কর ॥ ৩ ॥

যথা বা ॥

হে মুরনাশন! তোমার অগ্রে এই বরাক ভুজঙ্গ কোথাকার কে, আমি অতিলঘু, অতএব এই দীনের প্রতি কোপ করিও না, তোমার তত্ত্ব না জানাতে অজ্ঞান বশতঃ আমার এই গুরুতর অপরাধ হইয়াছে, আমি অতিমূঢ় আমাকে রক্ষা

গুরুরয়গপাধস্তপ্যাম স্থানতোহভু-
দশরণমতিমূঢ়ং রক্ষ রক্ষ প্রসাদ ॥ ৪ ॥
বন্ধুষু দারুণাঃ ॥
দর্শনাদযথা ॥
হা কিং করোমি তরলং ভবনান্তরালে
গোপেন্দ্রগোপয় বলাদুপরুধ্য বালং।
ক্ষ্মামণ্ডলেন সহ চঞ্চলয়ন্মনো মে
শৃঙ্গাণি লঙ্ঘয়তি পশ্য তুরঙ্গদৈত্যঃ ॥
শ্রবণাদযথা। ॥
শৃণ্বতী তুরগদানবং রুষা গোকুলং কিল বিশন্তমুদ্ধুরং।
দ্রাগভূত্তনয়রক্ষণাকুলা শুষ্যদাস্যজলজা ব্রজেশ্বরী ॥ ৫ ॥

শৃঙ্গাণি বৃক্ষাদীনামগ্রভাগান্ ॥ ৫

কর এবং আমার প্রতি প্রসন্ন হও ॥ ৪ ॥

বন্ধুসকলে দারুণ তন্মধ্যে দর্শনহেতু যথা ॥

যশোদা কহিলেন, হায়! কি করিব, হে গোপেন্দ্র! বালক অতিচঞ্চল, ইহাকে বলপূর্বক গৃহে অবরোধ করিয়া রাখ, ভূমণ্ডলের সহিত আমার মন চঞ্চল করিয়া অশ্বাকৃতি কেশী দৈত্য বৃক্ষাগ্র সকল উল্লঙ্ঘন করিতেছে দৃষ্টিপাত কর ॥

শ্রবণহেতু দারুণ যথা ॥

ভয়ানক অশ্বাকৃতি দানব ক্রোধভরে গোকুলে প্রবেশ করিয়াছে, ব্রজেশ্বরী যশোদা সহসা এই কথা শ্রবণমাত্র তনয়-রক্ষণে আকুলচিত্ত হইয়া শুষ্কবদন এবং সজলনয়ন হইয়াছিলেন ॥ ৫ ॥

স্মরণ দ্যথা ॥

বিরম বিরম মাতঃ পূতনায়াঃ প্রসঙ্গা-
ত্তনুরিয়মধুনাপি স্মর্য্যমাণা ধুনোতি।
কবলয়িতুমিবাঙ্কাকৃত্য বালং ঘুরন্তী-
বপুরতিপরুষং যা ঘোরমাবিশ্চকার ॥
বিভাবস্যা ভ্রুকুট্যাদ্যাস্তস্মিন্নুদ্দীপনা মতাঃ
মুখশোষণমুচ্ছ্বাসঃ পশ্চাদ্বৃত্ত্য বিলোকনং।
স্বসঙ্গোপনমুদ্ঘূর্ণা শরণান্বেষণং তথা।
ক্রোশনাদ্যাঃ ক্রিয়াশ্চাত্র সাত্ত্বিকাশ্চাশ্রুবর্জিতাঃ

বিরমেতি কিঞ্চিদ্দূরাদাগতামজ্ঞাতবৃত্তাং প্রতি শ্রীব্রজেশ্বর্য্যাবাক্যং। ততঃ কবলয়িতুমিত্যাদাঙ্কবারদোষাহপি ন স্যাৎ। ঘুরন্তী ভমীশব্দং কুর্ব্বতী।

স্মরণহেতু দারুণ যথা ॥

কোন বন্ধুস্ত্রী দূরদেশ হইতে আগমন করিয়া অজ্ঞাত পূতনাবৃত্তান্ত জিজ্ঞাসা করিলে তাঁহার প্রতি ব্রজেশ্বরী কহিলেন, ওমা! ক্ষান্ত হও, ক্ষান্ত হও, আর পূতনার প্রসঙ্গ করিও না, ও স্মৃতিপথে আরূঢ় হইয়াই অঙ্গ কম্পিত করিতেছে, ঐ পূতনা গ্রাস করিবার মানসে বালককে ক্রোড়ে লইয়া ভয়ানক শব্দ করত বিকটাকার বপুঃ আবিষ্কার করিয়াছিল ॥

ভয়ানকরসে বিভাবের ভ্রুকুটীপ্রভৃতি উদ্দীপন। মুখশোষ উচ্ছ্বাস, পশ্চাৎদৃষ্টি, নিজাঙ্গ-গোপন, উদ্ঘূর্ণা, আশ্রয়ের অন্বেষণ এবং চীৎকার প্রভৃতি ক্রিয়া। অশ্রু ব্যতিরেকে

ইহ সংত্রাস মরণ চাপলাবেগদীনতাঃ।
বিষাদমোহাপস্মারশঙ্কাদ্যা ব্যভিচারিণঃ।
অস্মিন্ ভয়রতিঃ স্থায়ী ভয়ং স্যাদপরাধতঃ।
ভীষণেভ্যশ্চ তত্র স্যাদ্বহুধৈবাপরাধিতা।
তজ্জা ভীর্নাপরত্র স্যাদনুগ্রাহ্যজনান্ বিনা।
আকৃত্যা যে প্রকৃত্যা যে যে প্রভাবেণ ভীষণাঃ।
এতদালম্বনা ভীতিঃ কেবলপ্রেমশালিষু।
নারীবালাদিষু তথা প্রায়েণাত্রোপজায়তে ॥ ৬ ॥
আকৃত্যা পূতনাদ্যাঃ স্যুঃ প্রকৃত্যাদুষ্টভূভুজঃ।
ভীষণাস্তু প্রভাবেণ সুরেন্দ্রগিরিশাদয়ঃ॥
সদা ভগবতো ভীতিং গতা আত্যন্তিকীমপি।

দুর্ ভীমার্ত্তশব্দয়োরিত্যস্ত রূপং ॥ ৬ ॥
দুষ্টভূভুজঃ শিশুপালাদয়ঃ ॥ ৭ ॥

মোহ, অপস্মার ও শঙ্কাদি এই সমুদায় ব্যভিচারী ভাব ॥

ইহাতে ভয়রতিই স্থায়ীভাব, ঐ ভয় অপরাধ ও ভীষণ হইতে ঘটিয়া থাকে। অপর অপরাধ বহুপ্রকার সম্ভব হয়, কিন্তু অপরাধ জনিত ভয় অনুগ্রহের পাত্র ব্যক্তিকে অন্য কুত্রাপি সম্ভব হয় না, যাহারা আকৃতি প্রকৃতি ও প্রভাবদ্বারা ভীষণ অর্থাৎ ভয়ানক তাহারাই ভয়ের আলম্বন। আর যাহারা কেবল প্রেমশালী অথবা নারী ও বালক সেই সকলেই প্রায় ভয় উপস্থিত হয় ॥ ৬ ॥

আকৃতিদ্বারা পূতনা, স্বভাবদ্বারা দুষ্ট নৃপতিগণ এবং প্রভাবদ্বারা ইন্দ্র ও শঙ্করপ্রভৃতি ভীষণ হইয়া থাকেন। কংস

কংসাদ্যা রতিশূন্যত্বাদত্র নালম্বনা মতাঃ ॥ ৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধাবুত্তরবিভাগে গৌণ-ভক্তিরসনিরূপণে ভয়ানকভক্তিরসলহরী ষষ্ঠী ॥ * ॥ ৬ ॥ * ॥

অথ বীভৎস-ভক্তিরসঃ ॥

পুষ্টিং নিজবিভাবাদ্যৈর্জুগুপ্সারতিরাগতা ।
অসৌ ভক্তিরসো ধীরৈর্বীভৎসাখ্য ইতীর্য্যতে ॥ ১ ॥
অস্মিন্নাশ্রিতশান্ত্যাদ্যা ধীরৈরালম্বনা মতাঃ ॥ ২ ॥

---

* । ইতি [illegible] উত্তরবিভাগে গৌণভয়ানকভক্তিরসলহরী ষষ্ঠী ॥ *

অথ বীভৎসে ইতি। [illegible] আশ্রিতশান্ত্যাদিনামা [illegible] ।
[illegible] এব। আদিগ্রহণাৎ [illegible] ॥ ২ ॥

প্রভৃতি অসুরগণ সর্ব্বদা কৃষ্ণ হইতে অতিশয় ভয়প্রাপ্ত হইত একারণ রতিশূন্য বলিয়া তাহারা এ স্থলে আলম্বন হইতে পারে না ॥ ৭ ॥

॥ * ॥ ইতি শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃত ব্যাখ্যায় ভক্তি-রসামৃতসিন্ধুর উত্তরবিভাগে ভয়ানকভক্তিরস লহরী ষষ্ঠী ॥ * ॥ ৬

অথ বীভৎসভক্তিরস।

ধীর ব্যক্তিসকল বলিয়াছেন জুগুপ্সা রতি আত্মোচিত বিভাবাদিদ্বারা পুষ্টিপ্রাপ্ত হইলে বীভৎস নামে ভক্তিরস হয় ॥ ১ ॥

এই বীভৎসরসে শান্তাশ্রিত ব্যক্তিগণই আলম্বন হইয়া থাকেন ॥ ২ ॥

যথা ॥

পাণ্ডিত্যং রতহিণ্ডুকাধ্বনি গতো যঃ কামদীক্ষাব্রতী
কুর্ব্বন্ পূর্ব্বমশেষষিড়্গনগরীসাম্রাজ্যচর্য্যামভূৎ।
চিত্রং সোহয়মুদীরয়ন্ হরিগুণানুদ্বাষ্পদৃষ্টির্জনো
দৃষ্টে স্ত্রীবদনে বিকূণিতমুখো বিষ্টভ্য নিষ্ঠীবতি।
তত্র নিষ্ঠীবনং বক্ত্রকূণনং ঘ্রাণসংবৃতিঃ।
ধাবনং কম্পপুলকপ্রস্বেদাদ্যাশ্চ বিক্রিয়াঃ।
ইহ গ্লানি-শ্রমোন্মাদ-মোহ-নির্ব্বেদ দীনতাঃ।
বিষাদ-চাপলাবেগ-জাড্যাদ্যা ব্যভিচারিণঃ।
জুগুপ্সা রতিরত্র স্যাৎ স্থায়ী সাচ বিবেকজা।

রতহিণ্ডুকো রতচোরঃ। বিকূণিতমুখো বক্রিতবদনঃ। বিষ্টভ্য বিশেষেণ

যথা।

যে ব্যক্তি পূর্ব্বে কামদীক্ষায় ব্রতী হইয়া রতিতস্করদিগের পথে পাণ্ডিত্য লাভপূর্ব্বক অশেষ কামুকনগরীর সাম্রাজ্য আচরণ করিয়াছিল, কি আশ্চর্য্য! সেই ব্যক্তিই আজ হরিগুণ কীর্ত্তন করিতে করিতে বাষ্পাকুল-লোচন হইতেছে এবং স্ত্রী-বদন দৃষ্ট হইলে, তাহাতে স্তব্ধভাব লাভ করত বক্রবদন ও নিষ্ঠীবন করিতেছে ॥

এই জুগুপ্সারসে নিষ্ঠীবন, কুটিলমুখ, নাসিকা আচ্ছাদন, ধাবন, কম্প, পুলক, ও ঘর্ম্ম ইত্যাদি সকল অনুভাব ॥

অপর ইহাতে গ্লানি, শ্রম, উন্মাদ, মোহ নির্ব্বেদ, দীনতা, বিষাদ, চাপল, আবেগ এবং জাড্যপ্রভৃতি ব্যভিচারী হয় ॥

প্রায়িকী চেতি কথিতা জুগুপ্সা দ্বিবিধা বুধৈঃ ॥

তত্র বিবেকজা ॥

জাতকৃষ্ণরতেৰ্ভক্তবিশেষস্য তু কস্যচিৎ ।

বিবেকোত্থাতু দেহাদৌ জুগুপ্সা স্যাদ্বিবেকজা ॥ ৩ ॥

যথা ॥

ঘনরুধিরময়ে ত্বচা পিনদ্ধে

পিশিতবিমিশ্রিতবিশ্রগন্ধভাজি ।

কথমিহ রমতাং বুধঃ শরীরে

ভগবতি হন্ত রতেলবেহপ্যুদীর্ণে ॥

শ্লোকো স্পষ্টঃ ।৩।

পিশিতং মাংসং । বিশ্রং স্যাদামগন্ধি যৎ । তস্মাদ্বিশ্রসা যো গন্ধস্তদ্ভাজী তাথা । উদীর্ণে ইতি ক্রমনিকস্য স্ব গর্ভান্বিতাসা বাধনা নিষ্ঠায়া রূপা উদিত ইত্যর্থঃ । ৩

এ স্থলে জুগুপ্সা রতিই স্থায়ী ভাব, এই রতি বিবেক ও প্রায়িক ভেদে দুই প্রকার হয় ॥

তন্মধ্যে বিবেক জনিত জুগুপ্সা রতি যথা ॥

কোন জাতরতি কৃষ্ণভক্ত বিশেষের দেহাদিতে যে বিবেক-জনিত জুগুপ্সা উৎপন্ন হয় তাহাকে বিবেকজনিত জুগুপ্সা রতি কহে ॥ ৩ ॥

যথা ॥

হায় ! ভগবান্ শ্রীকৃষ্ণে কিঞ্চিন্মাত্র রতি উৎপন্ন হইলে জ্ঞানী ব্যক্তি গাঢ় রুধিরময়, চর্ম্মাচ্ছাদিত, মাংস বিমিশ্রিত ও আম (কাঁচ) গন্ধশালী এই দেহে কেন রমণ করিবেন ? ॥

অথ প্রায়িকী ॥

অমেধ্যপূতনুভবাৎ সর্ব্বেষামেব সর্ব্বতঃ।
যা প্রায়ো জায়তে সেয়ং জুগুপ্সা প্রায়িকী মতা ॥ ৪ ॥

যথা ॥

অসৃঙ্মূত্রাকীর্ণে ঘনশমলপঙ্কব্যতিকরে
বসন্নস ক্লিন্নো জড়তনুরহং মাতুরুদরে।
লভে চেতঃক্ষোভং তব ভজনকর্ম্মাক্ষমতয়া
তদস্মিন্ কংসারে কুরু ময়ি কৃপাসাগর কৃপাং ॥ ৫ ॥

ভজনকর্ম্মাক্ষমতয়োপলক্ষিতে ময়ি। নতু তয়া হেতুনা ভজনকর্ম্মাক্ষমতয়া ইতি। সপ্তম্যন্তো বা পাঠঃ। অন্যথা বীভৎসস্যাবিমৃষ্টত্বং স্যাদিতি ॥ ৫ ॥

অথ প্রায়িকী জুগুপ্সা রতি যথা ॥

অমেধ্য ও পূতি অনুভব হেতু সর্ব্ব প্রকারে সকলের সম্বন্ধে প্রায় যে জুগুপ্সা উৎপন্ন হয়, তাহাকে প্রায়িকী বলে ॥ ৪ ॥

যথা ॥

হে কংসারে! আমি এই জড়দেহে রক্তমূত্রে আকীর্ণ ও তরলবিষ্ঠায় পরিপূর্ণ মাতার উদরে বাস করিয়া মনোমধ্যে অতিশয় ক্ষোভ প্রাপ্ত হইতেছি, অতএব হে কৃপাসমুদ্র! আপনি আমার প্রতি করুণা বিধান করুন আমি তোমার ভজনকর্ম্মে অক্ষমতাযুক্ত অথবা অত্যন্ত অক্ষম ॥ ৫ ॥

যথা বা ॥

ঘ্রাণোন্মূর্চ্ছকপূতিগন্ধিবিকটে কীটাকুলে দেহলী-
সন্দর্ভাধিকপূথপূগঘটনানির্বর্ত্তিনেত্রায়ুষি ।
কারানামনি হন্ত মাগধচমূসেনানী নঃ নারকে
ক্ষিপ্তাঃ স্ম স্মৃতিমাত্রকলয়া নরকধ্বংসিন্ প্রাণিমঃ ॥ ৬ ॥

লব্ধকৃষ্ণরতেরেব শুদ্ধং পূতং মনঃ সদা ।
ক্ষুভিতং হৃদ্যালেশেহপি ততোহস্যাঃ রত্যনুগ্রহঃ ।
হাস্যাদীনাং রসত্বং যদ্গৌণত্বেনাপি কীর্ত্তিতং ।

নারকে নরকসদৃশে ॥ ৬ ॥

রত্যনুগ্রহঃ রত্যা কর্ত্রা পোষণং ॥ ৭ ॥

যথা বা ॥

হে ভগবন্! জরাসন্ধরূপী যম, যাহা বিকট পূতিগন্ধদ্বারা ঘ্রাণের মূর্চ্ছাজনক ও কীটপরিপূর্ণ এবং যাহাতে প্রাঙ্গণপতিত রোগিসমূহের বিষ্ঠাদর্শনে নেত্রের পরমায়ু ক্ষয় হয়, সেই কারানামক নরকে আমাদিগকে নিক্ষেপ করিয়াছে, কিন্তু হে নরকধ্বংসিন্! আমরা ঐ কারানরকে পতিত হইয়া কেবল তোমার নামমাত্র স্মরণ করত জীবন ধারণ করিতেছি ॥ ৬ ॥

যে ব্যক্তি শ্রীকৃষ্ণকে রতিলাভ করিয়াছে, তাহার মন সর্ব্বদা পবিত্র, যদি কখন ঘৃণিত বস্তুর লেশে ক্ষোভযুক্ত হয়, তাহা হইলে রতিই তাহাকে পুষ্ট করিয়া রাখে ॥

হাস্যাদির গৌণত্ব হইলেও যে রসত্বকীর্ত্তন করা হইয়াছে

প্রাচাং মতানুসারেণ তদ্বিজ্ঞেয়ং মনীষিভিঃ।
অমী পঞ্চৈব শান্তাদ্যা হরের্ভক্তিরসা মতাঃ।
এষু হাস্যাদয়ঃ প্রায়ো বিভ্রতি ব্যভিচারিতাং ॥ ৭ ॥

॥ * ॥ ইতি শ্রীভক্তিরসামৃতসিন্ধাবুত্তরবিভাগে গৌণভক্তিরসনিরূপণে বীভৎসভক্তিরসলহরী সপ্তমী ॥ * ॥ ৭ ॥ * ॥

অথ রসানাং মৈত্রীবৈরিস্থিতিঃ ॥

অথামীষাং ক্রমেণৈব শান্তাদীনাং পরস্পরং।
মিত্রত্বং শাত্রবত্বঞ্চ রসানামভিধীয়তে ॥ ১ ॥
শান্তস্য প্রীতবীভৎসধর্ম্মবীরাঃ সুহৃদ্বরাঃ।

॥ * ॥ ইতি নবলহর্য্যাত্মকে উত্তরবিভাগে বীভৎসভক্তিরসলহরী সপ্তমী ০ ॥

অত্র স্বয়মঙ্গিরসানুভবী শ্রীকৃষ্ণভক্তঃ শ্রীকৃষ্ণস্তদ্ভক্তান্তরং তদুদাসীনস্তদ্বি

পণ্ডিতগণ প্রাচীনদিগের মতানুসারে তাহা অবগত হইবেন ॥

শান্ত ও প্রীত প্রভৃতি পাঁচটীই হরির ভক্তিরস, কিন্তু এই সকলে হাস্যাদি রস প্রায় ব্যভিচারিতা ধারণ করে ॥ ৭ ॥

॥*॥ ইতি শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃত ব্যাখ্যায় ভক্তিরসামৃতসিন্ধুর উত্তরবিভাগে বীভৎস ভক্তিরসলহরী সপ্তমী ॥ * ॥৭॥*

অথ রসসকলের মিত্রতা ও শত্রুতা ॥

অনন্তর ক্রমে শান্তপ্রভৃতি রসের পরস্পর মিত্রতা ও শত্রুতা কীর্ত্তন করিতেছি ॥ ১ ॥

শান্তরসে প্রীত, বীভৎস ধর্ম্মবীর ও অদ্ভুত ইহারা সুহৃ-

অদ্ভুতশ্চৈব বিজ্ঞেয়ঃ প্রীতাদিষু চতুর্ষ্বপি ॥ ২ ॥

দ্বিষন্নস্য শুচির্যুদ্ধবীরো রৌদ্রো ভয়ানকঃ ॥ ৩ ॥

বোধ্যো চেতি পক্ষবিবগতত্বেন ভাবো লক্ষ্যতে, তত্রাঙ্গিনো রসস্য কেনচিদঙ্গচি-ত্বেনাঙ্গেন মিলিতে সতি রসবিশেষতঃ স্যাত্তাচতাবিলসনেতু তৎপোষ ইতি বক্তব্যো শান্তস্য তৌ দর্শয়িতুং ভাবাহ্লাদসোতি। বীভৎস ধর্ম্মবীরাবত্র তপস্বি শান্তস্য সুহৃদৌ জ্ঞেয়ৌ। তদানামানতদ্বিরাগিনোর্বীভৎসিততাভাবনয়া শ্রীকৃষ্ণতত্ত্ব-ক্রমোব্যক্তিকতাপদ্মাদে চয় চ তদীয়বসোদয়াৎ। আত্মারামশান্তস্যচ তত্ত্ব-দর্শনবোধেঽপি তদঙ্গত্বেন কাব্যনা বর্ণনায়াং দোষ এব স্যাৎ। অদ্ভুতশ্চ শান্তস্য সুহৃদ্বরঃ। প্রযোগদ্বুতঃ প্রীতপ্রেয়োবৎসলমধুরেষ্বপি সুহৃদ্বরো জ্ঞেয়ঃ। কিন্তু শান্তস্য শান্তপ্রাকৃতপস্বিনোঽপি বিনা শ্রীভগবতি চমৎকারো জায়তে। ব্রহ্মানু-ভবানন্দাদপি তস্মাদ্বুধ্যাত্মভবানন্দেন কচিচ্চক্ররূপপক্ষনিগ্রহাদিলীলয়া অপ্যাশ্চর্য্য-ত্বেন। যথ তদাদবিক্রনন্দনস্যেত্যাদি। যথা চ ন তস্য চিত্রং পরপক্ষনিগ্রহ-স্তথাপি মতঃ [illegible] বর্ণিত ইত্যাদি। মর্ত্ত্যানর্হাবধত্তেহনুকরোতি মর্ত্ত্যলীলো-চিতানেব [illegible] নাধিকাৎ। তথাপি তন্নিগ্রহাদিকং করোত্যেব যস্তস্যে-ত্যর্থঃ ॥ ২ ॥

তস্য শান্তস্যাপি [illegible]। শুচিরত্র সম্প্রতিটীকোক্তপক্ষবিধগতোঽপি দ্বিষন্ তথা যুদ্ধবীরশ্চ। রৌদ্রভয়ানকৌতু আত্মারামশান্তস্যৈব শত্রু। তপস্বি-শান্তস্যাতু সমানানামাস্বাদনাম্বিজসম্পাবভয়োঃপাত্তৌ শক্তিপুষ্টেঃ তস্যাতু রৌদ্রঃ স্বাতে [illegible] ॥ ৩ ॥

দ্বর। আর ঐ অদ্ভুত প্রীত, প্রেয়ঃ, বৎসল ইহারা মধুর রসে-তেও সুহৃদ্বর বলিয়া সম্মত ॥ ২ ॥

শান্তরসে শুচি অর্থাৎ মধুর, তথা যুদ্ধবীর, রৌদ্র ও ভয়া-নক ইহারা শত্রু ॥ ৩ ॥

সুহৃৎ প্রীতস্য বীভৎসঃ শান্তো বীরদ্বয়ং তথা।
বৈরী শুচির্যুদ্ধবীরো রৌদ্রশ্চৈকবিভাবকঃ ॥ ৪ ॥
প্রেয়সস্তু শুচির্হাস্যো যুদ্ধবীরঃ সুহৃদ্বরাঃ।
দ্বিষো বৎসলবীভৎস রৌদ্রা ভীমশ্চ পূর্ব্ববৎ ॥ ৫ ॥
বৎসলস্য সুহৃদ্ধাস্য করুণা ভীম ভৃত্তথা।

সুহৃৎপ্রীতস্য বীভৎস ইত্যুদাসীনাদিদ্বয়ে বীভৎসতয়া তস্যৈ পুষ্যমানত্বাৎ এবং তত উপরত্যা শান্তোঽপি তথা প্রথমত্রয়গতং বীরদ্বয়ং ধর্ম্মদানবীরাখ্যং যুদ্ধবীরো রৌদ্রশ্চ একো বিভাবকঃ। কৃষ্ণবিভাবকঃ সাক্ষাৎ কৃষ্ণসম্বন্ধাদুৎপন্নঃ। সচ সচাত্র কৃষ্ণেন সহ স্বকর্ত্তৃযুদ্ধময়ঃ। কৃষ্ণং প্রতি স্বকোপময় ইত্যর্থঃ। তদেতদুপলক্ষণত্বেনানানুক্রমপি যথাযথং তত্তৎপ্রকরণে ব্যাখ্যাস্যতে ॥ ৪ ॥

প্রেয়সস্ত্বিতি। শুচিরত্র কৃষ্ণগতঃ। হাস্যস্তদ্বক্তৃগতশ্চ। যুদ্ধবীরস্তূদাসীনাদন্যত্র গতঃ। পূর্ব্ববং কৃষ্ণবিভাবকঃ স চ চাত্র কৃষ্ণবিষাশ্রয়তাময় ইত্যর্থঃ ॥৫॥

বৎসলস্যেতি। হাস্যকরুণাবত্র প্রথমত্রয়গতৌ। ভীমভিদ্বিরোধিহেতুক-

---

প্রীতরসে (দাস্যরসে) বীভৎস, শান্ত, বীরদ্বয় অর্থাৎ ধর্ম্মবীর ও দানবীর ইত্যাদি সকল সুহৃদ্, আর মধুর, যুদ্ধবীর ও রৌদ্র ইহারা শত্রু। কিন্তু এই যুদ্ধবীর ও রৌদ্র এই দুই সাক্ষাৎ কৃষ্ণ হইতে উৎপন্ন হয় ॥ ৪ ॥

প্রেয়োরসে (সখ্যরসে) মধুর, হাস্য ও যুদ্ধবীর এই তিন অতিশয় সুহৃদ্, আর বৎসল, রৌদ্র ও ভয়ানক এই চারিটী শত্রু ॥ ৫ ॥

বৎসল রসে হাস্য, করুণ, ভীমভিৎ অর্থাৎ বিরোধিহেতুক

শত্রুঃ শুচির্যুদ্ধবীরঃ প্রীতো রৌদ্রশ্চ পূর্ব্ববৎ ॥ ৬ ॥
শুচের্হাস্যস্তথা প্রেয়ান্ সুহৃদন্য প্রকীর্ত্তিতঃ।
রিপো বৎসল-বীভৎস-শান্ত-রৌদ্র ভয়ানকাঃ।
প্রাহুরেকেহস্য সুহৃদং বীরযুগ্মং পরে রিপুং ॥ ৭ ॥
মিত্রং হাস্যস্য বীভৎসঃ শুচিঃ প্রেয়ান্ স বৎসলঃ।

ভয়ানকভেদঃ শুচিঃ সর্ব্বগতঃ। যুদ্ধবীররৌদ্রৌ কৃষ্ণেন সহ পারস্পরিকৌ। প্রীতো বৎসলস্য কৃষ্ণবিষয়কঃ। অতঃ পূর্ব্ববদিত্যুপলক্ষণং ॥ ৬ ॥

শুচেরিতি। হাস্যপ্রেয়ঃশান্তাঃ প্রথমদ্বয়গতাঃ। হাস্যপ্রেয়াংসৌ তু কচিৎ সখীলক্ষণভক্তান্তরগতৌ চ। বৎসলঃ প্রথমদ্বয়গতঃ। বীভৎসঃ সর্ব্বগতঃ রৌদ্র-ভয়ানকৌ প্রায়ঃ সর্ব্বগতৌ। বীরযুগ্মং যুদ্ধধর্ম্মবীররূপং তচ্চ প্রথমত্রয়গতং। পর ইতি তদিদং ন স্বমতমিত্যভিপ্রেতং ॥ ৭ ॥

মিত্রমিতি বীভৎসোহত্র কৃতবীভৎসিতবেশবিদূষকাদিলক্ষণভক্তান্তরদর্শনাৎ প্রথমগতত্বেন জ্ঞেয়ঃ। নত্বন্যান্তবীভৎসিতদোর্গন্ধ্যাদিদর্শনাৎ। তদেবং পর পরত্র

ভয়ানক ভেদ ইহারা সুহৃদ্। আর মধুর, যুদ্ধবীর, প্রীত (দাস্য) ও রৌদ্র এই সকল শত্রু ॥ ৬ ॥

মধুররসে হাস্য ও প্রেয়ঃ অর্থাৎ সখ্য ইহারা সুহৃদ্, আর বৎসল, বীভৎস, শান্ত, রৌদ্র ও ভয়ানক এই সকল শত্রু বলিয়া কীর্ত্তিত ॥

কোন কোন পণ্ডিত এই মধুররসের একমাত্র বীরদ্বয় অর্থাৎ যুদ্ধবীর ও ধর্ম্মবীরকে সুহৃদ্, তদ্ভিন্ন সমুদায়কে শত্রু বলিয়া থাকেন ॥ ৭ ॥

হাস্যরসে বীভৎস মধুর ও বৎসল ইহারা সুহৃদ্। আর

প্রতিপক্ষস্তু করুণস্তথা প্রোক্তো ভয়ানকঃ ॥ ৮ ॥
অদ্ভুতস্য সুহৃদ্বীরঃ পঞ্চ শান্তাদয়স্তথা।
প্রতিপক্ষো ভবেদস্য রৌদ্রো বীভৎস এবচ ॥ ৯ ॥
বীরস্য ত্বদ্ভুতো হাস্যঃ প্রেয়ান্ প্রীতস্তথা সুহৃৎ।
ভয়ানকো বিপক্ষোঽস্য কস্যচিচ্ছান্ত এবচ ॥ ১০ ॥
করুণস্য সুহৃদ্রৌদ্রো বৎসলশ্চ বিলোক্যতে।

তত্রন্ধেতুত্বং তত্তন্নাত্বঞ্চ স্বয়মূহ্যম্ ॥ ৮ ॥

অদ্ভুতস্যেতি। অলৌকিকবস্তুস্বরানুভব জাতচমৎকারস্য ভীষণবীভৎসয়ো রসত্বেন বিনাত্মস্যাদিতোব বিবক্ষিতং। অতস্তয়োঃ স্বতশ্চমৎকারকরত্বন্তু ন নিষিধ্যতে ॥ রসে সারশ্চমৎকার ইত্যস্যাব বিরোধাৎ ॥ ৯ ॥

